# রামায়ণ।

---

### অযোধ্যাকাণ্ড।

### প্রথম সর্গ।

রাজকুমার ভরত যৎকালে মাতুলালয়ে গমন করেন, তখন প্রোমাপদ শক্রমকেও সমভিব্যাহারে লইয়া যান। ঐ উভয় ভাতা তথায় মাতুল যুধাজিতের প্রয়ত্ত্ব অপত্যনির্বিশেশে আদৃত ও প্রতিপালিত হইয়াও বৃদ্ধ পিতাকে এক ক্ষণের নিমিত্ত ভূলেন নাই। রাজা দশরপত তাঁহাদিগকে বিস্মৃত হন নাই। তিনি স্বদেহনির্গত,বাহুচতুই্টয়ের ন্যায় চারিটি পুত্রকে যথেষ্ট স্মেহ করিতেন। কিন্তু যদিও তাঁহার তনয়েরা তাঁহার অভিমাত্র স্নেহের পাত্রছিলেন, তথাচ তিনি রামকেইঅপেক্ষাক্ত প্রীতির সহিত্ত দেখিতেন। রাম ভূত্তগণের মধ্যে স্বরস্তুর ন্যায় অনন্য-সাধারণ গুণ ধারণ করিতেন। তিনি সাক্ষাৎ নারায়ণ; স্বর-গণের অনুরোধে বাহুবলগর্বিত রাক্ষ্সরাজ রাবণের বধ্সাধন করিবার নিমিত্ত মর্জ্য লোকে রামরপে অবতীর্ণ, হইয়াছেন। ফলতঃ দেবমাতা অদিতি যেমন বক্তাধর পুরন্দর দ্বারা শোভিত হন, সেইরূপ দেবী কোঁশল্যাও এই অমিততেজা আত্মস্থ রামকে পাইয়া যার পর নাই শোভা ধারণ করিয়াছিলেন।

এই মহাবীর রাম অস্থ্যাশুন্য ও প্রিয়দর্শন। ভূতলে তাঁহার তুলনা নাই । তিনি পিতার ন্যায় গুণবানু এবং প্রশান্ত-স্বভাব। তিনি মূহুবচনে সকলের সহিত সম্ভাষণ করিয়া থাকেন। কেহ তাঁহার প্রতি পরুষ বাক্য প্রয়োগ করিলে তিনি ঐরপ কথা কখনই ওঠের বাহির করেন না। অন্যক্ষত একটিমাত্র উপকারেও তাঁহার পরিতোষ জন্মে এবং মপকার খনন্ত হইলে খীয় উদারগুণে সমগ্র বিশ্বত হন। তিনি দ্ৰাভ্যাদের অবকাশকালেও স্থশীল বয়োবৃদ্ধ জ্ঞানী সাধুগণে পরিবৃত হইয়া শাস্ত্ররহস্য অনুশীলন করিয়া থাকেন। তিনি বুদ্ধিমান ও প্রিয়ংবদ। কেহ অভ্যাগত হইলে তিনি সর্বাগ্রে ভাহার সহিত আলাপ করিয়া থাকেন। তিনি অতি वनवान, किन्तु वार्थनात वीर्यागरम कथनहै छेबाज इन ना । ভিনি সভ্যবাদী বিদান ও বৃদ্ধবর্গের মর্য্যাদাপালক। ভিনি প্রকারঞ্জন, প্রজারাও তাঁহার প্রতি যথোচিত প্রদর্শন করিয়া থাকে। তিনি বিপ্রভক্তিপরায়ণ ও দীনশরণ ভাঁহার চরিত্র অভি পৰিত্র। তিনি হুক্টের নিয়ন্তা, ধর্ম্ব ও দেশকাল্জ ৷ ভাঁহার বুদ্ধি তীয় বংশেরই অ্যুরপ, এই

কারণে তিনি ক্ষত্রির ধর্মকে বহুমান করিয়া থাকেন এবং ঐ <del>পর্যা</del> রক্ষা করিলে যে স্বর্গ লাভ হয় এইই তাঁহার স্থিদ বিশাস। অমঙ্গল প্রসঙ্গে ও ধর্মবিকন্ধ কথার ভাঁহার অভিকৃতি নাই। কোন প্রস্তাব উত্থাপিত হইলে তিনি সুরগুফ বৃহস্পতির ন্যায় তাহাতে উত্তরোত্তর যুক্তি প্রদর্শন করিতে পারেন। তাঁহার অঙ্গ প্রত্যঙ্গ সমুদায় স্থলকণসম্পন্ন। তিনি তকণ ও নীরোগ্ধ এবং পুরুষপরীক্ষার স্থদক। জগতে তিনিই একমাত্র সাধু। সেই রাজকুমার প্রকৃতিবর্গের বহিশ্চর প্রাণের নায় একান্ত প্রিয়তর। তিনি বেদ বেদাকে অধিকার লাভ করিব্রা গুৰুগৃহ হইতে সমাবৰ্ত্তন করিয়াছেন। সমস্ত্র ও প্রমন্ত্রক অন্ত শত্ত্রে তিনিই সর্বশ্রেষ্ঠ। তিনি কল্যাণের জন্মভূমি তেজনী 🔏 সরল। সম্কট স্থলেও তিনি কখন মিণ্যাবাক্য প্রয়োগ করেন না। ধর্মার্থদর্শী বৃদ্ধ ভান্ধণেরা তাঁহার আচার্য্য। তিনি ত্রিবর্গ-তত্ত্ত স্মৃতিমান ও প্রতিভাসম্পন্ন। তিনি লেকিকার্থ-কুশল বিনীত গন্ধীর গৃঢ়মন্ত্র ও সহায়সম্পন্ন। তাঁহার ক্রোধ ও र्व्स कथनरे निकाल रहा मा। अर्थ या नागानूमात उभाजन ७ স্থ পাত্রে দান করিতে হয় তিনি তাহা বিলক্ষণ জ্ঞাত আছেন। গুৰুজনের প্রতি তাঁহার ছক্তি অভি অসাধারণ। তিনি অসৎ 'বস্ত গ্রহণে কখনই লোলুপ নহেন। তিনি আলস্য-শূন্য সাবধান এবং খদোষদর্শী। তিনি ক্লডজ্ঞ ও লোকের

অন্তরক্ত । তিনি ন্যায়ানুসারে নিগ্রহ ও অনুগ্রহ প্রদর্শন করিয়া থাকেন। কাব্য ও দর্শন শান্তে তাঁহার সবিশেষ ব্যুৎপত্তি লাত -হইয়াছে এবং তিনি ধর্ম ও অর্থের অবিরোধে রুখ সংগ্রহ করিয়া থাকেন। কর্ত্তব্যভার বহনে তাঁহার আলস্য নহি। যে সমস্ত শিশ্প বিহারকালে বিশেষ উপযোগী, তিনি তৎ-সমুদায় আয়ত্ত করিয়াছেন। তিনি অর্থবিভাগে স্থপটু। হস্তী ও অশ্বে আরোহণ ও উহাদিগকে শিক্ষা দান এই উভয় কর্মেই তিনি সুদক্ষ। বিপক্ষ সৈন্যের অভিমুখে গমন শব্দ সংহার ও ব্যহরচনা এই সমস্ত কর্মে তিনি স্থারগ। তিনি ধনুর্বেদজ্ঞগণের অগ্রগণ্য ও অভিরথ। দেবামুরগণ রোষাবিষ্ট দ্বৈলেও তাঁহাকে সংগ্রামে পরাভব করিতে পারেন না। তিনি কোন অংশে লোকের অবজ্ঞাভাজন নহেন। তিনি কালের অনায়ত্ত ও ত্রিলোকপূজিত; তিনি ক্ষমা গুণে পৃধি-বীর ন্যায়, বুদ্ধিতে বৃহস্পতির ন্যায় এবং বল বীর্ষ্যে স্কর-পতি ইন্দ্রের ন্যায় অভিহিত হইয়া থাকেন। রাম পিতার প্রীতিকর প্রকৃতি বর্গের কমণীয় এইরপ গুণগ্রামে করজাল-মণ্ডিত প্রদীপ্ত স্থ্যমণ্ডলের ন্যায় শোভা পাইতে লাগিলেন। তখন দেবী বস্ন্মতী এই সচ্চরিত্র অধ্য্যপরাক্রম লোকনাথ-সদৃশ রামকে অধিনাথ রূপে প্রার্থনা করিলেন।

র্জ রাজা দশরথ রাম এইপ্রকারে গুণবান হইয়াছেন দেখিয়া

ভাবিলেন, আহার জীবদ্দশায় বৎস রাজা হইবেন তদ্দর্শনে না জানি আমার কিরপ আনন্দই হইবে। কবে আমি প্রিয়পুত্র রামকে যৌবরাজ্যে অভিষক্ত দেখিব। রাম সততই লোকের অভ্যুদয় প্রার্থনা করিয়া থাকেন। সকল জীবেই তাঁহার দয়া দেখিতে পাওয়া যায় এবং তিনি জলবর্ষী জলদের ন্যায় আমা অপেকা সকলেরই প্রিয়। যম ও ইন্দ্রের ন্যায় তাঁহার বল, রহস্পতির ন্যায় ভাঁহার বৃদ্ধি, পর্কতের ন্যায় তাঁহার বৈধ্য়। অধিক কি, তিনি আমা অপেকা সর্কাংশেই গুণবান। আমি এই বৃদ্ধ বয়সে তাঁহাকে এই পৃথিবী সাত্রাজ্যের উপর আধিপত্য বিস্তার করিতে দেখিয়া স্বর্গ লাভ করিব।

অনন্তর মহারাজ দশরথ রামকে এইরপা ও অন্যান্য রাধ্য অন্যন্পতিহুর্লভ অপরিচ্ছিন্ন সর্বোৎকৃষ্ট গুণে অলক্ষ্ত দেখিরা মন্ত্রিগণের সহিত পরামর্শ করত তাঁহাকে ফোবরাজ্য প্রদানের বাসনা করিলেন.। তিনি তাঁহাকে ফোবরাজ্য প্রদানের বাসনা করিয়া মন্ত্রিগণকে কহিলেন, মন্ত্রিগণ! আমার দেহে জরার সঞ্চার হইরাছে এবং অন্তরীক্ষে এহ নক্ষত্রের প্রতিকুলতা বাত্যা ও ভূমিকম্প প্রভৃতি নানা প্রকার উৎ-পাতও হইতেছে এই কারণে এই ফোবরাজ্য-প্রদান-প্রস্তাব আমার শোকাপহরণ পূর্ণচন্দ্রস্ক্রানন লোকাভিরাম রামের ও প্রকৃতি বর্ণের সবিশেষ প্রীতিকর হইবে। তখন সেই রাজাধিরাজ যোগ্য অবসরে আপনার ও প্রজাগণের হিতার্থ এবং রামের ও প্রজাগণের প্রতি স্নেহ প্রদর্শনার্থ রামকে যোবরাজ্যে অভিষেক করিতে যত্রবান হইলেন।
তিনি মন্ত্রিগণ ছারা নানা নগর ও জনপদের প্রধান প্রধান
লোকদিগেকে আনয়ন করাইলেন এবং মর্যাদা অনুসারে তাঁহাদিগকে বাসগৃহ, ও নানা প্রকার আভরণ প্রদান করিলেন। কিছ
তৎকালে কেকয়রাজ ও মিধিলাধিনাথ জনককে এই সংবাদ
প্রদান করা মৃক্তিসিদ্ধ বিবেচনা করিলেন না। তিনি মনে
করিলেন ইহারা অতঃপর এই প্রিয় সমাচার অবশ্রেই পাইবেন।

অনন্তর বিজয়ী রাজা দশরথ সভাভবনে উপবেশন করিয়া সাছেন, ইত্যবসরে লোকপ্রিয় পার্ধিবগণ আগমন করিতে লাগিলেন। সেই সমস্ত অধীন রাজা উপস্থিত হইয়া দশরথ-প্রদর্শিত আসনে তাঁহারই অভিমুখে উপবেশন করিলেন। ইহাঁয়া রাজভক্তি প্রদর্শনের নিমিন্ত প্রায়ই আযোধ্যায় বাস করিয়া থাকেন। ইহাঁয়া অতি বিনীত। রাজা দশরথও ইহাঁদিগকে সবিশেষ সন্মান করিয়া থাকেন। ইহাঁয়া ও জনপদবাসী প্রধান প্রধান লোকেয়া দশরথের সন্মুখে উপবেশন করিলে তিনি অমরগণপরিয়ত স্বরয়াজা ইজ্রের ন্যায় শোভা পাইতে লাগিলেন।

### দিতীয় সর্গ।

--

অনম্ভর রাজা দশরথ হুন্দুভিসদৃশ গম্ভীর মধুর ও অন্তুত বরে চতুর্দিক প্রতিধানিত করিয়া পরিষদ বর্গকে আমন্ত্রণ ও তাঁহাদিগের অভিনিবেশ আকর্ষণ পূর্বক হিতকর ও প্রীতিকর বাক্যে কহিলেন, পরিষদগণ! আমার পূর্ব পুরুষেরা বিস্তীর্ণ রাজ্য পুত্রনির্মিশেষে প্রতিপালন করিয়া আসি-য়াছেন ইহা ভোমরা অবশ্যই জান। একণে আমি সেই ইস্কাকু প্রভৃতি মুপতি প্রতিপালিত মুখেচিত সমস্ত সাঁঞাজ্যে মুধ্ন সমৃদ্ধি হৃদ্ধির প্রস্তাব করিতেছি। দেখ আমি পূর্বতন নিয়ম অবলম্বন পূর্বেক আত্মশ্বখ নিরপেক্ষ হইয়া প্রতিনিয়ত শক্ত্যনু-সারে প্রজাগণের বৃক্ষণাবেক্ষণ করিয়াছি। আমি সমস্ত লোকের হিতা চরণে দীক্ষিত হইয়া খেত ছত্তের চ্ছায়ায় এই শরীর জীর্ণ করিয়া কেলিয়াছি। একণে বহু সহত্র বৎসর আমার বয়ংক্রম হইয়াছে, অতঃপর আমার ইচ্ছা এই যে, এই জীর্ব দেহকে এক কালে বিশ্রাম দেই। আমি লোকের যে গুরুতার ধর্মতার বছন করিতেছি, নিরজুণ মনুষ্য ইহার ত্রিসীমার বাইতে পারে না এবং ইহা বীর পুকবেরই উপযুক্ত । স্বামি একণে সেই গুক-

ভারে নিতান্ত পরিশ্রান্ত হইয়া পড়িয়াছি। অভএব এই সমস্ত সন্নিহিত ভালাণের অনুমতি গ্রহণ পূর্বক পুত্রকে প্রজাগণের হিতসাধনে নিয়োগ করিয়া বিশ্রাম লাভের ইচ্চা করি। আমার আত্মজ মহাবীর রাম আমারই সমস্ত গুণ অধিকার করিয়া জন্ম গ্রহণ করিয়াছেন। তিনি বলবীর্ষ্যে স্থররাজ পুরন্দরেরই অনু-রপ। একণে সেই পুষ্যাবিহারী চত্ত্বের ন্যায় প্রিয়দর্শন ধার্মিক-প্রধান রামকে প্রীত মনে বেবিরাজ্যে নিয়োগ করিব। তিনি ভোমাদিগেরই যোগ্য, ত্রৈলোক্যও তাঁহাকে পাইয়া নাথবান হইবে। অভএব আমি অদ্যই বস্ত্রমতীর এই হিতানুষ্ঠান করিব এবং রামের প্রতি সমস্ত সাম্রাজ্যভার অর্পণ করিয়া স্থুখী हरेंव। এফণে বল, আমার এই সাধু অভিপ্রায় ভোমাদিগের অনুকুল হইবে কি না? অথবা যদি প্রীতিনিবন্ধন এইরূপ প্রস্তাব করিয়া থাকি, তবে এতদপেক্ষা হিতকর যাহা হইতে পারে. তোমরা তাহারও প্রদক্ষ কর। কারণ মধ্যস্থ লোকের চিস্তা পূর্বাপর পক্ষ সজ্ঞার্যে অধিকতর ফলোপধায়ক হইয়া থাকে।

জলভারপূর্ণ জলধরকে দেখিরা ময়্র বেমন সস্কট হয়, সেই-রূপ ভূপালগণ মহারাজ দশরখের বাক্য সস্তোষ সহকারে স্বীকার করিলেন। তখন রাজসভায় অত্যে সামন্ত্রগণের আনন্দ কোলা-হলের প্রতিধানি উত্থিত হইল, তৎপরে সাধারণের এতৎ বিষ-রূক আন্দোলনে যেন মেদিনী কম্পিত হইতে লাগিল। অনস্তর

ব্রাক্ষণ ও সেনাপতিগণ পুরবাসী ও জানপদবর্গের সৃষ্টিত ধর্মার্থকুশল মহীপাল দশরথের অভিপ্রায় অবগত হইয়া একমতে
পরম্পর পরামর্শ করিতে লাগিলেন এবং ভূপালক্ষত প্রশ্নের
মীমাংসা করিয়া তাঁহাকে সম্বোধন পূর্বক কহিলেন, মহারাজ!
আপনার বয়ঃক্রম বহু সহস্র বৎসর হইল'। আপনি রদ্ধ হইরাছেন; এই কারণে রামকেই যৌবরাজ্যে অভিষেক করা
আপনার শ্রেয়। মহাবীর রাম একটি বৃহৎকায় মাতক্রের পৃষ্ঠে
ছত্তে আনন সংবৃত করিয়া গমন করিতেছেন, আমরা এইটি
দেখিতেই ইচ্ছা করি।

তখন অবনিপাল তাঁহাদিগের আন্তরিক ইচ্ছা বুঝিরাও না বুঝিবার তাণ করিয়া জিজ্ঞাসিলেন, রাজগণ! আমার প্রস্তাব-মাত্র তোমরা যে রামের যোবরাজ্যে সমত হইতেছ, ইহাতেই মনে একটি সংশায় উপস্থিত হইয়াছে। এক্ষণে বল, তোমা-দিগের অভিপ্রায় কি। আমি যখন জীবিত থাকিয়া ধর্মানু-সারে রাজ্য শাসন করিতেছি, তখন তোমরা কি কারণে মহা-বল রামকে রাজপদে প্রতিষ্ঠিত দেখিবার বাসনা কর ?

অনস্তর ভূপালগণ এবং পোর ও জানপদবর্গ তাঁহাকে
সদ্যোধন পূর্বক কহিলেন, মহারাজ! আপনার আত্মজ রামের বহু প্রকার সদ্গুণ আছে। একণে আপনার সমকে তাঁহার গুণ ব্যাখ্যা করিতেছি, প্রবণ ককন। সেই অমোধবীর্য্য দেব-

রাজ-সদৃশ রাম আপনার অনামান্য গুণে স্বীয় পূর্ব্বপুরুষগণকে অতিক্রম করিয়াছেন। ভূলোকে তিনিই একমাত্র সংপুৰুষ ও সত্যপরায়ণ। ধর্ম ও অর্থ তাঁহা হইতেই প্রতিষ্ঠিত হই-তিনি প্রজাগণের মুখো২পাদনে চন্দ্রের ন্যায়, क्यां ७८० वस्त्रतांत नाग्र, वृद्धिवल वृद्यां जित्र नाग्र थवः वनवीर्या भंगीर्भाज हरानुत नामा अजिहिज हहेगा शास्त्रन । তিনি ধর্মজ্ঞ সত্যপ্রতিজ্ঞ সচ্চরিত্র ও অম্য়াশুন্য? কেছ ছুংখিত হইলে তিনিই সান্ত্রনা প্রদান করেন। তিনি ক্ষমা-শীল প্রিয়বাদী কৃতজ্ঞ ও জিতেন্দ্রিয়। তিনি কোমল স্বভাব স্থিরচিত্ত ও স্নৃশ্য। তিনি জ্ঞানবান্ বৃদ্ধ আলণগণের ৰ্বসবা করিয়া থাকেন। এই গুণে ইহ লোকে তাঁহার অতুল কীর্ত্তি যশ ও তেজ পরিবর্দ্ধিত হইতেছে। স্থরাস্থর মনুষ্যে যে সমস্ত অন্ত্ৰশন্ত্ৰ বিছমান আছে, তৎসমুদায়ই তিনি অধি-কার করিয়াছেন। বিছা তাঁহার সম্যক আয়ত্ত হইয়াছে এবং তিনি ,অঙ্গের সহিত সমুদায় বেদ অবগত আছেন। সঙ্গীত-শান্তে তাঁহার অসাধারণ অধিকার। তিনি প্রেয়ের বাসভূমি ও সাধু। ক্ষোভের কারণ উপস্থিত হইলেও তিনি ক্ষুদ্ধ হন না। ধর্মার্থনিপুণ সর্বশ্রেষ্ঠ ত্রাহ্মণের। ত্রাহার শিক্ষক। ঐ মহাবীর গ্রাম বা নগররকার্ধ সংগ্রাম উপস্থিত হইলে জয় 🔊 অধিকার না করিয়া লক্ষণের সহিত প্রত্যাগমন করেন না।

তিনি যখন রণস্থল হইতে হস্তী বা রখে আরোহণ পূর্বক প্রত্যাগমন করেন, তখন স্বজনের ন্যায় পুরবাসিবর্গের সর্বা-সীনু কুশল জিজ্ঞানিয়া থাকেন। তিনি ঔরস্জাত পুত্রের ন্যায় তাঁহাদিগের প্রত্যেককেই পুত্র কলত্র প্রেষ্য শিষ্য ও অগ্নি-সংক্রাস্ত সমগ্র সংবাদ আরুপূর্বিক জিজ্ঞাসা করেন। "কেমন শিষ্যেরা আপনাদিগের শুশ্রাষা করিতেছে ? ভূত্তোরা একাস্তমনে ষ্মাপনাদিগের সেবা করিতেছে ?" তিনি প্রায়ই খামাদিগকে এই রূপ কহিয়া থাকেন। প্রজাদের হুঃখ দেখিলে তিনি যার পর নাই ত্রংখিত হন এবং উহাদের উৎসবেই পিতার ন্যায় পরিতোষ প্রাপ্ত হইয়া থাকেন। তিনি যখন কথা কহেন, তাঁহার বদনার-বিন্দে মন্দ মন্দ হাস্য নিৰ্গত হয়। তিনি প্ৰাণপণে ধৰ্মকে আশ্ৰয় করিয়া আছেন। তাঁহার সমুদায় উদ্দেশ্যই শুভ ফল প্রসব করিয়া থাকে। বিবাদে তাঁহার কিছুমাত্র প্রবৃত্তি নাই। তিনি মুরগুৰু বৃহস্পতির ন্যায় উত্তরোত্তর যুক্তি প্রদর্শন করিতে পারেন। ভাঁহার ভ্রদ্বয় অতি স্বদৃষ্ট এবং লোচনযুগল বিস্তীর্ণ ও তাত্ত্রবর্ণ, বোধ হয় যেন স্বয়ং বিষ্ণুই ভূলোকে অবতীর্ণ হই-श्लार्ट्स त्मीर्या वीर्या वदः त्रशंकात्व लघु मक्त्र वह ममल कुत्र সাধারণে যার পর দাই তাঁহার প্রতি অনুরাগ প্রদর্শন করিয়া থাকেন। তিনি প্রজাপালক। বিষয়স্পৃহা তাঁহার চিত্ত বিকৃত করিতে পারে না । এই সামান্য পৃথিবীর কথা দূরে থাকুক ত্রৈলো-

ক্যের ভারও তিনি অনায়াসে বহন করিতে পারেন। তাঁহার क्रांव ७ **প্রসম্বত। কখনই ব্যর্থ হইবার নহে।** তিনি নিয়মারু-সারে বধার্হকে বধদও প্রদান করেন, কিন্তু যাহারা নির্দোষ তাহা-দের উপর তাঁহার কিছুমাত্র বিরাগ উপস্থিত হয় না ; প্রত্যুত তাহাদিগকে প্রচুর অর্থ দিয়া আপনার প্রসাদ প্রদর্শন করিয়া থাকেন। রাম প্রজাগণের স্পৃহণীয় সাধারণের প্রীতিকর অতি উদার গুণযোগে ভাস্করের ন্যায় সর্বত্ত বিকাশ লাভ করি-মাছেন। মহারাজ। প্রজারা আপনার এই গুণবানু পুত্রকে প্রার্থনা করিতেছেন। তিনি আমাদেরই ভাগ্যে প্রজাপালনরপ ু শ্রেয়ক্ষর কার্ষ্যে চতুর হইয়াছেন। বলিতে কি, মরীচিতনয় কশ্য-পের ন্যায় আপনি ভাগ্যক্রমেই এইরপ গুণের পুত্রকে পাই-য়াছেন। সুরাস্তর মনুষ্য গন্ধর্ব ও উরগগণ এবং পুরবাসী ও জন-भगवांनी नकत्लरे जात्मज वल कारतांगा ଓ नीषांग् आर्थना कतिया थारकन। कि खी, कि वानक, कि वृद्ध, कि यूवा नकरनहे কি সায়ংকাল কি প্রাতঃকাল সকল কালেই রামের অভ্যুদম কামনায় তদাত্মনে দেবগণকে নমন্ধার করেন। এক্ষণে আপনার প্রসাদে সকলের এই মনোরথ সিদ্ধ হউক। নরনাথ ! श्रामत्। रेकीवत्रश्राम त्रामत्क योवतारका निश्क प्रत्थित । এक्रव षार्थित (मरे (मराप्यमुन) श्रिज्ञकां ही श्रृज्यक श्रेकु मान রাজ্যে অভিষেক ক্কন।

# তৃতীয় সর্গ।

অনন্তর মহারাজ দশরথ পেরি ও জানপদবর্গের সহিত্ব ভূপালগণের বিনীত ব্যবহারে শিষ্টাচার প্রদর্শন পূর্বক প্রেয় ও হিতকর বাক্যে কহিলেন, তোমরা আমার সর্বজ্যেষ্ঠ প্রিয় পুত্র রামকৈ যৌবরাজ্যে প্রতিষ্ঠিত দেখিবার ইচ্ছা করিতেছ; কি আনন্দ! কি আন্দর্য্যই বা আমার প্রভাব!

দশরথ সকলকে এই রূপে সমানর করিয়া সকলের সমক্ষে
বশিষ্ঠ বামদেব প্রভৃতি বিপ্রবর্গকে কহিলেন, বিপ্রগণ ! এক্ষণে
পবিত্র চৈত্রমাস উপস্থিত, কানন সকল নানাবিধ কুন্তমে নমলক্ষ্ত হইরাছে ৷ অত্থব এই সময়েই আপনারা রামকে যোবরাজ্য প্রদানের সমুদায় আয়োজন কহন ৷

রাজা দশরথ এইরপ কহিবামাত্র সভামধ্যে একটি তুমুল কোলাহল উথিত হইল। ক্রমশঃ সেই কোলাহল উপশ্যিত হইলে দশর্থ বশিষ্ঠদেবকে কহিলেন, ভগবন্। রামের রাজ্যা-জিষেকার্থ য়েরপ উপকরণ প্রয়োজন হইবে, আপনি তৎসমু-দায় সংগ্রহ করিবার নিমিত্ত অধিক্ষত ব্যক্তিবর্গকে অনুমতি প্রাদান ককন। ঐ সময় মন্ত্রিগণ রাজার সমুখে কৃতাঞ্জলি-পুটে দণ্ডায়খান ছিলেন; ব্যক্তি ভাঁহাদিগকেই সংঘাধন পূর্বক

কহিলেন, মন্ত্রিগণ! স্থবর্ণ প্রভৃতি রত্ন সমুদায়, পূজাদব্য, मर्तियदि, शक्रमांना, लांख, शृथक शृथक शांत्व मधू ७ घंड, দশাযুক্ত বস্ত্র, রথ, সমস্ত অস্ত্র, চতুরঙ্গ বল, স্থলক্ষণাক্রান্ত হস্তী, চামরদ্বর, ধ্বজদও, পাণ্ডুবর্ণ ছত্র, শতসংখ্য হেমময় অত্যুজ্জ্বল কুন্ত, স্থবৰ্ণ শৃঙ্গসম্পন্ন ঋষভ, অখণ্ড ব্যান্তচৰ্ম এবং অন্যান্য যাহা কিছু ব্যবশ্যক, তৎসমুদায়ই প্রাতে মহারাজের অগ্নিহোত্র গৃহে সংগ্রহ করিয়া করিয়া রাখ। মাল্য চন্দন ও স্থান্ধি ধূপে রাজ-প্রাসাদ ও সমস্ত নগরের দ্বারদেশ স্থানাভিত কর। বহুসংখ্য বান্ধণের অভিমত ও পর্যাপ্ত হইতে পারে, এইরপ দ্ধিও ক্ষীর-মিশ্রিত সুদৃশ্য সুসংস্কৃত অন্নস্তার, ছত, লাজ ও প্রভূত দক্ষিণা প্রভাতে বিপ্রগণকে সমাদর পূর্বক প্রদান করিও। कला सर्वापय दहेवायां अखिवाचन इहेरत । अक्तरा खाका-গণকে নিমন্ত্রণ ও আসন সকল প্রস্তুত কর। সর্বত্র পতাকা উডডীন করিয়া দেও। রাজপথে জলসেক কর। গায়িকা গণিকা সকল সুসজ্জিত হইয়া প্রাসাদের বিতীয় কক্ষে অবস্থান কৰুক ৷ দেবভায়তন এবং চৈত্য সমুদায়ে অন্ন অন্যান্য ভক্ষ্য দ্রব্য ও দক্ষিণার সহিত গন্ধপুষ্প প্রভৃতি পূজার উপকরণ षोता ( तर्शृष्णा कत। वीत श्रृक स्वता ( तथ्यू या क्ति ता स्वीर्ष অসি চর্ম ও বর্ম ধারণ পূর্বক উৎসবময় অঙ্গন মধ্যে প্রবেশ ककक्। विश्ववत्र विश्ववं ७ वामामव त्रांककार्या विश्वक्

ব্যক্তিবর্গের প্রতি এইরপে আজ্ঞা প্রচার করিয়া পেরিছিত্য কর্মী সম্পাদনে প্রবৃত্ত হইলেন এবং এই আজ্ঞাদান ভিন্ন অন্যান্য আবশ্যক কার্য্য রাজা দশরথের গোচরে অনুষ্ঠান করিতে লাগি-লেন । তৎপরে সমুদায় প্রস্তুত হইলে তাঁহারা প্রীতি সহকারে মহীপালকে নিবেদন করিলেন।

অনস্তর মহারাজ দশরথ সারথি স্নমন্ত্রকে আহ্বান পূর্বক কহিলেন, সুমন্ত্র! তুমি ধার্মিক রামকে শীত্র এই স্থানে আনয়ন কর। তখন স্থমন্ত্র "যথাজ্ঞা মহারাজ।" বলিয়া তাঁহার নিদেশে রথী রামকে রথে আরোপণ পূর্বক আনয়ন করিতে লাগিলেন। ঐ সময় চতুর্দ্দিকের রাজগণ এবং মেচ্ছ আর্য্য আরণ্য ও পার্বত্য লোক সকল সভামধ্যে উপবেশন পূর্বক রাজা দশরথের উপাসনা করিতেছিলেন। দশর্থ স্থরগণপরিবৃত স্থররাজ ইন্দ্রের ন্যায় তাঁহাদিগের মধ্যে অবস্থান পূর্বক প্রাসাদ হইতে দেখিলেন, গন্ধর্বরাজসদৃশ স্ববিখ্যাত বার দীর্ঘবাহু মহাবল মন্ত্রমাতক-গামী চন্দ্রের ন্যায় স্কুন্ধানন অতীব প্রিয়দর্শন রাম রূপ ও উদার গুণযোগে স্কলের নয়ন ও মন অপহরণ পূর্বক নিদাঘতপ্ত প্রজাদিগকে জলদের ন্যায় সকলকে পুলকিত করত আগমন क्तिएए इन । ज्थ्कारक मभत्रथ निर्नित्ययाना हान जाँहारक नित्ती-কণ করিয়াও সম্পূর্ণ তৃপ্তি মুখ অনুভব করিতে পারিলেন না। অনন্তর স্মন্ত্র রাজকুমার রামকে রথ হইতে অবভারিত

করিলেন এবং রাম দশরথের সমীপে গমন করিতেছেন দেখিয়া তাঁছার অনুগমন করিতে লাগিলেন। পরে দাশরথি স্থমন্ত্র সম-ভিব্যাহারে পিতার সহিত সাক্ষাৎকার করিবার আশয়ে সেই কৈলাস-শিখর-সদৃশ প্রাসাদে উত্থিত হইলেন এবং ক্লতাঞ্জলিপুটে তাঁহার সরিহিত হইয়া আপনার নামোল্লেখ পূর্বক তাঁহার চরণে সাফাঞ্চে প্রশিপাত করিলেন। তখন মহীপাল দশরখ প্রেরপুত্র রামকে আপনার পার্ম্ব দেশে প্রণত দেখিয়া তাঁহার অঞ্জলি গ্রহণ ও আকর্ষণ পূর্বক তাঁহাকৈ বার বার আলিকন করিতে লাগিলেন।

তৎপরে তিনি তাঁহারই নিষিত্ত উপস্থাপিত যণিমতিত স্বর্নথিচিত রমণীয় সিংহাসনে তাঁহাকে উপবেশন করিছে অনুষতি দিলেন। তখন স্থান্যলৈ হুৰ্য্যমণ্ডল উদয়কালে স্বীয় প্রভাজালৈ যেমন স্থান্যককে উদ্ভাসিত করেন, সেইরূপ রাম উপবিক হইয়া সেই উৎকৃষ্ট আদ্নকে যার পর নাই স্থানাভিত করিলেন। যেমন গ্রহনক্ষত্রসঙ্গুল শারদীয় অম্বর শশাঁষ্ণ-বিশ্বে জলস্কৃত হয়, তদ্ধাপ সেই বিশিষ্ঠাদিবিপ্রবর্গবিরাজিত রাজ্মতা সমধিক শোভা মারণ করিল। লোকে বেশবিন্যাস করিয়া আদর্শতলসংক্রান্ত আ্বান্থ প্রভিবিদ্ধ দর্শনে যেমন পরিত্রোব লাভ করে, সেইরূপ মহারাজ দশর্শ সেই প্রাণাদিক প্রিক্রিক করিয়া আদর্শক করিয়া আদ্যান্য হুইলেন্ ।

অনম্বর কশ্রপ যেমন স্বরেক্রকে তদ্ধেপ তিনি রামচক্রকে मस्त्रिंशन शूर्वक कहिल्लन, वर्म। जुमि जामात मर्वश्रीमा সর্বাংশসদৃশী মহিষী কেশিল্যার গর্ভে জন্ম গ্রহণ করিয়াছ। তুমি সঁবাংশে আমার অনুরূপ এবং সকল পুত্রের মধ্যে তুমিই সর্বগুণে গুণবান, এই জন্য আমি তোমাকে ষৎপরোনান্তি মেহ করিয়া থাকি। তুমি নিজগুণে এই প্রজাগণকে অনু-রক্ত করিয়াছ; অতএব এক্ষণে চক্রের পুষ্যাসংক্রম হইলে যৌবরাজ্য গ্রহণ কর। রাম! তুমি স্বভাবতই গুণবান। তথাচ আমি স্নেহের বশবর্ত্তী হইয়া তোমাকে কিছু হিভোপদেশ প্রাদানের ইচ্ছা করি। দেখ, তুমি যদিও বিনীত, তথাচ অপেকারত বিনয়ী হইয়া প্রতিনিয়ত ইন্দ্রিয়নিএহে যতুবান হও । কাম ক্রোধ নিবন্ধন ব্যসন পরিত্যাগ কর। আয়ুধাগার ধনাগার ও ধান্যাগার পরিপূর্ণ করিয়া পরোক্ষ ও অপরোক্ষ বিচার দারা অমাত্যাদি প্রজাবর্গের অনুরাগ সংগ্রহে প্রবৃত্ত হও। যিনি অভিমত প্রজাদিগকে অনুরক্ত করিয়া রাজ্য পালন করেন, তাঁহার মিত্রগণ অমৃত লাভে অমরগণের ন্যায় আনন্দ লাভ করিয়া থাকেন। অতএব বৎস। তুমি আপ-নাকে এইরপে নিয়ন্ত্রিত করিয়া স্বকার্য্য পর্য্যালোচনে যতুবান ₹3 1

তখন রামের প্রিয়কারী স্থচদেরা মহারাজের আজ্ঞা শ্রবণ-(৩) মাত্র জ্ঞতপদে রাজমহিনী কেশিল্যার নিকট গমন পূর্বক তাঁহাকে এই প্রিয় সমাচার নিবেদন করিলেন। কেশিল্য, এই সংবাদ পাইয়া যৎপরোনান্তি আনন্দিত হইলেন এবং ঐ সমস্ত প্রিয় প্রচারককে প্রচুর স্থবর্ণ, রত্নভার ও ধেনু প্রাদানে আদেশ দিয়া পরিতুষ্ট করিলেন।

এদিকে, রাম পিতা দশরথের পাদবন্দন পূর্বক রথে 
অরোহণ করিয়া গৃহাভিমুখে চলিলেন । পুরবাসিশেও অভিলমিত বস্তু লাভের ন্যায় ভূপতির এই বাক্য শ্রবণ করিয়া 
তাঁহাকে আমন্ত্রণ পূর্বক গৃহে গমন করিলেন । গৃহে গিয়া 
রামের অভিষেক-বিন্ন শান্তির আশয়ে দেবার্চনা করিতে লাগি'লেন।

# চতুর্থ সর্গ।

-- ----

পৌরবর্গ বিদায় গ্রহণ করিলে রাজা দশরথ মন্ত্রিগণকে পুনর্বার কহিলেন, মন্ত্রিগণ! আগামী দিবসে চল্রের পুষ্যা সংক্রম ছইবে; ঐ দিনেই রাজীবলোচন রামকে রাজ্যে অভিষেক করা যাইবে। তিনি মন্ত্রিগণকে এইরূপ কছিয়া অন্তঃপুরে প্রবেশ পূর্বক স্থান্তকে কহিলেন, স্থান্ত ! তুমি রামকে পুনরায় এই স্থানে আনয়ন কর। তখন সুমন্ত্র রাজা দশরথের আজ্ঞা শিরোধার্য্য করিয়া দ্রুতপদে রামের নিকে-তনে সমুপস্থিত হইলেন। রাম স্মন্ত্রের আগমন শ্রবণ করিবা-মাত্র অতিমাত্র শক্কিত হইয়া অবিলয়ে তাঁহাকে গৃহে প্রবেশ করাইয়া কহিলেন, •স্থমন্ত্র! তুমি কি কারণে পুনরায় আগমন করিলে সবিশেষ প্রকাশ করিয়া বল। তখন সুমন্ত্র কহিলেন, রাজকুমার! মহারাজ আপনাকে পুনর্বার দেখিবার বাসনা করিয়াছেন, এক্ষণে আপনার যেরপ অভিপ্রায় হয়, আজ্ঞা কৰ্ন।

অনস্তর রাম মহারাজ দশরথের সহিত সাক্ষাৎকার করি-বার আশরে অবিলামে রাজভবনে উপস্থিত হুইলেন। মহা-

রাজও তাঁহাকে প্রীতিজনক কোন কথা কহিবার উদ্দেশে নিজ গৃহ প্রবৈশে অনুজ্ঞা দিলেন। রাম গৃহমধ্যে প্রবেশ করিয়া দুর হইতে পিতাকে দর্শন ও ক্লতাঞ্জলিপুটে অভি-বাদন করিলেন। তখন রাজা দশর্থ তাঁহাকে উত্থাপন ও আলিঙ্গন করিয়া আসন গ্রহণে অনুমতি প্রদান পূর্ব্বক কহি-লেন, বৎস। আমি দীর্ঘ আয়ু লাভ ও ইচ্ছানুরপ বিষয়-স্থুখ উপভোগ করিয়া বৃদ্ধ হইয়াছি। আমি যাচককে প্রার্থনা-ধিক অর্থ দান ও অধ্যয়ন করিয়াছি এবং অন্নদান ও প্রভূত দক্ষিণা দান সহকারে বিবিধ যজ্ঞানুষ্ঠান করিয়া দেবগণেরও অর্চ্চনা করিয়াছি। আজ যাহার তুলনা এই ভূলেংকে নাই দৈই ভুমিই আমার আত্মজ। বৎস! এই রূপে দেবতা ঋষি বিপ্র আত্মঋণ হইতে আমার সম্পূর্ণই মুক্তি লাভ হইরাছে। এক্ষণে তোমাকে রাজ্যে অভিষেক করা ব্যতিরেকে কর্তব্যের আর কিছুই অবশেষ নাই। অতএব আমি ভোমাকে যাহা আদেশ করিতেছি, তুমি তদ্বিষয়ে অভিনিবেশ প্রদান কর।

বংস! অগ্ন প্রজাবর্গ পালনভার তোমারই হস্তে দেখিবার বাসনা করিতেছেন, এই কারণে আমি তোমাকেই রাজ্যে অভিযেক করিব। বিশেষভঃ আজি আমি নিদ্রাযোগে অশুভ স্থপ্র সমুদায় দেখিতেছি; যেন দিবসে বক্তাঘাত ও ঘোররবে উল্কাপাত হইতেছে। দৈবজ্ঞেরা কহিতেছেন, সুর্য্য মঙ্গল ও রাত এই তিন দাকণ গ্রহ আমার জন্ম নক্ষত্র আক্রমণ করিয়া-ছেন। এইরপ নিমিত্ত উপস্থিত হইলে প্রায়ই রাজা বিপদস্থ হন ; এমন কি, ইহাতে ভাঁহার মৃত্যুও সম্ভবপর হইতে পারে। বিশেষত মনুষ্যের মতি স্বভাবতই চপল। অতএব বৎস। আমার মনে ভাবান্তর উপস্থিত না হইতেই তুমি ব্রাজ্যভার গ্রহণ কর। অছ পুনর্বন্থ নক্ষত্রে চন্দ্রের সঞ্চার হইয়াছে। জ্যেতির্বেতারা कहिएलहरून, চল্রের পুষ্যাভোগ আগামী দিবসে অবশ্যই ঘটিবে। এক্ষণে আমার মন একান্ত ব্যগ্র হইয়া উঠিয়াছে। স্থতরাং কল্যই আমি তোমাকে যৌবরাজ্যে অভিষেক করিব। তুমি অন্যকার রাত্রি ব্ধু সীতার সহিত নিয়ম অবলম্বন ও উপবাস করিয়া কুশশয্যায় শয়ন করিয়া থাক। বৎস। শুভ কার্য্যে প্রায়ই বিদ্ন ঘটিয়া থাকে, এই কারণে অদ্য ভোমার স্থলদের। সাবধান হইয়া ভোমাকে রক্ষা কফন। এক্ষণে বৎস ভরত প্রবাসে কালযাপন করিতেছেন, এই অবসরে তোমার অভিষেক সুসম্পন্ন হয়, ইহাই আমার প্রার্থনীয়। ষ্পার্থতই ভোমার ভাতা ভরত ভাতৃবৎসল ও অতি সজ্জন। দ্বী। তাঁহার মনকে কদাচই কলুষিত করিবে না এবং ভিনি ভোমার একান্ত অনুগত। কিন্তু আমার এই একটি স্থির বিশাস আছে যে, কারণ উপস্থিত হইলে মনুষ্যের চিত্ত অবশ্রই বিহৃত হইবে। যাঁহারা ধর্মপরায়ণ ও সাধু, তাঁহাদিগের মনও

রাগ দ্বোদি দার। আকুল হইয়া উঠে। অতএব বংস। এক্ষণে ভূমি যাও, কল্যই তোমাকে রাজ্যভার লইতে হইবে।

অনম্ভর রাম পিতা দশরথকে সম্ভাষণ পূর্বক গৃহাভিমুখে গমন করিলেন এবং জানকীকে পিতার আদেশ জ্ঞাপন করিবার নিমিত্ত স্বীয় বাসগৃহে প্রবিষ্ট হইলেন, কিন্তু তিনি তথায় জানকীকে দেখিতে না পাইয়া তথা হইতে জননীর অন্তঃপুরে গমন করিলেন।

এ দিকে দেবী কেশিল্যা রামের রাজ্যাভিষেকের কথা শুনিয়া স্থমিত্রা সীতা ও লক্ষণের সহিত দেহগৃহে গমন পূর্বক দিমীলিতনেত্রে প্রাণয়াম দ্বারা পুরাণ-পুরুষকে ধ্যান করিতেছিলেন এবং স্থমিত্রা সীতা ও লক্ষণ তাঁহার শুক্রমা করিতেছেন। ইত্যবসরে রাম তথায় গিয়া দেখিলেন, জননী পউবস্ত্র পরিধান ও মোনাবলম্বন পূর্বক দেবভবনে দেবতার আরাধনায় প্রবৃত্ত হইয়া তাঁহারই রাজ্ঞী প্রার্থনা করিতেছেন।

তখন রাম তাঁহার নিকট গমন ও অভিবাদন পূর্মক তাঁহাকে ছাউ ও সন্তঠ করিয়া কহিতে লাগিলেন, জননি ! পিতা আমাকে প্রজাপালন কার্য্যে নিয়োগ করিয়াছেন। তাঁহার আজ্ঞা হইল যে, কল্যই আমার রাজ্যাভিষেক হইবে। এক্ষণে জানকী এই রজনী আমার সহিত উপবাস করিয়া খাকিবেন ; উপাধ্যায়েরা এই ব্যবস্থা করিয়াছেন এবং পিতাও অধ্যাকে এইরূপ কহিয়া দিয়াছেন। অতএব কল্য রাজ্যা-ভিষেকে জানকীর যে সকল মঙ্গলাচার আবশ্যক, আপনি আজিই তাহার আয়োজন করুন।

দেবী কেশিল্যা রামের মুখে চিরদিনের কামনা সফল হইবে শুনিয়া গদ গদ বাক্যে কহিলেন, রামশৃ চিরজীবী হও, তোমার শক্র দৃর হউক। তুমি শ্রীলাভ করিয়া আমার ও স্থমিত্রার অস্ত্র-রঙ্গদিগকে আনন্দিত কর। বাছা! আমি কি শুভক্ষণেই তোমাকে গর্ভে ধরিয়াছিলাম। তুমি আমার আপনার গুণে মহারাজকে পরিতৃষ্ট করিয়াছ। আহ্লাদের কথা কি, বলিব আমি যে কমললোচন হরির প্রসম্বাভা প্রার্থনা করিয়া ত্রত উপবাস করিয়াছিলাম, তাহা সফল হইল। দেখ, রাজ্ঞী তোমাকেই আশ্রায় করিবেন।

অনন্তর রাম জাতা লক্ষণকে ক্যুজালিপুটে বিনীতভাবে উপবিষ্ট দেখিয়া হাস্মুখে কহিলেন, লক্ষণ! অতঃপর আমার সহিত তোমাকেও এই রাজ্যভার বহন করিতে হইবে। তুমি আমার অপর অন্তরাঝা, স্কুতরাং রাজ্ঞী আমার ন্যায় তোমাকেও আশ্রয় করিয়াছেন। বংল! আমার জীবন ও রাজ্য কেবল তোমারই নিমিত্ত; অতএব তুমি অভিলয়িত ভোগ্য পদার্থ সমুদায় উপভোগ কর। রাম জাতা লক্ষণকে এইরপ কহিয়া

কোশল্যা ও স্থমিত্রাকে অভিবাদন পূর্বক তাঁহাদের আজ্ঞাক্রমে জানকার সহিত স্বভবনে গমন করিলেন।

#### পঞ্চম সর্গ।

---

এদিকে রাজা দশরথ আগামী দিবসের অভিষেক-বিষয়ে রামকে এরপ আদেশ করিয়া কুলপুরোহিত বশিষ্ঠকে আহ্বান পূর্বক কহিলেন, তপোধন! অদ্য আপনি রামের বিদ্ন শাস্তি ও রাজ্য প্রাপ্তির নিমিত্ত সীতা ও তাঁহাকে উপবাস সম্প্রীয়া আহন।

বেদবিদ্গণের অএগণ্য মহর্ষি রাজাক্তা এহণ করিয়া বিপ্রের অনুরূপ রথে আরোহণ পূর্বক রাজকুমার রামের আবা-সাভিমুখে যাত্রা করিলেন। অশ্ব মহাবেগে ধাবমান হইল। তিনি ক্ষণকালের মধ্যে সেই পাণ্ডুবর্ণ অভ্রখণ্ডের ন্যায় শোভমান ভবন-সন্ধিধানে উপনীত হইয়া স্বাহনে তিনটি প্রবেশ-দ্বার পার হইলেন। রামও স্বিশেষ সন্মান প্রদর্শনের নিমিত্ত ত্রিতপদে গৃহ হইতে বহির্গত এবং ,ভাঁহার রথের নিকট উপস্থিত হইয়া সাদরে কর্প্রহণ পূর্বক স্বয়ং ভাঁহাকে অবভারিত করিলেন।

অনম্ভর পুরোহিত বশিষ্ঠ রামের এইরপ বিনীত ব্যবহারে প্রীত হইরা তাঁহাকে সম্ভাষণ ও তাঁহার আনন্দবর্দ্ধন পূর্বক কহিলেন, বংস! রাজা দশরথ ডোমার প্রতি অতিশয় প্রসন্ন

(

ছইয়াছেন। কারণ তিনি তোমারই হত্তে সমস্ত সাঞ্রাজ্য-ভার
অর্পণ করিবেন। অন্নত তুমি বৈদেহীর সহিত উপবাস করিয়।
থাক। কল্য প্রাতে মহারাজ রাজা যথাতিকে নহুষের ন্যায়
প্রাতি সহকারে তোমাকে রাজপদে অধিরুঢ় দেখিবেন। এই
বিলিয়া বিশুদ্ধস্থভাব মহর্ষি মন্ত্রোক্রারণ পূর্বক বৈদেহীর সহিত
রামকে উপবাসের সংকল্প করাইলেন এবং রামের প্রদত্ত
পূজা প্রতিগ্রহ করিয়া তাঁহার অভিমতে তথা হইতে নিছুাস্ত
হইলেন। রামও কিয়ৎকণ প্রিয়বাদী স্কল্যাণের সহবাসে
কাল্যাপন পূর্বক তাঁহাদেরই অনুমতিক্রমে বাসগৃহে প্রবেশ
করিলেন। তাঁহার বাসগৃহে নরনারী সকলেই আমোদ প্রমোদ
করিতেছিল। তথকালে বিকসিত-সরোজ-বিরাজিত মদমত্তবিহৃত্বগণশেতিত সরোবরের ন্যায় উহার অপূর্ব এক শোভা হইল।

এদিকে বশিষ্ঠদেব রাজকুমার রামের রাজপ্রাসাদসদৃশ আবাস হইতে নির্গত হইয়া দেখিলেন, রাজমার্গ লোকারণ্য হইয়াছে। সকলে পরম কুতৃহলে দলবদ্ধ হইয়া চলিরাছে। পথে তিলার্দ্ধ স্থান নাই। লোকের সজ্মর্য ও হর্ষে
মহাসাগরের ন্যায় তুমুল শব্দ হইতেছে। ও দিবস সকল
পথই পরিচ্ছন্ন ও জলসিক্ত এবং নগরীর চতুর্দ্দিক তোরণমালায়
অলঙ্ক্ত এবং সমস্ত গৃহে ধ্রজদণ্ড উচ্ছিত হইয়াছে। নগরের আবালর্দ্ধবনিতা সকলেই আমোদে উন্মত্ত আছে এবং

রামাভিষেক দর্শনের অভিলাষে হর্ষ্যোদয় প্রতীক্ষা করি-ভেছে। ফলত তৎকালে সকলেই প্রজাগণের জীর্দ্ধির নিদান প্রীতিবর্দ্ধন এই মহোৎসব দর্শন করিবার নিমিত্ত একান্ত উৎ-সুকা হইয়াছে।

রাজপুরোহিত বশিষ্ঠ রাজমার্গে এইরপ লোকের কোলাহল অবলোকন পূর্বক সেই জনসংবাধ বিভাগ করিয়াই
যেন মৃত্নগমনে রাজকুলে প্রবেশ করিলেন এবং হিমগিরিসদৃশ রাজপ্রাসাদে আরোহণ করিয়া ইন্দ্রের সহিত রহস্পতির
ন্যায় নরেন্দ্র দশরথের সহিত সমাগত হইলেন । তখন
অবনিপাল মহর্ষিকে সমাগত দেখিয়া সিংহাসন হইতে
গাজোশ্বান করিলেন । তিনি গাজোশ্বান করিলে সভাস্থ সম্প্র
লোকই মহর্ষিকে অভ্যর্থনা করিবার নিমিত্ত উত্থিত হইলেন ।
অনন্তর রাজা বিনাত ভাবে তাঁহাকে সমোধন পূর্বক জিজ্ঞাসিলেন, তপোধন ! আমার অভিপ্রেত কার্য্য কি আপনি সমাধা
করিয়া আইলেন ? মহর্ষি কহিলেন, মহারাজ ! আপনার
আদেশানুরূপ সমুদায়ই সাধন করা হইয়াছে ।

তখন রাজা দশরথ কুলগুরু বশিষ্ঠের অনুমতি এছণ পূর্মক সভাস্থ সকলকে পরিত্যাগ করিয়া গিরিদরী মধ্যে কেশরীর ন্যায় অন্তঃপুরে প্রবেশ করিলেন । তৎকালে শশাক্ষ যেমন তারাগণসমাকীর্ণ নভোমগুলকে একান্ত উজ্জ্বল করিয়া থাকেন, তদ্ধপ রাজা দশরণও সেই স্থসজ্জিত নারীজনপরিপূর্ণ অমরাবতীপ্রতিম অন্তঃপুরকে যার পর নাই সমুস্তাবিত করিলেন।

## ষষ্ঠ সর্গ

-->

কুলপুরোহিত বশিষ্ঠ বিদায় এহণ করিলে রাম ক্তথান হইয়া বিশাললোচনা জানকীর সহিত একাস্তমনে নারায়ণের উপাসনায় প্রবৃত্ত হইলেন। তিনি ঐ মহান্ দেবতাকে নমস্কার করিয়া হবিঃপাত্র এহণ পূর্ম্বক তাঁহার উদ্দেশে প্রজ্বলিত হুতাশনে আছুতি প্রদান করিতে লাগিলেন। তৎপরে হবির শেষাংশ ভক্ষণ পূর্বক নারায়ণ ধ্যান ও তাঁহার নিকট আপনার অভিপ্রেত প্রার্থনা করিয়া মোনভাবে ঐপদেবালয়ের, মধ্যেই সীতার সহিত কুশশ্যায় শয়ন করিয়া রহিলেন।

অনম্ভর রাত্রি প্রহরমাত্র অবশিষ্ট থাকিতে রাম শব্যা হইতে গাত্রোপান করিয়া অধিকত লোকদিগকে স্প্রণালী-ক্রমে গৃহসজ্জায় অনুমতি প্রদান করিলেন। ইত্যবসরে স্থত মাগধ ও বন্দিগণ শর্করী প্রভাত হইয়াছে দেখিয়া মধুর স্বরে গান করিতে প্রবৃত্ত হইল। রাম পূর্কসন্ধ্যার উপা-সনা সমাপন পূর্কক সমাহিত্তিত্বে গায়ত্রী জপ করিতে লাগিলেন। অনম্ভর তিনি পবিত্র পত্তী বস্ত্র পরিধান পূর্কক নারায়ণের ভূতিবাদ ও বন্দনা করিয়া বিপ্রগণ দারা স্বন্ধি- বাচন করাইলেন। তুর্গ্ধেনি এবং বিপ্রগণের মধুর ও গন্তীর পুণ্যাহ ঘোষে রাজধানী অযোধ্যা প্রতিধ্বনিত হইতে লাগিল। নগরবাসী সকলেই রাম জানকীর সহিত উপবাদ করিয়া আছেন শুনিয়া যার পর নাই আনন্দিত হইল।

অনস্তর পৌরবর্গ পুরীর শোভা সম্পাদনে প্রবৃত্ত হইল। শুভ অত্রের ন্যায় প্রভা সম্পন্ন গিরিশিখর-সদৃশ দেবগৃহ, চতুষ্পথ, রথ্যা, চৈত্য, অটালিকা, পণ্যদ্রব্য-পরিপূর্ণ বাণিজ্যাগার, স্সমৃদ্ধ স্কৃষ্ণ লোকালয়, সভা ও অত্যুক্ত বৃক্ষ সমূহে ধ্বজ্ব ও পতাকা স্থােভিত হইতে লাগিল। রমণীয় রাজপথ ধূপগন্ধে স্বাসিত ও কুস্নদামে অলক্ষৃত হইল। অভিষেক সমাপনাস্তে যদি রাম রাত্রিকালে নগর পরিভ্রমণে নির্গত হন, এই আশ-স্কায় সকলে পথপ্রান্তে আলোক প্রদান বাসনায় বৃক্ষাকার দীপস্তম্ভ সকল প্রস্তুত করিয়া রাখিল। সকলে নট নর্ভক ও গায়কদিগের হৃদয়হারী নৃত্য গীত দর্শন ও প্রবণ করিতে লাগিল। লোকের গৃহমধ্যে ও প্রাক্তনে রামাভিষেক সংক্রান্ত কথোপকথন আরম্ভ হইল। বালকেরাও গৃহছারে দলবদ্ধ হইয়া ক্রীডাকালে পরম্পর অভিষেকের কথা কহিতে লাগিল। কতকগুলি লোক সভা ও প্রাঙ্গনে সঙ্গত হইয়া মহারাজ দশরথের প্রশংসা করিয়া কহিল এই ইক্ষাকু-কুল-প্রদীপ রাজা শতি মহাত্মা; দেখ, ইনি আপনার স্থবিরাবস্থা সমুপস্থিত দেখিয়া রামের হস্তে রাজ্যভার অর্পণ করিতেছেন। রাম লোক-পরীক্ষায় স্কচতুর, তিনি যে চিরকালের জন্য আমাদের রক্ষক হইবেন, ইহাতেই আমরা যার পর নাই অনুগৃহীত হইলাম। রাম অতি বিনীত বিদ্বান ধর্মশীল ও ভাতৃবৎসল। তিনি ভাতৃনির্বিশেষে আমাদিকেও মেহ করিয়া থাকেন। এক্ষণে আমাদিগের ধার্মিক রাজা চিরজীবী হউন; আমুরা তাঁহারই প্রসাদে রাধ্যের রাজ্যাভিষেক স্বচক্ষে দর্শন করিব।

ঐ সময়ে জনপদবাসিরা দিগ্দিগন্ত হইতে রামের অভি-বেক বৃত্তান্ত শ্রবণ পূর্বক দর্শন করিবার মানসে অযোধ্যায় আসিরাছিল, তাহারা পৌরগণের মুখে ঐ সমস্ত কথা শ্রবণ করিল। ক্রমশঃ বিদেশীয় লোকে রাজধানী পরিপূর্ণ হইয়া গেল। পর্বকালে প্রবলবেগ সাগরের ঘোর শব্দের ন্যায় চতু-দিকে প্রবেশশীল লোকের কোলাহল শ্রুভিগোচর হইতে লাগিল। তখন সেই অমরাবতীসদৃশ অযোধ্যা অভিবেক-দর্শনার্থী অভ্যাগত লোক সমূহের কলরবে একান্ত আকুল হইরা জলজন্ত বিলোডিত মহাসাগুরের ন্যায় শোভা পাইতে লাগিল।

#### সপ্তম সগ্

~おうかがないな~

ताजगिंदियो देकदकशीत महता नांशी এक किन्नती हिल। তিনি ঐ অনাধাকে মাতৃকুল হইতে আনয়ন করিয়াছিলেন এবং আপনার নিকটে রাখিয়াই তাহাকে প্রতিপালন করি-তেন। কিন্করী মন্থরা প্রাতঃ কালে চতুর্দিকে তুমুল কোলাহল শ্রবণ করিয়া যদৃচ্ছা ক্রমে শশাঙ্কধবল প্রাসাদের উপর আরোহণ করিয়া দেখিল, অযোধ্যার রাজপথ সকল চন্দনসলিলে সিক্ত এবং উহার সর্বত্র উৎপলদল বিক্ষিপ্ত হইয়াছে। ইতস্ততঃ উৎকৃষ্ট ধ্ৰজনও ও পতাকা শোভা পাইতেছে। রাজধানীর স্থল বিশেষে নিম্নোত্কত পথ এবং স্থল বিশেষে স্বেচ্ছানুসারে গমনাগমন করিবার নিমিত্ত স্থবিস্তৃত পথ প্রস্তুত করা হইয়াছে। সকলে অভ্যঙ্গ স্থান করিয়াছে। বিপ্রগণ মাল্য ও মোদক হস্তে লইয়া কোলাহল করিতেছেন। দেবালয়ের দ্বার সকল সুধার ধবলিত হইয়াছে। চারিদিকে বাদ্যধনি হই-তেছে। সকলে আমোদে উন্মত্ত। বেদধ্বনি নগরভেদ করিয়া উত্থিত হইতেছে। হন্তী অশ্ব গো বৃষ পৰ্য্যন্ত আনন্দনাদ পরিত্যাগ করিতেছে। পরিচারিকা মন্থরা অযোধ্যায় এইরূপ উৎসবের আয়োজন দেখিয়া অতিশয় বিন্দিত হইল। অনস্তর সে অদ্রে এক ধাত্রীকে ধবল পউবস্তু পরিধান পূর্বক হর্ষোৎ-ফুল্ল লোচনে দণ্ডায়মান দেখিয়া জিজ্ঞাসিল, ধাত্রি! রামজননা কোশলা ব্যয়কুঠ হইয়াও অদ্য কি কারণে মহা আনন্দেধন দান করিতেছেন? আজ সকলের এই আভ্যস্তিক হর্ষের কারণ কি? আজ মহীপালই বা এমন কি কার্য্য করিবেন? তখন ধাত্রী হর্ষভরে বিদীর্ণ হইয়াই যেন কহিল, মন্থরে! আজ মহারাজ পুর্যা নক্ষত্রে শাস্ত প্রকৃতি স্থশীল রামকে যৌবরাজ্য প্রদান করিবেন।

অসাধুদর্শিনী মন্থরা ধাত্রীমুখে এই বাক্য প্রবণ করিবামাত্র ক্রোধে প্রজ্বলিত হইয়া উঠিল এবং সেই কৈলাসনিখরাকার প্রাসাদ হইতে অবতীর্ণ হইয়া শরনগৃহে কৈকেয়ীকে গিয়া কহিল, মুঢ়ে! গাত্রোখান কর, কি রখা শরন করিয়া আছ, তোমার সর্বনাশ উপস্থিত: তুমি কি বুঝিতেছ না যে, ছংখতার প্রবলবেগে তোমাকে পীড়ন করিতেছে? তুমি মহারাজের অপ্রিয়, তবে কেন নির্ম্বক সোভাগ্য-গর্ব্বে ক্ষীত হও। গ্রাম্বালীন ননীজ্যোতের ন্যায় তোমার সোভাগ্য ক্ষণস্থায়ী সন্দেহ নাই।

মন্থরা জৈাধভরে এইরপ পরুষ বাক্য প্রয়োগ করিলে কৈকেয়া বিষয় হইয়া জিজ্ঞাসিলেন, মন্থরে! আমার কি কোন জমঙ্গল উপস্থিত হইয়াছে? আজি কি কারণে তোমাকে বিষয় ও গ্রংখিত দেখিতেছি?

বচনচতুরা মন্থরা যথার্থতই কৈকেয়ীর হিতার্থিনী ছিল, দে তাঁহার এইরপ কথা শ্রবণ করিয়া বাহু আকারে অপেক্ষাকৃত বিষাদের লক্ষণ প্রদর্শন এবং তাঁহার অন্তরে রামের প্রতি বিদ্বেষ উৎপাদন পূর্ব্বক পূর্ব্ববৎ ক্রোধে কহিতে লাগিল, দেবি ! তোমার সর্বনাশের উপক্রম হইতেছে ৷ মহারাজ, রামকে ফোবরাজ্যে অভিষেক করিবেন। আমি আপাতত এই বিপদের প্রতিকার কিছুই দেখিতেছি না। র!মের অভিষেকের কথা শুনিয়া আমার মনে ভয় বুঃখ শোক যুগপৎ উপস্থিত হইয়াছে। সর্কাঙ্গ থেন দক্ষ হ'ইয়া যাইতেছে। বলিতে কি, কেবল ভোমার হিতা-র্থই এক্ষণে আমি এই স্থানে আইলাম। তুমি নিশ্চয় জানিও যে আমি তোমার হঃখে হঃখী এবং তোমারই মুখে মুখী হই। তুমি রাজার কন্যা এবং রাজার মহিধী হইয়া রাজ্ধর্মের কঠোরতা কেন বুঝিতে পার না? তোমার ভর্তার কেবল মুখেই ধর্ম, বস্তুত তিনি অতিশয় শঠ , তাঁহার বাক্য অতি মধুর, কিন্তু হৃদয় যার পর নাই ক্রে। এইরূপ লোককে তুমি শুদ্ধসত্ত্ব বলিয়া জান এই কারণেই বঞ্চিত হইতেছ। আজ রাজা তোমাকে কভকগুলি রূপা প্রিয় কথায় ভুলাইরা কৌশল্যার মনেবাঞ্ছা পূর্ণ করিবেন। ঐ হুষ্ট ভরতকে মাতুলগৃহে পাঠাইয়া-

ছেন, এক্ষণে পৈতৃক রাজ্য নির্মিয়ে রামকে দিবেন। দেখ, তুমি নিভান্ত নির্মোধ; তুমি আপনার হিভাভিলাষে পভিব্যপদেশ ভুজকের নায় ক্রের শক্রকে মাতৃষ্ণেহে পোষণ ও অক্ষেধারণ করিয়াছ। কিন্তু সর্প কি বিপক্ষ উপেক্ষিত হইলে যেরপ ঘটিয়া থাকে রাজা দশরথ হইতে ভোমার ও তোমার পুত্রের সেইরপই ঘটিল। তিনি পাপাত্মা, তাঁহার সান্ত্রনা বাক্য সমুদয়ই নিরর্থক। তিনি রামের রাজ্যদান প্রসঙ্গে তোমাকেই সপরিবারে বিনাশ করিতেছেন। এক্ষণে সময় উপস্থিত, যাহা আপনার হিতকর, অবিলয়েই তাহার সাধনে প্রস্তুত্ত হও এবং এই বিপদ হইতে আপনাকে আমাকে ও ভরতকে রক্ষা কর।

রাজমহিষী কৈকেয়ী কিন্ধরী মন্থরার এই বাক্য প্রবণ করিয়া শরতের শশান্ধলেখার ন্যায় হাস্পমুখে শয্যা হইতে গাত্রোম্থান করিলেন এবং রামের অভিষেকরপ শুভ সংবাদে একান্ধ বিশ্ময়াবিষ্ট ও নিতান্ত সন্থট হইয়া মন্থরাকে উৎকৃষ্ট অলকার দিলেন। তিনি মন্থরাকে অলকার প্রদান করিয়া প্রস্কুলমনে কহিলেন, মন্থরে! তুমি আমাকে কি আহ্লাদের কথাই শুনাইলে; ইহার অনুরূপ এমন আমার কি আছে, যাহা দিয়া তোমায় পরিতোষ করিতে পারি। আমার চক্ষেরাম ও ভরত উভয়ের কিছুমাত্র ইভর বিশেষ নাই; অভএব মহারাজ যে রামকে রাজ্যদান করিবেন, ইহাতে অভ্যন্ত সন্থট হইলাম।

রাদ্যের রাজ্যাভিষেক অপেক্ষা প্রিয়দমাচার আর আমার কিছুই নাই, আজি ভুমিই আমাকে তাহা শুনাইলে। এক্ষণে বল, ভোমার কি প্রার্থনীয় আছে, আমি তোমাকে তাহাই দান করিব।

## অফ্টম সর্গ।

তখন মন্থরা হৃঃখ ক্রোধে একাস্ত অধীরা হইয়া পারি-ভোষিক অলঙ্কার দূরে নিক্ষেপ করিল এবং কৈকেয়ীর প্রতি অমুয়া প্রদর্শন পূর্ব্বক কহিতে লাগিল, কৈকেয়ি! তুমি কি কারণে অস্থানে হর্য প্রকাশ করিতেছ। তুমি কি জানিতেছ না যে. তুমি তুঃখের পারাবারে পতিত হইয়াছ। আমি এক্ষণে অতি ত্বঃখে মনে মনে এই বলিয়া হাসিতেছি যে, তুমি বিপদে পডিয়াও ষে বিষয়ে শোক করিতে হয়. তাহাতেই আমোদ করিভেছ। কালম্বরূপ পরম শত্রু সপত্নীপুত্তের বৃদ্ধি দেখিয়া কোন্ বৃদ্ধিমতী নারী আমোদ করিয়া থাকে ? কিন্তু ভোমার যে এই দুর্বুদ্ধি উপ-স্থিত, ইহারই নিমিত্ত আমি শোকাকুল হইতেছি। দেখ, রাজ্য আতৃসাধারণের ভোগ্য, এই নিমিত্ত ভরত হইতে রামের ভয় উপস্থিত হইতে পারে, কিছু ইহাও নিশ্য় জানিও যে, ভীত ব্যক্তিই ভয়ের কারণ হয়। বীর লক্ষ্মণ সকল প্রকারে রামের পাশ্রিত, স্নতরাং ডিনি রামের কোন মতেই ভয়ের কারণ হইতে পারেন না: যেমন লক্ষ্মণ রামের আশ্রিত শক্তম্বও সেইরূপ

ভরতের অনুগত, স্নতরাং শত্রন্থ হইতেও রামের স্বতম্ত্র কোন-রূপ ভয়প্রসঙ্গ নাই। জন্মক্রম ঘনিষ্ঠ বলিয়া ভরতেরই রাজ্য আক্রম সম্ভব, কিন্তু কনিষ্ঠত্ব নিবন্ধন লক্ষ্মণ ও শক্রয়ের এই চেষ্টা স্থানুবপরাহত হইয়া যাইতেছে। রাম আলস্থান্য শাস্ত্রজ এবং সন্ধি বিগ্রহাদি কার্য্যের বিশেষজ্ঞ। সে যে ভবিষ্যতে ভরতের সর্মনাশ করিবে, আমি এই চিন্তাতেই কম্পিত হইতেছি। দেবী কৌশল্যা অতি ভাগ্যবতী, কারণ আজ শুভক্ষণে ভ্রান্ধণেরা ভাঁহার পুত্রকে যৌবরাজ্যে অভিষেক করিবেন। রাজ্য ভাঁহার হইল, শক্র-সব দুর হইয়া গেল, এক্ষণে তিনি মনের আনন্দে থাকিবেন, আর তুমি দাসীর ন্যায় কভাঞ্জলিপুটে ভাঁহার অনুরুত্তি করিবে। এইরপে তোমাকে আমাদিগের সহিত কৌশল্যার দাস্য স্বীকার ক্রিতে হইবে এবং তোমার পুত্র ভরতও রামের দাস হইয়া থাকিবে। জানকী সহচরীদিগের সহিত আমোদ আহ্লাদে কাল্যাপন করিবে, আর ভরতের প্রভাব পরাহত দেখিয়া ভোমার বধুরা মনের ছঃখে অিয়মাণ হইবে।

কৈকেরী মন্থরাকে রামের প্রতি এইরপ অপ্রীতিভাব বিস্তার করিতে দেখিয়া রামের গুণের কথা উল্লেখ করিয়া কছি-লেন, মন্থরে! বৎস রাম ধর্মিক গুণবান স্থানিক্ত কৃতজ্ঞ সত্য-বাদী ও পবিত্র। তিনি মহারাজের জ্যেষ্ঠ সন্তান, স্মৃতরাং রাজ্য সম্পূর্ণই তাঁহাকে অনিতে পারে। ঐ দীর্যজীবী, জাতা ও ভ্তাদিগকে পিতার ন্যায় প্রতিপালন করিবেন; অতএব ছুমি কেন তাঁহার অভিষেক-সংবাদ পাইয়া এইরপ পরিতাপ করি-তেছ? ভরত রামের শতবংসর পরে নিশ্চয়ই পৈতৃক রাজ্য পাইবেন তবে কেন তুমি এই উৎসবের সময় অন্তর্জ্বালায় দক্ষ হইতেছ? আমি যেমন ভরতের কল্যাণ কামনা করি, সেইরপ বা তদপেক্ষা অনেক গুণে রামের শুভাকাক্ষা করিয়া থাকি, এই কারণে রামও জননীর অধিক আমার সেবা করেন। এক্ষণে রাজ্য যদিও রামের হয়, তথাচ উহা ভরতেরই হইবে, কারণ রাম আত্মনির্বিশেষে ভ্রাতৃগণকে দর্শন করিয়া থাকেন।

মন্থরা কৈকেয়ীর এইরূপ বাক্য শ্রবণ করিয়া যার পর
নাই ছংখিত হইল এবং দীর্ঘ নিংশ্বাস পরিত্যাল পূর্বক ,
তাঁহাকে কহিল, কৈকেয়ি! যাহা শুভ, তাহাই তুমি কুদ্ন্তিতে
দেখিতেছ। ছংখ শোক ও বিপদ তোমাকে আক্রমণ
করিতেছে; কিন্তু তুমি নির্বৃদ্ধিতা বশত আপনার মুরবন্থা
র্ঝিতেছ না। এখন রাম রাজা হইতেছে, আবার রামের
পুত্রও রাজ্যে অধিকার পাইবে; স্নতরাং ভরত এককালেই রাজবংশ হইতে পরিভ্রম্ট হইলেন। দেখ, রাজার
সকল পুত্রেরা কিছু রাজ্য পান না; প্রাপ্ত হইলে একটি
মহান অনর্থ উপস্থিত হয়; এই কারণে নূপতিরা পুত্রগণের মধ্যে
হয় সর্বজ্যেষ্ঠ না হয় যিনি সর্বাপেক্ষা গুণশ্রেষ্ঠ তাঁহাকেই

নিজকার্য্য পর্যালোচনের ভারাপণ করিয়া থাকেন। এইরূপ ব্যবস্থা থাকাতেই কহিতেছি, তোমার তনয় ভরত অনাথের ন্যায় রাজবংশ ও স্থখ-সোভাগ্য হইতে বঞ্চিত হইবেন। দেবি! আমি তোমারই মঙ্গলের নিমিত্ত প্রাণ পণ করিতেছি কিন্তু তুমি আমাকে বুঝিতেছ না ; প্রত্যুত সপত্নীর জীবুদ্ধিতে পারিতোষিক দিতেও ইচ্ছা করিতেছ। তুমি নিশ্চয়ই জানিও রাম নিকণ্টকে রাজ্যলাভ করিয়া ভরতকে দেশাস্তর বা লোকান্তর প্রেরণ করিবে। ভরত বালক, কিছুই জানেন না, কেবল তুমিই তাঁহাকে মাতুলালয়ে পাঠাইয়াছ। এ সময় তিনি এ স্থানে থাকিলে মহারাজ তাঁহার প্রতি অবশ্যই , অনুরাগ প্রকাশ করিতেন। তুণ লতা গুলা একস্থানে থাকে বলিয়াই পরস্পর পরস্পরকে আলিক্সন করে। এ সময় না হয় কেবল ভরতই যান. ভাঁছার সঙ্গে আবার শত্রন্থও গিয়াছেন। তিনি থাকিলে অবশ্যই বিপদের একটা প্রতিকার হইত। এইরূপ শ্রুত হওয়া যায় যে বনজীবিরা একটি বৃক্ষকে ছেদন করিবার বাসনা করিয়াছিল, কিন্তু কণ্টকবন বেষ্টন করিয়াছিল বলিয়া উহা রক্ষা পায়। রাম ও লক্ষণ পরম্পর পরস্পরকে রক্ষা করিয়া থাকে, অখিনীকুমার যুগলের ন্যায় তাহাদের সৌভাত ত্রিলোকে প্রথিতই আছে। এই কারণে রাম লক্ষ্মণের কিছুমাত্র অনিকীচরণ করিবে না। কিন্তু সে যে ভরতের প্রাণহন্তারক হইবে তাহাতে

#### অযোধ্যাকাণ্ড ৷

কিছুমাত্র সন্দেহ নাই। অতএব ভরত মাতুল-বাসভূমি রাজগৃহ্য হইতে বন প্রস্থান করুন, আমার ত ইহাই প্রীতিকর বোধ হইতেছে। বস্তুত ইহাতে তোমার ও তোমার পরিজনদিগেরও মঙ্গল হইবে। আর যদি ভরত ধর্মানুসারে পৈতৃক রাজ্য অধিকার করিতে পারেন, তাহা হইলে আমাদের দকলেরই যে শুভ লাভ হইবে, ইহার আর বক্তব্য কি আছে। হা । তোমার বালক লক্ষ্মীর কোমল অঁক্টে প্রতিপালিত হইয়া আসিয়াছেন, এখন তিনি রামের সহজ শক্র; রামের উন্নতি তাঁহার অবনতি, স্বতরাং তিনি রামের বশে থাকিয়া কিরূপে প্রাণ ধারণ করিতে পারি-বেন। দেবি! তুমি অরণ্যে মৃগেক্রানুস্কত করীক্রের ন্যায় ভর-তকে এই পরাভব হইতে রক্ষা কর। রামের জননী কেশিল্যা ভোমার সপত্নী, তুমি ভর্তুসে ভাগ্যে গর্বিত হইয়া তাঁহাকে অপ-হেলা করিয়াছিলে, এক্ষণে তিনি কেনই না বৈরনিষ্যাতন করিবেন। কৈকেয়ি! অধিক আর কি কহিব, যখন রাম এই শৈলসাগরপূর্ণা পৃথিবীর অধিরাজ হইবে, তখন তুমি পুত্রের সহিত নিশ্চয়ই পরাভব সহু করিবে। অতএব এক্ষণে কি উপায়ে ভরতের রাজ্য লাভ হইতে পারে, কি উপায়েই বা রামের বনবাস সিদ্ধ হয়, তুমি তাহা অবধারণ কর।

রাজমহিবী কৈকেয়ী মন্থরার এইরূপ বাক্য প্রবণ করিয়া ক্রোধে প্রজ্বলিত হইয়া উঠিলেন এবং দীর্ঘনিঃশাস পরিজ্যাগ পূর্বক কহিলেন, মন্থরে ! আজিই আমি রামকে বনবাস দিব এবং আজিই ভরতকে রাজ্যে অভিষেক করিব। এক্ষণে কি উপায়ে আমার এই মনোরথ সিদ্ধ হইতে পারে, তুমিই তাহা আলোচনা করিয়া দেখ।

### নবম সগ।

তখন অসাধুদর্শিনী মন্থরা রামের রাজ্যাভিষেকে ব্যাঘাত দিবার আশয়ে কৈকেয়ীকে কহিল, দেবি! একণে যে উপায়ে কেবল তোমার পুত্র ভরতেরই রাজ্য হইবে, তাহা কহিতেছি' শুন এবং উহা সঙ্কত হয় কি না স্বয়ংই তাহার বিচার করিয়া দেখ। ভদ্রে! এখন কি আর তোমার কিছু স্মরণ হয় না, তুমি স্বয়ং যে কথা অনেকবার আমায় কহিয়াছিলে, তাহা কি কেবল আমার মুখে শুনিবার আশয়ে গোপন করিতেছ? যদি সেইরপই অভিপ্রায় হইয়া থাকে, তবে শ্রবণ কর।

রাজমহিবী কৈকেয়ী মন্থ্রার এইরপ বাক্য শ্রবণ করিয়া স্থরচিত শর্নতল হৃইতে কিঞ্চিৎ উত্থিত হইয়া কহিলেন, মন্থ্রে! বল, এমন কি উপায় আছে, যাহাতে রাজ্য রামের না হইয়া কেবল ভরতেরই হইবে। মন্থ্রা কহিল, দেবি! দক্ষিণ-

**मिटक मधकां** तां भागक श्रामा देव असल नां प वक्षि नगंत আছে। তথার তিমিধজ নাম। মারাবী এক অমুর বাস করিত। ইহার অপর নাম শন্তর। ইহারই সহিত পূর্ব্বে ইন্দ্রাদি দেবগণের ঘোরতর যুদ্ধ উপস্থিত হয়। এই দেবাপ্পর সংগ্রামে মহারাজ দশর্থ তোমাকে লইয়া রাজর্ষিগণের সহিত দেব-রাজ ইন্দ্রের সাহায্য করিতে যান। ঐ যুদ্ধে সৈনিক পুৰুষেরা অস্ত্র শস্ত্রে ছিন্ন ভিন্ন হইয়া রাত্রিতে নিদ্রিত থাকিত আর রাক্ষ-সেরা তাহানিগকে বল পূর্বক লইয়া গিয়া বিনাশ করিত। রাজা দশর্থ তংকালে অনুরগণের সহিত তুমুল যুদ্ধ করিয়াছিলেন। তাঁহার সর্বাঙ্গ ক্ষত বিক্ষত হইয়াছিল। তিনি রণস্থলে মৃচ্ছিত • হইয়া পড়েন। ঐ সময় তুমি তাঁহার সমভিব্যাহারে ছিলে। তুনি তাঁহাকে মুচ্ছিত দেখিয়া তথা হইতে অপসারিত করিয়া রক্ষা কর। তখন মহারাজ তোমার প্রতি সম্ভট্ট হইয়া ভোমাকে হুইটি বর দিবার বাসনা করেন, কিন্তু ভুমি কছিয়া-ছিলে, নাথ! আমার যখন ইচ্ছা হইবে, তখন বর গ্রহণ করিব। তৎকালে মহারাজও ভোমার এই কথায় সন্মত হন। (पित ! णामि এই বিষয়ের বিন্দু বিসর্গত জানিভাম না, পূর্বে তুমিই আমাকে ইহা কহিয়াছিলে। ফলত ভোমার প্রতি স্নেহ আছে বলিয়া আমি ইহার কিছুই বিশ্বত হই নাই। এক্ষণে তুমি মহারাজকে বল পূর্বক রামের রাজ্যাভিষেক হইতে ক্লান্ত

কর এবং তাঁহার নিকট উহার চতুর্দ্দশ বৎসর বনবাস ও ভর-তের অভিষেক প্রার্থনা কর। চতুর্দ্দশ বৎসরের নিমিত্ত রামকে বনবাস দিলে তোমার পুত্র ভরত এতাবৎকালের মধ্যে প্রজা-গণকে অনুরক্ত করিয়া রাজ্যে অটল হইয়া বসিতে পারিবেন। অভএব ভুমি অছ মলিন বস্ত্র পরিধান পূর্বক ক্রোধাগারে গিয়া ক্রোধ ভরে ধরা-শয্যায় শয়ন করিয়া থাক। সাবধান, মহা-রাজ আদিলে তুমি তাঁহাঁর পানে চাহিও না, ভাঁহার সহিত বাক্যালাপও করিও না; কেবল শোকে আকুল হইয়া রোদন করিবে। তোমাকে মহারাজ যে বডই ভাল বাদেন, তাহাতে আমার কিছুমাত্র সন্দেহ নাই। তোমার নিমিত্ত তিনি অন-লেও প্রবেশ করিতে পারেন। তোমাকে ক্রোধাবিষ্ট করিতে তাঁহার কিছুতেই সাহস হইবে না এবং তুমি ক্রুদ্ধ হইলে ভোমার প্রতি দৃষ্টি নিক্ষেপ করিতেও পারিবেন না। তিনি তোমার প্রীতির উদ্দেশে প্রাণ পর্যান্ত পরিত্যাগ করিতে পারেন। তিনি যে তোমার কথা উল্লব্জন করিবেন মনেও এই-রূপ করিও না। এক্ষণে তুমি নিজের সেভাগ্য-বল বুঝিয়া দেখ। আমি তোমাকে আরও সতর্ক করিয়া দিতেছি, মহারাজ তোমার ক্রোধ শান্তির নিমিত্ত মণি মুক্তা স্থবর্ণ ও অন্যান্য বিবিধ রত্ন প্রদান করিতে চাহিবেন ; কিন্তু দেখিও ভোমার মন যেন তাহাতে লোলুপ না হয়। দেবাসুর সংগ্রামে তিনি যে

তোমাকে ছুইটি বর দিয়াছিলেন, তুমি ভাঁহাকে তাহাই স্মরণ করাইয়। দিবে এবং যাহাতে ক্তকার্য্য হইতে পার, তদ্বিষয়ে যতুবান থাকিবে। যখন মহারাজ স্বয়ং তোমাকে ধরাসন হইতে তুলিয়া বর দানে ব্যগ্রতা প্রদর্শন করিবেন, তখন তুমি অত্যে তাঁহাকে বচনবন্ধ করিয়া পশ্চাৎ ভাঁহার নিকট আপনার অভিমত বিষয় প্রার্থনা করিবে। দেবি ! রামকে নির্বাসিত করিতে পারিলে তোমার পুত্র ভরতের সকল অভিলাষই সিদ্ধ হইবে। রাম নির্ম্বাসিত হইলে তাহার উপর প্রজাগণের অনু-রাগ আর থাকিবে না এবং ভরতও নিক্ষণ্টকে রাজ্যভোগ করিবে। যে সময়ে রাম বন হইতে আসিবে, তত দিনে ভরত 'সকলের প্রীতিভাজন হইয়া মুহাচ্চাণের সহিত প্রকৃতিবর্গের অম্বর্বাহ্মে লব্ধাম্পদ হইতে পারিবে সন্দেহ নাই। অভএব ভূমি নির্ভয়ে মহারাজকে রামের অভিষেক-সংকপ্প হইতে নিরুত্ত কর; তাঁহাকে অভিষেক সংকল্প হইতে নিবৃত্ত করিবার ইহাই প্রকৃত অবসর।

এইরপে মন্থরা কৈকেয়ীর অস্তবে এই অসক্ত বিষয়কে সক্তরূপে প্রতিপন্ন করিয়া দিল। কৈকেয়ী পুলকিতমনে ভাহার বাক্য প্রতিগ্রহ করিলেন। তিনি বালবৎসা বড়বার ন্যায় মন্থরার প্রবর্তনায় অসৎ পথে প্রবর্ত্তিত হইয়া বিশ্বয়া-বেশ সহকারে কহিতে লাগিলেন, মন্থরে! তুমি অতি সৎ-

কথাই কহিতেছ। আমি ভোমার প্রক্তার অবমাননা করিতেছি না। পৃধিবীতে যত কুব্জা আছে বুদ্ধিনিশ্য় বিষয়ে তুমি ভাহাদের সকলেরই অপেক্ষা শ্রেষ্ঠ। তুমি নিয়তই আমার হিতৈবণা করিয়াথাক এবং নিয়তই আমার ওভ সাধনে নিযুক্ত আছ। ফলত আমি মহারাজের এই ছুম্চেফার বিষয় অত্যে কিছুই বুঝিতে পারি নাই। মন্থরে ! এই পৃথিবীতে ত্বত্যতি-রিক্ত অপেকানেক বিক্নতাকার বক্র ও পাপদর্শন কুব্রা আছে, কিন্তু তুমি নুজেভাবাপন্ন হইয়াও বায়ুভগ্ন উৎপলের ন্যায় একান্ত প্রিয়দর্শন হইয়াছ। তোমার বক্ষঃ উভয় পার্শ্বে অবনত এবং মধ্য হইতে স্কল্পে পর্যান্ত উন্নত হইয়াছে: বক্ষের অধঃস্থলে শোভন নাভি যুক্ত উদর উহার এতাদুশ উন্নতি দর্শন <sup>,</sup> করিয়া যেন লজ্জায় কশ হইয়া গিয়াছে। তোমার স্তনযুগল অতি কঠিন, জম্বন অতি বিস্তীৰ্ণ ও কাঞ্চীদাম শোভিত এবং উহাতে কুদ্র ঘণ্টা সকল শব্দায়মান হইতেছে। তোমার বদন-মওল চক্রের ন্যায় নির্মল। মন্থরে ! মরি তোমার কি শোভাই হইয়াছে! ভোমার চরণ ও উৰুযুগল কেমন আয়ত! তুমি যখন আমার সমুখ দিয়া চলিয়া যাও, তখন রাজহংসীর দ্যায় বিরাজ্ব করিয়া থাক। অন্থররাজ শহরের যে সহজ্ঞ মারা আছে, তৎসমুদায় ও অন্যান্য তোমার এই হৃদয়ে নিবিষ্ট রহিয়াছে ৷ তোমার বক্ষঃস্থলে এই যে রথযোণের ন্যায় উন্নতা-

কার মাংসপিও আছে, উহা ঐ সমন্ত মায়ার সমিবেশ ভিন্ন আর কিছুই নহে। উহাতে তোমার বুদ্ধি ও রাজনীতি বাস করি-তেছে। স্থানরি! রামকে বনবাস দিয়া ভরতকে রাজ্যে অভি-বেক করিতে পারিলে আমি সন্তুই ইইয়া তোমার এই মাংস-পিণ্ডে চন্দন লেপন করিয়া উত্তম স্থবর্ণের আভরণ পরাইব এবং তোমার মুখে স্থবর্ণময় বিচিত্র তিলক প্রস্তুত করিয়া দিব। তুমি উত্তম বস্তু ও উত্তম অলক্কার ধারণ করিয়া দেবীর ন্যার্ম ইতস্ততঃ সঞ্চরণ করিবে। তোমার এই বদন কমল চন্দ্রমাকেও স্পর্কা করিতে থাকিবে, ইহার উপমাই মিলিবে না। তুমি শক্র বর্ণে গর্ব প্রকাশ করিয়া সর্বোৎকর্ষতা লাভ করিবে। তুমি যেমন 'নিরস্তুর আমার চরণ সেবা করিয়া থাক, সেইরপ অন্যান্য কুক্রারা তোমারও করিবে।

কৈকেয়ী বেদিমধ্যে অগ্নিশিখার ন্যায় শয্যায় শয়ন করিয়া মন্থরাকে এইরপ প্রশংসা করিতে লাগিলেন। তখন মন্থরা তাঁহার বাক্যে একান্ত উৎসাহিত হইয়া কহিল, ভদ্রে! জল নির্গত হইলে আলিবস্তুন করা বিধেয় নহে। এক্ষণে গাজোখান করিয়া যাহাতে আপনার কল্যাণ হয়, তাহারই চেফা দেখ এবং সম্বরে ক্রোধাগারে প্রবেশ করিয়া রাজাকে রোষ প্রদর্শন কর।

অনস্তর কৈকেরী মন্থরার বাক্যে সবিশেষ উৎসাহ পাইরা সোভাগ্য-গর্বে তাহারই সহিত ক্রোধাগারে প্রবিষ্ট হইলেন। ভিনি ভথার প্রবেশ করিয়া আপনার কণ্ঠ হইতে বহুমূল্য মুক্তাহার এবং অন্যান্য অলকার দূরে নিক্ষেপ করিলেন। অনস্তার সেই স্বর্ণবর্ণা ভূমিতে উপবেশন পূর্বক কহিলেন, মন্থরে! এই ক্রেধাগারে হয় প্রাণভ্যাগ করিব, না হয় বৎস ভরভকে রাজ্য দিব। আমার ধনরত্ব ও অন্যান্য ভোগ্য বস্তুতে কিছুমাত্র প্রয়োজন নাই। যদি মহারাজ, রামকেরাজ্যে অভিবেক করেন, তাহা হইলে নিশ্চয়ই কহিতেছি, আমি এই প্রাণ আর রাখিব না।

তখন কিন্ধরী মন্থরা ভরতের হিতকর রামের অহিতকর ক্রে বাক্যে কৈকেয়ীকে কহিল, দেবি! যদি রাম রাজ্য-লাভ করে, তাহা হইলে নিশ্চয়ই তোমাকে পুত্রের সহিত অনুতাপ করিতে হইবে। অতএব রাজ্য যাহাতে ভরতের হয়, তুমি তাহারই চেন্টা কর।

কৈকেয়ী মন্থরার বাক্যবাণে বারংবার আহত হইয়া বিশ্বয়াবেশে হৃদয়ে হস্তার্পণ পূর্বক ক্রোধভরে কহিতে লাগিলেন,
মন্থরে! আমার এই স্থানে দেহত্যাগ করিতে শুনিয়া হয় তুমি
মহারাজের গোচর করিবে, না হয় রামের বহুদিনের নিমিন্ত
বনবাস ও জরত পূর্ণাভিলাষ হইবে। যদি রাম জরণ্যে না বায়,
ভাহা হইলে আমার শয্যা মাল্য চন্দন অঞ্জন পান ভোজন,
অধিক কি জীবনেও প্রয়োজন নাই। দেবী কৈকেয়ী এইরপ

কঠোর কথা ওঠের বাহির করিয়া স্বর্গজন্ট কিন্নরীর ন্যায় ধরা-সনে শয়ন করিলেন। ক্রোধান্ধকার তাহার মুখজীকে আক্রমণ করিল, দেহে আভরণ নাই, স্তরাং তৎকালে তারকাশূন্য তামসী নিশার আকাশের ন্যায় তাঁহার অপূর্ব এক শোভা হইল। তিনি একান্ধ বিমনায়মান হইলেন।

### मगग नर्ग।

অনম্বর কৈকেরী নাগকন্যার ন্যায় দীনভাবে দীর্ঘনিঃশ্বাস পরিত্যাগ পূর্বক কিয়ৎক্ষণ আপনার স্থাধর পথ চিন্তা করিছে লাগিলেন এবং মনে মনে কর্ত্রব্য স্থির করিয়া মন্থরার নিকট মূদ্রকনে সমুদায়ই কহিলেন। তথন তাঁহার হিতকরী স্থাৎ তাঁহার অধ্যবসায়ের বিষয় সম্যক অবগত হইয়া শ্বয়ং য়ভকার্য্য হইয়াই যেন আনন্দিত হইল। রাজমহিষী কৈকেরী রোবাকণ-লোচনে ক্রকুটী বন্ধন পূর্বেক ভূতলে শয়ন করিলেন। তাঁহার বিচিত্র মাল্য দিব্য আভরণ গৃহের ইতন্ততঃ নিক্ষিপ্ত ছিল, তথকালে উহা নক্ষত্রমালাসমূল নভোমগুলের ন্যায় শোভা পাইতে লাগিল। তিনি দৃঢ়ভাবে বেণি বন্ধন পূর্ব্বক মলিন বসনে বলহীনা কিয়রীর ন্যায় পতিত হইয়া রহিলেন।

এদিকে রাজা দশরথ রামের রাজ্যাভিষেকে আদেশ প্রদান
করিয়া সভাস্থ সমন্ত লোকের অনুমতি এহণ পূর্বক অন্তঃপূরে
প্রবেশ করিলেন। অ্ছ যে রামের অভিষেক হইবে, কৈকেরী
ইহা জানিতে পারেন নাই, তিনি এইরপ বিবেচনা করিয়া
তাঁহাকে এই প্রিয় সংবাদ দিবার নিমিত্ত ধ্বল-জলদ-পরি-

শোভিত রাত্যুক্ত অধর মধ্যে শশধরের ন্যায় তাঁহার কক্ষায় প্রবিষ্ট হইলেন। দেখিলেন, কুব্রা ও বামনাকার জ্রীলোক সকল উহার চতুর্দ্ধিকে রহিয়াছে। শুক ময়ূর ক্রেঞ্চি ও হংস কলরব করিতেছে। বাছ বাদিত হইতেছে। লতাগৃহ ও চিত্রিতগৃহ সকল শোভা পাইতেছে। যাহা প্রতিনিয়ত পুষ্প ও ফল প্রাণান করিয়া থাকে, এইরপে রুক্ষ এবং চম্পক ও অশোক সকল শ্রেণিবদ্ধ হইয়া আছে। গজদন্ত অর্ণ ও রোপোর বেদি ও আসন প্রস্তুত রহিয়াছে। দীর্ঘিকা সকল অতি স্কুন্দর। মহারাজ দশরথ দেই নানাবিধ অন্ন পানে ও মহামূল্য অলঙ্কারে পরিপূর্ণ স্থরপুরপ্রতিম স্থসমৃদ্ধ স্বীয় অন্তঃপুরে প্রবেশ করিয়া শয়নতলে প্রিয়ত্তমা কৈকেয়ীকে দেখিতে পাইলেন না। তৎ-কালে তিনি অনঙ্গের বশবর্তী হইয়াছিলেন। পূর্বে কৈকেরী ঐ সময় কোনস্থলেই থাকিতেন না এবং মহারাজও পূর্বে কখনই এইরূপ শূন্যগৃহে প্রবেশ করেন নাই। ঐ অসাধু-দর্শিনী যে স্বপুত্র ভরতের রাজতী অভিলাষ করিতেছেন, তিনি ইহার কিছুই জানিতে পারেন নাই। তিনি কখন কৈকেয়ীকে पिथिए ना भिरेतन वियन जिल्लामा कतिया भारतन, भूना समस्य সেইরূপে এক প্রতীহারীকে তাঁহার বিষয় জিজ্ঞানিলেন। প্রতী-হারী ভীত হইয়া কডাঞ্জলিপুটে কহিল মহারাজ! রাজ্ঞী অতিশয় রোব পরবশ হইয়া ক্রোধাগারে প্রবেশ করিয়াছেন।

তখন রাজা দশরথ প্রতীহারীর এইরপ বাক্য শ্রবণ করিয়া একান্ত বিমনায়মান হইলেন। তাঁহার চিত্ত নিতান্ত আকুল হইয়া উচিল। তিনি ক্রোধাগারে প্রবেশ করিলেন। দেখিলেন যিনি হ্নফেননিভ শয্যায় শয়ন করিয়া থাকেন, তিনি ভূতলে পতিত রহিয়াছেন। তদর্শনে তাঁহার হাদুয় হঃখ তাপে দদ্দ হইতে লাগিল। তখন সেই নিষ্পাপ বৃদ্ধ রাজ্য প্রাণপ্রিয়া তরণী ভার্যা। পাপীয়সী কৈকেয়ীকে ছিন্নলভার ন্যায় স্বরলোক-পরিজ্ঞই স্বরনারীর ন্যায় পরিচিত্ত-মোহন-প্রযুক্ত মায়ার ন্যায় বাগুরাবদ্ধ হরিণীর ন্যায় এবং নিষাদের বিষাক্ত বাণবিদ্ধ করে-পুর ন্যায় ভূতলে নিপতিত দেখিয়া চকিত মনে স্বেহভরে তাঁহার কলেবরে কর পরামর্ষণ করিতে লাগিলেন।

অনন্তর সেই কামী ঐ কমললোচনা হৃংখিতা কামিনীকে সংখাধন পূর্ব্বক কহিলেন, প্রিয়ে! তোমার যে কি নিমিত্ত ক্রোধ উপস্থিত হইয়াছে আমি তাহার কিছুই জানি না । বল কে তোমার অবমাননা কেই বা তোমাকে তিরক্ষার করিল? তুমি ধূলির উপর শয়ন করিয়া কেন আমায় অল্পী করিতেছ? আমি তোমার শুভ কামনাই করিয়া থাকি, স্বতরাং আমায় প্রাণসত্তে তুমি কেন এইরপা অবস্থায় কুপ্রহপ্রতার ন্যায় নিপতিত রহিনয়াছ? আমায় অধিকারে বহুসংখ্য স্থবিজ্ঞ বৈছ আছেন। আমি তাঁহাদিগকে প্রাচুর অর্থ দিয়া প্রিতুই করিয়া রাখিয়াছি। এক্ষণে

ভোষার কিরূপ পীড়া উপস্থিত হইরাছে, বল ঐ সমস্ত বৈছেরাই তাহার প্রতীকার করিবে। প্রিয়ে! তোমার প্রেমে মন উন্মন্ত হইয়া আছে; একণে অকপটে বল, তুমি কাহার উপকার ও কাহারই বা অপকার করিবার বাসনা করিয়াছ? আর আপনার শরীরে নিরর্থক ক্লেশ প্রদান করিও না। দেখ আমি ও আমার আগ্রীয় অন্তরক সকলেই তোমার বশংবদ। একণে বল, কোন্ नित्रभंताशीएक वंध पवर कान् अभेताशीएकरे वा मुक्त कतिएउ হইবে? কোনু অসম্পন্নকে সম্পন্ন এবং কোনু সম্পন্নকেই বা অসম্পন্ন করিতে হইবে? আমি তোমার কোন ইচ্ছারই প্রতি-রোধ করিতে সাহসী নহি। যদি নিজের প্রাণ দিয়াও তাহা পূর্ণ করিতে পারি করিব। এক্ষণে বল তোমার মনে কি উদয় হইয়াছে ? আমি যে ভোমার প্রতি অসাধারণ অনুরাগ প্রদর্শন করিয়া থাকি, তুমি ইহা অবশাই জান; স্তরাং আমা হইতে তোমার মনোরথ সফল হইবে কি না. এইরূপ আশক্ষা কখনই করিও না। আমি নিজের সুকৃতি দারা শপথ করিতেছি, তোমার यक्रभ हेका जोहारे कतित। এर तस्युताय य भर्याख स्ट्रांब কিরণ স্পর্শ করে, তাবৎ আমার অধিকার। দ্রাবিড় সিন্ধু সৌৰীর সোরাই দক্ষিণাপথ অস বন্ধ মাধ মংস্থা কাশী ও কোসলা এই ममूनांग्रहे व्यायात्र भागतन त्रहितात्ह । এই ममल प्रता धन धाना পশু প্রভৃতি যা কিছু পদার্থ আছে সমুদায়ই আমার ৷ এই সমুস্ত

পদার্থের মধ্যে যাহা তোমার মনে লয় প্রার্থনা কর । এই রূপে ক্রেশ স্বীকার করিবার আর আবশ্যক নাই । গাত্রোখান কর । তোমার ভরের প্রকৃত কারণ কি বল, যেমন দিবাকর স্বীয় কর-জালে নীহারকে বিনষ্ট করেন, সেইরূপ আমিও তোমার আশক্ষা সমূলে উন্মূলিত করিব ।

# একাদশ সর্গ।

ーからのないできている

জনস্তর কৈকেয়ী কামার্ত্ত মহারাজ দশরথের এইরপ প্রীতিকর বাক্যে সম্যক আশ্বন্ত হইয়া তাঁহাকে অধিকতর বন্ত্রণা প্রদানার্থ নিদারুণ ভাবে কহিলেন, নাথ! কেহ আমাকে, অবমাননা
ও কেহই আমাকে তিরক্ষার করেন নাই। আমি মনে মনে
একটি সংকল্প করিয়াছি, ভোমাকে ভাহা সিদ্ধ করিতে হইবে।
একণে যদি তুমি আমার মনোরথ সিদ্ধির বাসনা করিয়া থাক,
তবে আমার প্রভ্যায়ের নিমিত্ত অগ্রে প্রতিজ্ঞাপাশে বদ্ধ হও।
নচেৎ কিছুতেই আপন ইচ্ছা ব্যক্ত করিব না।

তখন মহারাজ ঈষৎ হাসিয়া প্রিয়তমা কৈকেয়ীর মন্তক ধরাসন হইতে আপনার উৎসঙ্গে লইয়া কহিতে লাগিলেন, সোভাগ্য-মদ-গর্মিতে! তুমি কি জান না, যে রাম ভিন্ন তোমা অপেক্ষা জগতে আর কেহই আমার প্রিয় নাই। এক্ষণে আমি সেই সকলের অজেয় সকলের শ্রেষ্ঠ আমার জীবনের অবলম্বন রামকে উল্লেখ করিয়া শপথ করিতেছি, বল তোমার মনে কি উদয় হইয়াছে? যিনি এক ক্ষণের নিমিপ্ত নয়নের অস্তরাল হইলে প্রাণ অস্থির হয়, কৈকেয়ি! আমি সেই রামকে উল্লেখ করিয়া শপথ করিতেছি, তুমি যাহা বলিবে তাহাই করিব। আমি
আপনার অপেকা এবং অন্যান্য পুত্রের অপেকা হাঁহাকে
প্রিয় জ্ঞান করিয়া থাকি, কৈকেয়ি! দেই রামকে উল্লেখ
করিয়া শপথ করিতেছি, তুমি যাহা বলিবে, তাহাই করিব।
আমার বাক্যের ন্যায় মনও যে তোমার কার্য্য সাধনে উন্মুখ
রহিয়াছে, এইরপ বিশ্বাস করিয়া অকপটে আপনার অভিপ্রায়
প্রকাশ পূর্ব্বক আমাকে এই হুঃখ হইতে উদ্ধার কর। তুমি
আমার অনুরাগের উপর নির্ভর করিয়া শ্বীয় প্রার্থনাভক্ষে অণুমাত্র
আশক্ষা করিও না। আমি স্বীয় স্কৃষ্ঠিত হারা শপথ করিয়া
কহিতেছি যে, তোমার যাহা অভিলাব, অসক্ষুচিত মনে তাহাই
করিব।

রাজা দশরথ এই রূপে বচনবদ্ধ হইলে দেবী কৈকেয়ী
আপনার অভাষ্ট সিদ্ধি বিষয়ে এক প্রকার নিঃসংশয় হইলেন এবং হাইমনে ভরতের রাজ্যাভিষেক কামনা করিয়া
কভান্তের ন্যায় ভয়কর কঠোর বাক্যে কহিছে লাগিলেন, মহারাজ! তুমি যে যথাক্রমে শপথ করিয়া অঙ্গীকৃত বর প্রদানে
প্রতিজ্ঞারত হইতেছ, ইহা ইন্দ্রাদি এয়ক্তিংশং দেবভারা শ্রবণ
কবন। চক্র হুর্য্য দিবা, রাজি দশ দিক আকাশ পরোক্ষ ও
প্রভাক্ষ ভ্রনদেবভা গৃহদেবভা গন্ধর্ব রাক্ষ্য ও অন্যান্য
প্রাণিসমুদায়ও ভোমার এই প্রতিজ্ঞার বিষয় অবগত হউন।

এক জন শুদ্ধভাব সত্যপ্রতিজ্ঞ সত্যবাদী ধার্মিক আমাকে বর প্রদান করিতেছেন, দেবতারা তাহা শ্রবণ ককন। কৈকেরী স্বকার্য্যে হৈর্য্য সম্পাদনার্থ রাজা দশরপকে এইরপ শুব করিরা কহিলেন, মহারাজ! তুমি একণে দেবাহুর সংগ্রামের বিষয় একবার শ্বরণ করিরা দেখ। ঐ সময় অহ্রেশ্বর শহর তোমার প্রাণ নাশ করিতে পারে নাই; কিন্তু তোমাকে অত্যন্তই বলহীন করিয়া কেলে। তৎকালে আমি জাগরণ-ক্রেশ সহ্য করিয়া সবিশেষ বত্নসহকারে তোমাকে রক্ষা করিয়াছিলাম, এই কারণে তুমি আমায় বর দিবার বাসনা কর। কিন্তু আমি কিছুই লই নাই। একণে সময় উপস্থিত, আমিও প্রার্থনা করিতেছি। তুমি ধর্মানুসারে অকীকার করিয়া যদি আমায় বর দান না কর, ভাহা ছইলে আমি আজিই এই অপমানে প্রাণ্ডাগ্র করিব।।

কৈকেরী কার্যাল্য রাজা দশরথকে অসে কর্যো বলীভূত করিয়াছিলেন। দশরথ আর তাঁহাকে উপেকা করিতে
পারিলেন না। মৃগ যেমন আত্মবিনাশের নিমিত্ত পাশে বদ্ধ
হয়, সেইরপ তিনি সত্য পালন করিব, বলিয়া আপনার মৃত্যাপাশে বদ্ধ হইলেন। তখন কৈকেয়ী কহিলেন মহারাজ! তুমি
রামকে রাজ্যে অভিষক্ত না করিয়া ভরতকেই অভিষেক কর।
আর সুধীর রাম চীর চর্ম পরিধান ও মন্তকে জটাভার ধারণ
পূর্বক দশুকারণ্যে চতুর্দশে বৎসর তপন্থিবেশে কাল যাপন

ককন। মহারাজ! আজিই তরত নির্বিদ্ধে যেবিরাজ্য গ্রহণ এবং আজিই রাম অরণ্যে প্রস্থান করিবেন এই আমার ইচ্ছা, তোমার নিকট এইই আমার প্রার্থনা। মহারাজ! তুমি সত্যপ্রতিজ্ঞ হইরা আপনার কুল শীল রক্ষা কর, তপস্থীরা কহিরা থাকেন, যে সত্য বাক্য লোকাস্তরে মনুষ্যের হিতকর হয়।

#### . द्वानम नर्ग।

一日のりかりなるとかー

তখন দশরথ কৈকেয়ীর এই নিদারণ বাক্য শ্রবণ পূর্বক
ক্ষণকাল পরিতাপ করিয়া চিন্তা করিতে লাগিলেন, আমি কি
দিবাভাগে স্বপ্ন দেখিলাম, না আমার চিন্তবিভ্রম উপস্থিত
হইয়াছে। ইহা কি এইবিশেষের আবেশ, না আমার মনের
বাস্তবিকই কোন বিপ্লব ঘটিয়াছে। তিনি এইরপ চিন্তা করিতে
করিতে মৃদ্ধিত হইলেন। পুনরায় সংজ্ঞা লাভ হইল। কৈকেয়ীর সেই নিদারণ বাক্য তাঁহার মনে পড়িল। তিনি যার পর
নাই সম্বপ্ত এবং ব্যাজ্রী দর্শনে মৃগের ন্যায় ব্যথিত ও দীনভাবাপন্ন হইয়া দীর্ঘনিঃশ্বাস পরিত্যাগ পূর্বক ভূতলে উপবেশন করিলেন। তৎপরে মন্তবলে ব্রুমণ্ডল-নিক্ছম মহাবিষ
আশীবিষের ন্যায় সামর্যচিত্তে হলনে।

অনস্তর তিনি বহুক্ষণের পর চেত্রনা পাইয়া ত্রঃখানলে কৈকেয়ীকে দদ্ধ করিয়াই যেন রোষাবিষ্ট মনে কহিতে লাগি-লেন, নুশংসে! হুস্চারিণি! কুলনাশিনি! পাপীয়সি! রাম তোমার কি অপকার করিয়াছেন এবং আমিই বা এমন কি অনিষ্ট করিয়াছি। রাম জননীর ন্যায় তোমার শুশ্রাষা করিয়া পাকেন, তবে তুমি কি কারণে তাঁহার সর্ব্বনাশের উপক্রম করি-তেছ ৷ হা ! জামি আজুনাশার্থ না জানিয়াই তীক্ষবিষ বিষধরীর ন্যায় ভৌমায় গৃহে আনিয়াছিলাম। যখন সমুদায় লোক রামের গুণে অনুরাগ প্রদর্শন করিয়া থাকে, তখন আমি কোন অপরাধে তাঁহাকে পরিভাগে করিব। আমি, কৌশল্যা স্থমিতা ও রাজতী সকলকেই ত্যাগ করিতে পারি, কিন্তু জীবনধন পিতৃবৎসল রামকে কিছুতেই পারি না। হা। তাঁহাকে দেখিলে আমার মন প্রানন্ধ হয়, কিন্তু তিনি চক্ষের অন্তরাল হইলে আর আমার জ্ঞান থাকে না। সূর্য্য-বিরহে লোক সকল থাকিতে পারে, সলিল ব্যতিরেকেও শস্য থাকিতে পারে, কিন্তু রাম বিনা আমার দেহে প্রাণ থাকিবে না। অতএব তুমি এখনই এই অভিপ্রায় পরিত্যাগ কর। আমি তোমার নিকট প্রণত হই-তেছি, তুম্বি আমার প্রতি প্রসন্ন হও। এই নিদাকণ বিষয় মনে আর আনিও না ৷

পাপায়সি! আমি ভরতকে ভাল বাসি কি না তুমি কখন

কখন ইহা জিজ্ঞাসা করিয়া থাক, কর, ভাহাতে রামের প্রতি মেহ সকলের ছাবে না, কিন্ত শ্রীমান্ রাম আমার জ্যেষ্ঠ পুত্র এবং সকলের ছাপেক্ষা রামই ধার্মিক, পূর্কে তুমি যে এইরপ কহিতে; বোধ হয় ইহা আমার মনোরঞ্জনার্থই হইবে; নতুবা তুমি রামের রাজ্যাভিষেক সংবাদে শোকাকুল হইতে না এবং জামাকেও এইরপ সন্তপ্ত করিতে না। অথবা বোধ হয় ভোমাতে ভূতাবেশ হইরাছে, তুমি ভূতাবেশে বিবশ হইয়াই এইরপ কহিতেছ, সেইরপ না হইলে কখনই ভোমার মনের এই প্রকার ভাবান্তর হইত না।

দেবি! তুমি পূর্বে আমার কোনরপ অন্যায় আচরণ কি

অপকার কিছুই কর নাই, এই নিমন্ত বিশেষ কারণ ভিন্ন
তোমার চিত্তের যে এইরপ বৈপরীত্য ঘটিয়াছে, এই বিষয়ে
আমার শ্রদ্ধা হইতেছে না। ইক্লাকুবংশে জ্যেষ্ঠাতিক্রম রপ
ছ্র্নীতি এই সর্বপ্রথম উপস্থিত হইতেছে, এই বিষয়ে তোমার
বিক্নত বৃদ্ধিই কারণ। তুমি অনেক বার আমাকে কহিয়াছ
যে, আমি রামকে ভরতের সহিত অভিন্নভাবে দেখিয়া খাকি,
একণে সেই ধর্মালীল ষশ্বী রামের চতুর্দ্ধশ বৎসর বনবাস
কিরপে অভিলাষ করিতেছ। তিনি অত্যন্ত স্কুমার, নিদাকণ
অরণ্য কিরপে তাঁহার যোগ্য হইতে পারে। লোক্ভিরাম
রাম সর্বাদাই তোমার সেবা করিয়া করিয়া খাকেন, বল দেখি,

ভূমি কি বলিয়া তাঁহাকে বনে পাঠাইবে। রাম তোমার পুত্র ভরত হইতে অধিকগুণে ভোমার শুশ্রুষা করেন, রাম অপেকা ভরতের বিশেষ কিছুই তোমাতে লক্ষিত হয় না। তোমার সেবা সম্মান ও নিদেশ পালন রাম বিনা অধিকতররপো আর কে করিবে। বহুসংখ্য জ্রী ও বহুসংখ্য ভৃত্যের মধ্যে এক জনও তাঁহার অয়শ খ্যাপন করিতে পারে না। তিনি निर्मन गर्ने नकलरक नाखुना श्रमान कतिया श्रिकार्याः (मन-বাসীদিগকে বশীভূত করিয়া থাকেন। তিনি সত্যব্যবহারে সকল লোককে, দানে ত্রান্ধণগণকে, সেবায় গুৰুজনদিগকে এবং শরাসনে শত্রুগণকে আয়ত্ত করিয়াছেন। সত্য, তপ, মিত্রতা, বিশুদ্ধাচার, সরলতা, বিদ্যা ও গুৰুগুশ্রা এই সমস্ত গুণ রামে বিদ্যমান আছে। দেবি! সেই মহর্ষির ন্যায় তেজস্বী অমরপ্রভাব রামের এইরূপ বনবাসদ্বঃখ কিরূপে প্রার্থনা করি-তেছ। ষিনি প্রিয়বাক্যে সকলকে পরিতুষ্ট করিয়া থাকেন, তাঁহার প্রতি অপ্রিয় বাক্য প্রয়োগ ম্মরণ হইলেও কট বোধ হয়, এক্ষণে ভোমার অনুরোধে তাঁহাকে কি প্রকারে এই নিদাকণ কথা কহিব। বিনি অহিংজক, ক্ষমার আধার, ধর্ম ও ক্তজ্ঞতা যাঁকাকে আশ্রয় করিয়া আছে, হা! সেই রাম বিনা আমার আর কি গতি আছে। কৈকেয়ি! আমি বৃদ্ধ, আমার চরম কাল উপস্থিত, এইরপা শোচনীয় অবস্থায় দীনভাবে তোমার নিকট বিলাপ করিতেছি, তুমি আমাকে দয়া কর। এই সসাগরা পৃথিবীর মধ্যে যা কিছু প্রাপ্ত হওয়া যায়, আমি সমুদায়ই তোমায় দিতেছি, তুমি এই ছুর্ব্বৃদ্ধি পরিত্যাগ কর। আমি করযোড়ে কহিতেছি, তোমার চরণে ধরিতেছি, তুমি আমায় রক্ষা কর। দেখিও, যেন নিরপরাধকে পরিত্যাগ করিয়া আমায় অধর্ম সঞ্চয় করিতে না হয়।

মহারাজ দশর্থ তুঃখে ও শোকে একান্ত আকুল হইয়া উঠিলেন। তিনি কখন বিলাপ করিতে লাগিলেন, কখন মুচ্ছিত হইলেন, কখন তাঁহার সর্বাঙ্গ ঘূর্নিত হইতে লাগিল, কখন এই ছঃখার্থব হইতে নিস্তার পাইবার নিমিত্ত বারং-ুবার প্রার্থনা করিতে লাগিলেন। এইরূপ শোচনীয় **অবস্থা** দেখিয়াও ক্রমভাৰা কৈকেয়ী কঠোর বাক্যে কহিলেন, মহারাজ! বর দান করিয়া যদি ভোমাকে পুনরায় পরিভাপই করিতে হইল, ভবে ভুমি পৃথিবীতে আপনার ধার্মিকভা কি প্রকারে প্রচার করিবে। যখন রাজর্ষিগণ ভোমার সহিত नगरवज हरेया आमात এर वत मार्गत कथा जिल्हाना कति-বেন, তখন তুমি তাঁহাদিগের প্রশ্নে কিরপ প্রত্যুত্তর দিবে? আমি যাহার প্রয়াত্ত জীবন পাইয়াছি, যে আলাকে নানা প্রকারে পরিচর্যা করিয়াছে, সেই কৈকেয়ীর নিকট যে প্রতিজ্ঞা করিরাছিলাম, তাহা পূর্ণ করিতে পারি নাই, এই কথাই কি বলিবে? মহারাজ! তুমি এইমাত্র অঙ্গীকার করিয়া পুনর্কার অন্য প্রকার কহিতেছ, তোমার এই দোষে বংশের সকল রাজারই অয়শ হইবে। দেখ, মহীপাল দৈশ্য সত্যে বন্ধ হইয়াই শ্যেন ও কপোতকে আপনার মাংস প্রদান করিয়া-ছিলেন, রাজা অলর্ক কোন অন্ধ ত্রাকাণকে আপনার চক্ষু দিয়া উংকৃষ্ট গতি লাভ করেন, স্রোতম্বতীপতি সমুদ্র অছাপি বেলা ভূমি ল অন করেন না। অতথব তুমি এক্ষণে এই সমস্ত দৃষ্টাস্ত দর্শন কর, কিছুতেই আপনার প্রতিজ্ঞা অন্যথা করিও না। নরনাথ! দেখিতেছি, তোমার নিতান্ত চুর্দ্ধি উপস্থিত, তুমি ধর্ম পরিভাগে পূর্বক রামকে রাজ্য দিয়া কৌশল্যার সহিত নিরস্তর বিহারের বাসন। করিতেছ। স্নতরাং আমি যাহা প্রার্থনা করিয়াছি, ভাহাতে ধর্ম বা অধর্মই হউক এবং ভূমি আগার নিকট যাহা অঙ্গীকার করিয়াছ, তাহা সত্য বা মিথ্যাই হউক, কিছুতেই ইহা ব্যতিক্রম হইবার নহে। যদি তুমি রামকে রাজ্যে অভিষেক কর, তাহা হইলে নিশ্যু কহিতেছি, আমি আজিই তোমার সমক্ষে বিষপান করিয়া প্রাণত্যাগ করিব। যদি আমায় এক দিনের নিমিত্তত কৌশল্যার সন্মান দেখিতে হয়, ভবে মরণই শ্রেয়। আমি প্রাণাধিক ভরতকে উল্লেখ করিয়া শপথ করিতেছি যে, রামের বনবাস ব্যক্তিরেকে কিছু-তেই আমার সম্ভোষ হইবে ना । (দবী কৈকেয়ী এইরপ কহিয়া

ভূফীস্তাব অবলম্বন করিলেন; তিনি মহীপালের বিলাপে কর্ন পাতত করিলেন না।

রাজা দশরথ কৈকেয়ীর মুখে এই ছংখশোকজনক বক্তসম অপ্রিক্ষা বাক্য প্রবণ করিয়া ক্রোধভরে তাঁহার প্রতি একদৃষ্টে চাহিয়া রাইছলেন। তৎকালে তাঁহার মন অতিশয় অস্থির হইয়া উচিল। তিনি ক্ষণকাল কৈকেয়ীর সহিত বাক্যালাপ করিলেন না এবং মনে মনে তাঁহার এই আশয় ও আপিনার শপথের বিষয় চিন্তা করিতে লাগিলেন। পরিশেষে হা রাম! এই বলিয়া দীর্ঘনিংখাস পরিত্যাগ পূর্বক ছিম্ন তকর ন্যায় ভূতলে নিপতিত হইলেন। ঐ সময় তাঁহাকে বিহুত চিত্ত উন্মত্তের ন্যায় বিকারগ্রস্ত রোগীর ন্যায় ও নিস্তেজ ভূজকের ন্যায় বোধ হইতে লাগিল।

অনস্তর তিনি দীনমনে কফণবচনে কৈকেরীকে সংখাধন পূর্বক কহিলেন, কৈকেরি! বল তোমাকে কে এই অসং বিষয় সং বলিয়া প্রতিপন্ন করিয়া দিল? ভূতাবিষ্টার ন্যায় আমায় এইরূপ কহিতে কি তোমার লজ্জা হইতেছে না? তোমার স্থভাব যে এইরূপ দূষিত, পূর্বের আমি ইহার কিছুই জানিতে পারি নাই, এখন বস্তুতই বিপরীতের ন্যায় লক্ষিত হইতেছে। বল, তুমি আমার নিকট কেন এই নিদাকণ বর প্রার্থনা করিতেছ, কি কারণেই বা রাম হইতে তোমার এইরূপ আশঙ্কা উপস্থিত হইয়াছে। বদি প্রাক্তাবর্গের, ভরতের ও আমার প্রেয়কার্য্য সাধন করিবার ইচ্ছা থাকে, ভাহা হইলে ভূমি ক্ষাস্ত হও। রুথা কথা লইয়া আর আন্দোলন করিও না।

মুশংসে! আমি ও রাম আমরা উভয়ে কি অপরাধ করি-য়াছি ? তোমায় ছঃখ দিবার নিমিত্তই বা কি মন্ত্রণা করিতেছি ? দেখ, তোমার এই সংকম্প দিদ্ধ হইবার নহে: আমি ভরতকে রাম অপেকা ধার্মিক বিবেচনা করিয়া থাকি, তিনি যে রামকে বঞ্চিত করিয়া রাজ্য গ্রহণ করিবেন, কিছুতেই ইহা সম্ভব হয় না। হা! যখন রামকে কহিব, বংস! আমি ভোমায় বনবাস দিলাম, অ'মার এই কথা শুনিয়া রাত্তান্ত শশাক্ষের ন্যায় ভাঁছার মুখজী বিবর্ণ হইয়া যাইবে, বল দেখি তৎকালে কি রূপে তাহা চক্ষে দেখিব। আমি এই মাত্র মিত্রগণের সহিত রামের রাজ্যাভিষেকের কথা স্থির করিয়া আইলাম, এখন পরাভূত দেনার ন্যায় কি রূপে তাহার প্রত্যা-হার দর্শন করিব। আমি অনুরোধে এইরপ অবিবেচনার কার্য্য করিলে মহীপালগণ দিক দিগন্ত হইতে আগমন করিয়া নিশ্চয়ই কছিবেন যে, এই ইক্লাকুতনয় রাজা অতিশয় বালক, ইনি কেন এককাল রাজ্য পালন করিলেন ? যখন শান্ত্রজ্ঞ গুণ-বানু বৃদ্ধবৰ্গ আসিয়া আমাকে রামের বিষয় জিজ্ঞাসা করিবেন, তখন আমি কি রূপে কহিব যে, কৈকেয়ীর যন্ত্রণায় তাঁহাকে

বনবাদ দিয়াছি। যদি এই সত্য কথাও ব্যক্ত করি, তথাচ ইহা কাহারই বিশ্বাদযোগ্য হইবে না।

হা! রামের এই দশা ঘটিলে কেশিল্যা আমায় কি বলিবেন!
আমিই বা এই প্রকার অপকার করিয়া তাঁহাকে কি কহিব! তিনি
সেবায় কিন্ধরীর ন্যায় রহস্যকথায় সখীর ন্যায় ধর্মাচরণে
ভার্যার ন্যায় হিতোপদেশদানে ভগিনীর ন্যায় এবং স্নেহ প্রদশনে জননীর ন্যায় আমার অনুরতি করেন। সেই প্রিয়বাদিনী
রমণী নিরম্ভর আমার শুভারুধ্যান করিয়া থাকেন। তিনি সমানের যোগ্য হইলেও আমি ভোমার নিমিত্ত তাঁহাকে সমান
করি নাই। আমি এতদিন যে তোমার ছন্দানুবর্ত্তন করিতাম,
অপথ্যব্যঞ্জনসম্পন্ন অন্ধ যেমন আতুর ব্যক্তিকে পীড়া দিয়া
থাকে, সেইরপ আমাকেও পাড়া দিতেছে। দেবী স্থমিতা
রামের রাজ্যনাশ ও বনবাস দর্শন করিয়া অতিশয় ভীত
হইবেন। তিনি আর আমায় বিশ্বাস করিবেন না।

হা! বধূ জানকীকে আমার মরণ ও রামের নির্মাসন
এই অপ্রিয় সংবাদ প্রবণ করিতে হইবে। তিনি হিমাচলে
কিন্নরবিরহিত কিন্নরীর ন্যায় শোকে শোকে জীবন ত্যাগ
করিবেন। যখন আমি জানকীকে অপ্রুজন মোচন ও রামকে
অরণ্যে গমন করিতে দেখিব, তখন আর আমায় বড় অধিক দিন
প্রাণ ধারণ করিতে হইবে না, স্কুতরাং তুমি বিধবা হইয়া

ভরতের সহিত রাজ্য পালন করিবে। লোকে দৃষ্টিপ্রিয়া
মদিরা পান করিয়া পশ্চাৎ চিত্তবিকার দর্শনে ভাহা বিষাক্ত
বোধ করে, সেইরপ আমি বাহ্ম ব্যাপারে এতকাল ভোমাকে
সতী 'বলিয়া জানিতাম, কিন্তু এক্ষণে ব্যবহারে অসতী বলিয়া
জানিলাম। তুমি র্থা কথায় আমার তুট্টি সম্পাদন পূর্বক
আপনার অভিপ্রায় ব্যক্ত করিয়াছ; ব্যাধ যেমন, সঙ্গীভম্বরে
মৃগকে মৌহিত করিয়া বধ করে, ভোমার এই কার্য্য ভদ্রপই
হইল। আমি পুত্রের বিনিময়ে জীল্লখ ক্রয় করিলাম, অতঃপর
ভদ্র লোকে স্বরাপায়ী বিপ্রের ন্যায় আমাকে পথমধ্যে নীচাশয়
বলিয়া নিশ্চয়ই ভিরক্ষার করিবেন।

হা কি কন্ট! বরদান অঙ্গীকার করিয়া আমার এইরপ কথা সহ্য করিতে এবং জন্মান্তরীণ অগুভ ফলের ন্যায় ত্রনিবার ত্রংখও অনুভব করিতে হইল! কৈকেয়ি! আমি অতি নরাধম, কণ্ঠলগ্না উদ্বন্ধনী রজ্জুর ন্যায় ভোমাকে মোহ বশতই বহুকাল পালন করিয়াছি। ভোমাকে লইয়া কভই আমোদ প্রমোদ করিয়াছি, কিন্তু ভূমি যে সাক্ষাৎ মৃত্যু, এত দিন ভাহা জানিতে পারি নাই, বালক যেমন নির্জনে কালসপ্রে সহস্তে স্পর্ল, করে, ভাগ্যে তদ্রপই ঘটিয়াছে। আমি অভি ত্রাত্মা, আমি এমন মহাত্মা পুত্রকে পিতৃহীন করিলাম! লোকে এই বিষয়ের নিমিত্ত নিশ্যুই আমাকে এই বলিয়া নিন্দা

করিবে যে, রাজা দশরথ অতি কামুক ও মূর্খ, তিনি দ্রীর অনুরোধে পুত্রকে বনবাস দিলেন। হা। বৎস রাম বাল্যা-বিধি বেদ ভ্রন্ধাচর্য্য ও আচার্য্য এই ভিনের অনুর্ত্তি করিয়া ক্ল হইয়াছেন, এই ভোগের সময়ও আবার কি বনবাস ক্লেল সম্ম করিবেন? তিনি আমার কথায় দ্বিক্তি করেন না, বন-গমনে আদেশ পাইলেই তৎক্ষণাৎ তাহা শিরোধার্য্য করিয়া লইবেন ৷ যদি তিনি অস্বীকার করেন, তাহা আমার পক্ষে উত্তমই হয়, কিন্তু কণাচই করিবেন না। রাম বনে গমন করিলে এই ত্রঃসহচরিত্র সকলের ধিকৃত পামরকে মৃত্যু নিশ্চয়ই আত্মসাথ করিবেন। কৈকেয়ি! আমি লোকান্তরিত ও রাম নির্বাসিত হইলে আর ঘাঁহারা আমার প্রিয় জন থাকি-বেন, জানি না তুমি তাঁহাদিগের কিরপ হর্দ্দশা করিবে। দেবী কৌশল্যা ও সুমিত্রা আমাদিগের বিচ্ছেদ-যন্ত্রণা সহ্য করিতে না পারিয়া আমার দেহান্তেই লোকান্তর দর্শন করিবেন। পাপায়সি! তুমি এখন কেশিল্যা স্থমিত্রা রাম লক্ষ্মণ শক্রত্ন ও भागात्क नतकानत्ल नित्कल कतिया स्थी रख। এই देकाकू-কুল কোনরপেই আকুল হইবার নহে, কিন্তু কালসহকারে তাহাই ঘটিল; ইহার সহিত রাম ও আমার সম্পর্ক শূন্য হইয়া গেল, এক্ষণে তুমি এই বংশ স্বয়ংই পালন কর। রামের নির্কাসন যদি ভরতের অভিপ্রেড হয়, তাহা হইলে সে

যেন আমার দেহান্তে অগ্নিসংস্কারাদি কিছুই অনুষ্ঠান ন। করে।

কৈকেয়ি! তুমি যখন ছুদ্দৈববশত আমার আলয়ে বাস করিডেছ, তখন আমাকে অকীর্ত্তি পরাভব এবং পাপীর ন্যায় সকলের অবজ্ঞা সহ্য করিতে হইবে। হা! বৎস রাম হস্তী অস্থ রথে বারংবার গমনাগমন করিয়া থাকেন, তিনি এক্ষণে মহারণ্য ° কিরুপে পাদচারে সঞ্চরণ করিবেন। যাঁহার ভাজন-বেলা উপস্থিত হইলে কুওলমণ্ডিত পাচকেরা সর্বাত্যে ব্যগ্র হইয়া প্রসন্নমনে পান ভোজন প্রস্তুত করে, তিনি এক্ষণে বনের কটু তিক্ত ক্ষায় ফলমূল ভক্ষণ করিয়া কিরূপে দিনপাত করিবেন। রাম জন্মাবিধি ছুঃখ কাছাকে বলে জানেন না; তিনি সকল সময়েই মহামূল্য উৎকৃষ্ট পরিচ্চদ পরিধান করি-शोट्टन, अक्करण कांचाय वक्त किक्ररण धातण कतिर्दन। तांचरक বনে প্রেরণ ও ভরতকে রাজ্যে স্থাপন, জানি না তুমি কোন্ निर्भुत रहेटल এই निमाक्ग छेलान लाहेग्राह। खीलाक অভিশয় শঠ ও স্বার্থপার, তাহাদিগকে ধিক্। না, আমি জ্রী-জাতিকেই লক্ষ্য করিয়া কহিতেছি না, কেবল ভরত-জননী देकरकश्चीरकहे अहेब्रल कहिलाम।

নৃশংশে! বিধাতা কি আমায় যন্ত্রণা দিবার নিমিত্তই তোমার মন এইরূপে নির্মাণ করিয়াছেন। তুমি আমার ও

হিতকারী রামের কি অপরাধ দেখিতেছ? রামের হুঃখ দেখিলেই সমুদায় জগতে বিশৃঞ্বলা ঘটিবে; পিতা পুত্রকে এবং প্রণিয়িণী ভার্য্যা পতিকে পরিত্যাগ করিবেন। হা! আমি যখন দেই দেবকুমারের ন্যায় স্থরূপ রামকে স্থবেশে আমার নিকট আসিতে শুনি, তখন যেন চাক্ষুষ দর্শনের আনন্দ পাই এবং জাঁহাকে দেখিলে এই বৃদ্ধ দশায়ও যুবার ন্যায় সজী-বতা লাভ করিয়া থাকি। সূর্য্য বিরহে লোকের অবস্থান সম্ভব, মেঘ ব্যতিরেকেও সকলে ভিষ্ঠিতে পারে, কিন্তু আমি নিশ্চয়ই কহিতেছি, রামকে বনে প্রস্থান করিতে দেখিলে কেছই প্রাণ ধারণে সমর্থ হইবে না। কৈকেয়ি! তুমি অহিতকারী শক্র হইয়া আমার বিনাশ কামনা করিতেছ। আমি আপনার মৃত্যুর ন্যায় তোমাকে নিজগৃহে স্থান প্রদান করিয়া তীক্ষবিষ বিষ-ধরীর ন্যায় এতদিন ক্রোডে রাখিয়াছিলাম, সেই কারণেই এক কালে উৎসন্ হইতেছি। এক্ষণে রাম লক্ষ্মণ ও আমার সংশ্রব শূন্য হইয়া ভরত কেবল ভোমার সহিত রাজ্য শাসন কৰুন এবং তুমিও পতিপুত্র বিনাশ করিয়া আমার শত্রবর্গের আনন্দ বর্দ্ধন কর। তুমি অতি নিষ্ঠুর, আমার এই চরম দশাতেও পুত্র বিচ্ছেদ যাতনা প্রদান করিতেছ। আজি যখন তুমি পতি-পত্নী-ভাব পরিভ্যাগ করিয়া এই দাকণ কথা মুখাত্রে আনয়ন করিলে, তথন তোমার দম্ভ সহস্রধা চূর্ণ হইয়া কেন ভূতলে

নিপতিত হইল না। রাম তোমার প্রতি কোনরপ অপ্রিয় বাক্য প্রয়োগ করেন নাই, তিনি নিষ্ঠুর কথা ওঠে আনিতে জানে ন না, স্নতরাং কি প্রকারে তাঁহার বনবাস প্রার্থনা করিতেছ। এক্ষণে তুমি ক্লেশইপাও, ভূগর্ভেই লীন হও, অগ্নি প্রবেশ বা বিষ পানই কর, তোমার এই অনিষ্টকর কৃঠিন অনুরোধ কখনই রক্ষা করিব না। তুমি খরধার ক্ষুরের ন্যায় নিতান্ত, ভাষণ, রুখা প্রিয় কথায় লোকের মনোরঞ্জন করাই তোমার কার্য্য, তোমাকে দেখিয়া আমার প্রাণ মন সমুদায় দক্ষ হইয়া যাই-তেছে; প্রার্থনা করি, তুমি এখনই কালগ্রাসে পতিত হও।

হা! সুখের কথা দূরে থাকুক, আমার জীবনেই সংশয় উপস্থিত; আত্মজ ব্যতীত আত্মজ্ঞদিগের সুখ সম্ভবঁই নছে। দেবি! তুমি আমার অহিতাচরণ করিও না, আমি তোমার চরণে ধরি, প্রসন্ন হও।

কৈকেরী চরণ প্রদারণ পূর্ব্বক উপবেশন করিয়াছিলেন; দশরথ যেমন তাহা স্পর্শ করিতে অগ্রসর হইলেন, তৎ-ক্ষণাৎ মূচ্ছণ তাঁহাকে আক্রমণ করিল, তিনি ভূতলে নিপতিত হইলেন।

## ত্রোদশ সগ

ভোগাবসানে দেবলোক-পরিজ্ঞ রাজা যথাতির ন্যায় দশরথ হতচেতন হইয়া ধরাশনে শয়ন করিয়া আছেন, তদ্ফে কুলকলঙ্কিনী কৈকেয়ী কিছুমাত্র কই অনুভব করিলেন না, প্রভ্যুত তাঁহার চৈতন্য সম্পাদন পূর্বক নির্ভয়ে কহিলেন, মহারাজ! তুমি আপনাকে সত্যবাদী ও সত্যসঙ্কল্প বলিয়া শ্লাঘা করিয়া থাক, এক্ষণে বল কি কারণে আমায় বর দান করিতে সঙ্কুচিত হইতেছ।

মহীপাল দশরথ কৈকেয়ীর বাক্যে মুহূর্ত্ত কাল বিহ্বল হইয়া ক্রোধভরে কহিতে লাগিলেন, কৈকেয়ি! তুমি অতি নীচাশয়, এক্ষণে রাম বনে গমন এবং আমি লোকলীলা স্বরণ করিলে তুমি পূর্ণ-কাম হইয়া সুখী হও। হা! আমি দেহান্তে অর্গে আরোহণ করিলে সুরগণ যখন আমাকে রামের কুশলবার্ত্তা

জিজ্ঞাসাকরিবেন তখন তাঁহাদিগকে কি প্রত্যুত্তর দিব; তাঁহার৷ রামের বনবাসের কথা শুনিয়া অবশ্যই ভর্ৎসনা করিবেন তাহাই বা কিরুপে সহা করিব? আমি কৈকেয়ীর মনোরঞ্জনার্থ রামকে নির্বাসিত করিয়াছি, যদি এই কথা কহি, কেহই বিখাস করিবেন না। দেখ আমি নিঃসম্ভান ছিলাম, অভিযত্নে রামকে লাভ করিয়াছি, এক্ষণে বল কিরুপে তাঁহাকে পরিভাগে করিব। রাম মহাবীর ক্তবিদ্য ক্ষমাশীল ও শাস্ত-প্রকৃতি, আমি সেই পদ্মপলাশলোচনকে কিরুপে বনবাস দিব। আমি সেই ইন্দী-বরশ্রাম রামকে কোন প্রাণে দওকারণ্যে প্রেরণ করিব। তিনি কখনই ত্রংখের মুখ অবলোকন করেন নাই, জন্মাবিধিই ভোগস্থে কাল হরণ করিয়াছেন, এক্ষণে কিরূপে তাঁহার চুর্দ্দশা দর্শন করিব। অতঃপর তাঁহাকে কোন ক্লেশ না দিয়া যদি আমার মৃত্যু হয়, তাহা হইলে আমি নিশ্চয়ই সুখী হই। কৈকেয়ি! তুমি কি কারণে আমার প্রিয়তম রামের অপকার চেষ্টা করিতেছ। যদি সভাই রামকে বনবাস দিতে হয়, তাহা হইলে স্ত্রেণ অপবাদ আমার চিরসঞ্চিত যশ নিশ্চয় বিলুপ্ত করিবে ।

রাজা দশরথ এই রূপে বিলাপ ও পরিতাপ করিতেছেন, ইত্যবসরে দিবাকর অন্তশিখরে আরোহণ করিলেন। রজনী উপস্থিত হইল। সেই শশাস্ক-লাঞ্ছিত শর্মরী হুঃখার্ত্ত রাজাকে কিছুতেই শাস্ত করিতে পারিল না। প্রত্যুত, তাঁহার শোকা- বেগ দ্বিগুণ হইয়া উচিল। তিনি শূন্যে দৃষ্টি নিক্ষেপ পূর্বক দীর্ঘ নিঃশ্বাস পরিত্যাগ করিয়া কাতরভাবে কহিলেন, অয়ি নক্ষত্রমালিনি রজনি! প্রভাত হইও না, আমি ক্যাঞ্জলি-পুটে কহিতেছি, ক্লপা কর। অথবা শীঘুই প্রভাত হও, প্রাতে রামের বনগমন ও আমার মৃত্যু হইলে, যাহার নিমিত্ত আমায় এত হঃখ সহা করিতে হইতেছে, সেই নির্দিয় নিষ্ঠুর কৈকেয়ীকে আর দেখিতে হইবে না!

দশরথ শর্বরীকে এই রপ কহিয়া ক্নতাঞ্জলিপুটে কৈকেয়ীকে কহিলেন দেবি! দেখ, আমি ধন প্রাণ সমুদায়ই তোমায় অর্পণ করিয়াছি। আমার শেষ দশা উপস্থিত, আমি অতি দীন, এক্ষণে তুঁমি প্রসন্ন হও। প্রিয়ে! আমি যে রাজা, রাজা বলিয়াও কি ভোমার দরা হইবে না। আমি অতি হঃখেই কার্য্যাকার্য্য বিবেকশূন্য হইয়া ভোমার প্রতি কটুক্তি করিয়াছি। সরলে! প্রসন্ন হও: ভাল, আমার রাম ভোমারই প্রদন্ত রাজ্যসম্পদ লাভ ককন; ইহাতে জগতে ভোমারই যশ হইবে এবং ইহা আমার, রামের, ভরতের ও বশিষ্ঠাদি গুক্জনেরও প্রাতিকর হইবে।

বলিতে বলিতে রাজা দশরথের নেত্রয়ুগল অঞ্চ-পূর্ণ ও তাত্র-বর্ণ হইয়া উঠিল। তিনি কৰণতাবে এই রূপ বিলাপ ও পরিতাপ করিলেও কৈকেয়ী কর্ণপাত করিলেন না। প্রত্যুত অত্যন্ত অসস্থান্ট হইয়া প্রতিকুল বাক্যে বারংবার রামের নির্বাসন প্রার্থনা করিতে লাগিলেন। তদ্দর্শনে দশরথ নিতান্ত হুংখিত হইয়া পুনরায় মূচ্ছিত হইলেন, ব্যথিতহাদয়ে ঘন ঘন দীর্ঘ নিঃশ্বাস পরিত্যাগ করিতে লাগিলেন। রজনীও অতিক্রান্ত হইয়া গেল। তদ্দর্শনে বৈতালিকেরা স্তৃতিগান দ্বারা তাঁহাকে জাগরিত করিতে লাগিল; কিন্তু তিনি হুংখাবেগে, উহা অসহ্ বোধ করিয়াঁ তৎক্ষণাৎ নিবারণ করিলেন।

# ठकुर्फण मर्ग।

অনন্তর কৈকেয়ী রাজা দশরথকে পুত্রবিয়োগশোকে ভূতলে মুমুর্যুর ন্যায় বিহ্নত ভাবে নিপতিত দেখিয়া কহিলেন, মহারাজ! তুমি কি নিমিত্ত অঙ্গীকার করিয়া পাপীর ন্যায় বিষয়ভাবে শয়ান রহিয়াছ? নিজের মর্য্যাদা পালন করা তোমার কর্ত্তব্য। ধার্মিকেরা সত্যকেই পরম ধর্ম বলিয়া নির্দেশ করিয়া থাকেন। আমিও সেই সত্য পালনের উদ্দেশেই বরদান বিষয়ে তোমায় উৎসাহিত করিতেছি। দেখ, মহীপাল শৈব্য সত্যে বন্ধ হইয়া শ্রেন পক্ষীকে আপনার দেহ অর্পণ পূর্বক উৎকৃষ্ট গতিলাভ করেন। তেজন্মী রাজা অলর্ক প্রার্থিত হইয়া কোন এক বেদজ্ঞ বিপ্রকে অসঙ্কুটিত মনে আপনার নেত্র উৎপাটন পূর্বক দান করিয়াছিলেন। মহাসাগর সাধ্য সত্ত্বে কেবল সত্যানুরোধে পর্বকালেও তীরভূমি অতিক্রম করেন না।

সত্যই ব্রহ্ম, সত্যে ধর্ম প্রতিষ্ঠিত রহিয়াছে, সত্যই অক্ষয় বেদ এবং সত্যের প্রভাবেই পরম পদ লাভ হয়। অতএব তোমার যদি ধর্মে কিছুমাত্র আস্থা থাকে, তাহা হইলে সত্যের অনুর্ত্তি কর। তুমি যে বর দান অঙ্গীকার করিয়াছ, তাহা যেন নিক্ষল না হয়। আমি তোমার ধর্মের ফলসিদ্ধি উদ্দেশ করিয়াই কহিতেছি, বার বার কহিতেছি, তুমি রামুমকে নির্বাাদিত কর। যদি তুমি ইহা না কর, আমি এই উপেক্ষা-দোষে তোমার সম্মুখেই প্রাণত্যাগ করিব।

কৈকেয়ী অকাতরে এইরপ কহিলে রাজা দশরথ বামনের বলে বলীর ন্যায় কৈকেয়ীর সত্যপাশে বদ্ধ হইলেন। তৎকালে তাঁহার মুখঞী বিবর্ণ হইয়া গোল এবং তিনি যুগচক্রের মধ্যবর্ত্তী ধুর কাঠের ন্যায় নিতান্ত বিচলিত হইয়া উঠিলেন। অনম্ভর কথঞ্চিৎ মনের আবেগ সংবরণ করিয়া অস্পট্ট দর্শনে যেন কৈকেয়ীকে না দেখিয়াই কহিতে লাগিলেন, পাপীয়িদ! আমি অগ্নি সাক্ষী করিয়া মন্ত্রসংস্থার পূর্ব্বক তোর পাণিএহণ করিয়াভিলাম, এক্ষণে তোকে ও আমার ঔরসজাত পুত্র তোর ভরতকেও পরিত্যাগ করিলাম। রজনী প্রভাত হইয়াছে। গুকজনেরা সুর্ব্যোদয় হইলেই রামকে রাজ্যে অভিষক্ত করিবার নিমন্ত নিশ্রেই ত্বরা দিবেন। তৎকালে আমি কিছুতেই তোর কথা শুনিব না। তোকে অবমাননা করিব ও রামকে রাজ্য

দিব। যদি তুই গুৰুলোকদিগকে অবহেলা করিয়া আমার এই মনোরথ সিদ্ধ করিতে না দিস্, তবে নিশ্চয়ই কহিতেছি, আমি মরিলে রামই অভিষেকের সমস্ত উপকরণ লইয়া আমার অস্ত্রোফী ক্রিয়া করিবেন। এই বিষয়ে ভরত ও তোর কিছুতেই অধিকার থাকিবে না। অধিক আর কি কহিব, আমি রামের যে মুখ একবার প্রকুল দেখিয়াছি, আজ কোনমতেই তাহা মলিন ও দ্রান দেখিতে পারিব না।

কৈকেয়ী এই কথা প্রবণ করিবামাত্র ক্রোধানলে প্রজ্বলিত হইয়া নিষ্ঠুর বাক্যে কহিলেন, মহারাজ! তুমি এখন এ আবার কিপ্রকার কথা কহিতেছ? শুনিয়া আমার সর্কান্ধ যেন দক্ষ হইয়া যাইতেছে। তুমি এখনই রামকে এই স্থানে আনাও এবং তাহাকে বনবাস দিয়া ভরতকে রাজা কর। তুমি আমার শক্র দূর না করিয়া এস্থান হইতে এক পদও যাইতে পারিবে না।

তখন অশ্ব যেমন কশাহত হইয়া আরোহীর বশীভূত হয়, সেইরূপ রাজা দশরথ কৈকেয়ীর বাক্যে বশীভূত হইয়া কহিলেন, কৈকেয়ি! আমি এর্মবন্ধনে বন্ধ বলিয়া হতজ্ঞান হইয়াছি; এক্ষণে তোমার যেরূপ ইচ্ছা হয়, কর, আমি আর দ্বিভক্তি করিব না। অভঃপর কেবল রামকে একবার চক্ষে দেখিয়া লইব।

এদিকে দিবাকর উদিত এবং শুভ নক্ষত্র ও মুহুর্ত্ত উপস্থিত ছইলে বশিষ্ঠদেব শিষ্যাগণ সমভিব্যাহারে অভিষেকের সামগ্রা সংভার গ্রহণ পূর্বক পুরমধ্যে প্রবেশ করিলেন। প্রবেশ করিয়া দেখিলেন, উহার পথ সকল সলিলসিক্ত ও পরিক্ষত হইয়াছে। আপণ সকল পণ্যদ্রব্যে পরিপূর্ণ। চতুর্দিকে পতাক। উড্ডীন হইতেছে। চন্দন অগুৰু ও প্ৰপের গন্ধ চারিদিক আমোদিত করিতেছে। সর্বত্তই মহোৎসব, সকলেই আহ্লাদে উন্মত্ত ও রামের অভিযেক দর্শনার্থে উৎস্কুক। ৰশিষ্ঠ দেই পুরন্দর-পুর-প্রতিম পুরী অতিক্রম করিয়া অন্তঃপুরে প্রবেশ করিলেন। দেখিলেন, তথায় ধ্বজদণ্ড শোভা পাই-তেছে। পুরবাসী ও জনপদবাসী প্রজা সকল সমবেত হই-য়াছে এবং যজ্ঞবিৎ ত্রাহ্মণ ও সদস্যগণ আগমন করিয়াছেন। তখন তিনি অন্যান্য ঋষিগণের সহিত সেই জনসমূদি ভেদ করিয়া প্রীভমনে গমন করিতে লাগিলেন।

ঐ সময় প্রিয়দর্শন সারখি স্থমন্ত্র নিক্ষান্ত হইতেছিলেন, বশিষ্ঠদেব দ্বারদেশে তাঁহাকে দেখিতে পাইয়া কহিলেন, স্থমন্ত্র! তুমি মহারাজকে শীত্র আমার আগমন সংবাদ প্রদান কর এবং তাঁহাকে গিয়া বল, সাগরজলে এবং গঙ্গাসলিলে স্থবর্ণময় কলস পরিপূর্ণ করিয়া আনয়ন করা হইয়াছে। ঔহস্বর পাঠ, সর্ব্ব প্রকার বীজ, গন্ধ, বিবিধ রত্ন, মধু, দধি, ছত, সেনার ন্যায় এবং বৃষবিযুক্ত ধেনুর ন্যায় নিতান্ত শোচনীয় হইয়া থাকে ।

মন্ত্রী স্থমন্ত্র এইরূপ শাস্ত ও স্থাস্কত বাক্যে শুব করিলে
মহীপাল দশরথ পুনর্কার শোকে অভিভূত হইলেন এবং
নিরানন্দমনে আরক্তলোচনে তাঁহার প্রতি দৃষ্টি নিক্ষেপ করিয়া
কহিলেন, স্থমন্ত্র! তোমার এই স্তৃতিবাদ আমায় অধিকতর
মর্মবেদনা প্রদান করিতেছে।

সহসা রাজা দশরথের মুখে এইরপ কাতরোক্তি শ্রবণ ও তাঁহার দীন দশা দর্শন করিয়া সুমন্ত্র ক্লভাঞ্জলিপুটে তথা হইতে কিঞ্চিৎ অপসৃত হইলেন। তখন দেবী কৈকেয়ী মহারাজকৈ ঘন বিষাদে আর্ত ও বাক্যপ্রায়োগে অসমর্থ দেখিয়া সুমন্ত্রকে আহ্বান পূর্বাক কহিলেন, দেখ, মহীপাল রামাভিষেক-হর্ষে সমস্ত রজনী জাগরণ করিয়াছেন, এক্ষণে নিতান্ত পরিশ্রান্ত ও একান্ত ক্লান্ত হইয়া নিজিত আছেন। অতএব তুমি অকুঠিতমনে রামকে এই স্থানে আনয়ন কর। তোমার মঙ্গল হইবে। সুমন্ত্র কহিলেন, দেবি! রাজাত্তা ভিন্ন এক্ষণে আমি কি রূপে গমন করিব।

অনস্তর মহারাজ দশরথ স্থমন্ত্রের এইরূপ বাক্য প্রবণ করিয়া কহিলেন, হতনন্দন! আমি প্রিয়দর্শন রামকে দেখিবার বাদনা করিয়াছি, তুমি সম্বর ভাঁহাকে আনয়ন কর। তখন স্বমন্ত্র রামের অভীষ্ট সিদ্ধ হইবে বোধ করিয়া স্থাইমনে তথা হইতে নিজাপ্ত হইলেন। তিনি নিজাপ্ত হইবার কালে কৈকেয়ী পুনরায় তাঁহাকে কহিলেন, মন্ত্রি! তুমি রাজকুমারকে শীদ্র আন-য়ন করঁ। স্বমন্ত্র কৈকেয়ীর মুখে বারংবার এই রূপ কথা প্রবণ করিয়া মনে করিলেন, বুঝি দেবী রাজকুমারের অভিষেক-মহোথ-সব দর্শনে একাপ্ত উৎস্কক হইয়াইত্বরা দিতেছেন। এক্ষণে মহা-রাজও বোঁধ হয় জাগরণ-ক্রেশে বহির্দেশে আর আসিবেন না। স্বমন্ত্র এইরূপ অবধারণ করিয়া সমুদ্রাপ্তর্বন্ত্রী হুদের ন্যায় অস্তঃ-পুর হইতে বহির্গমন করিলেন।

# शक्षाम मर्ग।

বেদপারগ ভালণেরা মন্ত্রী সৈনাধ্যক্ষ বণিক ও রাজ-পুরোহিত বশিষ্ঠের সমভিব্যাহারে দ্বারে অবস্থান করিতে-ছিলেন। ভাঁহারা পুষ্যা নক্ষত্র এবং রামের জন্মকালম্ব কর্ক ট লগ্ন লাভ করিয়া অভিষেকের সমুদায় উপকরণ আনয়ন করিয়াছেন। অলঙ্কৃত পীঠ, ব্যাঘু চর্মের আস্তরণযুক্ত রথ, গঙ্গা ষমুনার পবিত্র সঙ্গমস্থল হইতে আনীত জল, অন্যান্য निमी इम कूर्ण मात्रावत ७ मयुराजत जन, यथु, मधि, घड, লাজ, কুশ, পুষ্পা, পরম স্বন্দরী আটটি কুমারী, মত্ত হন্তী, বট-পল্লব-শোভিত কমলদল-সমলঙ্কৃত বারিপূর্ণ স্থবর্ণ ও রজত-নির্মিত কুম্ব, জ্যোৎসার ন্যায় ধবল রত্নদণ্ড চামর, চক্রমণ্ডল-সদৃশ পাণুবর্ণ ছত্ত, খেত রুষ, খেত অখ, বাছ, বন্দী এবং স্ব্যবংশীয় দিগের অভিষেকার্থ যে সমস্ত বস্তু আহত হইয়া

थात्क, ताजात जारनरण मगूनाग्नहे डाँशाता जानग्रन कतिशास्त्रन । তৎকালে ঐ সমস্ত ভ্রাহ্মণ মহীপালের সন্দর্শন না পাইয়া পর-স্পর কহিতে লাগিলেন, এক্ষণে রাজা দশর্থকে কে আমাদিগের আগমন সংবাদ নিবেদন করিবে। দিবাকর গগনে উদিত হইয়াছেন। রামের অভিষেক সামগ্রীত প্রস্তুত, কিন্তু মহারাজকে এখনও দেখিতে পাইতেছি না। ভাঁহারা পরম্পর এইরূপ কথোঁপকথন করিতেছেন, ইত্যবসরে রাজসার্থি সুমন্ত্র তথায় আগমন করিলেন, কহিলেন, আমি রাজার নিয়োগে রাজকুমার রামকে আনয়ন করিতে চলিয়াছি। কিন্তু আপনারা মহারাজ ও রাম উভয়েরই পূজনীয়, স্বতরাং আপনাদিগের হইয়া আমিই মুখশয়ন প্রশ্ন পূর্ব্বক তাঁহাকে জিজ্ঞাসা করিয়া আসি, তিনি প্রবোধিত হইয়াও কি নিমিত্ত অন্তঃপুর হইতে বহির্গত रहेए एक ना।

রন্ধ স্থান্ত তাঁহাদিগকে এইরপ কহিয়া পুনরায় অন্তঃপুরে প্রবেশ করিলেন এবং স্বেচ্ছারুসারে রাজা দশরথের শয়নগৃহে গমন পূর্বক যবনিকার অন্তরালে দণ্ডায়মান হইয়া কহিলেন, মহারাজ! চক্র স্থ্য শিব বৈশ্রবণ বৰুণ হুতাশন ও ইক্র আপনাকে বিজ্য় প্রদান করন। এক্ষণে রজনী অতিক্রান্ত এবং শুভ দিনও সমুপস্থিত হইয়াছে। অতএব আপনি গাজোখান করিয়া প্রাভঃকৃত্য সমাপন করন। মহা-

রাজ! ত্রান্ধণ সেনাপতি ও বণিকেরা দ্বারদেশে আপনার দর্শনের অপেক্ষায় অবস্থান করিতেছেন, এক্ষণে আপনি নিদ্রা পরিত্যাগ করুন।

তখন দশরথ কণ্ঠস্বরে স্থমন্ত্র আসিয়াছেন বুঝিয়া তাঁহাকে সদোধন পূর্ব্বক কহিলেন, স্থমন্ত্র ! রামকে এই স্থানে আনিবার নিমিত্ত আমি তোমায় আদেশ করিয়াছিলাম, কিন্তু তুমি কি কারণে আমার আজ্ঞা লঙ্খন করিতেছ। আমি এক্ষণে নিজিত নহি; তুমি শীঘ্ যাও, গিয়া রামকে আনয়ন কর।

অনন্তর স্থমন্ত্র রাজাক্তা শিরোধার্য্য করিয়া তথা হইতে
নির্গত হইলেন এবং ধ্বজপতাকা-পরিশোভিত রাজপথে উপস্থিত হইয়া চতুর্দিকে দৃষ্টি নিক্ষেপ পূর্ব্বক ছার্টমনে গমন
করিতে লাগিলেন। গমন কালে পথিমধ্যে সকলের মুখে রামাভিষেক সংক্রান্ত কথা শুনিতে পাইলেন। ক্রমশঃ কিয়দ্দূর
অতিক্রম করিয়া দেখিলেন, রাজকুমার রামের প্রাসাদ কৈলাস
পর্বতের ন্যায় শোভা পাইতেছে। উহার দার দেশে অতি
বিশাল ছই কপাট লম্বমান, চতুর্দিকে শত শত বেদি প্রস্তুত,
এবং শিখরে বহুসংখ্য কাঞ্চনমন্ত্রী প্রতিমা রহিয়াছে। উহার
ভোরণ সমুদায় প্রবাল নির্মিত ও মৃণি মুক্তা। খচিত এবং
বর্ণ শারনীয় জলদের ন্যায় শুল। ঐ প্রাসাদের সর্বব্রেই স্বর্থের
কুল্পম্যালা মধ্যমণিসমূহে অলক্ষ্ত হইয়া লম্বিত রহিয়াছে,

স্বর্ণাদি ধাতুনির্মিত ব্যাত্মের প্রতিমূর্ত্তি প্রতিষ্ঠিত ও শিশ্পিগণের স্থাম শিশ্পকার্য্যে খচিত আছে এবং ইতন্ততঃ দারদ
ও ময়রগণ নিরন্তর কলরব করিতেছে। ঐ প্রাদাদ স্থমেকশৃক্ষের ন্যায় উচ্চ, চন্দ্রন্থরের ন্যায় উজ্জ্বল ও অমরাবতীর
ন্যায় স্থদৃশ্য। উহাতে দৃষ্টিপাত মাত্রই মন ও চক্ষু প্রলোভিত
হয়, প্রবেশ মাত্রেই অগুক ও চক্ষনের গদ্ধ উগত্ত করিয়া তুলে।

ন্মস্ত্র সন্নিহিত হইয়া দেখিলেন, ঐ প্রাসাদের দ্বারে জনপদবাদী প্রজারা নানাবিধ উপহার লইয়া ফুতাঞ্জলিপুটে উদ্ধিমুখে রামাভিষেক দর্শনের প্রতীক্ষা করিতেছে। ক্রমশঃ তিনি রথ লইয়া সেই জনসঙ্কুল রাজপথ স্থশোভিত ও পুরবাসীগণের মন পুলকিত করিয়া তম্বাধ্যে প্রবেশ করি-लन। जिनि महे यमगृक श्रीमार्ग श्रीतम कतिया करी-কিত কলেবরে তিনটি প্রকোষ্ঠ পার হইলেন এবং রামের বশ-বর্ত্তী বহুসংখ্য ব্যক্তিকে অপসারিত করিয়া অপ্রতিহতগমনে রত্নাকর মধ্যে মকরের ন্যায় অস্তঃপুরে প্রবেশ করিলেন। তথায় সকলেই হাউমনে রামের রাজ্যাভিষেক সংক্রান্ত কথা লইয়া আন্দোলন করিতেছিল, তদ্ধর্শনে স্বমন্ত্র যার পর নাই আনন্দিত হইলেন। তিনি গমনকালে কোন স্থলে দেখিলেন রামের প্রিয় অমাত্যেরা অবস্থান করিতেছেন। কোন স্থলে অশ্ব ও রথ মুসজ্জিত আছে। কোন স্থলে বা রামের গমনাগমনের নিমিত্ত শক্তপ্তর নামে এক মহাকার মত্ত মাতক জলদ-জাল-জড়িত পর্বতের নাার শোভমান রহিয়াছে। স্বমন্ত্র ক্রমশঃ এই সমস্ত অতিক্রম করিয়া রামের নিকট যাইতে লাগিলেন।

### ষোড়শ সর্গ ।

অনস্তর রাজমন্ত্রী রামের প্রকোঠে উপস্থিত হইলেন।
তথার লোকের কিছুমাত্র কোলাহল নাই; কেবল কুণ্ডলধারী
যুবকেরা প্রাস্ন থারণ পূর্বাক সাবধানে প্রহর্মীর কার্য্য
সমাধান করিতেছে এবং কতক গুলি রুদ্ধা জ্রী কাষায় বল্প পরিগান পূর্বাক সুসজ্জিত হইয়া বেত্রহস্তে দ্বারে উপবিস্থী আছে।
এই সমস্ত দ্বাররক্ষক সুমন্ত্রকে নিরীক্ষণ করিবামাত্র তৎক্ষণাৎ
সসন্ত্রমে গাত্রোখান করিল। তখন সুমন্ত্র বিনীতহৃদয়ে তাহাদিগকে কহিলেন তোমরা গিয়া শীত্র রাজকুমারকে আমার
আগমন সংবাদ দেও। দ্বারপালগণ তাঁহার আদেশ পাইয়া মে
স্থানে রাম জননকীর সহিত উপবেশন করিয়া আছেন তথার
উপস্থিত হইয়া কহিল যুবরাজ! সুমন্ত্র আপনার দর্শনার্থ

রাছেন শুনিয়া পিতারই হিতাভিলাবে তাঁহাকে গৃহ প্রবেশে অনুমতি প্রদান করিলেন।

শ্বমন্ত্র গৃহপ্রবেশ করিয়া দেখিলেন রাম উৎক্রয়্ট পরিচ্ছদ ধারণ পূর্ব্বক উত্তরচ্ছদমণ্ডিত স্বর্ণময় পর্য্যক্ষে স্বররাজ ইন্দ্রের ন্যায় উপবিষ্ট আছেন। তাঁহার কলেবর বরাহকধিরাকার স্থান্ত্রি রক্ষ চন্দনে রঞ্জিত। দেবী জানকী চামরহন্তে তাঁহার পার্শ্বে উপবিষ্ট আছেন; বোধ হইতেছে যেন চিত্রার সহিত ভগবান শশাক্ষ মিলিত হইয়াছেন। তখন বিনীত স্থমন্ত্র মধ্যাহ্রকালীন স্বর্ধ্যের ন্যায় স্বতেজং প্রদীপ্ত রামের সমিহিত হইয়া প্রণাম করিলেন এবং তাঁহাকে বিহারামনে আসীন ও প্রসন্ধ দৈখিয়া ক্রভাঞ্জলিপুটে কহিলেন, য়ুবরাজ! রাজা দশ্বর্থ ও দেবী কৈকেয়ী আপনাকে দেখিতে ইচ্ছা করিয়াছেন অভএব অনতিবিলম্বে তথায় গমন করা আপনার কর্ত্ব্য হই-তেছে।

রাম হার্টমনে স্নান্তের বাক্য প্রতিএই করিয়া জানকীকে কহিলেন, প্রিয়ে! আমার নিমিত্ত পিতা দেবী কৈকেয়ীর সহিত সমাগত হইয়া আমারই অভিষেকের পরামর্শ করিতে-ছেন সন্দেহ নাই। ক্লফলোচনা কৈকেয়ী নিরম্ভর মহারাজের শুভ কামনা করিয়া থাকেন। রাজা আমায় রাজ্যে অভিষিক্ত করিতে একান্ত উৎস্ক ইইয়াছেন দেখিয়া তিনি প্রফুরমনে আমারই নিমিত্ত তাঁহাকে ত্বরা দিতেছেন। ভাগ্যগুণেই ভাঁহারা এই মন্ত্রীকে প্রেরণ করিয়াছেন। মন্ত্রী আমারই হিতাভিলাষ-পরতন্ত্র। অন্তঃপুরে সভা যেরূপ দূতও তাহার অনুরূপ আসি-রাছেন। পিতা নিশ্চয়ই আজ আমাকে যেবুরাজ্যে অভিষিক্ত করিবেন। অভএব তুমি সহচরীদিগের সহিত ক্রীড়া কেতিকে অবস্থান কর, আমি গিয়া শীত্র পিতার সহিত সাক্ষাংকার করিয়া আঁসি।

রাম পরিষ সমানরে এইরপ কহিলে জনকছহিত। সীতা
মঙ্গলাচরণার্থ দারদেশ পর্যান্ত তাঁহার অনুগমন করিলেন, কহিলেন নাথ! যেমন একা সুররাজ ইক্রকে সুররাজ্যে অভিষেক
করিয়াছিলেন সেইরপ মহারাজ তোমাকে যৌবরাজ্যে অভিফিক করিয়া পশ্চাৎ মহারাজ্য প্রদান করুন। ভূমি দীক্ষিত
ও এত পরারণ হইয়া মৃগ চর্ম ও কুরক্ষ শৃক্ষ ধারণ করিবে, আমি
এক্ষণে তাহাই দর্শন করিব। অতঃপর ইক্র তোমার পূর্বাদিক
যম দক্ষিণ দিক বৰুণ পশ্চিম দিক ও কুবের উত্তর দিক রক্ষা
কর্ষন।

জানকী এইরপে অভিষেকার্থ মঙ্গলাচার পরিসমাপ্ত করিলে রাম ভাঁছার সমতি লইরা স্থমন্ত্রের সহিত গিরি-দরী-বিহারী কেশরীর ন্যায় বাসভবন হইতে নিষ্ক্রাপ্ত হইলেন। তিনি নিষ্ক্রাপ্ত হইয়াই দার দেশে বিনীত লক্ষণকে ক্তাঞ্জলিপুটে मधौत्रमान (निथि लि भेरिलन। उर्भात (निथिलन मधार्थाको एक তাঁহারই স্থলদেরা একত্র সমবেত হইয়া আছেন। অনস্তুর তিনি অর্থীদিগকে সবিশেষ সমাদর করিয়া ব্যাক্তচর্মসন্বৃত্ত রজতনির্মিত মণিকাঞ্চনমণ্ডিত রথে আরোহণ করিলেন ৮ করি-শাবকের ন্যায় ছাই পুষ্ঠ উৎকৃষ্ট অখবান বায়ুবেগে ধাব-यान इरेल। यारात नाम तर्थत वर्षत भक्ष इरेट नामिल। পথে একদৃষ্টে দকলেই উহার প্রতি চাহিয়া রহিল। রাম দেবরাজ ইন্দ্রের ন্যায় প্রভা বিস্তার করিয়া বহির্গত হইলেন। বোধ इरेल यन ठक्क जलमर्भां एल कतिया ठिल सार्हिन। তৎকালে মহাবীর লক্ষণ বিচিত্র চামরহন্তে রথপৃষ্ঠে আরো-इन शृक्षक त्रामरक त्रका कतिए नानितन । हर्जुमिरक जूमून কোলাহল উত্থিত হইল। বহু সংখ্য পর্বতাকার হস্তী ও অশ্ব রামের পশ্চাৎ পশ্চাৎ যাইতে লাগিল। চন্দনচর্চ্চিতকলেবর বীর পুৰুষেরা অসি চর্ম ও বর্ম ধারণ পূর্বক অত্যে অত্যে ধাবমান হইল এবং সিংহনাদ পরিত্যাগ পূর্বক জয়ধ্বনি করিতে লাগিল। নানা প্রকার বাছধ্বনি ও বন্দিবর্গের স্থুতিবাদ গগণ ভেদ করিয়া উত্থিত হইল। সর্বাঙ্গস্থন্দরী পুরনারীগণ বেশভূষা ধারণ ও গবাকে আরোহণ পূর্বক রামের মন্তকে পুষ্পর্ফি আরম্ভ করিল এবং কেহ কেহ হর্মে ও কেহ কেহ নিম্নে অবস্থান পূর্বক রামের তুটি সম্পাদনার্থ কহিতে লাগিল, আজ রাজ-

মহিষী কোশল্যা রামকে পৈতৃক রাজ্য গ্রহণে নির্গত দেখিয়া নিশ্চয়ই আনন্দিত হইতেছেন। রামের হৃদয়হারিণী সীতা সকল সীমন্তিনীর মধ্যে শ্রেষ্ঠ, তিনি জন্মান্তরে নিশ্চয়ই অতি কঠোর তপঃসাধন করিয়া ছিলেন, নতুবা চল্রের প্রণয়িনী রোহিণীর ন্যায় কদাচই ইহাঁর সহচারিণী হুইতেন না। রাজ-কুমার রাম চতুর্দ্ধিকে এইরূপ শ্রুভিস্থকর মধুর বাক্য শ্রবণ পূর্বক গমন করিতে লাগিলেন।

একস্থলে বহুসংখ্য লোক একত্র হইয়া পরম্পর কহিতেছিল, এই রাজকুমার আজ রাজার প্রসাদে রাজ্ঞী লাভার্থ
পিতৃগৃহে গমন করিতেছেন। ইনি যখন শাসনভার গ্রহণ
করিলেন তখন আমাদের সকল মনোরথই পূণ হইবেঁ। ইনি
যে এক কালে সমস্ত রাজ্য হস্তগত করিতেছেন প্রজাবর্গের
ইহাই পরম লাভ; ইহাঁর রাজ্যকালে কাহাকেই কখন কোন
রপ অশুভ দর্শন করিতে হইবে না।

রাম সকলের মুখে স্বসংক্রান্ত এই সমস্ত কথা শ্রবণ এবং স্থত মাগাধ ও বন্দিগণের স্তুতিবাদ গ্রহণ পূর্ব্বক পিতৃভবনে গমন করিতে লাগিলেন।

#### मक्षमम मर्ग।

- 4 : 46:26 \* 1. -

তিনি ক্রমশঃ রাজপথে প্রবেশ পূর্ব্বক দেখিলেন, পৌরদিগের অঙ্গনে দধি অক্ষত হবি লাজ ও ধূপ নিপতিত আছে। করী করিণী অশ্ব ও রথ রাজপথ আকুল করিয়া তুলিয়াছে। সর্বতেই লোকারণ্য ও পণ্যত্রব্যে পরিপূর্ণ। নানাস্থানে ধ্বজ ও পতাকা শোভা পাইতেছে। কোথাও বা মুক্তান্তবক ও ক্ষাটিক মণি রহিয়াছে। কোন স্থলে চন্দন ও উৎকৃষ্ট অগুৰুর গন্ধ চতুর্দ্দিক আনোদিত এবং পউবস্তোর বিচিত্র রচনা সকলকে চমৎকৃত করিতেছে। ঐ রাজপথের পরিসর অতিবিস্তীর্ণ। উহার ইত-স্ততঃ পুষ্প সকল বিকীণ<sup>'</sup> হইয়াছে। চতুর্দিকে নানাপ্রকার ভক্ষ্য ভোজ্য প্রস্তুত। রাজকুমার রাম স্বরপতি ইন্দ্রের ন্যায় এইরপ সুসজ্জিত রাজপর্থ দর্শন এবং বহুলোকের আশীর্মাদ গ্রহণ পূর্ব্বক গমন করিতে লাগিলেন! ঐ সময় তাঁহার বন্ধু-বর্গের আনন্দের আর পরিসীমা রহিল ন।।

তাঁহারা রামকে লক্ষ্য করিয়া কহিতে লাগিলেন, যুব-রাজ ' অছ তুমি রাজ্যে অভিষিক্ত হইয়া তোমার পূর্ব-পুৰুষগণের প্রবর্ত্তিভ প্রণালী অবলম্বন পূর্ব্বক আমাদিগকে প্রতিপালন কর। তোমার পিতা ও পিতামহগণ আমাদিগকে যেরপ সুখে রাখিয়াছিলেন, তুমি রাজা হইলে আমরা তদ-পেকাও অধিকতর মুখে বাস করিতে পারিব। এদি আজ আমরা তোঁমাকে অভিষিক্ত ও পিতৃগৃহ হইতে নির্গত দেখিতে পাই, তাহা হইলে ঐহিক ও পারত্রিক কিছুই প্রার্থনা করি না। তোমার রাজ্যাভিষেক অপেক্ষা আমাদিগের প্রিয়তর আর কিছুই নাই। রাম স্থল্লাণের মুখে এইরূপ প্রশংসাবাদ শ্রবণ করিয়া অবিক্তমনে গমন করিতে লাগিলেন। তৎকালে তিনি রাজমার্গে সকলের দৃষ্টিপথ অতিক্রম করিয়া চলিলেও কেহ তাঁহা হইতে মন ও চক্ষু আকর্ষণ করিয়া লইতে পারিল না। ফলতঃ যে রামকে দর্শন না করে এবং রাম যাহার প্রতি দৃষ্টিপাত না করেন সে ব্যক্তি সকলের নিন্দিত, সে আপ-নাকেও হেয়জ্ঞান করিয়া থাকে। ধর্মপরায়ণ রাম চাতুর্বর্ণের মধ্যে আবালবৃদ্ধ সকলকেই রূপা করেন বলিয়া সকলেই ভাঁহার অনুগত ছিল।

অনস্তর তিনি চতুষ্পথ দেবালয় চৈত্য ও আয়তন সকল বাম পার্শ্বে রাধিয়া গমন করিতে লাগিলেন ৷ দূর হইতে দেখিলেন, রাজপ্রাসাদ জলদজালসদৃশ কৈলাসশিথরাকার ধবলবর্ণ বিমানের ন্যায় বিবিধ শৃঙ্গে নভোমওল আচ্ছয় করিয়া রহিয়াছে। তিনি উজ্জ্বলবেশে সেই অমরাবতীপ্রতিম সর্ব্বোভ্রম প্রাসাদে প্রবেশ করিলেন। প্রবিষ্ট হইয়া কার্মুকধারী পুরুষ-রক্ষিত তিনটি প্রকোঠ পার হইলেন। তৎপরে পাদ্দারে আর স্ইটি অভিক্রম করিয়া অনুচরগণকে প্রতিগমনে অনুমতি প্রদান পূর্বক অন্তঃপুরে চলিলেন। তৎকালৈ সকলে রাজকুমারকে পিতৃসন্নিধানে গমন করিতে দেখিয়া যার পর নাই আনন্দিত হইল এবং মহাসমুদ্র যেমন চন্দ্রোদ্রের প্রতীক্ষা করে, সেইরূপ ভাঁহার বহির্গমনের অপেক্ষা করিতে লাগিল।

# অফীদশ সর্গ।

রাজা দশরথ শুক্ষ মুখে ও দীন ভাবে দেবী কৈকেয়ীর
সহিত পর্যাক্ষে উপবেশন করিয়া আছেন, এই অবসরে রাম
তাঁহার সন্নিহিত হইলেন এবং বিনয় সহকারে অএে তাঁহাকে
নমস্থার করিয়া পশ্চাৎ প্রসন্নমনে কৈকেয়ীকে অভিবাদন করিলেন। তখন দশরথ রামের প্রতি দৃষ্টিপাত পূর্বক কহিলেন,
রাম!——নাম গ্রহণমাত্র তাঁহার নেত্রম্গল অঞ্চপূর্ব হইয়া
উঠিল, ভিনি আর তাঁহাকে দর্শন ও তাঁহার সহিত বাক্যালাপ
করিতে পারিলেন না।

অনন্তর রাজকুমার পাদস্পৃষ্ট ভুজক্ষের ন্যায়, নুপা । কন্ত আদৃষ্টপূর্ব অতিভীষণ রূপ নিরীক্ষণ পূর্ববক্ষু । ছেন; তাহা পরোনান্তি ভীত হইলেন। মহীপালকত পালন করিতে নিভান্ত ক্লিষ্ট হইয়া ব্যথিত মনে গ্রুবর দান করিয়া পশ্চাৎ ত্যাগ করিতেছিলেন। তরঙ্গ-মালা-সঙ্কুল ক্ষুভিত সাগরের ন্যায় রাভ্এস্ত দিবাকরের ন্যায় তাঁহার অন্তঃকরণ একান্ত আকুল হইয়াছিল। ঋষি অনুভভাষী হইলে যেরপ নিপ্রভ হন, তিনি তৎকালে সেইরপই হইয়াছিলেন।

পিতৃবৎসল স্কুচতুর রাম তাঁহার এইরূপ অসম্ভাবিত শোক অকশাৎ ক্রিপ্রকারে উপস্থিত হইল এই ভাবিয়া পর্বকালীন সমুদ্রের ন্যায় অস্থির হইয়া উঠিলেন। মনে করিলেন, মহা-রাজ আজ কেন আমায় লইয়া হর্ষ প্রকাশ করিতেছেন না। অন্য দিন আমাকে দেখিলে যদি কোন কারণে ক্রোধাবিষ্ট হইয়া থাকেন, প্রসন্ন হন, কিন্তু আজ কেন এইরূপ চুঃখিত হইতেছেন। রাম এই চিন্তা করিয়া শোকাকুলিত মনে বিষ বদনে কৈকেয়ীকে সম্বোধন পূৰ্বক কহিলেন, অন্ব! আমি ভ্রম প্রমাদে কি কোন অপরাধ করিয়াছি? বলুন, পিতা কেন আমার প্রতি কুপিত হইয়াছেন ? এক্ষণে আমারই দোষ পরি-হারের নিমিত্ত আপনি ইহাঁকে প্রসন্ন কৰুন। পিতা আমার দি৷ যৎপরোনান্তি ক্ষেত্র করিয়া থাকেন, আজি কি নিমিত্ত সহিত বাক্যালাপ করিতেছেন না ? কি কারণেই বা এই-রহিয়াছেন? শরীর ধারণে সকল সময় সুখ শারীরিক বা মানসিক কি কোন অশান্তি য়দর্শন কুমার ভরত এবং মহামতি

শক্রমের ত কোন অমঙ্গল ঘটে নাই। আমার মাতৃগণ ত কুশলে আছেন? আমি মহারাজের অবাষ্ট্য হইরা রোষ ও অসম্ভোষ উৎপাদন পূর্বক মুহূর্ত্তকালও বাঁচিতে চাহি না। মনুষ্য আহার প্রসাদে এই পৃথিবীতে জন্ম লাভ করিয়াছে, কোন্ ব্যক্তি সেই প্রত্যক্ষদেবতা পিতার প্রতিকুলতাচরণ করিবে। মাতঃ! আপনি অভিমানে বা ক্রোধে পিতাকে কি কিছু কঠোর কথা কহিয়াছেন? তাহাতেই কি ইহার মন এইরপ বিরূপ রহিয়াছে? যাহাই হউক ইহার নিগৃঢ় কারণ অবগত হইবার নিমিত্ত আমার মন অস্থির হইয়াছে। বলুন মহারাজের এই প্রকার অদৃষ্টপূর্ব্ব চিত্তবিকার কি নিমিত্ত উপস্থিত হইল ?

তখন নির্লজ্জা কৈকেয়ী রামের এইরূপ বাক্য প্রবণ করিয়া স্থার্থ সাধনার্থ গর্মিতভাবে কহিলেন, রাম! রাজা ক্রোধাবিষ্ট হন নাই, ইহাঁর বিপদও কিছুই দেখিতেছি না। ইনি মনে মনে কোন সংকল্প করিয়াছেন, তোমার ভয়ে তাহা ব্যক্ত করিতে পারিভেছেন না। তুমি ইহাঁর অভিশয় প্রিয়, স্থভরাং তোমার কোন রূপ অপ্রিয় কহিতে ইহাঁর বাক্যক্ষূর্ত্তি হইবেক না। কিছু মহারাজ যে আমার নিক্ট অঙ্গীকার করিয়াছেন; তাহা ভোমার অনিষ্টকর হইলেও ভোমায় অবশ্রুই পালন করিতে হইবে। ইনি অগ্রে আমাকে সন্থান ও বর দান করিয়া পশ্চাৎ নিতান্ত নীচের নায়ে অনুতাপ করিতেছেন। জল নির্গত হইয়াছে, আলিবরূদে যদ্দ নির্গক। কিন্তু, রাম! মহারাজ ধর্মতঃ
প্রতিজ্ঞা করিয়াছেন। মহাআদিগের সত্যই ধর্ম, বোধ হয়
তুমি ইহা অবশ্যই জান। এক্ষণে সাবধান রাজা যেন তোমার
অনুরোধে আমার প্রতি ক্রোধ করিয়া সেই সত্য পরিত্যাগ
না করেন। এক্ষণে ইনি যাহা কহিবেন, তুমি তাহার ভাল মক্দ
কিছুই বিচার করিবে না, অমনিই শিরোধার্য্য করিয়া লইবে,
যদি এইরূপ হয় তবে আমি সমুদায় রুতান্তই তোমায় কহিতে
পারি। অথবা মহারাজ সাক্ষাৎ সম্বন্ধে তোমাকে কিছুই
বলিবেন না, ইহাঁর নিদেশে আমি যে বিষয়ের প্রস্তাব করিলাম, যদি তাহাতে সমত হও তাহা হইলে আমি সমুদায়ই
ব্যক্ত করিব।

রাম কৈকেয়ীর মুখে এইরপ কথা শ্রবণ করিয়া ব্যথিতমনে নুপতি সন্নিধানে কহিতে লাগিলেন, দেবি ! আমাকে এরপ কথা বলিবেন না। আমি মহারাজের নিদেশে অগ্নিপ্রবেশ ও বিষ্ণান করিতে পারি। ইনি পিতা, পরম গুরু, বিশেষতঃ রাজা; ইহাঁর নিয়োগে সাগরগর্ভেও নিমগ্ন হইতে পারি। অতএব ইনি যেরপ সঙ্কপে করিয়াছেন বলুন, প্রতিজ্ঞা করিতেছি অবশ্রই তাহা রক্ষা হইবে। আপনি নিক্ষর জানিবেন, রাম কখনই মুই প্রকার কথা কহিতে জানে না।

তখন অনার্য্যা কৈকেয়ী ঋজুম্বভাব সত্যবাদী রামকে নিষ্ঠুর বচনে কহিলেন, রাম! পূর্বেদেবাস্থর সংগ্রামে মহা-ারাজ বিপক্ষশরে ক্ষতবিক্ষত হইয়াছিলেন, তৎকালে কেবল আমিই ইহাঁর প্রাণ রক্ষা করি। আমার এই পরিচর্য্যায় রাজা সবিশেষ প্রীত হইয়া আমাকে ছুইটি বর দান করিয়াছিলেন। এক্ষণে ঐ উভয় বরের মধ্যে এক বরে ভরতের রাজ্যাভিষেক, দ্বিতীয় বর্নে তোমার দওকারণ্য বাস প্রার্থনা করিয়াছি। রাম! যদি তুমি পিতার ও আপনার প্রতিজ্ঞা সত্য রাখিতে চাও আমার বাক্যে কর্ণপাত কর। তোমার পিতা আমার নিকট অঙ্গীকার করিয়াছেন, ইহাঁর নিদেশের বশীভূত হওয়া ভোমার কর্ত্তব্য। অছই রাজ্যাভিষেকের লোভ সংবরণ পূর্ব্বক মস্তকে জটাভার বহন ও বল্কল ধারণ করিয়া চতুর্দ্ধশ বৎসরের নিমিত্ত বনচারী হও। মহারাজ তোমার নিমিত্ত যে অভি-ষেকের আয়োজন করিয়াছেন, তদ্বারা ভরতই অভিষিক্ত হই-বেন ৷ তিনি হস্ত্যশ্বরথসক্ল রত্বত্ল বস্ত্ররাকে শাসন করিবেন। মহারাজ আমায় এইরপ বর দান করিয়াছেন বলিয়া এক্ষণে শোকে শুক্ষমুখ হইয়া গিয়াছেন এবং এই কারণেই ইনি ভোমার প্রতি দৃষ্টিপাত করিতে সমর্থ হইতেছেন না। অভএব রাম! তুমি মহারাজের এই বাক্য রক্ষা করিয়া ইহাঁকে উদ্ধার কর।

মহারুভব রাম কৈকেয়ীর এইরপ কঠোর বাক্য শুনিয়া কিছুমাত্র ব্যথিত ও শোকাবিষ্ট হইলেন না। তৎকালে কেবল
দশরথই ভাবী পুত্রবিযোগগ্রঃখে যার পর নাই যাতনা অনুভব
করিতে লাগিলেন।

## ঊনবিংশ সগ।

#### · walter an

অনন্তর রাম কৈকেয়ীর এই করাল কাল বাক্য শ্রবণ করিয়া অবিধন্নমনে কহিলেন, অধ! আপনি যেরপ অনুমতি করিলনে, তাহাই হইবে। আমি প্রতিজ্ঞা রক্ষার্থ জটা বলকল ধারণ পূর্ব্বক এ স্থান হইতে বন প্রস্থান করিব। কিন্তু এইটি জানিতে আমার অত্যন্ত ইচ্ছা হইয়াছে যে, মহীপাল পূর্ববিৎ কেন আমায় সন্তাধণ করিতেছেন না? দেবি! আপনার সমক্ষেই কহিতেছি, এই প্রশ্নে কঠ হইবেন না, প্রসম হউন, আমি এইটি জানিতে পারিলেই জটা বলকল ধারণ পূর্ব্বক বন প্রস্থান করিব। হিতকারী, গুরু, পিতা, কার্যাজ্ঞ রাজা নিয়োগ করিলে এমুন কি আছে, যাহা প্রিয়জ্ঞানে অল-ক্ষিত্রমনে সাধন করিতে না পারি। কিন্তু মনের এই ছঃখে আমার অন্তর্দাহ হইতেছে যে, মহারাজ স্বয়ং কেন ভরতের অভি-

ষেকের কথা উল্লেখ করিলেন না। দেবি ! রাজাজ্ঞার অপেকা কি, আপনার অনুমতি পাইলে ভ্রাতা ভরতকে নিজেই রাজ্য ধন প্রাণ ও প্রফুলমনে দীতা পর্যান্ত প্রদান করিয়া প্রতিজ্ঞা পালন ও আপনার হিত সাধন করিব। এক্ষণে মহারাজ অতিশয় লজ্জিত হইরাছেন, আপনি ইহাঁকে সান্ত্রনা করুন। ইনি কি নিমিত্ত অধোদ্ফি করিয়া মন্দ মন্দ অশ্রুপাত করিতেছেন দ দ্তেরা আজিই ইহাঁর আদেশে ক্রতগামী অশ্রে আরোহণ পূর্বাক ভরতকে মাতুলালয় হইতে আনয়ন করিতে যাক! আমি এখনই পিতৃআজ্ঞা শিরোধার্য্য করিয়া অবিচারিত মনে চতুর্দশ বংসরের নিমিত্ত দণ্ডকারণ্যে প্রস্থান করি।

কৈকেরী রামের এইরপ অধ্যবসায় দেখিয়া যার পর নাই
সস্কট হইলেন এবং তাঁহার বনগমন বিষয়ে কিছুমাত্র সংশয় না
করিয়া কহিলেন, দূতেরা না হয় ক্রতগামী অথ্যে আরোহণ
করিয়া ভরতকে মাতুলকুল হইতে আনিবার নিমিত্ত যাত্রা
করিবে; কিন্তু রাম! তোমায় এক্ষণে বনগমনে একান্ত উৎস্কক
দেখিতেছি, আমার মতে তোমার আর বিলম্ব করা বিধেয় হয়
না, তুমি এখনই এ স্থান হইতে যাও। দেখ, মহারাজ লজ্জিত
হইয়াছেন বলিয়া তোমার সহিত বাক্যালাপ করিতেছেন না।
লক্জা ভিন্ন ইহাঁর এইরপ মেনি থাকিবার অন্য কোন কারণই
নাই। অতএব তুমি শীত্র বহির্গত হইয়া ইহাঁর এই দীনদশা

অপনীত কর। যতক্ষণ না তুমি এই পুরী হইতে বনবাসোদেশে নির্গত হইতেছ, তদবধি তোমার পিতা স্থান ভোজন কিছুই করি-বেন না।

त्रोजा मगतथ चकर्र टेकरकशोत अहेत्रल निष्ठेत वांका खेवन করিয়া হা ধিক কি কন্ট ! এই বলিয়া এক দীর্ঘ নিঃখাস পরিত্যাগ পূর্বাক শোকভারে সেই হেমমণ্ডিত পর্যাক্তে মৃচ্ছিত হইলেন। তথন রাম শশব্যন্তে তাঁহাকে উত্থাপন পূর্বক স্বয়ং কশাহত অখের ন্যায় বনগমনে ব্যগ্র হইয়া উচিলেন এবং কৈকেয়ীর কঠোর বাক্যে কিছুমাত্র কাতর না হইয়া কহিলেন, দেবি ! আমি স্বার্থপর হইয়া এই পৃথিবীতে বাস করিতে চাহি না। আপনি আমাকে তত্ত্বদর্শীর ন্যায় বিশুদ্ধ ধর্মের আশ্রয়ী বলিয়া জানিবেন। প্রাণাস্ত করিয়াও যদি পুজনীয় পিতার হিত-সাধন আমার সাধ্যায়ত হয়, তাহা করাই হইয়াছে, মনে করিবেন। পিতৃশুশ্রুষা ও পিতৃ-আজ্ঞা পালন অপেক্ষা জগতে মহৎ ধর্ম আর কিছুই নাই। এক্ষণে পিতার আদেশ না আপনার নিদেশেই চতুর্দ্দশ বৎসরের নিমিত্ত নির্জ্জন অরণ্যে গিয়া বাস করিব। দেবি! আপনি আমার অধী-খরী হইরাও. যখন এই বিষয়ের নিমিত মহারাজকে অনুরোধ করিয়াছেন, তখন বোধ হইতেছে, আমার কোন গুণই আপ-নার গোচর নাই। আমি আজিই জননীর অনুমতি এহণ পূর্বক জানকীকে অনুনয় করিয়া দণ্ডকারণ্যে যাত্রা করিব। একণে ভরত যাহাতে রাজ্য পালন ও পিতৃশুশ্রমা করেন, আপনি তদ্বিয়ে যত্নতী থাকিবেন। দেবি! পিতার সেবা করাই পুত্রের পরম ধর্ম।

. দশরথ রামের এইরপ বাক্য শ্রবণ পূর্ব্বক শোকে বাক্য-শ্বৃত্তি করিতে না পারিয়া মুক্তকণ্ঠে রোদন করিতে লাগিলেন। তখন স্থীর রাম তাঁহাদিগকে প্রদক্ষিণ ও প্রণাম করিয়া অন্তঃ-পুর হইতে নিজান্ত হইলেন। মহাবীর লক্ষণ এতক্ষণ এই সমস্ত কথা শ্রবণ করিতেছিলেন, তিনিও ক্রোধে একান্ত আকুল হইয়া বাঞ্চপূর্ণ লোচনে ভাঁহার পশ্চাৎ পশ্চাৎ যাইতে লাগি-লন। রাম অভিষেকশালা প্রদক্ষিণ পূর্ব্বক ভাহাতে দৃক্পাত না করিয়াই মৃত্যুক্দ সঞ্চারে চলিলেন। তিনি সর্বজনকমনীয় ও প্রিয়দর্শন ছিলেন, স্নতরাং চল্রের যেমন হাস, সেইরপ রাজ্যনাশ তাঁহার স্বাভাবিক শোভাকে কিছুমাত্র মলিন করিতে পারিল না। জীবমুক্ত যেমন মুখে ছংখে একই ভাবে থাকেন তিনি তদ্ধপই রহিলেন ; ফলত ঐ সময় তাঁহার চিত্তবিকার কাহারই অণুমাত্র লক্ষিত হইল না।

অনস্তর রাম মনে মনে হুঃখাবেগ সংবরণ এবং হুঃখের বাহ্য লক্ষণ সংহরণ পূর্বক উৎকৃষ্ট ছত্ত চামর আত্মীয় স্বজন ও পৌর জনদিগকে পরিভাগে করিয়া এই অপ্রিয় সংবাদ দিবার আশায়ে জননীর অন্তঃপুরে প্রবেশ করিলেন এবং মধুর বাক্যে তত্তত্য সকলকেই সবিশেষ সমাদর করিয়া তাঁছার নিকট গমন করিতে লাগিলেন। তুল্যগুণাবলম্বী বিপুলপরাক্রম ভাতা লক্ষ্মণও হুংখ গোপন পূর্বক তাঁছার পশ্চাৎ পশ্চাৎ চলিলেন। ঐ সময় দেবী কোশল্যার অন্তঃপুরে অভিষেক্ষহোৎসব প্রসঙ্গে নানা প্রকার জামোদ প্রমোদ হইতেছিল। রাম তন্মধ্যে প্রবেশ করিয়া এই বিপদেও ধৈর্য্যাবলম্বন করিয়া রহিলেন। জ্যোৎস্থা-পূর্ন শারদীয় শশধর যেমন আপনার নৈস্যাকি শোভা ত্যাগ করেন না, সেইরূপ তিনিও চিরপরিচিত হর্ষ পরিত্যাগ করি-লেন না। পাছে আমার বিচ্ছেদে জনক জননী জীবন বিসর্জন করেন, তাঁছার অন্তরে কেবল এই আশক্ষাই উপস্থিত হুইতে

## বিংশ সর্গ।

ক্রমশঃ পুরীমধ্যে রামের রাজ্যনাশ ও বনবাস-বার্তা প্রচারিত হইল। তখন রাজমহিষীরা প্রাণাধিক রামকে ক্নতাঞ্জলিপুটে বিদায় এইগার্থ আগমন করিতে দেখিয়া আর্তম্বরে এই বলিরা চীৎকার করিতে লাগিলেন, হা! যে রাম পিতার নিয়োগ ব্যতি-রেকেও আমাদিগের তত্ত্বাবধান করিতেন, আজ তিনিই বনে চলিলেন। যিনি জননীনির্স্কিশেষে জন্মাবধি আমাদিগকে প্রদাত ভক্তি করিয়া থাকেন, যাঁহাকে কেহ কঠোর কথায় কিছু কহিলে কদাচ ক্রোধ করেন না, যিনি অন্যের ক্রোধজনক বাক্য মুখেও আনেন না, প্রত্যুত কেহ ক্রোধাবিষ্ট হইলে প্রসম করিয়া থাকেন, আজ তিনিই বনে চলিলেন। দশরথের প্রিয়মহিন্দীরা বিবৎসা ধেরুর ন্যায় এই বলিয়া উচ্চঃশ্বরে রোদন করিতে লাগিলেন। অবিরলগলিত নেত্রজলে তাঁহাদের বক্ষঃশ্বল ভাসিয়া গোল

এবং সকলেই বারংবার রাজার নিন্দাবাদে প্রবৃত্ত হইলেন।
তখন দশরথ অন্তঃপুর মধ্যে এই ঘোরতর আর্তরব প্রবণ পূর্বক
পুত্রশোকে দেহ কুণ্ডলিত করিয়া আসনে অধোমুখে লীন হইয়া
রহিলেন।

অনস্তর রাম মাতৃগণের এইরপ কাতরতা দেখিয়া বদ্ধ কুঞ্জরের
ন্যায় ঘন ঘন নিঃশ্বাস ত্যাগ করত জননীর অন্তঃপুরে উপশ্বিত হইলেন। উহার দ্বারদেশে একটি বৃদ্ধ ও অন্যান্য অনেকেই উপবিষ্ট ছিল। তাহারা রামকে দেখিবামাত্র সন্নিহিত
হইয়া জয়াশীর্বাদ প্রয়োগ করিল। তৎপরে রাম প্রথম প্রকোষ্ঠ
অতিক্রম পূর্ব্বক দ্বিতীয় প্রকোষ্ঠে প্রবেশ করিলেন।
তথায় রাজার বহুমানপাত্র বহুসংখ্য বেদজ্ঞ বৃদ্ধ আল্লণ অবস্থান
করিতেছিলেন। তিনি তাঁহাদিগকে প্রণাম করিয়া তৃতীয়
প্রকোষ্ঠে উপস্থিত হইলেন। তথায় আবালবৃদ্ধবনিতা সকলেই দ্বাররক্ষা কার্য্যে নিযুক্ত ছিল। তথায় হইতে কতকগুলি
জ্রীলোক রামকে জয়াশীর্বাদ প্রয়োগ পূর্ব্বক সংবর্ধনা
করিয়া স্কৃষ্টমনে অথ্যে গৃহ প্রবেশ পূর্ব্বক কোশল্যাকে তাঁহার
আগমন বার্ত্তা প্রদান করিল।

কোশল্যা দংযম পূর্বক রজনী বাপন করিয়া প্রাতে পুত্রের হিতার্থ স্বয়ং বিষ্ণু পূজা করিয়াছেন। তৎপরে শুক্ল বর্ণ পউবস্ত্র পরিধান ও মঙ্গলাচার সমাপন পূর্বক পুলকিতমনে ঋতিগ্ৰ- গণ দারা হোম করাইতেছিলেন। গৃহমধ্যে দিধ ছত অক্ষত মোনক হবনীয় দ্রব্য লাজ শ্বেতমাল্য পায়স ক্লার \* সমিধ ও পূর্ণকুত্ত রহিয়াছে। কোলানা ত্রতপালন-ক্লেশে ক্লাকী হইয়া দৈবকার্য্য সাধনে ব্যতিব্যস্ত আছেন। ঐ সময় তিনি দেবতপণ করিতেছিলেন। এই অবসরে তাঁহার বহুদিনের বাসনার ধন আনন্দর্বর্ধন রাম উপস্থিত হইলে তিনি দৈবকার্য্য পরিত্যাগ করিয়া বালবংলা বড়বার নায় তাঁহার নিকটস্থ হইলেন।

অনস্তর রাম কেশিল্যার চরণে প্রণাম করিলেন। কেশিল্যা তাঁহাকে আলিঙ্গন ও তাঁহার মন্তকাত্রাণ করিয়া পুত্রবাংসল্যে প্রিরাক্যে কহিলেন, বংল ! তুমি ধর্মলীল বৃদ্ধ রাজর্ধি-গণের আয়ুং কীর্ত্তি এবং কুলোচিত ধর্ম লাভ কর। দেখ, মহারাজ কেমন সত্যপ্রতিজ্ঞ, তিনি আজ নিশ্চয়ই তোমাকে যেবরাজ্যে নিয়োগ করিবেন। এই বলিয়া কেশিল্যা রামকে উপবেশনার্থ আসন প্রদান পূর্বক ভোজনে অনুরোধ করিলেন। তখন বিনীতস্থভাব রাম উপবিষ্ট না হইয়া দণ্ডকারণ্যে প্রস্থান করিবার উদ্দেশে মাতৃগোরব রক্ষার্থ অবনতমুখে অঞ্জলি প্রসারণ পূর্বক কহিলেন, জন্নি! আপ্রনির্কাক্যনারণ

<sup>\*</sup> তিল মদাুও তণ্ডল নিখিত সন্ন।

কহিলেন, জননি ! আপনার জানকীর ও লক্ষাণের কোন হুংখজনক ঘটনা উপস্থিত, বোধ হয় আপনি তাহা জানিতে পারেন
নাই। আমি এখনই দণ্ডকারণ্যে যাত্রা করিব। আর আসনে
আমার প্রয়োজন কি? এক্ষণে আমাকে ঋষিগণের বিষ্টরাসন
ব্যবহার এবং তাঁহাদিগেরই ন্যায় আমিষ পরিত্যাগ পূর্বক কন্দমূলফলে শরীর ধারণ করিয়া বনে বনে চতুর্দশ বৎসর অতিবাহিত
করিতে হইবে। মহারাজ আজ আমায় তপস্থিবেশে অরণ্যে
নির্বাসিত করিয়া ভরতকে যৌবরাজ্য প্রদান করিতেছেন।
অতএব আমি চতুর্দ্দশ বৎসর বলকল ধারণ ও বানপ্রস্থের ন্যায়
আচরণ করিব।

কেশিল্যা এই বাক্য শ্রবণ করিবামাত্র কুঠারচ্ছিন্ন শালযফির ন্যায় স্বরলোক-পরিজ্ঞ স্বরনারীর ন্যায় তৎক্ষণাৎ
ভূতলে নিপতিত হইলেন। যিনি কখনই হুঃখ সহু করেন
নাই, রাম তাঁহাকে কদলীর ন্যায় ধরাসনে শয়ান ও মূর্চ্ছিত
দেখিয়া ব্যস্তসমন্তচিতে উত্থাপিত ক্রিলেন এবং বড়বা যেমন
ভার বহন পূর্ব্বক শ্রমাপনোদনার্থ ভূপৃষ্ঠে লুঠিত হয়, তাঁহাকে
সেইরপ লুঠিত ও ধূলিধ্সরিত দেখিয়া স্বয়ং স্বহস্তে তাঁহার
সর্বাঙ্গ মুছাইতে লাগিলেন।

অনস্তর কৌশল্যা এই অপ্রিয় সংবাদে নিতান্ত ব্যথিত

ইয়া লক্ষ্মণের সমক্ষে রামকে সম্বোধন পূর্বক কহিলেন, বংস.!

কেবল ক্রেশের নিমিত্ত যদি না তোমায় উদরে ধরিতাম. তাহা হইলে লোকে নয় আমাকে বন্ধ্যা বলিত, কিন্তু তদপেকা অধিক হুঃখ আর আমায় সহু করিতে হইত না। 'আমি নিঃসম্ভান' বন্ধ্যার কেবল এই একটি মাত্রই হুঃখ, ভদ্ভিন্ন আর কিছুই নাই। রাম! স্বামী অনুরক্ত হইলে দ্রীলোকের যে স্থৰ্মে ভাগ্য লাভ হয়, ভাগ্যে তাহা ঘটে নাই ; একটি পুত্ৰ হইলে সব হুঃখই দূর হইবে, এই আখাসেই এত কাল প্রাণ ধারণ করিয়াছিলাম। আমি রাজার জ্যেষ্ঠা মহিষী, অভংপার আমায় কনিষ্ঠাদিগের হৃদয়বিদারক অপ্রীতিকর কথা শুনিভে হইবে ৷ বংস ! সপতীগণের বাক্যযন্ত্রণা সহ্য করা অপেকা দ্রীলোকের কন্টকর আর কি আছে। আনার যেমন হুংখ শোকের সীমা নাই এরূপ আর কাহারই দেখিতে পাওয়া ষায় না। তুমি থাকিতেই যখন সপত্নীরা আমার এইরূপ দুর্দ্দশা করিল, তখন তুমি নির্বাসিত হইলে যে কি হইবে বলিতে পারি না; হা্! পতি প্রতিকুল বলিয়া কৈকে-রীর কিন্ধরী সকল কতই অবমাননা করিয়াছে। আমি উহাদের সমান বা উহাদের অপেকাও অধম হইয়া আছি। বাহারা আমার অনুগত হয়, আমার সেবা শুক্রা করে, ভাহারা কৈকেয়ীর পুত্র ভরতকে আসিতে দেখিলে ভয়ে আর আমায় সম্ভাষণ করে না। বৎস! কৈকেয়ী সর্বাদাই

ক্রোধভরে রহিয়াছে, তোমাকে বনে বিসর্জন দিয়া বল কিরূপো ঐ কর্কশভাষিণীর মুখ দর্শন করিব। উপনয়নের পর তোমার বয়স সপ্তদশ বৎসর হইয়াছে, এতদিন কেবল হুংখাবসানের আশাতেই অতিবাহিত হইয়া গেল: এখন আমি জীৰ্ণ হইয়া পডিয়াছি, চির দিনের নিমিত্ত ভোমার এই অক্ষয় বনবাস হুঃখ আর সহ্য করিতে পারিব না এবং সপত্রীদিগের অভ্যাচারও আর আশার সহিবে না। তোমার এই পূর্বচন্দ্রের ন্যায় স্থব্দর আনন সন্দর্শন না করিয়া বল কিব্লপে দীনভাবে কালাভিপাত করিব। হা! অতঃপর সকলে এই বলিয়া আকেপ করিবে যে কৌশল্যার জীবন কেবল ক্লেশে ক্লেশেই গিয়াছে। আমি অতি মন্দভাগিনী, কত কন্ট কত উপবাস করিয়া তোমায় রাড়াইলাম, হ্রদৃষ্টক্রমে সমুদায় পণ্ড হইয়া গেল। বর্ষাসলিলে নদীকুলের ন্যায় আমার হাদয় যখন এই ছুংখেও বিদীর্ণ হইল না, তখন বোধ হইতেছে ইহা নিতাম্বই কঠিন। এই হতভাগিনীর মৃত্যু নাই—যমালয়েও স্থল নাই। মৃগরাজ সিংহ যেমন সহসা সজলনয়না কুরঙ্গীকে লইয়া যায়, কতান্ত আজ কেন আমায় সেইরপ লইলেন না। এখন নিশ্চয়ই বোধ হইতেছে, আমার এই হৃদয় লোহময়! তোমার মুখে এই ছঃখের কথা যেমন শুনি-শাম, দওবৎ অমনিই ভূতলে পড়িলাম, কিন্ধু ইহা বিদীণ হইল না, এই ছঃখভারপ্রাস্ত দেহও শতধা চূর্ণ হইয়া গেল না । একবে

বোধ হইতেছে, অসময়ে মৃত্যু সকলের ভাগ্যে স্থলভ নছে।

যদি হইত, তবে ভোমা বিনা আজিই ভাহা দেখিতে পাইভাম। বাছা! ভোমারে বনবাস দিয়া আমার এই জীবনে
প্রয়োজন কি? ধেনু যেমন বংসের অনুসরণ করে, সেইরূপ
ক্ষেহের প্রেরণায় আজ অরণ্যে ভোমার পশ্চাৎ পশ্চাৎ যাইব।

হা! আমি পুত্রের নিমিত্ত এত যে তপ জপ করিয়াছি, উষরক্ষেত্র-নিপতিত বীজের ন্যায় সমুদায়ই নিক্ষল হইয়া গোল!

দেবী কেশিল্যা রামকে সভ্যপাশে বন্ধ দেখিয়া এবং তাঁহার বিয়োগে সপত্নীকৃত ছংখপরম্পরা পর্য্যালোচনা করিয়া পাশ-সংযত পুত্র-দর্শনে কিন্নরীর ন্যায় শোকাবেগে এইরপ বিলাপ ও পরিভাপ করিতে লাগিলেন।

# একবিংশ সর্গ।

অনস্তার দীন লক্ষ্মণ রামজননী কোশল্যাকে এইরপ শোকা-·কুল দেখিয়া তৎকালোচিত বাক্যে কহিতে লাগিলেন, আর্য্যে! এই রমুপ্রবীর রাজ্ঞী পরিত্যাগ করিয়া যে বন প্রস্থান করিবেন, ইহা সুসঙ্গত হইতেছে না। মহারাজ বৃদ্ধ হইয়াছেন, তাঁহার প্রকৃতির বৈপরীত্য ঘটিয়াছে। তিনি বিষয়াসক্ত কামার্ভ ও দ্রৈণ, স্বতরাং দ্রীলোকের মন্ত্রণায় তিনি কি না বলিবেন। তার্য্য রাম নির্বাসিত হইবেন এমন কি অপরাধ করিয়াছেন। পরোক্ষেত্র ইহাঁর দোষ কীর্ত্তনে সাহস করিতে পারে, অপরাধী শক্র মধ্যেও আমি অভাবধি এমন কাহাকেই দেখি না। ইনি দেবপ্রভাব সরল-মভাব ও নির্লোভ । শক্রর প্রভিও ইহাঁর অসাধারণ স্নেছ। একণে ধর্মের মুখাপেকা করিয়া কোন্ ব্যক্তি - অকারণে এইরপ গুণবান পুত্রকে পরিত্যাগ করিবে। মহা-রাজ পুনরায় বালকের ন্যায় নিতান্ত অবিবেচক ভ্রয়াছেন,

কোন পুত্রই বা পূর্ব্ধ-নুপতি-চরিত্র পর্য্যালোচনা করিয়া তাঁহার আদেশ শিরোধার্য করিয়া লইবে। আর্য্য! আপ-নার এই নির্বাসন-সংবাদ প্রচার না হইতেই আপনি আমার সাহায্যে সমস্ত রাজ্য হস্তগত কৰুন। আমি যখন সাক্ষাৎ কুতান্তের ন্যায় শরাসন ধারণ পূর্বক আপনার পার্শ্ব রক্ষা করিব, তেখন কাছার সাধ্য যে, অভিযেকের বিষ मम्भामन कतिरव । यमि विरम्नत कान ऋष्ठेना मिथि, निम्ध्यहे कहिट्छि, यूजीक भेरत वाराभा नगती निर्मन्या कतिव। যে ব্যক্তি ভরতের পক্ষ, যে তাহার হিতাভিলাধ করিয়া থাকে, আমি আজ ভাহাদের সকলকেই বিনষ্ট করিব; আপনি নিশ্চয় জানিবেন যে মৃত্রতাই পরাভবের কারণ হইয়া থাকে। আর্য্য। অধিক আর কি কহিব, পিতা কৈকেয়ীর প্রতি সম্ভট হইয়া তাহারই উৎসাহে যদি আমাদিগের বিপক্ষতা করেন, তবে তাঁহাকেও সংহার করিতে হইবে। গুৰু যদি কার্য্যা-কার্য্যবিচার-শূন্য ও গর্ষিত হন, তাঁহাকে শাসন করা ধর্মসঙ্গত। দেখুন জ্যেষ্ঠত্ব-নিবন্ধন রাজ্য আপনারই প্রাপ্য, স্নতরাং মহারাজ কোন বলে এবং কোন যুক্তিতেই বা কৈকে-য়ীকে তাহা দিবার অভিলাষ করিয়াছেন। আমি মুক্তকঠে কহিতেছি, আপনার ও আমার সহিত শক্ততা করিয়া অন্থ কেছই ভরতকে রাজ্য প্রদান করিতে পারিবে না।

দেবি ! আমি যথার্থতই হৃদয়ের সহিত রামকে প্রীতি করিয়া থাকি । এক্ষণে সত্য, শরাশন ও প্রিয় বস্তর উল্লেখ করিয়া শপথ করিতেছি, যদি রাম হুতাশন বা অরণ্যে প্রবেশ করেন, আপনি নিশ্চয় জানিবেন আমি ইহার অত্রেই তয়ধ্যে প্রবিষ্ট হইব । দিবাকর যেমন অন্ধকার নম্ট করেন, সেইরপ আমি স্ববীর্যা প্রভাবে আপনার ছঃখ দূর করিব । এক্ষণ্ণে আপনি ও আর্যা রাম আপনারা উভয়েই আ্নার পরাক্রম প্রত্যক্ষ করন । আমি কৈকেয়ীর প্রতি অনুরক্ত বৃদ্ধ হইয়াও বালস্বভাবাপন্ন পিতাকে এখনই বিনাশ করিব ।

দেবী কেশিল্যা মহাবার লক্ষ্মণের এইরপ বাক্য প্রবণ করিয়া শোকাকুলিত মনে সাঞ্জনয়নে রামকে কহিলেন, বংস! লক্ষ্মণ যাহা কহিলেন, তুমিত তাহা প্রবণ করিলে? এক্ষণে যদি তোমার অভিপ্রেত হয়, তবে ইহাঁরই মতারুবর্তী হও। তুমি আমার সপত্নী কৈকেয়ীর অধর্মজনক বাক্যে শোক-বিহ্বলা জননীকে পরিত্যাগ করিয়া যাইও না। যদি ভোমার ধর্মানুষ্ঠানের বাসনা হইয়া থাকে, গৃহে অবস্থান করিয়াই আমার সেবা কর, তাহাতেই ভোমার ধর্ম সঞ্চয় হইতে পারিবে। দেখ, মহর্ষি কাশ্যপ নিয়তকাল গৃহে থাকিয়াই মাতৃ সেবা করিয়া-ছিলেন, সেই পুণ্যবলেই স্বর্গলাভ করেন। গুরুত্ব নিবন্ধন মহা-রাজের ন্যায় আমিও ভোমার পুজনীয়, এই কারণে আমি ভোমায়

বনগমন করিতে দিব না। বৎস! তোমাকে বিদায় দিয়া আমার জীবন ও স্থথেই বা প্রয়োজন কি, তোমায় লইয়া তৃণ ভক্ষণ পূর্বক কালাতিপাত করাও আমার শ্রেয়। তুমি আমাকে শোকাকুল দেখিয়াও যদি পরিত্যাগ করিয়া বনে যাও, তাহা হইলে আমি অনশনে দেহপাত করিব। আমি আত্মঘাতিনী হইলে সমুদ্র যেমন ব্রক্ষহত্যা পাপে লিপ্ত হইয়াছিলেন, তদ্ধপ তুমিও এই অধর্মে নরকস্থ হইবে।

রাম জননীকে দীন ভাবে এইরূপ বিলাপ ও পরিতাপ করিতে দেখিয়া ধর্মসঙ্গত বাক্যে কহিলেন, মাতঃ! আমি পিতৃ আজ্ঞা লঙ্খন করিতে পারি না ; আপনার চরণে ধরি, বন-গমনে আমায় অনুজ্ঞা কৰুন। দেখুন, বনবাসী মহর্ষি কণ্ড অধর্ম জানিয়াও পিতৃ-আজ্ঞায় ধেনু নফ করিয়াছিলেন। পূর্বে আমাদিগেরই বংশে মহারাজ সগরের আদেশে ভাঁহার ষষ্টি সহত্র পুত্র ভূমি খননে প্রবৃত্ত হইয়া বিনাশ প্রাপ্ত হন। জম-দগ্নিনন্দন মহাবীর রামও পিতৃনিয়োগ লাভ করিয়া অরণ্যে কুঠার দ্বারা জননীর শিরশ্ছেদন করিয়াছিলেন। দেবি! এই সমস্ত দেবতুল্য মহাত্মা এবং অন্যান্য অনেকেই পিতৃ-আজ্ঞা পালন করিয়াছিলেন ; অতএব যাহাতে পিতার মঙ্গল হয়, আমি তাহাই করিব। দেখুন কেবল আমিই যে পিতার আজ্ঞানুবর্ত্তী হইতেছি, তালা নহে, যে সমস্ত দেবতুল্য মহাঝার নামো-

ह्मिश कित्रनाम, देहाँ ता अध्यादे देहात शथ श्रमम्म कित्रिया शियाहिम । शृर्स्त यादात अनुकीन ना हदेशाहि, आमि এहेन शर्म्य
आश्नारक श्रविङ्ख कित्रिष्ठि ना, शृर्स्त् जन महात्रामिरगत
अख्रिशं अ अनुमृष्ठ शथहे आमात अशृहनीय । जनिम ।
शिष्-आख्रा शोलन मनूर्यात थकि कर्षता कर्मा, थहे
जनाहे आमि थहे विवस्त मित्रिस्य यञ्जान् हहेशाहि ६ आश्रमि
किष्कुर् हें अर्था विस्तृतना कित्रियन ना । स्मून शिषात
आख्रानुवर्खी हहेल कान काल कादातह धर्महानि इस ना ।

মহাবীর রাম জননী কেশিল্যাকে এইরপ কহিয়া পুনরায় লক্ষণকে কহিলেন, লক্ষণ! তুমি যে আমাকে ক্ষেহ করিয়া থাক, আমি তাহা বিলক্ষণ জ্ঞাত আছি এবং তোমার বল বীর্য্য ও চুর্বিষহ তেজও সম্যক জানিয়াছি। এক্ষণে জননী আমার সভ্য ও শাস্ত অভিপ্রায় বুরিতে না পারিয়া আমার বনগমন-বার্তায় যার পর নাই কাতর হইতেছেন। দেখ,-লোকে ধর্মকেই উৎকৃষ্ট পদার্থ বলিয়া স্থাকার করে, এবং ধর্মেই সভ্য প্রতিভিত আছে। পিতা আমাকে যে বিষয়ে আদেশ করিয়াছেন, তাহা ধর্মসংক্রান্ত। যে ব্যক্তি ধার্মিক, পিতা মাতা বা ত্রাক্ষণের নিকট অঙ্গীকার করিয়া রক্ষা না করা তাঁহার নিতান্ত অকর্তব্য। স্কেরাং আমি যখন পিতার নিদেশ ও দেবী কৈকেন্দ্রীর আদেশ পাইয়াছি, তখন বনগমনে কোন মতে ক্ষান্ত হইতে

পারি না। এই কারণে কহিতেছি তুমি নিতান্ত গার্হিত ক্ষত্রির বর্মানুরপ বুদ্ধি এখনই পরিত্যাগ কর। যে ধর্ম অতি কঠোর, তাহা আশ্রয় করিও না। এক্ষণে আমারই মতানুবর্তী হও।

রাম ভাত্ত্বেহে ভাতা লক্ষণকে এইরূপ কহিয়া ক্রডাঞ্জলি-পুটে কৌশল্যাকে কহিলেন, দেবি! আমি বনে যাইব, আপনি অনুমতি প্রদান কৰুন। আমার দিব্য, আপনি আমার এই শ্রেরে বিম্নাচরণ করিবেন না। রাজর্ষি যযাতি যেমন ভূমি হইতে স্বর্গে আগমন করেন, সেইরূপ আমি প্রতিজ্ঞা উত্তীর্ণ ছইয়া পুনরায় গুহে প্রভাগমন করিব। শোক করিবেন না, মনের হুঃখ মনেই সংবরণ করুন। আমি নিশ্চয় কহিতেছি. পিতার আদেশ পালন করিয়া বনবাস হইতে পুনর্কার গৃহে প্রত্যাগমন করিব। দেখুন আপনি, আমি, জানকী, লক্ষণ ও স্থমিত্রা আমরা এই কএক জন, পিতা যাহা বলিবেন, তাহাই করিব, ইহাই যথার্থ ধর্ম। এক্ষণে দুঃখ শোক পরিত্যাগ ককন এবং অভিষেক ব্যাপারে কান্ত হইয়া আমারই এই ধর্মবুদ্ধির অনু-সারিণী হউন।

রাম অবিকৃত মনে বিনীত বচনে এইরূপ যুক্তিসঙ্গত বাক্য প্রয়োগ করিলে দেবী কোশল্যা মূচ্ছিতের ন্যায় যেন পুনরায় সংজ্ঞা লাভ করিলেন এবং নির্ণিমেষ লোচনে রামের প্রতি দৃষ্টিপাত পূর্ব্ধক কহিলেন, বৎস! আমি ভোমাকে অভি বিদার দিরা পৃথিবীতে বাঁচিবার ফল কি, অন্তরাং মহারাজের বিদার দিরা পৃথিবীতে বাঁচিবার ফল কি, অন্যান্য আত্মির বা আর কি হইবে ? যদি সংসারের সকল সম্পর্ক পরিভ্যাণ করিয়া তোরে মুহুর্তেকের নিমিত্তও দেখিতে পাই, ভাহাও ভাল ।

তখন অন্ধকারপ্রবিষ্ট হস্তী যেমন উল্কা-দণ্ড-ম্পৃষ্ট হইয়া ্কোষে প্রজ্ঞালিত হইয়া উঠে, সেইরূপ রাম জননী কেশিল্যার এই প্রকার কৰণ বাক্যে একান্ত ক্রোধাবিষ্ট হইয়া উঠি-লেন। সমূধে মাতা শোকে বিচেতনপ্রায়, ভাতা লক্ষণ ও ছঃখে একান্ত আর্ত্ত সন্তপ্ত, তদ্দর্শনে রাম আপনার ধর্মবৃদ্ধি-রই অনুরূপ বাক্যে কহিতে লাগিলেন, লক্ষণ! আমার উপর তোমার যে ঐকান্তিক ভক্তি আছে, আমি তাহা জ্ঞাত আছি এবং তোমার পরাক্রম যে অসাধারণ, ভাষাও জানি: কিন্তু মামি ভোমাকে ভূয়োভূয়: নিষেধ করিতেছি, ভূমি আমার অভি-প্রায় বুঝিতে না পারিয়া জননীর সহিত আমাকে আর হুঃখিত कत्रिक ना। वह जीवलात्क शूर्वक्रच धर्मत्र कलारशिकाल উপৰিত হইলে ধৰ্ম অৰ্থ কাম এই তিনই উপলব্ধ হইয়া পাকে, সভরাং যে কার্য্যে ধর্ম অর্থ ও কাম এই ভিনই প্রাপ্ত

হওয়া যায়, তাঁহা হৃদয়হারিণী একান্ত বশ্যা পুত্রবতী ভার্যার नांश अवनारे म्लुर्सीय मत्मर नारे। किन्छ याशांक धर्मानि কিছুরই সমাবেশ দৃষ্ট 'হয় না, তাহার অনুষ্ঠান শ্রেয়স্কর নছে। যাহাতে ধর্ম সংগ্রহ হয়, তাহাই করিবে। যে ব্যক্তি উপেকা-দোবে ধর্ম নত করিয়া কার্থপর হয়, সে লোকের দেবভাজন হইয়া থাকে। আর ধর্মবিরহিত কামও কৌন্দ্রনে প্রশস্ত বলিয়া পরিগণিত হইতে পারে না। দেখ আমাদিগের রন্ধ পিত। ধনুর্বেদ প্রভৃতিতে আমাদিগকে সম্যক উপদেশ দিয়াছেন। তিনি কাম ক্রোধ অথবা হর্ষ বশতই হউক, যেরূপ আজ্ঞা দিবেন, ধর্মবোধে কে তাহার অনুষ্ঠান না করিবে ? এই কারণে পিতা যে প্রতিন্ত্রা করিয়াছেন, তাহার বিৰুদ্ধাচরণ করিতে আমি সমর্থ হইতেছি না। মহারাজ আমাদিগের পিতা, আমাদিগের উপর তাঁহার সর্বান্ধীন প্রভুতা আছে। বিশেষতঃ দেবীর তিনি ভক্তা, তিনিই গতি ও তিনিই ধর্ম। অধিক আর কি কহিব তিনি জীবিত আছেন, বিশেষত পুত্র পরিত্যাগ করিয়াও ধর্ম-রক্ষায় প্রস্তুত হইয়াছেন, এইরূপ অবস্থায় তাঁহার আজ্ঞাক্রমে দেবীও অন্য অনাথা স্ত্রীলোকের ন্যায় আমার সহিত এই স্থান হইতে বহিষ্ঠত হইতে পারেন। অতএব ইনি কনগমন বিষয়ে আমায় আদেশ ককন, আমি ব্রতকাল পূর্ণ করিয়া বাহাতে প্রভাগমন করিতে পারি, আমায় এইরপ আলীর্বাদ ককন। দেবি! আমি রাজ্য লোভে মহাফলজনক বশে কিছুতেই উপেকা করিতে পারিব না। জীবন কাহারই চিরস্থায়ী নহে. স্থতরাং অধর্মানুসারে অদ্য এই তুচ্ছ পৃথিবীকে হস্তগত করিতে আমার কিছুতেই স্পৃহা হইবে না।

মনুজপ্রধান রাম অক্ষুদ্ধচিত্তে দণ্ডকারণ্য প্রস্থান করিবার নিমিত্ত বীর লক্ষণকে এইরপ উপদেশ দিয়া জননীকে প্রদ-ক্ষিণ ও প্রসন্ন করিয়া তথা হইতে নিষ্ফ্রান্ত হইবার ইচ্ছা করিলেন।

### षाविश्न नर्ग।

অনস্তার লক্ষণ রামের এইরূপ রাজ্যনাশ ও বনবাস আলো-চনা করিয়া ত্রংখে অিরমাণ হইরা রহিলেন। রামের ছর্দশা ভাঁছার কোন মতেই সহু হইল না : নেত্রযুগল ক্রোগে বিশ্ফা-রিত হইয়া উঠিল। তখন সুধীর রাম ক্রোধাবিষ্ট হন্তীর নাার প্রিয়মিত্র স্থমিত্রানন্দন লক্ষণকে সম্মুখীন করিয়া অবিক্তমনে কহিতে লাগিলেন, বংস! এক্ষণে ক্রোধ শোক এবং এই অবমাননাকে হৃদয়ে স্থান প্রদান করিও না। আমার নিমিত্ত যে অভিষেকের আয়োজন হইয়াছে, ধৈগ্য ও হর্ষের সহিত ভাষা বিদূরিত কর এবং এই বনগমনরূপ অবিনশ্বর যশের সাহায্যে প্রবৃত্ত হও। আমার অভিযেকের দ্রব্য সামগ্রী সংগ্রহ করিবার নিমিত্ত তুমি যেরপ যত্ন স্থীকার করিয়াছিলে, অভিষেক নিবৃত্তির নিমিত্তও সেইরূপ যত্ন কর। রাজ্যাভিষেকের কথা শুনিয়া যাহাঁর সম্ভাপ উপস্থিত হইয়াছে, আমাদিগের সেই মাতা কৈকেরীর

ষাহাতে শক্কা দূর হয়, তুমি সেই কার্য্যে প্রবৃত্ত হও। তাঁহার অম্ভরে যে অনিষ্ট-আশক্ষা-মূলক ত্রঃখ উৎপন্ন হইয়াছে, আমি মুহূর্ত্তকালের নিমিত্তও তাহা উপেক্ষা করিতে পারি না। জ্ঞান বা অজ্ঞান বশতই হউক পিতামাতার নিকট যে সামান্য মাত্র অপরাধ করিয়াছি, ইহা কদাচই আমার স্মরণ হয় না ৷ আমার পিতা সভাবাদী ও সভাপ্রতিজ্ঞ। তিনি পরলোক-ভয়ে নিতান্ত ভীত হইয়ীছেন। একণে তাঁহার ভয় দূর হউক। অভি-ষেকের অভিলাষে ক্ষান্ত না হইলে পিতা আপনার কথা রক্ষা হইল না দেখিয়া যৎপদ্রোনাত্তি মনস্তাপ পাইবেন, ভাঁহার হু:খ আমাকেও মর্মবেদনা দিবে; এই কারণে আমি রাজ্য-লোভ পরিত্যাগ করিয়া এখনই এই পুরী হইতে নির্গত • হইবার ইচ্ছা করি। আমি নির্গত হইলে আজ কৈকেয়ী কৃতকার্য্য হইয়া নিক্ষণকৈ আপনার পুত্র ভরতকে রাজ্যে অভিযেক করিবেন। আমি জটাবল্কল ধারণ পূর্ব্বক অরণ্যে প্রস্থান कत्रित्न जिनि मत्नत्र द्वर्थ कालगार्थन कत्रिर्ज शातिर्वन । ষিনি কৈকেয়ীকে এই বৃদ্ধি প্রদান করিয়াছেন, তিনিই স্বাবার এই বুদ্ধির অনুযায়ী কার্য্যসাধনে তাঁহাকে অটল রাখিয়া-ছেন; স্বভরাং আমি দেবীর মন:ক্ষোভ জন্মাইতে কোন मछ्डे भावित ना, अधनरे वनवारमास्मा श्रेष्ट्रान कतित। লক্ষণ! প্রাপ্তরাজ্যের পুন: প্রত্যাহরণ ও আমার নির্বাসন এই

इरे विषया रेमवरे कांत्र मर्च नारे। श्रामात প্রতি কৈকে-ম্নীর মনের ভাব যে এইরূপ কলুষিত হইয়াছে, দৈবই ইহার নিদান, তাহা না হইলে কৈকেয়া আমায় দ্বংখ দিবার নিমিত্ত কখনই এইরপ অধ্যবসায় করিতেন না। ভাই ! তুমি ত জ্বানই যে আমি কোন কালে মাতৃগণের মধ্যে কাহাকেই ইতর বিশেষ করি নাই, আর কৈকেয়ীও আমাকে ও ভরতকে কখন ভিন্ন ভাবে দেখেন নাই; স্বতরাং তিনি অতি কঠোর বাক্যে যে আমার রাজ্যনাশ ও বনবাস প্রার্থনা করিয়াছেন. ত্রিষয়ে দৈব ভিন্ন অন্য কোন কারণই দেখি না। দেবী কৈকেয়া সৎস্বভাবা ও গুণবতী হইয়া ভর্তুসমক্ষে সামান্য खीलाटकत नाम य जामाम क्रिक्त वाका श्रीसाम कतित्वन. দৈব ভিন্ন ইহার অন্য কোন কারণই দেখি না । যাহা অচিন্তনীয় তাহাই দৈব; জীবগণের অধিষ্ঠাতা ত্রন্ধাদি দেবতারাও এই দৈবকে অতিক্রম করিতে পারেন না। এই দৈব প্রভাবেই কৈকেয়ীর ভাব-বৈপরীত্য ও আমার রাজ্যনাশ উপস্থিত হইয়াছে। বৎস! কর্মফল ব্যক্তীত যাহার ক্রেয় আর কিছুই নাই, সেই দৈবের সহিত কোন ব্যক্তি প্রতিদ্বন্ধিতা করিতে সাহসী হইবে। সুখ ছঃখ ভয় ক্রোধ ক্ষতি লাভ বন্ধন ও মুক্তি এই সমস্ত বিষয়ের মধ্যে ছুর্জ্জেয়-কারণ এমন यांश किছू घरिष्ठित्ह, उৎসমুদায়ের মূলই দৈব। দেখ

উত্তাতপা তাপদেরা দৈববশতই কঠোর নিয়ম সমুদায় পরিত্যাগ করিয়া কাম ও ক্রোধে অভিভূত হইয়া থাকেন। এই জীবলোকে আরব্ধ কার্য্য প্রতিহত করিয়া অকস্মাৎ যে কোন অসংকম্পিত বিষয় প্রবর্ত্তিত হয়, তাহা দৈবের বিলাস ভিন্ন আর কিছুই নহে।

লক্ষণ ! একণে যদিও অভিষেকের ব্যাঘাত ঘটিভেছে, কিন্ত এই তত্ত্ত্তান দারা আপনাকে প্রবোধিত করিতে পারিলে তোমার আর কিছুমাত্র পরিতাপ উপস্থিত হইবে না। তুমি এই উপদেশ-বলে ছুঃখ সংবরণ করিয়া আমার মতারুবর্ত্তী হও এবং অভি-বেকের আয়োজনে শীত্র সকলকে নিরস্ত কর। আমার অভিষেক সাধনার্থ যে সকল জলপূর্ণ কলস স্থাপিত রহিয়াছে, এক্ষণে ঐ সমস্ত দারা আমার তাপস-ত্রতের আনক্রিয়া সমাহিত হইবে। অথবা অভিষেকসংক্রান্ত এই সমুদায় দ্রব্যে দৃষ্টিপাড করিবার আর আবশ্যকতা নাই, আমি স্বহস্তেই কৃপ হইতে জল উদ্ধৃত করিয়া বনবাস-ত্রতে দীক্ষিত হইব। ভাই! রাজ্য-লক্ষ্মী হস্তগত হইল না বলিয়া তুমি দুঃখিত হইও না, রাজ্য ও বন এই উভয়ের মধ্যে বনই প্রশস্ত। দৈবের প্রভাব যে ফিরপ তুমিত ভাষা জ্ঞাত হইলে; স্বভরাং এই রাজ্যনাশ বিষয়ে দৈবোপহত পিতা ও কনিষ্ঠা মাতার দোষা-শকা করা আর ভোমার কর্ত্তব্য হইতেছে না।

#### ब्राविश्य मर्ग।

O Com

রাম এইরপ কহিলে মহাবীর লক্ষ্মণ সহসা তুঃখ ও হর্ষের মধ্যগত হইয়া অবনতমুখে কিয়ৎক্ষণ চিম্ভা করিলেন এবং ललांहे अक् के विश्व श्री विश्व विश्व के ক্রোধভরে ঘন ঘন নিশ্বাস পরিত্যাগ করিতে লাগিলেন। তৎকালে তাঁহার বদনমণ্ডল নিতাস্ত ছনিরীক্ষ্য হইয়া উঠিল এবং কুপিত সিংহের মুখের ন্যায় অতিভীষণ বোধ হইতে লাগিল। অনন্তর হন্তী যেমন আপনার শৃণ্ড বিক্ষেপ করিয়া থাকে. তদ্ধপ তিনি হস্তাএ বিক্ষিপ্ত এবং নানা প্রকারে ত্রীবাভঙ্গি করিয়া বক্রভাবে কটাক্ষ নিক্ষেপ পূর্ব্বক কহিতে লাগিলেন, আর্য্য! ধর্মদোষ পরিহার এবং সৃষ্টান্তে लाकिनगरक मर्गानाम्न स्रापन এই ছুই कान्नर वन গমনে আপনার যে আবেগ উপস্থিত হইয়াছে, ডাহা নিভাস্ত ভান্তিমূলক। আপনার যদি আবেগ উপস্থিত না হইত, ভাহা হইলে ভবাদৃশ ব্যক্তির মুখ হইতে কি এইরূপ বাক্য নির্গত

হওয়া সম্ভব ? আপনি অনায়াসেই দৈবকে প্রভ্যাখ্যান করিতে পারেন, তবে কি নিমিত্ত একান্ত শোচনীয় অকিঞ্চিৎকর দৈবের 'প্রশংসা করিতেছেন। মহারাজ অতি পাপাত্মা, রাজমহিষী কৈকেয়া অতি পাপীয়সী, ইহাঁদিগের পাপস্বভাবে আপনার কেন বিশ্বাস জ্বিভেছে না? ধর্মাত্মন! আপনি কি বিদিত নহেন যে, এই জীবলোকে অনেকেই কেবল ধর্মের ভান করিয়া কালাভিপাত করিয়া থাকে? দেখুন, মহারাজ ও কৈকেয়ী স্বার্থের অনুরোধে ভবাদৃশ সচ্চরিত্র পুত্রকে শঠতা 'পূর্ব্বক পরিত্যাগ করিতেছেন। শঠতা দ্বারা আপনাকে বঞ্চিত করা তাঁহাদিগের অভিপ্রায় না হইলে, তাঁহারা রাজ্যাভিষেকের উদ্যোগ করিয়া কদাচই তাহার বিদ্নাচরণ করিতেন না। আর যদি বরপ্রসঙ্গ সত্য হইত, অভিষেক আরডের পূর্বেই কেন তাহার স্থচনা না হইল ? যাহাই হউক জ্যেষ্ঠকে অতিক্রম করিয়া কনিষ্ঠের রাজ্যাভিষেক নিতান্ত গহিতি, মহারাজ তাহারই অনুষ্ঠান করিতেছেন। হে বীর! এই জ্বেষ্য ব্যাপার আমার কিছুতেই সহ্যহইতেছে না। এক্ষণে আমি মনের ছঃখে বাহা কিছু কহিতেছি, আপনি ক্ষমা করি-বেন। আরও আপনি যে ধর্মের মর্ম অনুধাবন করিয়া ' মুদ্ধ হইডেছেন, যাহার প্রভাবে আপনার মতদ্বৈধ উপস্থিত **ट्रे**शाष्ट्र, जामि म्बे धर्माक्टे द्वा कति। जाशिन कर्मक्य.

তবে কি কারণে সেই দ্রৈণ রাজার ছণিত অধর্মপূর্ণ বাক্যের বশীভূত হইবেন ? এই যে রাজ্যাভিষেকের বিশ্ব উপস্থিত হইল, वत्रमानकल्हे हेशांत्र कांत्रण ; किन्ह जार्शन त्र छाहा स्रीकांत করিতেছেন না, ইহাই আমার ছুঃখ; ফলতঃ আপনার এই ধর্ম-বৃদ্ধি নিতান্তই নিন্দনীয় সন্দেহ নাই। আপনি অকারণে রাজ্য-পদ পরিত্যাগ করিয়া যে অরণ্যে প্রস্থান করিবেন, ইহাতে ইতর সাধারণ সকলেই আপনার অবশ বোষণা করিবে। মহা-রাজ ও কৈকেয়ী কেবল নামমাত্রে পিতা মাতা, বস্তুত তাঁহারা পরম শক্র, বাহাতে আমাদিগের অনিষ্ট হয়. প্রতিনিয়ত ভাহারই চেষ্টা করিয়া থাকেন; আপনি ব্যভিরেকে মনে मत्नर् जैहामिरात्र मक्षण मिन कतिर् कहि कहे मध्य नहा । ভাঁছারা আপনার রাজ্যাভিষেকে বিঘাচরণ করিলেন, আপনিও ভাছা দৈবক্ত বিবেচনা করিভেছেন, অনুরোধ করি, এখনই এইরূপ ছুর্বৃদ্ধি পরিভ্যাগ করুন, এই প্রকার দৈব কিছুভেই আমার প্রীতিকর হইতেছে না। যে ব্যক্তি নিক্তেজ, নির্মীর্য্য, সেইই দৈবের অনুসরণ করে, কিন্তু যাঁহারা বীর, লোকে যাঁহা-দিগের বল বিক্রমের প্লাঘা করিয়া থাকে, ভাঁছারা কলাচই দৈবের মুখাপেক্ষা করেন না। যিনি স্বীয় পৌৰুষপ্ৰভাবে रेमवरक निव्रंख कविराज ममर्थ इन, रेमववरल जाँशव चार्षश्रीन हरेलि अवमन्न इन ना। आर्या ! आक लांकि देनववल धवः

পুৰুষের পৌৰুষ উভয়ই প্রত্যক্ষ করিবে। অন্য দৈব ও পুৰুষ-কার উভয়েরই বলাবল পরীক্ষা হইবে। যাহারা আপনার ারাজ্যাভিষেক দৈবপ্রভাবে প্রতিহত দেখিয়াছে, আজ তাহা-রাই জামার পোৰুষের হত্তে তাহাকে পরাস্ত দেখিবে। আজ আমি উচ্চপ্রল তুর্দান্ত মদস্রাবী মত কুঞ্জরের ন্যায় দৈবকে স্বীয় পরাক্রমে প্রতিনিবৃত্ত করিব। পিতা দশরথের কথা দূরে খাকুক, সমস্ত লোকপাল, অধিক কি ত্রিজগতের সমস্ত লোকও আপনার রাজ্যাভিষেকে ব্যাঘাত দিতে পারিবে ্না। যাহারা পরস্পর একবাক্য হইয়া আপনার অরণ্যবাস সিদ্ধান্ত করিয়াছে, আজ তাহাদিগকেই চতুর্দ্দশ বৎসরের নিমিত্ত নির্বা-সিত হইতে হইবে। আপনার অনিষ্ট সাধন করিয়া ভরতকে রাজ্য দিবার নিমিত্ত রাজা ও কৈকেয়ীর যে আশা উপস্থিত হইয়াছে, আজ আমি ভাহাই দধ্য করিব। যে আমার বিরোধী, আমার ছুর্বিষহ পৌক্ষ যেমন তাহার ছঃখের কারণ रहेरत, ज्याप टेमरवल कमां हरे सूर्यंत निमिल हरेरवक ना। আর্থ্য ! আপনি সহত্র বৎসর অস্তে বন প্রবেশ করিলে, আপ-নার পুত্রেরাই রাজসিংহাসন অধিকার করিরে। পুত্র অপত্য-मिर्किट्गट्य , প্রজাপালনে সমর্থ হইলে তাহার হত্তে সমস্ত রাজ্যভার অর্পণ পূর্ব্বক পূর্ব্ব রাজর্ষিগণের দৃষ্টান্তানুসারে বন প্রস্থান করাই শ্রেয়।

মহারাজ চপলতা দোষে প্রতিকুল হইলে পাছে রাজ্য হস্তা-ন্তুর হয়, এই আশস্কায় রাজসিংহাসন গ্রহণে আপনি অসমত হইবেন না। প্রতিজ্ঞা করিতেছি, আমিই আপনকার রাজ্য রক্ষা করিব, নতুবা চরমে ষেন আমার বীরলোক লাভ না হয়। তীর-ভূমি যেমন মহাসাগরকে রক্ষা করিভেছে, তদ্রূপ আমি আপনার রাজ্য রক্ষা করিব। এক্ষণে আপনি স্বয়ংই যতুবান হইয়া মাঙ্গলিক দ্রব্যে অভিষিক্ত হউন। ভূপালগণ যদি কোন প্রকার বিরোধাচরণ করেন, আমি একাকীই ভাঁহাদিগকে নিবারণ করিতে সমর্থ হইব। আর্য্য ! আমার যে এই ভুজদণ্ড দেখিতে-ছেন, ইছা कि भंतीरतत मिन्नर्या मन्नानर्भ ? य कोम ७ एन्थ-তেছেন, ইহা কি কেবল শোভার্থ? এই খজো কি কাষ্ঠ বন্ধন এই শরে কি কাষ্ঠভার অবভরণ করা হয়?—মনেও করিবেন না ; এই চারিটি পদার্থ শত্রবিনাশার্থই ব্যবহৃত হইয়া থাকে ৷ এক্ষণে ৰজ্ঞধারী ইক্সই কেন আমার প্রতিৱন্দ্বী হউন না বিদ্রাতের ন্যায় ভাষর তীক্ষণার অসি দারা তাঁহাকেও খণ্ড খণ্ড করিয়া ফেলিব। হস্তীর শৃগু অখের উক্দেশ এবং পদাতির মস্তক আমাুর খজো চূর্ন হইয়া সমরাঙ্কন একাস্ত গছন ও ছ্রবগাছ করিয়া তুলিবে। অগ্ত বিপক্ষেরা আমার অসিধারায় ছিন্নমন্তক হইয়া শোণিতলিপ্ত দেহে প্রদীপ্ত পাবকের নাায় বিহ্বাদাম শোভিত মেষের ন্যায় রণক্ষেত্রে নিপতিত হইবে। আমি যখন গোধাচর্ম-

নির্মিত অঙ্গুলিজাণ ও শরাসন ধারণ করিয়া সমরসাগরে অবতীর্ণ হইব তখন, পুৰুষের মধ্যে এমন কে আছে যে, বীর-দর্পে জয়ী হইতে পারিবে। আমি বহু সংখ্য শরে এক ব্যক্তিকে এবং একমাত্র শরে বহু ব্যক্তিকে বিনাশ করিয়া হস্তী অশ্ব ও মনুষ্যের মর্মদেশ অনবরত বিদ্ধ করিব। অছ মহা-রাজের প্রভুত্ব নাশ এবং আপনার প্রভুত্ব সংস্থাপন এই উভয় কারণে আমার অন্তপ্রভাব প্রদর্শিত হইবে। যে হস্ত চন্দন লেপন, অঙ্কদ ধারণ, ধনদান ও স্থহান্বর্গের প্রতিপালনের সম্যক উপযুক্ত, অন্ত সেই হস্ত আপনকার অভিষেক-বিঘাতকদিগের নিবারণ বিষয়ে স্বীয় অনুরূপ কার্য্য সাধন করিবে। এক্ষণে আজ্ঞা কৰুন আপনার কোনু শত্রুকে ধন প্রাণ ও স্থহদাণ হইতে বিযুক্ত করিতে হইবে। আমি আপনার চির্কিক্তর, আদেশ কৰুন, যেরূপে এই বন্ধুমতী আপনার হস্তগত হয়, আমি তাহারই অনুষ্ঠান করিব।

রঘুবংশাবতংস রাম লক্ষাণের এই প্রকার বাক্য প্রবণ পূর্বাক বারংবার তাঁহাকে সাস্ত্রনা ও তাঁহার অঞ্চজল মার্জনা করিয়া কহিলেন, বৎস! আমি পিতৃআজ্ঞা পালন করিব স্বাবিয়বে ইহাই সংপথ বলিয়া আমার বোধ হইতেছে।

# ठकूर्विश्य मर्ग।

-47.42/2016-

অনম্ভর দেবী কৌশল্যা ধার্মিক রামকে পিড়খাঁজ্ঞা পালনে একান্ত অধ্যবসায়াক্রত দেখিয়া বাস্পাদদাদ কণ্ঠে কহিতে লাগি-লেন, হা ! যিনি আমার গর্ভে মহারাজ দশরথের ঔরসে জন্ম এহণ করিয়াছেন, যাঁহাকে কখনই ছুঃখের মুখ দর্শন করিতে হয় নহি, সেই প্রিয়ংবদ রাম কি প্রকারে উঞ্চরতি দ্বারা দিনপাত করিবেন। যাঁহার ভৃত্যেরা স্নংস্কৃত আন ভৌজন করিয়া পাকে, তিনি অরণ্যে কি রূপে কল মূল আহার করিবেন। রাজার প্রিয় পুত্র গুণবান রাম নির্বাসিত হইতেছেন এই বাক্যে কে বিখাস করিবে, বিখাস করিলেও কাহার না অন্তরে ভয় উপস্থিত হইবে। যখন হৃদয়রঞ্জন রামের বনবাস ঘটনা হইল, ज्यन नकत्नत्र नियसा रेमवरे य नर्सार्शका श्रीवन, जारा নিঃশংসয়েই বোধ হইভেছে। বৎস! গ্রীক্ষকালে হুভাশন যেমন তৃণ লতা সকল দক্ষ করিয়াধাকে, তদ্ধপ এই শোকা-নল আমার হৃদয় ভেদ করিয়া উত্থিত হইবে, ভোমার অদর্শন-

রূপ বায়ু উহাকে প্রাদীপ্ত করিয়া তুলিবে; ছংখ উহার কার্চ, চক্ষের জল আহুতি এবং চিন্তা-জনিত বাষ্প ধূমস্বরূপ হইবে। বংস! এক্ষণে তুমি যথায় যাইবে, বংসানুসারিণী ধেনুর ন্যায় আমি তোমার সমভিব্যাহারিণী হইব।

পুৰুষপ্ৰধান রাম শোকাতুরা জননীর এই প্রকার বাক্য শ্রবণ করিয়া কহিলেন, মাতঃ! কৈকেয়ী বঞ্চনা করিয়া মহা-রাজকে ষৎপরোনান্তি ছঃখিত করিয়াছেন; এক্ষণে আমি ত বনে চলিলাম, আবার আপনিও যদি আমার অনুসরণ করেন, তাহা হইলে তিনি নিশ্চয়ই প্রাণ বিসর্জ্ঞান করিবেন। জ্রীলো-কের স্বামিপরিত্যাগ অপেক্ষা নিষ্ঠুরতা আর কিছুই নাই, সেই জ্বন্য বিষয় আপনি মনেও স্থান দিবেন না। জগতের পতি পিতা যত দিন জীবিত থাকিবেন, আপনি কায়মনোবাক্যে ভাঁহার সেবা ককন, ইছাই আপনার ধর্ম।

শুভদর্শনা কে শল্যা রামের এই কথা শুনিয়া প্রাতমনে কহিলেন, বংস! স্বামীর শুশ্রামা করা স্ত্রীলোকের অবশ্য কর্ত্ব্য সন্দেহ নাই। জননী স্বামিসেবায় অনুমোদন করিলে, ধর্মপরায়ণ রাম পুনর্কার কহিলেন, মাতঃ! মহারাজ আপনার ভর্ত্তা এবং আমার পারম গুরু পিতা, বিশেষতঃ তিনি সকলের অধীশর ও প্রভু, তাঁহার আজ্ঞা পালন করা আমাদের উভয়েনরই কর্ত্ব্য। নিশ্যুই কহিতেছি আমি এই চতুর্দশ্বংসর কাল

আরণ্য পর্যাটন পূর্ব্বক প্রভ্যাগমন করিয়া প্রীভমনে আপনার সেবা শুক্রাষা করিব।

তখন পুত্রবৎসলা কেশিল্যা হুঃখিত্যনে বাষ্পপূর্ণ লোচনে কহিলেন, বংস! আমি তোমাকে বিদায় দিয়া এই সপত্নী-দিগের মধ্যে কোন মতেই তিষ্ঠিতে পারিব না। যদি পিতার নিমিত্ত বনবাসই স্থির করিয়া থাক, তবে আমাকেও বন্য মৃগীর ন্যায় সঙ্গে লইয়া যাও; এই বলিয়া কেশিল্যা কৰুণ কপ্তে রোদন করিতে লাগিলেন।

তদ্দর্শনে রাম স্বয়ং কাতর না হইয়া কহিলেন, জননি !
ত্রীলোক যতদিন জীবিত থাকিবে, তত দিন ভর্তাই তাহার
দেবতা ও প্রাভু; স্থতরাং মহারাজ আপনার ও আমার
উপর যে যথেচ্ছ ব্যবহার করিবেন, ইহাতে আর বক্তব্য কি
আছে ৷ তিনি সত্ত্বে নির্মন্তকের ন্যায় জ্ঞান করা আমাদিগের
কর্ত্ব্যে নহে ৷ তরত অতি প্রিয়বাদী ও ধর্মনিষ্ঠ, তিনি
সর্ব্বতোভাবেই আপনার মনোরঞ্জন করিবেন, সন্দেহ নাই ৷
এক্ষণে সাবধান, আমি নিজ্বান্ত হইলে মহারাজ আমার শোকে
যেন ক্লান্তি অনুভব না করেন ৷ আমার বিয়োগ-ছংখ তাঁহার
পক্ষে অতি দাকণ হইয়া উচিবে. দেখিবেন, ধ্যন অতঃপর
তাঁহার প্রাণান্তকর কিছুই উপত্তিত না হয় ৷ মাতঃ ! কায়মনে
সেই বৃদ্ধ রাজার হিত সাধন করা আপনার বিধেয় ৷ বে নারী

ত্রতোপবাস-শীল হইয়া ভর্নেবা না করে, তাহার অধোগতি লাভ হয়; ভর্নেবা করিলে স্বর্গ প্রাপ্তি হইয়া থাকে। দেবভাকে পূজা ও নমন্ধার করিতে বাহার শ্রন্ধা নাই, তাহার ভর্ত্সেবা করাই শ্রেয়। দেবি! বেদ ও স্মৃতিশান্তে জ্রীজাতির এইরূপই ধর্ম নির্দ্ধিট আছে। এক্ষণে আপনি স্বামিসেবায় মনোনিবেশ করিয়া আহার সংযম পূর্বক আমারই শুভোদ্দেশে অগ্নিকার্য্যে দেবগণের অর্জনা এবং ব্রভনীল বিপ্রবর্ণের পূজা
করিবেন। এই ভাবে কিছু দিন আমার আগমন প্রতীক্ষায়
ক্ষেপণ করুন। যদি মহারাজ জীবিত থাকেন, আমি প্রত্যাগমন করিলে ইহার ফল অবশ্যই প্রাপ্ত হইবেন।

দেবী কেশিল্যা রামের এইরপ প্রবেধ জনক বাক্য প্রবণ করিয়া হুঃখিত মনে সজলনয়নে কহিলেন, রাম! তুমি বন-গমনে রুতনিশ্চয় হইয়াছ, তোমাকে ক্ষান্ত করা আর আমার সাধ্য নহে। বোধ হয় অবশ্যস্তাবী বিয়োগ-কাল অতিক্রম করা নিতান্তই প্রকচিন। যাহাই হউক তুমি এক্ষণে একাগ্র-মনে গমন কর; তোমার মঙ্গল হউক। তুমি প্রত্যাগমন করিলে আমার সকল হুর্ভাবনা দূর হইবে। তুমি এই চতুর্দ্দশ বংসর ব্রেত পালন পূর্বাক পিতৃঋণ হইতে মুক্ত হইলে আমি পারম স্থাধে নিদ্রা যাইব। বংস! আমার অনুরোধ না রাধিয়া অচিশ্বনীয় দৈবই তোমায় অরণ্যবাসে প্রেরণ করিতেছেন। একণে প্রস্থান কর, নির্বিদ্ধে আসিয়া হাদয়হারী সান্ত্রনার আমাকে আনন্দিত করিও। বাছা! ভাগ্যে কি সেই দিন উপ-স্থিত হইবে, যে দিনে দেখিব তুমি জটাবলকল ধারণ পূর্ব্বক বন হইতে আগমন করিলে ? এই বলিয়া কোশল্যা সাদরমনে রামকে দর্শন করিতে লাগিলেন।

#### পঞ্চবিংশ সর্গ।

অনস্তর কেশিল্যা শোক সংবরণ পূর্বক পবিত্র সলিলে আচমন করিয়া রামের নিমিত্ত নানা প্রকার মঙ্গলাচরণ করিতে লাগিলেন। কহিলেন, বৎস! আমি ভোমাকে কিছুতেই নিবারণ করিয়া রাখিতে পারিলাম না। এক্ষণে ভুমি প্রস্থান কর, কিন্তু শীত্রই প্রত্যাগমন করিও। তুমি প্রীতিভরে নিয়ম-সহকারে যে ধর্ম প্রতিপালনে প্রবৃত্ত হইয়াছ, সেই ধর্ম ভোমায় রক্ষা কৰুন। ভুমি দেবালয়ে যে সমস্ত দেবভাদিগকে প্রতিনিয়ত প্রণাম করিয়া থাক, বনমধ্যে তাঁহারা তোমায় রক্ষা কৰন। ধীমান বিশ্বামিত্র ভোমাকে যে সমস্ত অন্ত প্রদান ) করিয়াছেন, তাঁহারাও তোমায় রক্ষা করুন। বৎস! পিতৃ-সেবা মাতৃসেবা ও সভ্য পালনের প্রভাবে রক্ষিত হইয়া চির-জীবী হও। সমিধ কুশ পবিত্র বেদি আয়তন স্থৃতিল পর্বত বুক্ষ হ্রদ প্রক্র পদ্ধগ ও সিংহ সকল ভৌমায় রক্ষা ককন।

मांश विश्वास्त मक्छ हेन्सामि लाक्शान वृत्रसामि इस श्रू মাস সংবৎসর দিন রাত্রি মুহুর্ত্ত কলা এবং বিরাট্ বিধাতা পূষা ভগ অর্য্যমা শ্রুতি স্মৃতি ও ধর্ম ভোমায় রক্ষা কৰুন। ভগবান ক্ষান্দ সোম বৃহম্পতি সপ্তর্ষি নারদ ও অন্যান্য মহর্ষি-গণ তোমায় রক্ষা কৰুন। প্রসিদ্ধ অধিপতির সহিত দিক সমু-দায় আমার স্ততিবাদে প্রসন্ন হইয়া বনমধ্যে প্রতিনিয়ত ভোমায় রক্ষা কৰুন। তুমি যখন মুনিবেশে অটবীমধ্যে পর্য্যটন করিবে, তখন কুলপর্বত, বৰুণদেব, অর্গ, অস্তুরীক্ষ, পৃথিবী, স্থির ও অস্থির বায়ু, সমস্ত নক্ষত্র, অধিষ্ঠাত্রী দেবভার সহিত গ্রহ সমুদায় এবং উভয় সন্ধ্রা ভোমায় রক্ষা করিবেন। দেবতা ও দৈত্যেরা ভোমাকে নিরম্ভর স্থথে রাথিবেন। ক্রুরকর্ম-পরায়ণ অভিভীষণ রাক্ষস পিশাচ ও মাংসভোজী অন্যান্য হিংতা জন্ত হইতে যেন ভোমার অন্তরে ভয়সঞ্চার না হয়। वानत वृक्तिक मः भ मनक मतीमुर्ग ও की हे मकल वनमस्या ভোমার যেন কোনরূপ অনিষ্টাচরণ না করে। হস্তী ব্যাক্ত বিষালদশন ভল্ল,ক শৃঙ্গসম্পন্ন করালদর্শন মহিষ এবং অন্যান্য মরুষ্য-মাংস-ভোজী ভয়ঙ্কর জন্ত সকলকে আমি এই স্থান হইতে পূজা করিব, ভাহারা যেন ভোমায় প্রাণে বিনাশ না করে। তোমার পরাক্রম সিদ্ধ হউক, পথের বিন্ন দূর হউক। তুমি পর্যাপ্ত পরিমাণে ফলমূল প্রাপ্ত হইয়া নিরাপদে প্রস্থান

কর। অন্তরীক্ষচর ও পার্থিব প্রাণি সমুদায় এবং যে সমস্ত দেবতা তোমার প্রতিকূল্য তাঁহারা তোমার মঙ্গল বিধান করুন। শুক্র সোম স্থ্য কুবের যম অগ্নি বায়ু ধূম এবং ঋষিমুখো-চ্চরিত মন্ত্র সকল স্থানকালে তোমায় রক্ষা করুন। সর্ম্ব-লোকপ্রভু ভূতভাবন ভগবান স্বয়ন্তু এবং অন্যান্য দেবতারা ভোমায় রক্ষা করুন।

বিশাললোচনা কেশিল্যা রামকে এইরপ আশীর্বাদ করিয়া
মাল্য গন্ধ ও স্তুতিবাদ দারা দেবগণকে অর্চ্চনা করিতে লাগিলেন। তৎপরে বিপ্রগণের সাহায্যে বহিন্দাপন পূর্বক রামের
শুভোদ্দেশে হোম করাইবার সংকল্প করিলেন এবং এই
কার্য্যের উপযোগা ছত খেত মাল্য সমিধ ও সর্বপ আহরণ
করিয়া দিলেন। তখন উপাধ্যায় শান্তি ও আরোগ্য উদ্দেশ
করিয়া বিধানানুসারে প্রজ্বলিত হুতাশনে আহুতি প্রদান
করিতে লাগিলেন এবং ভূতাবশেষ দারা লোকপালাদি বলি
সমাধান ও ভ্রাহ্মণগণকে মধুপর্ক প্রদান করিয়া রামের বনবাসোদ্দেশে স্বস্তিবাচন করাইলেন।

অনস্তর যশখিনী রামজননী উপাধ্যায়কে ইচ্ছানুরপ দক্ষিণা দান করিয়া রামকে সধোধন পূর্বাক কহিলেন, বৎস! বৃত্তাহার-বিনাশকালে সর্বদেব-পূজিত দেবরাজ ইন্দ্রের যে শুভ লাভ হইয়াছিল, ভোমার ভাহাই হউক। পূর্বে বিনতা অমৃত- প্রার্থী বিহগরাজ গৰুড়ের যে শুভ কামনা করিয়াছিলেন, তুমি তাহাই প্রাপ্ত হও। অমৃতোদ্ধার সময়ে বজ্রধর ইন্দ্র দৈত্যদলনে প্রবৃত্ত হইলে দেবা অদিতি তাঁহার নিমিত্ত যে শুভ অনুধান করিয়াছিলেন, তুমি তাহাই লাভ কর। অতুলবল বামন যখন স্বর্গ মর্ত্তা পাতাল আক্রমণ করেন, তংকালে তাঁহার যে শুভ উপস্থিত হইয়াছিল, তুমি তাহাই প্রাপ্ত হও। এক্ষণে মহাসাগর দ্বীপ ত্রিলোক বেদ ও দিক সমুদায় তোমার মঙ্গল করুন। এই বলিয়া দেবী কোশল্যা রামের মন্তকে অক্ষত প্রদান, সর্বাক্ষে গদ্ধ লেপন এবং মন্ত্রোচ্চারণ পূর্ব্বক পরীক্ষিত ওয়ধি ও শুভ বিশল্যকরণী হস্তে বন্ধন করিয়া দিলেন।

তৎপরে তিনি বারংবার রামকে আলিঙ্গন এবং তাঁহার মন্তক আনমন ও আত্রাণ করিতে লাগিলেন। অনস্তর বাস্পাদান কঠে, মনের সহিত নহে, বাল্লাত্রে হুংখিতা হইন্য়াও যেন ছান্টার ন্যায় কহিলেন, বৎস! এক্ষণে তোমার যথায় ইচ্ছা প্রস্থান কর। তুমি নীরোগে অভীষ্ট সাধন পূর্বক অযোধ্যায় আদিয়া রাজা হইবে, আমি পরম স্থাও তাহাই দর্শন করিব। তুমি আমার নির্বিদ্ধে প্রত্যাগমন করিয়া বধু জানকীর বাসনা পূর্ণ করিবে। আমি ক্যোণি দেবগণ ভূত-গণ ও উরগগণকে অর্চনা করিয়াছি, তুমি এক্ষণে বহুদিনের

নিমিত্ত বনবাসী হইতেছ, ইহাঁরা ভোমার শুভসাধন করুন।
এই বলিয়া কেশিল্যা স্বস্ত্যয়ন সমাপন পূর্ব্বক জলধারাকুললোচনে রামকে প্রদক্ষিণ করিলেন এবং তাঁহাকে বারংবার
আলিঙ্কন করিয়া একদৃষ্টে নিরীক্ষণ করিতে লাগিলেন।

#### ষড় বিংশ সর্গ।

অনস্তার রাম জননীকে প্রদক্ষিণ ও প্রণাম করিয়া দেছ-প্রভায় জনসঙ্গুল রাজপথ স্থানোভিত এবং গুণগ্রামে তত্ত্য সকলের হৃদয় চমকিত করত তথা হইতে জানকার আবাসা-ভিমুখে গমন করিতে লাগিলেন।

এ দিকে জানকী রামের বনবাসর্ভান্ত কিছুই জানিতে
পারেন নাই, অদ্য তাঁহার যে বিরাজ্য হন্তগত হইবে মনের এই
উল্লাসেই মগ্ন হইয়া আছেন। তিনি ঐ সময় রাজধর্মের অনুরূপ
আচার অবলম্বন পূর্বক প্রীত মনে ক্লতক্ত হৃদয়ে দেবপূজা
সমাপন করিয়া তাঁহার প্রতীক্ষা করিতেছিলেন, এই অবসরে
রাম লজ্জাবনত বননে তথায় প্রবেশ করিলেন। তখন
জানকী প্রিয়তমকে একান্ত চিন্তিত ও শোকসন্তপ্ত দেখিয়া
কিন্সিত কলেবরে উথিত হইলেন। জানকীর সমক্ষে রামের
মনোগত শোক আর গোপন রহিল না, আকার ইন্ধিতে যেন
স্থাপ্টই প্রকাশ পাইতে লাগিল।

অনন্তর জানকী রামের মুখকান্তি মলিন দেখিয়া হৃঃখিত

মনে কহিলেন, নাথ! এখন কেন তোমার এইরূপ ভাবান্তর উপস্থিত > অদ্য চন্দ্রের সহিত প্রায়া নক্ষত্রের যোগ হই-য়াছে, এই শুভলগ্নে বৃহস্পতি দেবতা আছেন, বিজ্ঞ ভাল-ণেরা কহিতেছেন, আজিকার দিনই রাজ্যাভিষেকে প্রশন্ত, তবে কেন তুমি এইরূপ বিমনা হইয়াছ? শতশলাকা-রচিত খেতছত্ত্র ভোষার এই সুকুষার মুখকমল কেন আরুত, নাই! শশাস্ক ও হংসের ন্যায় ধবল চামরযুগল লইয়া ভূত্যেরা কি নিমিত্ত ইহা বীজন করিতেছে না! স্থত মাগধ ও বন্দিগণ প্রাত্তমনে মঙ্গল গীতি গান করিয়া আজ কৈ তোমায় স্তুতিবাদ করিল! বেনপারণ বিপ্রোরা স্থানাম্ভে কেন ভোমার মন্তকে মধু ও দি প্রদান করেন নাই! গ্রাম ও নগরের প্রজাবর্গ এবং প্রধান প্রধান সমস্ত পারিষদ বেশভ্ষা করিরা অভি-ষেকান্তে কি কারণে তোমার অনুসরণ করিলেন না! সর্বোথ-কৃষ্ট পুষ্পারথ চারিটি স্নসজ্জিত বেগবান অথে যোজিত হইয়া কি নিমিত্ত তোমার অগ্রে অগ্রে ধাবমান হইল না! মেষের ন্যায় ক্ষবর্ণ পর্বতাকার অদৃশ্য অলক্ষণাক্রাম্ভ হস্তী কেন তোমার অগ্রে নাই! পরিচারকেরা স্বর্ণনির্মিত ভদ্রাসন ক্ষম্পে লইয়া কৈ তোমার অত্যে অত্যে আগমন করিল ! যখন অভি-ষেকের সমস্তই প্রস্তুত, তোমার মুখতী কেন মলিন হইল! কেনই বা সেইরূপ মধুর হাস্য আর দেখিতে পাই না!।

রাম জানকীর এইরূপ করণ বিলাপ কর্ণগোচর করিয়া কছিলেন, জানকি! পূজ্যপাদ পিতা আমাকে অরণ্যে নির্বা-সিত করিতেছেন। আজ যে সূত্রে আমার ভাগ্যে এই ঘটনা উপস্থিত হইল, কহিতেছি শ্রবণ কর।

সত্যপ্রতিজ্ঞ পিতা পূর্বে দেবী কৈকেয়ীকে ছুইটি বর অঙ্গী-কার করিয়াছিলেন। আজ তিনি আমায় রাজ্যে নিয়োগ করিবার বাসনায় সকল আয়োজন করিলে কৈকেয়ী তাঁহাকে বরসংক্রান্ত পূর্ব্ব কথা স্মরণ করাইয়া দেন। মহারাজ ধর্মত প্রতিজ্ঞা করিয়াছিলেন, স্কুতরাং তিধিবয়ে আর দ্বিকক্তি করিতে পারেন নাই। এক্ষণে সেই বরপ্রভাবে আমার চতুর্দশ বংসর দওকারণ্য বাস আদেশ হইয়াছে। যেবিরাজ্য ভরতেরই হইল। প্রিয়ে! আমি এক্ষণে বিজন বনে গমন করিব, এই কারণেই তোমায় একবার দেখিতে আইলাম।

সাবধান, তুমি ভরতের নিকট কদাচ আমার প্রশংসা করিও না; যাহারা বিভবশালী হয়, অন্যের গুণারুবাদ কথনই সহ্য করিতে পারে না। তুমি যদি সর্কাংশে অনুকূল হইতে পার, তবেই ভরতের নিকট তিন্ঠিতে পারিবে। মহারাজ তাঁহাকে রাজ্য প্রদান করিলেন, এক্ষণে তিনিই রাজা, স্নতরাং তাঁহাকে প্রসন্ন রাখা তোমার কর্ত্ব্য। জানকি! জামি পিতার অঙ্গীকার রক্ষার্থ এখন বনে চলিলাম, ক্রুমাত্র চিন্তা করিও না। আমি অরণ্যবাস আশ্রয় করিলে তুমি ত্রত উপবাস লইয়া থাকিবে। প্রতিদিন প্রভাতে গাত্রোখান পূর্ব্বক বিধানারুদারে দেবপূজ। করিয়া আমার দর্বাধিপতি পিতার পাববন্দন করিবে। আমার জননী অতিহঃখিনী, বিশেষ তাঁহার শেষ দশা উপস্থিত, তুমি কেবল ধর্মের মুখ চাহিয়া তাঁহাকে দেবা ভক্তি করিবে। আমার মাতৃগণের মধ্যে সকলেই আমাকে একরপে শ্বেহ ও ভক্ষ্য ভোজ্য প্রদান করিয়া থাকেন, তুমি প্রতিদিন তাঁহানিগকে প্রণাম করিবে। প্রাণাধিক ভরত ও শক্রকে ভ্রাতা ও পুত্রের ন্যায় দেখিবে। ভরত এই দেশ ও বংশের অধীশ্বর হইলেন, দেখিও তুমি কখনই তাঁহার অপকার করিও না। সেজন্য ও যত্নে মনোরঞ্জন করিতে পারিলে মহীপালগণ প্রসন্ন হইয়া থাকেন, বৈপরীত্য ঘটিলে কুপিত হন। তাঁহারা আপনার ঔরসজাত পুত্রকে অহিতকারী দেখিলে তংক্ষণাৎ পরিত্যাগ করেন, কিন্তু সুযোগ্য হইলে এক জন নিঃসম্বন্ধ লোককেও আদর করিয়া থাকেন। জানকি ! আমি এই কারণেই কহিতেছি, তুমি রাজা ভরতের মতে থাকিয়া এই স্থানে বাদ কর। আমি অরণ্যে চলিলাম, আমার অনুরোধ এই, আমি ভোমায় যে সকল কথা কহিলাম, ভাহার একটিও যেন বিফল না হয়।

### मश्रविश्म मर्ग।

প্রিরবানিনী জানকী রামের এইরপ বাক্য শ্রবণ করিয়া প্রণয়কোপ প্রকাশ পূর্ব্বক কহিলেন, নাথ ! তুমি কি জঘন্য ভাবিয়া আমায় ঐরপ কহিতেছ গ তোমার কথা শুনিয়া যে, আর হাদ্য সংবরণ করিতে পারি না ৷ তুমি যাহা কহিলে, ইহা এক জন শাস্ত্রজ্ঞ মহাবীর রাজকুমারের নিতান্ত অযোগ্য একান্তই অপ্যশের, বলিতে কি এ কথা শ্রবণ করাই অসঙ্গত বোধ হইতেছে।

নাথ! পিতা মাতা ভাতা পুত্র ও পুত্রবধূ ইহারা আপন আপন কর্মের ফল আগনারাই প্রাপ্ত হয়, কিন্তু একমাত্র ভার্য্যাই স্বামীর ভাগ্য ভোগ করিয়া থাকে। স্কুতরাং যখন ভোমার দওকারণ্যবাস আদেশ হইয়াছে, তখন ফলে আমারও ঘটিতেছে। দেখ, অন্যান্য স্বসম্পর্কীয়ের কথা দূরে থাক, জ্ঞীলোক, আপনিও আপনাকে উদ্ধার করিতে পারে না, ইহ-লোক বা পরলোকে কেবল পভিই ভাহার গভি। প্রাসাদ- শিখর, স্থর্গের বিমান ও আকাশগতি হইতেও বঞ্চিত হইয়া স্বামীর চরণছায়ায় আশ্রয় লইবে। পিতা মাতাও উপদেশ দিয়াছেন যে, সম্পদে বিপাদে স্বামীর সহগামিনী হইবে। অভএব নাথ! তুমি যদি অদ্যই গছন বনে গমন কর, আমি প্রতলে প্রের কুশক্তিক দলন করিয়া তোমার অ্রে অ্রে যাইব। অনুরোধ রহিল না বলিয়া ক্রোধ করিও না। পথিকেরা যেমন পানাবশেষ সলিল লইয়া যায়, ভদ্ৰপ ভূমি অশঙ্কিত মনে আমায় সঙ্গী করির। লও। আমি তোমার নিকট কংন এমন কোন অপরাধই করি নাই, যে আগার রাখিরা যাইবে। আমি ত্রিলোকের ঐশ্বর্য্য চাহি না, তোমার সহবাসই বাঞ্জনীয়। তোমায় ছাডিয়া অর্গের স্থও আমার স্পৃহণীয় 'নহে। এক্ষণে এই উপস্থিত প্রদক্ষে আমি যাহা করি, আমায় কোন कथाई कहिउ ना।

জীবিতনাথ! আমার একান্তই অভিলাষ যে, যে স্থানে

মৃগ ও ব্যাত্র সকল বাস করিতেছে, পুল্পের মধুগদ্ধ চারি
দিক আমাদিত করিতেছে, সেই নিবিড় নির্জ্জন অরণ্যে

তাপসী হইয়া নিয়ত তোমার চরণ সেবা করি। যে জলাশয়ে

কমল-দল প্রাফুটিত হইয়া আছে, হংস ও কারগুব কলরব

করিতেছে, প্রতিদিন নিয়ম পূর্বক তথায় গিয়া অবগাহন করি।

সেই বানরসঙ্কুল বারণবহুল প্রদেশে পিতৃগ্ছের ন্যায় অক্লেশে

তোমার চরণয়্গল গ্রহণ পূর্ব্বক তোমারই আজারুবর্ত্তিনী হইয়া থাকি এবং তোমার সহিত নির্ভয়ে শৈল সরোবর ও পলুল সকল দর্শন করিয়া ক্বতার্থ হই। জানি, তুমি অংমাকে বনেও অথে প্রতিপালন করিতে পারিবে। আমার কথা দূরে থাকুক, অসংখ্য লোকের ভার লইলেও তোমার কোন আশক্ষা হইবে না। এই কারণে কহিতেছি, আজ কিছুতেই তোমার সঙ্গ ছাড়িব না। তুমি কোন মতেই আমাকে পরায়্ম্থ করিতে পারিবে না। ক্মুধা পাইলে বনের ফলমূল আছে, আমি উৎকৃষ্ট অন্ন পানের নিমিত্ত তোমার কোন ক্ষই দিব না। তোমার অগ্রে অগ্রে যাইব এবং তোমার আহারাস্তে আহার করিব। এই রূপে বহুকাল অতিক্রান্ত হইলেও ত্থে কিছুই জানিতে পারিব না।

নাথ! আমি একান্তই ত্ৎসংক্রান্তমনা ও অনন্যপরারণা হইয়া আছি। যদি আমায় ত্যাগ করিয়া যাও, এ প্রাণ আর কিছুতেই রাখিব না। এখন আমার অনুরোধ রক্ষা কর, আমাকে সমভিব্যাহারে লইয়া চল, দেখ আমারে লইলে ভোমার কিছুই ভার বোধ হইবে না।

#### असोविः न नर्ग।

MAN .

অনস্তর ধর্মবংসল রাম মনে মনে বনবাসের ছু:খুসফল আলোচন। করিয়া সীভাকে সমভিবাহারে লইতে অভিলাষী হইলেন না এবং উপহাকে এই বিষয়ে বিরক্ত করিবার আশায়ে , সান্ত্রনা করিয়া কহিলেন, জানকি! তুমি অতি মহু২ বং**শে জন্ম** এছণ করিয়াছ, তোমার ধর্মনিগাও আছে; এক্ষণে আমার প্রতীক্ষায় এই ঘু'নে থাকিয়া ধর্মাচরণ কর ভাষা হইলেই আমি সুখী হই। যাহাতে ভোমার মঙ্গল হইবে আমি সেই বিবেচনা ক্রিয়াই কহিতেছি, তুমি ব্যগন্নের বাস্মা এককালেই পরি-ত, গা কর। প্রিয়ে! অরণ্যে বিতর ক্লেশ সম্ভ্ করিতে হয়। তথায় গিরি-ক্ ফর-বিহারী সিংহ নিরম্ভর গর্জ্জন করিতেছে, উহা নিঝারজালের পাত্নশব্দে নিশ্রিত হইর! কর্ণকুর্র ব্যার করিয়। তুলে। চুৰ্দ্ধান্ত হিংজ্ঞ জন্ত সকল উত্মত হইয়া নির্ভায়ে সর্বত্র বিচরণ করিতেতৈছ, তাছার৷ সেই জনশূন্য প্রদেশে আমানিগতে ৌখিলেই বিনাশ করিতে আদিবে। ননী সকল নক্রকুঞ্জীর-**সংকুল, নিভান্ত প**ঙ্কিল, উন্মন্ত মাতক্ষেরাও সহজ্পে পার **হ**ইতে

পারে না। গমনপথে অনবরত কুরুট-রব এ তিগোচর হয় এবং উহা কটকাকীর্ণ ও লতাজালে আচ্ছন্ন হইয়া আছে, পানীর জলও সর্বত মূলভ নহে। সমস্ত দিন পর্যাটনের পর রাত্রিতে বৃক্ষের গলিত পত্তে শয়্যা প্রস্তুত করিয়া ক্লান্তদেহে শয়ন এবং মিতাহারী হইয়া ভোজনকালে স্বয়ংপতিত ফলে ক্ষণা শান্তি করিতে হয়। শক্তি অনুসারে উপবাস, জটাভার বহন, বক্ষল ধারণ এবং প্রতিদিন দেবতা পিতৃ ও অতিথি-গণকে বিধি পূর্বক অর্চনা করা আবশ্যক। হাঁহারা দিবাভাগে নিয়মবৈলখন করিয়া থাকেন তাঁহানিগকে প্রতিনিন ত্রিকালীন স্থান এবং স্বহন্তে কুল্ম চয়ন করিয়া বানপ্রস্থানিরে প্রণালী অনুসারে বেদিতে উপহার প্রদান করাও কর্ত্ব্য । তথায় বায়ু সততই প্রবলবেগে বহিতেছে, কুশ ও কাশ আন্দোলিত এবং কণ্টক বক্ষের শাখা সকল কম্পিত হইতেছে। রজনীতে ঘোর-ভর অন্ধকার, ক্ষুধার উদ্রেক সর্বক্ষণ হয়, আশকাও বিস্তর। ভন্মধ্যে বিবিধাকার বহুসংখ্য সরীসূপ আছে, ভাছারা প্রে সনপে ভ্রমণ করিতেছে। ত্রেণতের ন্যায় বক্রণতি নদী-গর্ভন্থ উরগের। গমনপথ অবরোধ করিয়া রহিয়াছে। বৃশ্চিক কীট এবং পতক ও দংশ মশকের যন্ত্রণা সর্মদাই ভোগ করিতে হয়. কায়কেশও বিস্তর, এই কারণেই কহিতেছি অরণ্য স্থের নছে। ভথায় ক্রোধ লোভ পরিভাগেও তপদায়ে মনোনিবেশ করিতে

হইবে, এবং ভয়ের কারণ সত্ত্বেও নির্ভয় হইতে হইবে এই কার-ণেই কহিতেছি অরণ্য স্থেখর নহে। নিবারণ করি, তুমি তথায় যাইও না। বনবাস তোমায় সাজিবে না, জানকি! আমি এখন ইইতেই দেখিতেছি তথায় বিপানেরই আশক্ষা অধিক।

### একোনত্রিংশ সর্গ।

অনন্তর সীত। রামের নিবারণ না শুমিরা দুখিতমনে
সজলনয়নে কহিতে লাগিলেন নাথ! তে'মার হেছ যখন
আমায় অগ্রসর করিয়া দিতেছে তখন এই মাত্র বনবাদের
যে সকল দোষের উল্লেখ করিলে ঐ গুলি আমার পাক্ষে
গুণেরই হইবে। দেখ, তোমায় সকলেই ভয় করে; বন
মধ্যে সিংহ ব্যাম্র হন্তী শরভ % চমর গবয় প্রভৃতি যে
সকল বন্যজন্ত আছে তাহারা তোমাকে নেখে নাই দেখিলেই
পলায়ন করিবে। আমি একণে গুরুজনের অনুমতি লইয়া
তোমার সঙ্গে ঘাইব; তোমার বিরহ সহ্য হইবে না, নিশ্রেই
আয়হত্যা করিব। নাথ! তোমার বিরহ সহ্য হইবে না, নিশ্রেই
আয়হত্যা করিব। নাথ! তোমার সমিহিত থাকিলে স্বরাজ
ইন্দ্র আমায় পারাভব করিতে পারিবেন না। ভুমি অরণ্যে
যে সকল চুংথের কথ। কহিলে, তাহা সত্য; কৈছ দ্রীলোক

<sup>\*</sup> अछेशन मृत।

স্বামি-বিরহে কিছুতেই জীবিত থাকিতে পারে না, উপদেশ-কালে তুমিই আমাকে এইরূপ কহিয়াছ, হতরাং ডোমার সহিত গমন করা সর্বতোভাবে আমার শ্রেয় হইতেছে। আরও পুর্বের পিত্রালয়ে বৈবজ্ঞদিগের মুখে শুনিয়াছি যে, আমার অদৃষ্টে নিশ্চয় বনবাস আছে, তনবধি বনবাস বিষয়ে আমারও বিশেষ আত্ত রহিঃছে। দৈবছেরা যাবা হুচনা করিয়'ছেন, তাহা অবশ্য ফ্লিবে: সময়ও উপন্তি: এক্লে আমি কোনমতেই জান্ত হইব না। ভুমি বনগমনে জনুমোনন কর, তালণগণের বাক্যও যথার্থ হটক। নাথ! যে প্রক্র জিতেন্দ্রিয় নাহ, জ্রী সঙ্গে থাকিলে তাহাতেই অরণ্যবাদের ক্লেশপরম্পার। সহিতে হয়, কিন্তু তুমি নির্নোভ, কুতরাং তে বিশ্বর কোন আশক্ষাই নাই। শুনিয়াছি, আমি যখন বালিক। ছিলাম, সেই সময় এক সাধুশীল। তাপদী আসিয়া মাতার নিকট আমার এই বনগমনের কথা কহিয়াছিলেন। তিনি তপোবলে যাহা বলিয়াছেন, তাহ। কি অ.ীক? তোমার সহিত বনবাদে আমার অত্যন্তই অভিলায, আমি পুর্মে এমন অনেক দিন অনুনয় করিয়া তোমার নিকট ইহা প্রার্থনা করিয়াছিলাম, তুমিও সমত হওঁ, এই কারণেই এক্ষণে তথায় তোমার পরিচর্য্যা কর। আমার একান্তই প্রীতিকর হইতেছে। নাথ! স্বামী স্ত্রীলো-কের পরম দেবতা, স্বতরাং প্রীতিভাবে তোমার অনুগমন করিলে

আমি নিষ্পাপ হইব। ইহ লোকের কথা কি, লোকান্তরেও তোমার সমাগম আমার স্থের কারণ হইয়া উচিবে। যে ত্রী দানধর্মানু-সারে বাহার হস্তে জলপ্রোক্ষণ পূর্মক প্রদত্ত হইয়াছে, পরলোকে সে তাহারই হইবে, আমি যশমী ত্রান্ধণগণের মুখে এই পবিত্র শ্রেষ করিয়াছি। অতএব তুমি কি কারণে স্থশীলা পতিত্রতা স্বীয় দয়িতাকে সঙ্গে লইতে অভিলাম করিতেছ না। আমি তোমার স্থথে স্থথী ও তোমারই হঃখে হঃখী হই; আমি তোমার একান্ত ভক্ত ও নিতান্তই অনুরক্ত, দীনভাবে কহিতেছি আমারে সমভিব্যাহারে লইয়া চল। যদি তুমি এই হঃখিনীকে না লইয়া যাও, তাহা হইলে নিশ্চয়ই বিষ পান অগ্নি বা সলিলে প্রের্থেক করিয়া প্রাণত্যাগ করিব।

জানকী বনগমনের নিমিত্ত এইরপ বহুপ্রকার কহিলেও রাম কোনমতেই সমত হইলেন না । তখন সীতা প্রিয়তমকে একান্ত অসমত দেখিয়া অতিশয় হুংখিত ও চিস্তিত হইলেন। নয়নজলে তাঁহার বক্ষঃস্থল প্লাবিত হইয়া গেল। তৎকালে রামও তাঁহাকে বনবাস রূপ অধ্যবসায় হইতে বিরত করিবার নিমিত্ত সান্ত্রনা করিতে সাগিলেন।

#### ত্রিংশ সর্গ।

-esse-

অনস্তুর উৎকাঠতা সীতা প্রীতিভরে অভিমান সহকারে মহাবীর রামকে উপহাদ পূর্বক কছিলেন, নাথ! আমার পিতা ষ্ঠি তোমাকে আকারে পুরুষ ও স্বভাবে ক্রীলোক বলিয়া জানিতেন, তাহা হইলে তোমার হত্তে কখনই আমায় সম্প্রদান করিতেন না। লোকে কহিয়া থাকে যে, রামের যেরপ তৈজ প্রথর সূর্য্যের সে প্রকার নাই, এই কথা এক্ষণে রুঘা-প্রলাপ ছইরা উঠিবে। তুমি কি কারণে বিষয় হইয়াছ, কিসেরই বা এত আশকা যে অনন্যপরায়ণা পত্নীকে ভ্যাগ করিয়া যাইজে প্রত্তুত হইতেছ ? তুমি আমাকে দ্রামংসেন-তনয় সভাবানের महधर्षिगी माविजीत नारा ভোমারই वनवर्जिनी জानित। আমি কুল-কলঙ্কিনীর ন্যায় তোমা ভিন্ন অন্য পুরুষকে কখন মনেও দর্শন করি নাই। এই কারণে কহিতেছি, আমি তোমার সম্ভিব্যাহারে গমন করিব। তুমি আমাকে অনন্যপূর্কা क्यानिहारे बांगात शानिश्रहन कतिहार, बर्डानन हरेल, बांबि

ভোমার আলয়ে অবস্থান করিতেছি, এক্ষণে জায়াজীবের ন্যায় আমাকে কি অন্য পু্রুষের হস্তে সমর্পণ করা ভোমার শ্রেয় হইতেছে ?

নাথ! সতত যাহার হিতাভিনাষ করিতেছ, যাহার নিমিত্ত রাজ্য লাভে বঞ্চিত হইলে তুমিই সেই ভরতের বশ-বৰ্ত্তী হইয়া থাক, আমাকে ভদ্বিষয়ে কিছুতে সমত করিতে পারিবে ন। । ভূয়োভূয়ঃ কহিতেছি, আমি ভোমার সমভি-ব, হািরে গমন করিব। তোমার সহিত তপ্স্যা হউক, অরণ্য বা স্বৰ্গই হউক, কোনটিতে সমুচিত নহি। আমি যখন তোমার পশ্চাং পশ্চাং যাইব, বিহার-শ্যার নায় প্র মধ্যে কোনক্রপ ক্লান্তি অনুভব করিব না। কুশ কাশ শর ও ইষাকা প্রভৃতি যে সকল কণ্টক রক্ষ অ'ছে, অামি তাহা তুল ও মৃগঢর্মের নার স্থপশ বোধ করিব। প্রবল বায়ুবেনে যে গুলিজাল উভ্ডান হইয়া আমায় আক্রন করিবে, তাহা অত্যুত্তম চক্ষনের ন্যায় জ্ঞান করিব। আমি যখন বনমধ্যে তৃণশ্যামল ভূমিশ্যায় শয়ন করিয়া থাকিব, পর্যাঙ্কের চিত্র কম্বল কি তরপেক্ষা অধিহত্তর স্থাের হইবে ? ফল মূল পত্র অম্প ব। অধিকই হউক, তুমি স্বয়ং যাহা আহরণ করিয়া দিবে, আমি অমৃতের ন্যায় ভাছ। মধুর বিবেচন। করিব। বসস্তাদি ঋতুর ফল পুষ্প ভোগ করিয়া স্থী হইব। পিতা মাতার নিমিত্ত উদ্বিগ্ন ছইব না, গুছের কথাও

মনে আনিব না। এই সমস্ত ত্যাগ করিয়া দূরাস্তরে থাকিব বলিয়া তোমায় কিছুমাত্র হৃংখ দিব না। এই কারণেই কহিতেছি, তুমি আমাকে সমভিব্যাহারে লইয়া চল। তোমার সহবাস স্বর্গ, বিচ্ছেদই নরক, এইটি তোমার হৃদয়ক্ষম হউক। অধিক কি, আমি বনবাসে কিছুই দোষ দেখিতেছি না, যদি তুমি আমায় না লইয়া যাও, আমি বিষ পান করিব, কোনমভেই বিপক্ষ ভরতের বশবর্তিনী হইয়া এই স্থানে থাকিব না। নাথ! তুমি বনে গমন করিলে তোমার বিরহে জীবন ধারণ করা আমার স্কঠিন হইবে। চতুর্দশ বৎসরের কথা দূরে থাকুক, আমি মুহুর্তেকের নিমিত্তও তোমার শোক সংবরণ করিতে পারিব না।

জনকনন্দিনী বিষাক্ত-বাণ-বিদ্ধ করিণার ন্যায়, রামের প্রতিবেধ বাক্যে একান্ত আহত হইয়াছিলেন। তিনি সম্ভর্তমনে ককণবচনে এইরূপ বিলাপ ও পরিতাপ করিয়া প্রিয়তমকে গাঢ়তর আলিঙ্কন পূর্ব্ধক মুক্তকঠে রোদন করিতে লাগিলেন। অরণি কান্ঠ বেমন অগ্নি উল্লার করিয়া থাকে, সেইরূপ তাঁহার নেত্র হইতে বহুকাল-সঞ্চিত্ত অঞ্চ উল্লাত হইল; কমলদল হইতে বেমন নীরবিন্দু নিঃসৃত হয়, তজ্ঞাপ ঐ সময় স্ফটিক-ধবল জলধারা দরদরিত ধারে প্রবাহিত হইতে লাগিল এবং প্রবল শোকানলে সেই বিশাললোচনার পূর্ণ-চন্দ্র-স্থন্দর বদনমণ্ডল বৃস্তচ্ছিন্ন পক্ষজের ন্যায় একাস্ত স্লান হইয়া গোল ৷

তখন রাম জানকীকে হুঃখ শোকে বিচেতন-প্রায় দেখিয়া কণ্ঠালিক্সন ও আখাস প্রদান পূর্বক কহিলেন, দেবি! ভোমায় যন্ত্রণা দিয়া আমি স্বর্গত প্রার্থনা করি না। স্বয়ংভ ত্রন্ধার ন্যায় আমাব কুত্রাপি ভয় সম্ভাবনা নাই। ভোমার প্রকৃত অভি-প্রায় কি, আমি তাহা জানিতাম না, তোমাকে রক্ষা করিতে আমার সামর্থ্য থাকিলেও কেবল এই কারণে আমি এতক্ষণ সমত ছট নাই। এক্ষণে বুঝিলাম, তুমি আমার সহিত বনগমনে সম্যক প্রস্তুত হইয়াছ, স্বতরাং আত্মন্ত যেমন দরা ত্যাগ করিতে পারেন না, সেইরপ আমিও ভোমায় ত্যাগ করিয়া যাইতে পারি না। পূর্বে সদাচার পরায়ণ রাজর্ষিগণ সন্ত্রীক হইয়া এই বানপ্রস্থ ধর্ম অবলম্বন করিয়াছিলেন, আমি তাহাই করিব ; তুমি স্থ্যানুসারিণী স্থর্কলার নাায় আমার অনুগমন কর। পিড়া সত্যপাশে বন্ধ হইয়া যখন আমায় আদেশ করিতেছেন, তখন আমি আর নিশ্চিন্ত থাকিতে পারি না। জানকি! পিতা মাতার বশ্যতা স্বীকার করাই পুত্রের পরম ধর্ম; আমি তাহা লক্ষন করিয়া জীবন ধারণ করিতে চাহি না। দৈব অপ্রভাক্ষ. ধ্যান ধারণাদি সাধন ছারা তাঁহার আরাধনা করিতে হয়, কিন্তু পিতা প্রত্যক্ষ দেবতা, তাঁহাকে অতিক্রম করিয়া দৈবের শরণা-

পন্ন হওয়া শ্রেয়হর নহে, এই কারণে পিতৃত্বাজ্ঞায় ও দৈবের মুখাপেক্ষা করিয়া এই স্থানে বাস করা উচিত বোধ করি না ৷ পিতার উপাসনা করিলে ত্রিলোকের উপাসনা করা হয় এবং ধৰ্ম অৰ্থ ও কাম এই তিনই উপলব্ধ হইয়া থাকে, এই জীব-লোকে ইহা অপেক্ষা পবিত্র বিষয় আর কিছুই নাই; এই কার-ণেই আমি পিতার আদেশ পালনে যতুবান্ হইয়াছি। দেখ, পিতৃসেবার ন্যায় সত্য দান মান ও ভূরিনক্ষিণ যজ্ঞও পার-লোকে হিতকর হয় না। পিতার চিত্তরতি অনুরুত্তি করিলে স্বৰ্গ ধন ধান্য বিদ্যা পুত্ৰ ও সুখ স্থলত হইয়া থাকে। যে সমস্ত মহাত্মা মাতা পিতার শরণাগত হুন, তাঁহাদিগের দেবলোক গন্ধৰলোক গোলোক ত্ৰন্ধলোক ও অন্যান্য উৎকৃষ্ট লোক লাভ হয়। স্বতরাং সত্যপরায়ণ পিতা যেরপ আদেশ করি-তেছেন, আমি তাহাই করিব, ইহাই আমার যথার্থ ধর্ম। জানকি! তোমার দণ্ডকারণ্য গমনে আমার অভিলাষ ছিল না, কিন্তু তুমি যখন তদ্বিষয়ে দৃঢ় সঙ্কম্প করিয়াছ, তখন অব-শ্যই সঙ্গে লইব। এক্ষণে আমি কহিতেছি, বাহা আমার ধর্ম, তুমিও তৎসাধনে প্রবৃত্ত হও। প্রিয়ে! তুমি ব্যুদ্ধপ দিকান্ত করিয়াছ, ভাষা দর্কাংশে উত্তম এবং আমাদের বংশেরও অনুরূপ হইয়াছে। এক্ষণে তুমি বনগমনের উপযুক্ত অনুষ্ঠানে প্রবৃত্ত হও। ত্রাক্ষণগণকে রত্ন এবং ভক্ষণার্থী ভিক্কুক দিগকে ভোজ্য প্রদান কর। মহামূল্য অলঙ্কার উৎকৃষ্ট বস্ত্র ক্রীড়াসাধন রমণীয় উপকরণ শ্ব্যা যান এবং আমার ও ভোমার অন্যান্য যা কিছু আছে, বিপ্রগণকে দান করিয়া অবশিষ্ট সমুদায়ই ভৃত্যবর্গকে বিভরণ কর। আর'বিলম্বে প্রয়োজন নাই, এখনই প্রস্তুত হও।

তৃখন জানকী বনগমনে রামের সন্মতি পাইয়া অবিলয়ে হাউমনে সমস্ত দান করিতে লাগিলেন।

### একত্রিংশ সর্গ।

#### しまるないないできている

মহাবীর লক্ষ্মণ রামের অত্যেই তথার আগমন করিয়াছিলেন, তিনি উভয়ের এইরপ কথোপকথন প্রবণ করিয়া
রোদন করিতে লাগিলেন এবং রামের বিরহয়্ঃখ সহিতে
পারিবেন না ভাবিয়া ভাঁহার চরণ গ্রহণ পূর্বাক কঁহিলেন,
আর্যা! মৃগমাতক্ষসকুল অরণ্যে যদি একাস্তই আপনার যাইবার ইচ্ছা হইয়া থাকে, ভাহা হইলে আমিও ধনুর্ধারণ পূর্বাক
আপনার অত্যে গমন করিব। যে স্থান পাতক ও মৃগমৃথের কণ্ঠমরে প্রতিধ্বনিত হইতেছে, সেই রমণীয় প্রদেশে
আপনি আমার সহিত বিচরণ করিবেন। আপনাকে ছাড়িয়া
আমি উৎকৃষ্ট লোক কি অমরত্ব কিছুই চাহি না, ত্রিলোকের
ঔশ্বর্য্যও প্রার্থনা করি না।

তথ্য রাম লক্ষণকৈ অনুগমনে একান্ত সমুৎস্ক দেখির। সান্ত্রনা বাক্ষ্যের বারংবার নিবারণ করিতে লাগিলেন। লক্ষ্যণ নিরস্ত হইলেন না, ক্রভাঞ্জলি পুটে পুনরায় কহিলেন, আর্য্য !
পূর্বে আপনি আমাকে আপনারই অনুসরণ করিতে আজ্ঞা
দিয়াছেন, তবে কি কারণে এখন নিবারণ করিতেছেন ? বলুন,
এবিষয়ে আমার অতিশয় সংশয় উপস্থিত হইল।

व्यन खुत ताम स्थीत लक्ष्मण कि कि हिलन, त्र न ! कृषि धर्म-পরায়ণ শাস্তবভাব ও সৎপথাবলহী। আমি ভোমায় প্রাণা-ধিক প্রিয় জ্ঞান করিয়া থাকি এবং তুমি আমার বশ্য ও সখা। আজ তুমিও যদি আমার সহিত বনে যাও, ভবে যশস্থিনী কেশিল্যা ও স্থমিত্রাকে কে প্রতিপালন করিবে? যিনি কামনা পূর্ব করিবেন, দেই মহীপাল কামের বশবন্তী হইয়া কৈকেয়ী-সংক্রাপ্ত অনুরাগে আসক্ত হইয়াছেন। কৈকেয়ী রাজ্য হস্ত-গভ করিলে তুঃখিত সপত্নীদিগের যন্ত্রণার আর পরিশেষ রাখিবেন না; ভরতও রাজপদে প্রতিষ্ঠিত হইয়া মাতারই পক্ষ হইবেন, কোশল্যা ও স্থমিত্রাকে স্মরণও করিবেন না। এই কারণেই কহিতেছি তুমি নিজে বা রাজার অনুগ্রহে যে রূপেই পার, এই স্থানে থাকিয়া উহাঁদিগকে ভরণ পোষণ কর। এইরপ অনুষ্ঠানে আমার প্রতি ভোমার যথার্থতই ভক্তি প্রদ-র্শিভ হইবে। বৎস! গুরু লোকের সেবা করিলে সবিশেষ ধর্মসঞ্চয় হইয়া থাকে; অতএব তুমি আমার জন্য আমার জননীর ভার গ্রহণ কর। যদি আমরা সকলেই তাঁহাকে ত্যাগ

করিয়া বাই, তাহা হইলে তিনি কোন রূপে সুখী হইতে পারি-বেন না।

লক্ষণ রামের এইরূপ বাক্য প্রবণ পূর্ব্বক বিনীতভাবে কহি-লেন, বীর! ভরত আপনারই প্রতাপে ভীত ও তৎপর হইয়া আর্য্যা কোশল্যা ও স্থমিত্রাকে প্রতিপালন করিবে, যদি সে রাজ্য হস্তগত করিয়া কুপথগামী হয়, ত্রভিসন্ধি-ক্রমে ও গর্মপ্রভাবে যদি ইহাঁদিগের রক্ষণাবেক্ষণে যত্ন না করে, ভাছা হইলে সেই ছুরাশয় ক্রের্কে নিঃশংস্য়েই সংহার করিব; ত্রিলোকের সমস্ত ব্যক্তি তাহার পক্ষ হই-লেও আমি সকলকেই বিনাশ করিব। আর দেখুন, যিনি উপ-জীব্যদিগকে বহুসংখ্য আম প্রদান করিয়াছেন, সেই দেবী কৌশল্যা আমাদিগের ন্যায় সহজ্র লোকের ভরণ পোষণ করিতে পারেন; স্বতরাং তিনি নিজের ও আমার মাতা স্থমিত্রার উদরান্নের নিমিত্ত যে লালায়িত হইবেন, ইছা কিছু-তেই সম্ভব হয় না। অতএৰ এক্ষণে আপনি আমাকে আপনার অনুসরণে অনুমতি প্রদান ককন, এই কার্য্যে বিধর্ম কিছুই নাই; প্রভাত ইহাতে আপনার স্বার্থ সিদ্ধি হইবে এবং আমিও কতার্থ হইব । আর্য্য ! আমি খনিত্র পেটক ও সগুণ শরাসন এহণ পূর্মক আপনার পথপ্রদর্শক হইয়া অত্যে আগ্রে হাইব। প্রতিদিন তাপসগণের আহারোপযোগি বন্য ফল মূল আনিয়া দিব। আপনি দেবী জানকীর সহিত গিরিশৃঙ্গে বিহার করি-বেন, জাগরিত বা নিদ্রিতই থাকুন, আপনকার সকল কর্মই আমি সাধন করিব।

রাম লক্ষ্মণের এই বাক্যে সবিশেষ প্রীত হইয়া কহিলেন, লক্ষ্মণ! তবে তৃমি আগ্রীয় স্বজনের অনুমতি লইয়া আমার সঙ্গে আইস। মহাগ্রা বৰুণ রাজর্ষি জনকের মহাযজ্ঞে ভীষণদর্শন দিব্য শরাসন তুর্ভেদ্য বর্ম তৃণ অক্ষয় শর এবং সুর্য্যের ন্যায় নির্মাল কনকখচিত খঙ্গা এই সকল অন্ত হুই প্রস্থ প্রদান করিয়াছিলেন। যেতুক-স্বরূপ সকলই আমাদিগের হস্তগত হইয়াছে। আমি আচার্য্যের গৃহে আচার্য্যকে পূজা করিয়া তৎসমুদায় রাধিয়া আসিয়াছি এক্ষণে তুমি ঐ গুলি লইয়া শীদ্রই আগমন কর।

অনন্তর মহাবার লক্ষণ বনবাসে দৃঢ়সংকলপ হইয়া স্বজনবর্গের নিকট বিদায় এহণ করিলেন। তৎপরে গুৰুগৃহে
গমন এবং অর্চিত মাল্যসমলক্ষ্ত অন্তএহণ পূর্ব্বক রামের নিকট
উপস্থিত হইলেন। তদ্দর্শনে রাম যৎপরোনান্তি প্রীত হইয়া
কহিলেন, লক্ষ্মণ! আমার বাঞ্ছিত সময়েই তুমি আসিয়াছ। এক্ষণে আমি ভোমার সহিত একত্রে আমার সমস্ত
ধনসম্পত্তি তপন্থী ও বিপ্রাদিগকে বিতরণ করিব। স্থাদৃ গুৰুভক্তি পরায়ণ অনেক ভাক্ষণ আমার আশ্রায়ে রহিয়াছেন।

তাঁহাদিগকে ও অন্যান্য পোষ্যবর্গকে অর্থ দান করিতে হইবে। তুমি বশিষ্ঠতনয় আর্য্য স্থত্তকে শীপ্র আনয়ন কর। আমি তাঁহাকে ও অপরাপর ভ্রাক্ষণগণকে সমুচিত অর্চনা করিয়া অরণ্য যাঁত্রা করিব।

( २२ )

#### দ্বাতিংশ সূর্গ।

~かりがまるしゃ~

তখন স্থমিত্রা তনয় লক্ষণ রামের এই হিতজনক আদেশ শিরোধার্য করিয়া স্থাজ্ঞের আয়তনে গমন করিলেন এবং অগ্নিহোত্র গৃহে তাঁহাকে অধ্যাসীন দেখিয়: অভিবাদন পূর্ব্বক কহিলেন, সখে! আর্য্য রাম রাজ্য পরিত্যাগ করিয়া বনে গমন করিবেন, অতএব তুমি একবার শীত্র তাঁহার আলয়ে আইস।

অনন্তর বেদবিৎ স্থযক্ত মধ্যায় সন্ধ্যা সমাপন করিয়া লক্ষণের সহিত রামের রমণীয় সম্পদ-পূর্ণ নিকেতনে সমুপস্থিত হইলেন। সেই হুতহুতাশনের ন্যায় প্রানীপ্ত ঋষিকুমার তথায় উপস্থিত হুইবামাত্র রাম ক্যাঞ্জলিপুটে সীতার সহিত গাত্রোত্থান পূর্বক তাঁহার অভ্যর্থনা করিলেন এবং তাঁহাকে উৎক্ষ অঙ্গদ, কুগুল, স্থাপ্ত-এথিত মুক্তাহার, কেযুর, বলয় ও নানাবিধ রত্ন প্রদান করিয়া সীতার অভিপ্রায় ক্রমে কহিলেন, সংখ! তুমি তোমার ভার্যাকে গিয়া এই হার ও কণ্ঠমালা দেও; আমার অরণ্যসহচরী জানকী তোমায় এই রশনা দিতেছেন, বিচিত্র অঞ্চল ও কেযুর দিতেছেন; এবং উংকষ্ট আন্তরণের সহিত নানারত্বথচিত পর্যাঙ্ক প্রাদান করিতেছেন। আমি মাতুলের নিকট শক্রপ্তায় নামে যে হন্তী প্রাপ্ত হইয়াছি, এক্ষণে নিক্ষ সহস্ত দক্ষিণার সহিত তাহাও তোমাকে অর্পণ করিলাম।

ঋষিতনয় সুযজ্ঞ ধনরত্ন সমুদায় প্রতিগ্রহ করিয়া হাউমনে তাঁছাদিগকে আশীর্কান করিলেন। তখন ব্রহ্মা যেমন ইক্রকে তদ্রেপ রাম প্রিয়ংবন লক্ষ্মণকে কহিলেন, লক্ষ্মণ! তুমি অতঃপর মহর্ষি অগস্ত্য ও বিশ্বামিত্রকে আহ্বান এবং অর্চণা সহ-'কারে গোসহত্র, সুবর্ণ, রজত ও মহামূল্য রত্ন প্রাদান করিয়া পরিতৃপ্ত কর। যিনি নেবা কেশিল্যাকে প্রতিনিয়ত আশীর্কাদ ক্রিতে আইসেন, সেই তৈত্তিরীয় শাখার অব্যাপক, প্রশংসনীয় ব্রাক্ষাকে পরিভোষ পূর্ব্বক কোশেয় বস্ত্র, যান ও পরিচারিকা প্রদান কর। আর্য্য চিত্ররথ আমাদিগের মন্ত্রী ও সার্থি, তিনি অত্যস্ত্তই বৃদ্ধ হইয়াছেন, তাঁহাকে বহুমূল্য বস্ত্ৰ রত্ন পশু ও সহস্ৰ গো দান কর। আমার আশ্রয়ে কঠ-শাখাধ্যায়ী দণ্ডবারী বহুসংখ্য ত্রন্ধারী আছেন। তাঁহার। বেদানুশীলনে সততই ব্যাপৃত থাকেন বলিয়া কোন কার্য্যই করিতে পারেন না। স্থসাত্র খাদ্যে ভাঁহা-দের যথেষ্ট প্রয়াস আছে, কিন্তু তাঁহারা অত্যন্তই অলস। তুমি দেই সমস্ত সাধুসমত মহাআদিগকে রত্নভারপূর্ণ অশীতি উষ্ট্র সহস্র বলীবর্দ চণক মুদ্যা এবং দধি হুদ্ধের নিমিত্ত বছসংখ্য ধেলু প্রদান কর ৷ আমার জননীর নিকটেও ঐরপ অনেক ত্রাশ্বণ আসিরা থাকেন, তাঁহাদিগের প্রত্যেককে সহস্র নিক্ক দেও ৷ এবং যাহাতে মাতার মনস্তুঠি জন্মে, সেই পরিমাণে উহাঁদিগকে দক্ষিণা দান কর ৷

তখন লক্ষ্মণ রামের নিদেশানুসারে ধনাধিপতি কুবেরের ন্যায় বিপ্রাগণকে ধন দান করিতে লাগিলেন। ঐ সময় ভৃত্যেরা তাঁহানের বনগমনের এইরূপ উল্যোগ দেখিয়া ছৃঃখিত মনে রোনন করিতেছিল। রাম তাহানিগকে জীবিকার উপযোগী অর্থ প্রদান করিয়া কহিলেন, দেখ, যত দিন না আমি প্রত্যাগমন করি তাবং তোমরা আমার ও লক্ষ্মণের প্রত্যেক গৃহে ক্রমা-বয়ে বাস করিবে। রাম অনুচরদিগকে এই রূপ অনুষতি দিয়া ধনাধ্যক্ষকে ধন আনমনার্থ আদেশ করিলেন। তাঁহার আজ্ঞা মাত্র পরিচারকেরা ধন আনিয়া তথার স্থুপাকার করিল। রাম লক্ষ্মণের সহিত দীন ছুখী আবাল বৃদ্ধ সকলকেই অকাতরে ভাহা বিতরণ করিতে লাগিলেন।

ঐ প্রদেশে ত্রিজট নামে গর্গ-গোত্র-সম্ভূত পিক্লকলেবর এক বৃদ্ধ ত্রান্ধণ বাস করিতেন। ফাল কুদ্দাল ও লাক্ষল দ্বারা বনমধ্যে ভূমি খনন করিয়া তাঁহাকে দিনপাত করিতে হইত। ত্রিজটের পত্নী তৰুণী, দারিক হুঃখে যৎপরোনান্তি কই পাইতে-ছিলেন। রামধনদান করিতেছেন এই সংবাদ পাইবামাত্র তিনি শিশু সন্তান সঙ্গে লইয়া আন্ধানক গিয়া কছিলেন, দেখ, তুমি এক্ষণে ফাল কুদাল পরিত্যাগ করিয়া আমি যাহা কছিতেছি, শ্রবণ কর। আজ রাজকুমার রাম বনে যাইবেন, এই উদ্দেশে তিনি দান হঃখীদিগকে ধন দান করিতেছেন। তুমি যদি এই সময় তাঁহার সহিত সাক্ষাৎ করিতে পার, তোমার অবশাই কিঞ্চিৎ লাভ হইবে।

অনস্তর ভৃগু ও অঙ্গিরার ন্যায় তেঃজপুঞ্জকলেবর মহাত্মা ত্রিজট এক ছিন্ন শাটী দ্বারা সর্ব্বাঙ্গ আচ্ছাদন পূর্ব্বক ভার্য্যার সহিত রামের আবাসাভিমুখে যাত্রা করিলেন এবং অনিবার্য্য-গমনে রাজভবনে প্রবেশ পূর্বক রামের সন্নিহিত হইয়া কহি-লেন, রাজকুমার! আমি নির্ধন, অনেকগুলি সন্তান সন্ততি হই-য়াছে, ভূমি খনন করিয়াই আমাকে দিনপাত করিতে হয়, অত-এব তুমি আমার প্রতি একবার কটাক্ষপাত কর। তথন রাম বিপ্রকে পরিহাস পূর্বক কহিলেন, দেখ, আমার অসংখ্য ধেনু আছে, কিন্তু তম্বো এক সহস্রও বিতরণ করা হয় নাই। এক্ষণে তুমি যতদূর এই দণ্ড নিক্ষেপ করিতে পারিবে, ততদূর যে পরিমাণে ধেরু থাকিবে, সমুদায়ই ভোমার। তখন ব্রাহ্মণ সত্তর কটিভটে শাটী বেষ্টন পূর্বক দওকাষ্ঠ ঘুর্নিত করিয়া প্রাণপণে নিক্ষেপ করিলেন। দণ্ড নিক্ষিপ্ত ছইবামাত্র মহা বেগে সরযুর পার-পারবর্ত্তী রমভবত্তল গোরেষ্ঠ গিয়া পতিত ছইল।

তদ্দর্শনে ধর্মপরায়ণ রাম নদীর অপর পার পর্যন্ত যত ধেরু ছিল সমুদায়ই ত্রিজটের আশ্রমে প্রেরণ পূর্ব্বক তাঁহাকে আলিক্ষন ও সাস্ত্রনা করিয়া কহিলেন, ত্রহ্মনূ! আমি তোমায় পরিহাস করিতেছিলাম, এই বিষয়ে তুমি কিছুমাত্র ক্রোধ করিও না । দূরে দণ্ডনিক্ষেপশক্তি তোমার আছে কি না, ইহা জানিবার নিমিত্ত আমি তোমায় ঐরপ কার্য্য প্রবৃত্ত করিয়াছিলাম । এক্ষণে তোমার আর যদি কোন অভিলাধ থাকে, প্রকাশ কর । সত্যই কহিতেছি তুমি ইহাতে কিছুমাত্র সক্ষোচ করিও না । আমার যা কিছু ধন সম্পত্তি আছে, সমুদায়ই বিপ্রবর্গের স্বার্থসিদ্ধির নিমিত্ত নিয়োগ করিতে প্রস্তুত আছি । ধর্মানুসারে সঞ্চিত এই সমস্ত অর্থ তোমাদিগকে দান করিলে অবশ্যই সার্থক হইবে ।

তখন ত্রিজট হান্ট মনে বহুসংখ্য দেরু প্রতিগ্রহ করিয়া যশ, বল, প্রীতি ও সুখ রৃদ্ধির নিমিত্ত রামকে আশার্মাদ পূর্বক ভার্য্যার সহিত প্রস্থান করিলেন। তিনি প্রস্থান করিলে প্রবলপোক্ষ রাম বান্ধবগণের নির্মাচনে প্রবর্তিত হইয়া ধর্মবলোপার্জিত অর্থ ত্রান্ধণ ভূত্য স্কৃষ্ণ এবং ভিক্ষোপজীবী দরিদ্র সকলকেই আদর সহকারে দান করিতে লাগিলেন।

## ত্রয়স্ত্রিংশ সর্গ।

এইরূপে রাম ও লক্ষ্মণ সমুদায় ধনসম্পত্তি বিভরণ করিয়া পিতার সহিত সাক্ষাৎ করিবার আশয়ে সীতা সমভিব্যাহারে তথা হইতে নিজান্ত হইলেন। সীতা সহত্তে যে সমস্ত অন্ত মাল্যচন্দনে অলক্ষৃত করিয়াছেন, ছুইটি পরিচারিকা তৎ-সমুদায় এহণ পূর্বক তাঁহাদের সঙ্গে চলিল। রাজপথ লোকাকীর্ন, তথায় গমনাগমন কর। নিতান্তই স্নকটিন, এই কারণে তৎকালে সকলে প্রাসাদ হর্ম্য ও বিমানশিখরে আরো-হণ পূর্ব্বক দীননয়নে রামকে অবলোকন করিতে লাগিল। তাহারা রামকে দীতা ও লক্ষণের সহিত পদত্রজে যাইতে দেখিয়া ছংখিত হৃদয়ে কহিতে লাগিলেন, হা! যাঁহার গমন কালে চতুরক্ষ বল সঙ্গে যাইত, আজ সেই রাম একাকী, কেবল লক্ষণ ও জানকী তাঁহার অনুসরণ করিতেছেন। রাম ঐশ্বর্য্য-মুখ ও ভোগ বিলাসের সম্পুর্ণ আস্বাদন পাইয়াছেন, তথাচ ধর্ম-গৌরব নিবন্ধন পিভার কথা অন্যথা করিতে পারিলেন না।

এদিকে শর্মরী প্রভাত হইলে, পুরবাসিগণ রামের অদর্শনে পোকে আক্রান্ত ও কিং-কর্ত্র্য-বিমূদ হইয়া সজল নয়নে চারি দিকে চাহিতে লাগিল, কিন্তু তাঁহার রথধূলিও আর দেখিতে পাইল না । অনস্তর সকলে বিষাদে মান হইয়া করুণ বাক্যে কহিতে লাগিল, নিদ্রাকে ধিক্, আমরা এই নিদ্রারই প্রভাবে হতজ্ঞান হইয়া আজ সেই বিশাল-বক্ষ রহৎ-বাহুকে আর দেখিতে পাইলাম না। তিনি এই সমস্ত অনুরক্ত লোক-দিগকে পরিত্যাগণ করিয়া কিরপে তাপসবেশে প্রবাসে গমন করিলেন! পিতা যেমন ঔরসজাত পুত্রকে পালন করিয়া থাকে, সেইরপ তিনি সর্মদাই আমাদিগকে প্রতিপালন করি-তেন, এক্ষণে সেই রঘুপ্রবীর কি বলিয়া সকলকে ফেলিয়া অরণ্যে গেলেন! আজ আমরা মহাপ্রশ্বান \* বা এই শ্বানেই

<sup>\*</sup> মরণ নিশ্চয় করিয়। উত্তর দিকে গমন।

তনুত্যাগ করিব। এই তমসা তীরে স্থপ্রুর শুক্ষ কাষ্ঠ রহিয়াছে,
ইহা দারা চিতা প্রস্তুত করিয়া অনলপ্রবেশ করিব। আমরা
যখন রামশ্ন্য হইয়াছি, তখন আর আমাদের জীবনে প্রয়োজন কি? লোকে যখন রামের র্ত্তান্ত জিজ্ঞাসা করিবে, তখন
কোন্ প্রাণে কহিব, যে আমরা সেই প্রিয়ংবদকে বনবাস দিয়া
আইলাম। অযোধ্যার আবাল রন্ধ বনিতারা আমাদের সঙ্গে
তাঁহাকে দেখিতে না পাইয়া অত্যন্তই ক্ষুণ্ণ হইবে। আমরা তাঁহার
সহিত নিক্ষান্ত হইয়া ছিলাম, এক্ষণে তাঁহাকে হারাইয়া কি
রূপে নগরে যাইব ৷ প্রকৃতিগণ তৎকালে ছুঃখিত মনে
হন্তোভোলন পূর্বক হৃতবৎসা ধেনুর ন্যায় এইরূপ ও অন্যান্য
রূপ বিলাপ ও পরিতাপ করিতে লাগিল।

অনস্তর উহার। রথের গমনপথ লক্ষ্য করিয়া তথা হইতে যাত্রা করিল। যাইতে যাইতে আর পথ দেখিতে পাইল না. তখন বিষয় মনে সকলে কহিতে লাগিল, হা! এ কি! কি করিব! দৈবই আমাদের প্রতিকুল হইয়াছেন। এই বলিতে বলিতে আবার সেই পথ অনুসারে প্রতিনিত্ত হইল এবং ক্রান্ত মনে অযোধ্যায় ফিরিয়া গেল। অযোধ্যায় রামবিরহে সকলেই আকুল, তদ্দর্শনে উহাদের মনও যার পর নাই বিকল হইয়া উঠিল এবং উহারা শোকাবেগে অনর্গল চক্ষের জল বিসর্জ্ঞন করিতে লাগিল। পত্যরাজ যাহার

গর্ভ হইতে সর্প বাহির করিয়া লইয়াছেন, সেই নদীর ন্যায়,
শশাস্কহীন আকাশের ন্যায় ও বারিশূন্য সাগরের ন্যায় ঐ
পুরী নিতান্তই হতজী হইয়াছিল। পোরেরা প্রবেশ করিয়া
দেখিল, উহাতে আনন্দের লেশমাত্র নাই। তৎকালে সকলে
দ্বঃখে ক্ষিপ্ত প্রায় হওয়াতে, প্রত্যক্ষেও আত্মপরবিচারে
সমর্থ হইল না এবং অতিকফে গৃহ প্রবেশ করিলেও স্বগৃহ
ও পরগৃহ নির্মাচন করিয়া লইতে পারিল না।

### অফচত্বারিংশ সর্গ।

পেরি জন পুনর্ধার নগরে আগমন করিল। সকলেই ছঃখে বিষয় ও শোকে আচ্চন্ন হইয়াছে, সকলেই বিমনায়মান ও মৃত-প্রায়। উহারা স্বস্থ গৃহে প্রবেশ পূর্বাক পুত্রকলত্রে পরিবৃত্ত হইয়া নিরবচ্ছিন্ন রোদন করিতে লাগিল। আমোদ আহ্লাদ বিলুপ্ত হইয়া গেল। বণিকেরা আর আপণ প্রসারিত করিল না, করিলেও পণ্যদ্রব্য যেন সকলের বিষবৎ বোধ হইতে লাগিল। গৃহছেরা রন্ধনকার্য্যে বিরত হইলেন। অপহৃত অর্থ পুনঃপ্রাপ্ত হইলেও আর কেহ হাই হইল না এবং জননী প্রথমজাত পুত্রকে পাইয়াও নিরানন্দে রহিল।

অনস্তর পেরিস্ত্রীরা ভর্তুগণকে প্রত্যাগত দেখিয়া, ছংখিত মনে গলদশ্রু লোচনে ভর্ণনা করিয়া কহিতে লাগিল, যাহারা রামকে আর দর্শন করিতে না গাইল, তাহাদিগের স্ত্রী পুত্র গৃহ ধন ও স্থাধ প্রয়োজন কি ? জগতে এক লক্ষ্মণই সাধু এবং

জানকীই সাগনী, তাঁহারা সেবাপার হইয়া রামের অনুসরণ क्रिलिन। त्रांग रय श्रेथ मिया यांडरियन, ज्यांग रा मकल नही ও সরোবর থাকিবে ভাহারাই ধন্য, কারণ রাম উহাদের নির্মল দলিলে অবগাহন করিবেন। তাঁহার প্রদাদে, সুর্ম্য বৃক্ষ-পূৰ্ণ কানন এবং সশৃঙ্ক পৰ্বত স্থানোভিত হইবে এবং উহারা প্রিয় অতিথির ন্যায় তাঁছাকে পাইয়া সেবা করিবে। তিনি দেখি-বেন, রক্ষে বিচিত্র পূষ্প সকল বিকসিত ও মঞ্জুরী উত্থিত হইয়াছে এবং ভৃঙ্গের। মধুগন্ধে ভাষাতে গিয়া উপবেশন করিতেছে। তৰ্ফল পল্লবশ্যা দিয়া রামকে আরামে রাখিবে। পর্বত সকল, রূপা করিয়া অকালের উৎকৃষ্ট ফল পুষ্প এবং প্রস্তবণ, ষ্চ্ছ পানীয় জল প্রদান করিবে। যেখানে রাম তথায়,ভয় ও পরাভব কিছুই নাই। এক্ষণে চল, সেই মহাবীর বহু দূর শাইতে না শাইতে, আমরা তাঁহার অনুগমন করি। তাদৃশ মহা-ত্মার চরণচ্ছায়া আফুার্দিগের সুখজনক হইবে। তিনিই সকলের গতি ও আশ্রয়। অরণ্যে আমরা জানকীর সেবা করিব ও তোমরা রামের পরিচর্য্যা করিবে। রাম হইতে তোমাদিগের এবং জানকী হইতে আমাদিগের অলব্ধলাভ ও লব্ধরকা হইবে। मकल्ल हे উৎक्रिज, हर्य जात नाहे, मन उ उनाम इहेग्ना हा वल দেখি. এখন এই গৃছে থাকিয়া আর কে সম্ভষ্ট হইবে? যদি কৈকেয়ীর রাজ্যে ধর্মাধর্মের বিচার না থাকে, যদি ইহা নিভান্ত

অরাজকের নায় হইয়া উঠে, তাহা হইলে ধনপুত্রের কথা দুরে থাক, জীবনেই বা ফল কি? যে, ঐশ্বর্য্যের নিমিত্ত পতি পুত্র পরিত্যাগ করিল, সেই কুলকলঙ্কিনী অতঃপর আর কাছাকে পরিত্যাগ করিবে? আমরা পুত্রের উল্লেখ করিয়া শপথ করিতেছি, যে, কৈকেয়ী যতদিন জীবিত থাকিবে, আমরা প্রাণসতে তাহার পোষা হইয়া এই রাজ্যে বাস করিব না। যে নিলছ্লা, রাজার এমন গুণের পুত্রকে নির্বা-সিত করিতে পারিল, তাহার আশ্রায়ে কে মুখে থাকিবে? এই রাজ্য অরাজক হইল; অতঃপর ইহাতে বিশুর উপদ্রব ঘটিবে, যাগ যজ্ঞও বিলুপ্ত হইবে : বলিতে কি, কৈকেয়া হইতে এই সমুদায়ই नके इहेशा यहित। ताम वनवामी इहेलन. মহারাজ আর বাঁচিবেন না, তিনি দেহ ত্যাগ করিলে সবই ছারখার হইবে। অতএব আইন, আমরা শিলায় পেষণ করিয়া বিষ পান করি, অথবা রামের অনুগমন কিন্তা যথায় কৈকেয়ীর নাম গন্ধও নাই, দেই স্থানে প্রস্থান করি। রাম, সীতা ও লক্ষ্ম ণের সহিত অকারণ নির্মাসিত হইলেন, এক্ষণে আমরা ঘাতক-সন্নিধানে পশুর ন্যায় ভরতের নিকট নিবদ্ধ হইলাম। জলদ-শ্যাম রাম, চক্রের ন্যায় প্রিয়দর্শন, তাঁহার জক্রন্তর গঢ় এবং বাহু আজারুলম্বিত; সেই পদাপালাশ-লোচন অত্যন্ত মধুর-অভাব, সভ্যবাদী ও সাধু। দেখা হইলে তিনি অগ্রেই আলাপ

করিয়া থাকেন, মত্ত মাতকের ন্যায় তাঁহার বিক্রম, একণে অরণ্য তাঁহার পাদ পর্শে অলঙ্কৃত হইবে, সন্দেহ নাই।

· পেরিন্ত্রীরা নিতান্ত হুংখিত হইয়া এই বলিয়া বিলাপ ও পরিতাপ করিতে লাগিল এবং ভয়স্কর মরক উপস্থিত হইলে মেরূপ হয়, সকলেই সেইরূপ কাতর হইয়া উঠিল।

ইত্যবদরে দিবাকর যেন উহাদের হুঃখ সহ্য করিতে না পারিয়াই অন্তর্শিখরে আরোহণ করিলেন, রজনীও আগত হইল । তৎকালে নগর মধ্যে হোমাগ্নি আর প্রজ্বলিত হইল না, অধ্যয়ন ও শাস্ত্রালাপের সম্পর্ক রহিল না, অধ্বকার যেন চারি দিক অবগুঠিত করিল । মৃত্যু গীত বাদ্য বিলুপ্ত হইল । সকলেই বিষণ্ণ, নিরাশ্রয়, আপণ সকল অবৰুদ্ধ, অযোধ্যা শুদ্ধ সমুদ্দের ন্যায় তারকাশূন্য আকাশের ন্যায় পরিদৃশ্যমান হইতে লাগিল। রাম, পোরনারীগণের গর্ভের সন্তান অপাক্ষাও অধিক ছিলেন; উহারা তাঁহার নিমিত্ত অত্যন্ত কাতর হইয়া পুত্র বা ভাতাকে নির্বাসিত করিলে যেরপে হয়, সেই ভাবে আত্রিমরে ক্রন্দন করিতে লাগিল।

#### একোনপঞ্চাশ সর্গ।

এদিকে রাম পিতৃত্যাজ্ঞা পালন উদ্দেশে সেই রাত্রিশেষে বহুদূর অতিক্রম করিলেন। পথিমধ্যে প্রভাত হইল। তিনি প্রাতঃসন্ধ্যা সমাপন পূর্বক দেশাস্তরে প্রবেশ করিলেন এবং যাহার প্রান্তে হলকর্ষিত ক্ষেত্র সকল শোভা পাইতেছে, এইরপ গ্রাম ও কুল্লমিত কানন অবলোকন পূর্বক গমন করিতে লাগিলেন। তৎকালে রথ মহাবেগে যাইতেছিল, কিন্তু ঐ সমস্ত রমনীয় দৃশ্য দর্শন প্রসঙ্গে তিনি উহা অনুভব করিতে পারিলেন না।

গমন পথে গ্রাম্যলোকেরা ভাঁছাকে দেখিয়া কছিতে লাগিল, কামপরায়ণ রাজা দশরথকে ধিক্! তাঁছার পুত্রমেছ কিছুমাত্র নাই, যিনি প্রকৃতিগণের প্রতি কখন কোনরূপ অপ্রিয় আচরণ করেন না, তিনি তাঁছাকেই পরিত্যাগ করিলেন! পাপীয়সী কৈকেয়ী নিতান্ত ক্রমভাবা, তিনি অতি নৃশংস ব্যাপারে প্রস্তু হইয়াছেন, তিনি ধর্মমর্যাদা লক্ষ্মন করিয়া রাজার এমন গুণবান, দয়াশীল, ধার্মিক, জিতেন্দ্রিয় পুত্রকেও বনবাস দিলেন!

রাম ঐ সমস্ত গ্রাম্য লোকের এইরপ বাক্য শ্রবণ পূর্ব্বক কোশল দৈশের অন্তঃ সামায় উপনীত হইলেন। এবং পবিত্র-সলিলা স্রোভস্থতী বেদশ্রুতি পার হইয়া দক্ষিণাভিমুখে যাইতে লাগিলেন। অদূরে সাগরগামিনী গোমতী প্রবাহিত হইতেছে। উহার কচ্চদেশে গো সকল সঞ্চরণ করিতেছিল, রাম উহা পার হইয়া হংস ময়র মুখরিত স্যান্দিকা নদী অতি ক্রম করিলেন। পূর্বের রাজা মনু, ঈক্ষাকুকে যে জনপদপরিরত প্রাদেশ প্রদান করিয়াছিলেন, রাম স্যান্দিকা উত্তীর্ণ হইয়া সীতাকে তাহা দেখাইতে লাগিলেন।

অনস্তর তিনি বারংবার স্থাস্ত্রকে সম্বোধন করিয়া কহিলেন, স্থাস্ত্র ! আমি আবার কবে পিতা মাতার সহিত সমাগত হইয়া সর্যূর কুস্থমকাননে মৃগয়া করিব। মৃগয়া আমার
তাদৃশ প্রীতিকর নহে, কিন্তু ইহা রাজ্যিগণের সন্মত বলিয়া,
নিষিক্ত বলিতে পারি না। রাম মধুর বাক্যে স্থমন্ত্রের সহিত
এইরপ ও অন্যান্যরূপ নানা প্রকার কথোপকখন পূর্বক গমন
করিতে লাগিলেন।

#### পঞ্চাৰ দৰ্গ।

অনস্তর তিনি রাজধানী অযোধ্যার দিকে কতাঞ্চলি হইয়া কহিলেন, হে রঘুকুল-প্রতিপালিতে! আমি তোমাকে এবং যে সমস্ত দেবতা তোমাতে বাস ও তোমায় রক্ষা করিতেছেন, তাঁহানিগকে আমস্ত্রণ করিতেছি। আমি ঋণমুক্ত, বন হইতে প্রত্যাগত এবং পিতা মাতার সহিত মিলিত হইয়া, পুনরায় তোমায় দর্শন করিব। রাম এই বলিয়া অযোধ্যাকে সম্ভাষণ পূর্বক দক্ষিণ বাহু উত্তোলন করিয়া অশ্রুপূর্ব লোচনে জনপদবাসীদিগকে কহিলেন, দেখ, তোময়া আমায় যথোচিত আদর ও কপা করিলে, অতঃপর বহুক্ষণ মুংখ সহ্য করা আর শ্রেয় নহে, অতএব প্রতিনিত্তত হও, আমরাও স্বকার্য্য সাধনে গ্রমন করি।

তখন জনপদবাসিরা রামকে প্রণাম করিয়া ফিরিয়া চলিল। যাইতে যাইতে তাঁহাকে দেখিবার আশায়ে এক একবার দাঁড়াইয়া রহিল। উহারা যতই তাঁহাকে দেখিতে লাগিল, নেত্রের তৃপ্তিলাভ করিতে পারিল না।

क्रा मांग्रःकालीन सूर्यात नाग्न ताम जन्मा हरेलन এবং যথায় বিস্তর বদান্য লোকের বদতি আছে, চৈত্য ·ও যৃপ সকল শোভা পাইতেছে এবং নিরস্তুর বেদধ্বনি হইতেছে, বথায় সকলেই হাট পুষ্ট, যে স্থান আত্র-কাননে পরিপূর্ণ, জলাশয়-শোভিত এবং ধনধান্য ও ধেনুসম্পন্ন, রাম ক্রমশঃ সেই রাজগণের দর্শনীয় রুমণীয় কোশল দেশ অতিক্রম করি-লেন এবং মন্দবেগে সুরম্যোদ্যান শোভিত সুসমৃদ্ধ শুঙ্গবের পুরে উপনীত হইলেন। তথায় দেখিলেন, ত্রিপথগামিনী পাপনাশিনা জাহুবী কল কল শব্দে প্রবাহিত হইতেছেন। জাহবীর জল মণির ন্যায় নির্মল শীতল ও পবিত্র। উহাতে কিছুমাত্র শৈবল নাই। মহর্ষিরা ঐ জলে স্থান ও পান ক্রিয়া मण्यानन कतिराज्यहन। निकार पेरक के आधार वर जारे দেবগণের উদ্যান ও ক্রীড়া-পর্বত। এই গঙ্গা দেবলোকে স্থ্যত্তরঙ্গিণী মন্দাকিনী নাম ধারণ করিয়াছেন। তথায় দেবসেব্য স্বর্ণ পাঘা বিকসিত হইতেছে এবং দেব দানব গন্ধর্ব কিন্নর ও অপ্সরোগণ পুলকিত মনে বিহার করিতেছেন। জাহ্নবী কোন স্থলে শিলাঘাত নিবন্ধন যেন ভীষণ অউহাস্য করিতে-ছেন; কোথাও ফেন ভাসিতেছে, কোন স্থলে প্রবাহ বেণীর আকারে চলিয়াছে, কোধাও বা আবর্ত হইতেছে। এক স্থলে স্থির ও গম্ভীর, আর এক স্থলে অত্যম্ভই বেগ। কোথাও প্রবাহ-

শব্দ অতি স্থমপুর, কোখাও বা একান্তই কঠোর। স্থানে স্থানে বিস্তীর্ণ বালুকাময়স্থান, স্থানে স্থানে হংস সারস ও চক্র-বাক্ প্রভৃতি জলচর পক্ষিগণের কলরব। কোন স্থলে তীরের তৰু শ্রেণি যেন মালার ন্যায় শোভা পাইতেছে, কোথাও বা পদ্ম কুমন ও কহলার সকল মুকুলিত ও বিকসিত হইয়া আছে, এবং পুষ্পপরাগ প্রবাহবেগে ভাষিয়া চলিয়াছে। এই পবিত্র নদী রাজা ভগীরথের তপোবলে বিফুপাদচ্যত ও হরজটা-পরিভ্রম্ভ হইয়া সাগরে মিলিত হইতেছেন। ইহাতে শিশু-মার নক্র কুম্বীর ও উরগগণ বাস করিতেছে। উহার তীর, তরু লতা গুল্মে একান্ত গহন হইয়া রহিয়াছে, তন্মধ্যে দিগ্গজ বন্যগজ ও সুরুমাতঙ্গ সকল অনবরত গর্জন করিতেছে। রাম ভাগীরথীকে দর্শন করিয়া সুমন্ত্রকে কছিলেন, সুমন্ত্র ! ঐ দেখ, এই নদীর অদূরে পল্লবকুমুমুমুশোভিত ইঙ্গুদী রক্ষ রহিয়াছে, আজ আমরা ঐ স্থানেই বাস করিব। তখন লক্ষণ ও স্মন্ত্র উভয়েই তাঁহার বাক্যে সমত হইলেন।

অনন্তর রথ অবিলয়ে রক্ষের নিকট উপস্থিত হইল। রাম, জানকী ও লক্ষণের সহিত অবতীর্ণ হইলেন। তাঁহারা অব-তীর্ণ হইলে সুমন্ত্র অস্বাগকে মোচন করিয়া দিলেন এবং রামকে ইঙ্গুদী রক্ষমূলে উপবিষ্ট দেখিরা তাঁহার সেবা করিবার নিমিত্ত ক্ষতাঞ্জলিপুটে সন্নিহিত হইলেন। ঐ স্থানে গুছ নামে নিষাদ জাতীয় এক বলবান রাজা বাদ করিতেন। তিনি রামের প্রাণদম সখা ছিলেন। রাম নিষাদরাজ্যে আদিয়াছেন, শুনিয়া গুছ বৃদ্ধ অমাত্য ও জ্ঞাতি-গণে পরিবৃত হইয়া তাঁহার নিকট গমন করিলেন, এবং যৎ-পরোনান্তি ছঃখিত হইয়া তাঁহাকে আলিঙ্কন পূর্ম্বক কহিলেন, সখে! তুমি আমার এই রাজধানী, অযোধ্যার ন্যায় তোমারই বিবেচনা করিবে। বল, এক্ষণে তোমার কি করিব ? ভবাদৃশ প্রিয় অতিথি ভাগ্যক্রমেই উপস্থিত হইয়া থাকেন।

এই বলিয়া নিষালাধিপতি গুহ শীত্র নানাবিধ সুস্বাপ্ত আর্ম গ্রান্থন পূর্বক কহিলেন, সথে! তুমি ত সুখে আসিন্
য়াছ ? এই নিষালরাজ্য সমগ্রই তোমার, তুমি আমানিগের ভর্তা,
আমরা তোমার ভৃত্য। এক্ষণে এই সমস্ত ভক্ষ্য ভোজ্য, উৎকৃষ্ট
শয্যা এবং অস্বের ঘাস আনীত হইয়াছে, গ্রহণ কর। রাম গুহের
এইরপ বাক্য শ্রকণ করিয়া কহিলেন, নিষালরাজ! তুমি যে,
দূর হইতে পালচারে আগমন এবং স্নেহ প্রদর্শন করিলে, ইহাতেই আমরা সংকৃত ও সস্তুষ্ট হইলাম। এই বলিয়া তিনি
বর্তুল বাহু যুগল দ্বারা গুহুকে গাঢ়তর আলিক্ষন করিয়া কহিলেন, গুহ! ভাগ্যবশতই তোমাকে বন্ধু বাদ্ধবের সহিত
নীরোগ দেখিলাম, এক্ষণে তোমার রাজ্য ও অরণ্য ত নির্বিষ্থে
আছে ? তুমি প্রীতি পূর্বক আমাকে যে সকল আহার জব্য

উপহার দিলে, আমি কিছুতেই প্রতিগ্রহ করিতে পারি না।

এক্ষণে চীর চর্ম ধারণ ও ফল মূল ভক্ষণ পূর্ব্বক তাপসত্রত অবলখন করিয়া অরণ্যে ধর্ম সাধন করিতে হইবে, স্কুতরাং কেবল
অধ্যের ভক্ষ্য ভিন্ন অন্য কোন দ্রব্যই লইতে পারি ন।। এই
সমস্ত অখ, পিতা দশরথের অত্যন্ত প্রিয়, ইহারা তৃপ্ত হইলেই
আমার সংকার করা হইল। গুহ রামের এইরপ আদেশ পাইবা
মাত্র অধিক্ত পুরুষদিগকে অখের আহার পান শীত্র প্রদান
করিবার অনুমতি করিলেন।

অনস্তর রাম উত্তরীয় চীর প্রহণ পূর্ব্ধক সায়ংসন্ধ্যা সমাপন করিলেন। তাঁহার সন্ধ্যা সমাপ্ত হইলে লক্ষ্মণ পানার্থ
জল আনিয়া দিলেন এবং রাম জল পান করিয়া জানকীর
সহিত ভূমিশ্য্যায় শরন করিলে তিনি তাঁহাদের পাদ
প্রকালন করিয়া তক্মূলে আশ্রয় লইলেন।

#### একপঞ্চাশ সর্গ।

লক্ষ্মণ রামকে রক্ষা করিবার নিমিত্ত অক্তত্তিম অনুরাগে রাত্রি জাগারণ করিতেছেন দেখিয়া, গুহ, সম্ভপ্ত মনে কহিলেন, রাজকুমার! তোমার জন্য এই স্থখ্য্যা প্রস্তুত হইয়াছে, তুমি ইহাতে বিশ্রাম কর। আমরা অনায়াসে ক্লেশ সহিতে পারি, কিন্তু তুমি পারিবে না; এক্ষণে রামকে রক্ষা করিতে আমরাই রহিলাম। আমি শপথ পূর্ব্বক সত্যই কহিডেছি, রাম অপেক্ষা প্রিয়তম আমার আর নাই। ইহাঁর প্রসাদে ধর্ম অর্থ কামের সহিত ইহলোকে যশোলাভ হইবে, ইহাই আমার বাঞ্চা। এই স্থানে বহুসংখ্য নিষাদ আসিয়াছে, ইছা-দিগের সহিত মিলিত হইয়া শরাসন এহণ পূর্বক পত্নী-সহ প্রিয়সখাকে রক্ষা করিব। আমি নিরস্তুর এই অরণ্যে বিচরণ করিয়া থাকি, ইহার কিছুই আমার অবিদিত নাই, যদি অন্যের চতুরক্স সৈন্য আসিয়া আক্রমণ করে, সহজেই তাহা নিবারণ করিতে পারিব।

তখন লক্ষ্মণ গুছের এই রূপ বাক্য শ্রবণ করিয়া কছি-

লেন, নিযাদরাজ! ভোমার ধর্মটি তাছে, ভুমি যখন রক্ষা-ভাব গ্রাহণ করিতেছ, তথন জালাদিগোর কোন বিষয়েই ভয় সম্ভাবন: নাই। কিন্তু দেখা এই রঘুকুল-ভিলক রাম জানকীর নহিত ভূমি শ্যাপায় শয়ন করিয়া আছেন, আর আমার আহার নিদায় প্রয়োজন কি? কি বলিয়াই বা মুখ-ভোগে রভ হইব? রণস্থলে সমস্ত মুরাগুর যাঁহার বিক্রম সহা করিতে পারে না, আজ তিনিই পারীর সহিত পর্ণশ্যা গ্রহণ করিলেন ' পিতা, মন্ত্র তপস্যা ও নানা প্রকার দৈব-ক্রিয়ার অনুষ্ঠান দ্বারা ইছাকে পাইয়াছেন, ইনি আমাদের সকলের প্রেষ্ঠ । ইহাঁকে বনবাস দিয়া, তিনি আর অধিক দিন দেহ ধারণ করিতে পারিবেন না: দেবী বম্মতীও অচিরাৎ বিধবা হইবেন ৷ নিযাদরাজ ৷ বোধ হয়, এভক্ষণে পুরনারীগণ আর্ত্তরবে চীৎকার করিয়া আস্ত্রি-নিবন্ধন নিরস্ত হইয়াছেন, রাজভবনও নিস্তব্ধ হইয়া জাদিয়াছে। লা । দেবী কেশিলা। জননী সুমিত্রা ও পিতা দশর্থ যে জীবিত আছেন, আমি এরপ সম্ভাবনা করি না, যদি থাকেন, তবে এই রাত্রি পর্যান্ত । আমার মাতা ভাতা শক্রচের মুখ চাহিয়া বাঁচিতে পারেন, কিন্তু বীরপ্রসবা কেশিল্যা যে, পুত্রশোকে প্রাণত্যাগ করিবেন, এইই আমার ত্রঃখ। দেখ, আর্য্য রামের প্রতি পুরবাসিগণের বিশেষ অনুরাগ আছে; এক্ষণে পুত্রবিয়োগে রাজা দশরথের মৃত্যু

হইলে তাহারা অতঃন্তই কট পাইবে। হায়! জানি না, জ্যেষ্ঠ পুত্রের অনুর্শনে, পিভার ভাগ্যে কি ঘটিবে। তিনি রামকে রাজ্যভার দিতে না পারিয়া ভগুমনোরথে 'সর্বনাশ হইল। সর্ব-নাশ হইল !' কেবল এই বলিয়াই মর্ত্ত্যলীলা সংবরণ করিবেন। তাঁহার দেহাস্তে দেবী কেশিল্যার লোকান্তর লাভ হইবে। তংপরে আমার জননীও পতিহীনা হইয়া জীবন ত্যাগ করিবেন। পিতার মৃত্যু হইলে যাঁহারা তৎকালে উপস্থিত থাকিয়া তাঁহার মগ্নিসংস্কার প্রভৃতি সমস্ত প্রেতকার্য্য সাধন করিবেন, তাঁহারাই ভাগ্যোন। যথায় রমণীয় চত্তর ও প্রশস্ত রাজপথ দকল রহিয়াছে যে স্থানে হর্ম্য প্রাদান উদ্যান ও উপবন শোভা পাইতেছে এবং বারাঙ্গনারা বিরাজ করিতেছে, যথায় হন্তী অশ্বরথ সূপ্রচুর আছে ও নিরন্তর তুর্যাপনি হই-কেছে, যে **স্থানে সকলেই হৃষ্ট পুষ্ট এবং সভা** ও উৎসবে সততই সন্নিবিষ্ট. ুঐ সমস্ত ব্যক্তি আমার পিতার সেই মঙ্গ-লালয় রাজধানী অযোধ্যায় পরম স্থাং বিচরণ করিরে। হা! পিতা কি জীবিত থাকিবেন / আমরা অরণ্য হইতে প্রতি-নিবৃত্ত হইয়া তাঁহাকে কি আর দেখিতে পাইব? আমরা সত্যপ্রতিজ্ঞ রামের সহিত নির্বিল্পে অযোধ্যায় কি পুনরায় আসিতে পারিব?

লক্ষ্মণ জাগারণ-ক্রেশ সহ্য করিয়া ছঃখিত মনে এইরূপ

বিলাপ ও পরিতাপ করিতেছেন, এই অবসরে রজনী প্রভাত হইয়া গোল। নিষাদরাজ, লক্ষ্মণের এই সমস্ত প্রকৃত কথা শ্রবণ করিয়া, বন্ধুত্ব নিবন্ধন অঙ্কুশাহত মাতক্ষের ন্যায় অত্যন্ত ব্যথিত হইয়া, অজ্জ অঞ্চ বিসর্জন করিতে লাগিলেন।

## দ্বিপঞ্চাশ সর্গ।

শর্করী প্রভাত হইলে, রাম শুভলক্ষণ লক্ষ্মণকে কহিলেন, বৎস! রাত্রি অতীত ও সুর্য্যোদয় কাল উপস্থিত হইল। প্র দেখ, অরণ্যে ক্ষবর্গ কোকিল কুছুরব করিতেছে এবং ময়ুরগণের কণ্ঠধনি শ্রুতি-গোচর হইতেছে। আইস, আমরা এক্ষণে গঙ্গা পার হই।

লক্ষনণ রামের অভিপ্রায় অনুসারে গুহ ও স্থমন্ত্রকে নেকি।
আনয়নের সঙ্কেত করিয়া, তাঁহারই সন্মুখে দণ্ডায়মান রহিলেন।
তখন গুহ সচিবগুণকে আহ্বান পূর্ধক কহিলেন, দেখ, ভোমরা
কর্ণ ও ক্ষেপণীযুক্ত নাবিক-সহিত একখানি স্নৃদৃঢ় তরণী শীত্র
এই তীর্থে আনয়ন কর। নিষাদগণ গুহের আজ্ঞা মাত্র
প্রস্থান করিল এবং এক রমণীয় নোকা আনয়ন পূর্ধক তাঁহাকে
সংবাদ দিল।

অনন্তর নিষাদরাজ কণ্ডাঞ্জলিপুটে রামকে কহিলেন, সখে! তরণী আনীত হইয়াছে, এক্ষণে আরোহণ কর; বল, অতঃপর আমায় আর কি করিতে হইবে? রাম কহিলেন, গুহ! তোমার প্রযক্তে আমি পূর্ণকাম হইলাম, এক্ষণে আমার এই সমস্ত দ্রব্য নোকায় তুলাইয়া দেও। এই বলিয়া রাম বর্ম ধারণ এবং তুণীর ধ্যা ও শরাসন গ্রহণ করিয়া, সীতা ও লক্ষ্মণের সহিত অবতরণ-পথ দিয়া নামিতে লাগিলেন। ইত্যবসরে স্থমন্ত্র তাঁহার সমুখে গিয়া, ক্লভাঞ্জলিপুটে বিনীতভাবে কহিলেন, রাজকুমার! এক্ষণে আমি কি করিব, আদেশ কর।

তখন রাম দক্ষিণ করে তাঁহাকে স্পর্শ করিয়া কহি-লেন, স্বযন্ত্র ! তুমি পুনরার ত্বরায় রাজার নিকট যাও, আমাকে রথে আনয়ন করা এই পর্যান্তই শেষ হইল: অভঃপর আমি পদত্রজে গছন বনে প্রবেশ করিব। স্থমন্ত রামের এইরূপ আদেশ পাইয়া কাতরভাবে কহিলেন, রাজকুমার! সামান্য লোকের ন্যায় ভাতা ও ভার্য্যার সহিত তুমি যে, বনবাসী হই-ভেছ, ইহাতে অযোধ্যার কাহারই অভিলাষ নাই। ভোমায় যখন এইরূপ ফুঃখ ভোগ করিতে হইল, তখন বোধ হয়, জগতে ত্রন্ধ-চর্য্য, অধ্যয়ন, মৃত্রভা ও সরলভার কোন ফলই নাই, কিন্তু বলিভে কি, এই কার্য্যে তুমি ত্রিভুবন পরাজয় করিয়া সর্বোৎকর্ষতা লাভ করিবে। এক্ষণে তুমি আমাদিগকে বঞ্চনা করিয়া চলিলে, স্নতরাং আমরাই কেবল বিনষ্ট হইলাম। হা। অতঃপর এই হত-ভাগ্যদিগকে পাপীয়সী কৈকেয়ীর বশীভূত হইতে হইবে।

সারথি স্থমন্ত্র রামকে দূর দেশে যাইতে উদ্যত দেখিয়া, এইরূপ স্থাস্থ বাক্য প্রায়াগ পূর্বক ছুঃখিতমনে রোদন করিতে লাগিলেন।

অনম্ভর তিনি বাম্প বিদর্জন পূর্বাক আচমন করিয়া পবিত্র হইলে, রাম বারংবার ভাঁহাকে কহিতে লাগিলেন. স্ন্যাস্ত্র! ঈক্ষাকু-বংশে ভোমার সদৃশ স্কুৎ আর কাহাকেই দেখি না। এক্ষণে পিতা যাহাতে আমার নিমিত্ত অধীর না হন, তুমি তাহাই কর। আমার বিয়োগ-ত্রুখে তিনি একান্তই আক্রান্ত হইষাছেন এবং আমাকে রাজ্যে অভিষিক্ত করিতে পারেন নাই বলিয়া, অত্যন্তই বিষণ্ণ হইয়াছেন, তিনি রন্ধ, এই কারণেই আমি ভোমাকে ওরপ কহিতেছি। সেই মহাপাল দেবী কৈকেয়ীর শুভোদেশে তোমায় যা কিছু আদেশ করিবেন, তুমি নিঃশঙ্ক-চিত্তে ভাহার অনুষ্ঠান করিবে। দেখ, কাম-ক্রোধ-ক্ত যে কোন কার্য্যই হউক, তাহাতে অন্যে প্রতিকুলাচরণ করিবে না, এই কারণেই মহীপালগণ রাজ্য শাসন করিয়া থাকেন। এক্ষণে পিতা, যাহাতে কোন বিষয়ে অন্ত্রখী না হন এবং আমার শোকে একান্ত আকুল হইয়া না উঠেন, তুমি তাহাই করিও। তুমি তাঁহাকে আমার প্রণাম নিবেদন করিয়া, আমার নিমিত্ত এই কথা কছিবে, আমরা যে, নগর হইতে নির্বাসিত হইলাম এবং আমাদিগকে যে, অরণ্যবাস আশ্রয় করিতে হইল, তলিমিত্ত

আমি ছঃখিত নহি, লক্ষণও কিছুমাত্র কাতর নহেন। চতু-র্দশ বংসর অভীত হইলেই তিনি জানকীর সহিত আমাদি-গকে পুনরায় দেখিতে পাইবেন। স্থমন্ত্র ! তুমি আমার জনক জননীকে এইরূপ কহিয়া অন্যান্য মাতা ও কৈকেয়াকে অবিকল ইহাই কহিবে। তংপরে কৌশল্যাকে আমাদিগের প্রণাম জানাইয়া সর্ব্বাঙ্গীন মঙ্গল জ্ঞাত করিবে। মহারাজকেও বলিবে, তিনি যেন ভরতকে শীঘ্রই আনয়ন করেন এবং ষাসিলে তাঁহাকেই যেন রাজপদে স্থাপিত করেন। তিনি তাঁহাকে যেবিরাজ্যে অভিষেক ও আলিঙ্গন করিয়া, আমাদিগের বিয়োগ ছঃখে সার অভিভূত হইবেন না। প্রাণাধিক ভরত-কেও কহিবে যে, তিনি যেমন মহারাজের প্রতি আচরণ করিবেন, মাতৃগণের প্রতিও যেন সেইরূপ করেন। কৈকেয়ীকে যেমন দেখিবেন, স্থমিত্রা ও কৌশল্যাকেও যেন সেইরূপ দেখেন। তিনি পিতার হিতোদ্দেশে যেবিরাজ্য শাসন করিয়া ইহলোক ও পরলোকে অবশ্যই শ্রেয়োলাভ করিতে পারিবেন।

স্বমস্ত্র রামের এইরূপ বাক্য শ্রবণ করিয়া স্বেছভরে কহিতে লাগিলেন, রাজকুমার! তোমার সহিত আমার যে সম্বন্ধ, তৎসত্ত্বেও আমি প্রগাল্ভ হইয়া, স্বেছ প্রযুক্ত যে কথা কহিব, ভক্ত বলিয়া তাহা ক্ষমা করিবে। দেখ, তোমার বিরহে নগরের

তাবৎ লোক যেন পুত্ত-শোকে আকুল হইয়া আছে এখন বল নেখি, তোমায় রাখিয়া তথায় কি রূপে প্রবেশ করিব। তুমি যখন নগর হইতে নির্গত হও, তৎকালে পুরবাদিরা তোমায় এই রথে নিরীক্ষণ করিয়াছিল, এখন ইহাতে তোমায় দেখিতে ना পाইলে, উহাদের হৃদয় বিদীর্ণ হইয়া যাইবে। যে রথের রখী রণে নিহত হইয়াছে, কেবল সার্থিমাত্র অবশিষ্ট আছে, ভাহা দর্শন করিলে স্থপক্ষ দৈন্যেরা যেমন কাতর হয়, পৌরগণ এই রথ দেখিয়া ভক্রপই হইবে। তুমি বদিও বহুদূরে আসিয়াছ, কিন্তু কম্পনা-বলে উহারা যেন তোমায় সম্মুখেই অবলোকন করিতেছে, আজ তুমি না যাইলে নিশ্চয়ই উহাদের প্রাণশংসয় ষ্টিবে। রাম। নিক্ষমণকালে ভোমার শোকে উহার। যে রূপ বিষম ব্যাপার উপস্থিত করিয়াছিল, তুমি ত তাহা স্বচক্ষেই প্রত্যক্ষ করিয়া আদিয়াছ। ঐ সময় সকলে তোনার বিরহ-ছ্বংখ যৎপরোনান্তি ছুংখিত হইয়া যে রূপ চীৎকার করে এক্ষণে কেবল আমায় দেখিলে তদপেক্ষা শতগুণ অধিক করিবে। হা! আমি দেবী কৌশল্যাকে গিয়া কি কহিব. আমি তোমার রামকে মাতুল-কুলে রাথিয়া আইলাম, আর কাতর হইও না, তাঁহাকে কি এই বলিয়া প্রবোধ দিব? না, আমি প্রাণান্তে এইরূপ অসত্য কথা মুখাগ্রে আনিতে পারিব না। ভৌশায় বনে ভ্যাগ করিয়া যাওয়া যদিও অলীক নছে, কিন্তু

অত্যন্তই অপ্রিয়, ইহা আমি কোনু সাহসে তাঁহার নিকট প্রকাশ করিব। রাম! আমার নিয়োগস্থ এই সমস্ত অশ্ব ভোমার অজনবর্গকে বছন করিয়া থাকে, ইছারা এক্ষণে এই শূন্য রথ লইয়া কি রূপে যাইবে? যদি কাননে তুমি ইছাদিগকে আপ-নার পরিচর্য্যায় নিযুক্ত কর, ইহাদের পরম গতি লাভ ছইবে। বাছাই ছউক, আমি তোমায় ফেলিয়া কদাচই অযো-ধ্যায় যাইতে পারিব না, তুমি আমাকে ভোমার অনুসরণে অমুমতি প্রদান কর। আমি বারংবার প্রার্থনা করিতেছি. যদি তুমি আমার না লইয়া যাও, তৎক্ষণাৎ এই রথের সহিত অগ্নি প্রবেশ করিব। দেখ, অরণ্যে তোমার তপোৰিম্ন ঘটিতে পারে, কিন্তু আমি থাকিলে রথী হইয়া তৎসমুদায় নিবারণ করিতে পারিব। তোমার জন্য রথ চর্য্যা-ক্লত স্থুখ লাভ করিয়াছি, আবার তোমারই প্রসাদে বনবাস-মুখ প্রাপ্ত হইব, এই আমার বাসনা। প্রসন্ন হও, অরণ্যে ভোমার সমিহিত থাকি, ইহাই আমার ইচ্ছা হইয়াছে। আমি তথায় প্রাণপণে তোমার সেবা করিব, অযোগ্যা কি সুরলোকের নামও করিব না। এক্ষণে, অধিক আর কি, আজ আমি তোমায় ছাডিয়া কোন মতে নগরে প্রবেশ করিতে পারিব না। বনবাস-কাল অভিক্রাম্ভ হইলে, আমার অভিলাষ এই বে, আমি এই রথে পুনরায় ভোমাকে लहेशा वाराधार याहेव। **खामात मदक थाकि**रल हर्फ्रक

বংসর যেন পলকে অতিবাহিত হইয়া যাইবে, নচেৎ উহা শত-গুণ বোধ হইবে সন্দেহ নাই। ভৃত্যবংসল। প্রভু-পুত্রের নিকট ভৃত্যের যেরূপ থাকা আবশ্যক, আমি সেইরূপই আছি; আমি ভোমার একজন ভক্ত, তুমিও আমায় ভৃত্যোচিত মর্য্যাদা প্রদান করিয়া থাক, এক্ষণে আমাকে উপেক্ষা করা ভোমার উচিত হইতেছে না।

রাম স্থয়ের এইরপ বাক্য শ্রবণ করিয়া কহিলেন, ভর্ত্-বৎসল! আমাতে যে তোমার অনুরাগ আছে, আমি তাহা জানি, এক্ষণে যে কারণে তোমায় নগরে প্রেরণ করিতেছি, শ্রবণ কর। দেখ, তুমি প্রতিনির্ত্ত হইলে কনিষ্ঠা মাতা কৈকেয়ী, আমার বনবাসে সম্পূর্ণ নিঃশংসয় হইবেন, কিন্তু তুমি প্রতিনির্ত্ত না হইলে, তিনি বিরস মনে ধার্মিক রাজাকে মিখ্যাবাদী বলিয়া অয়ধা আশক্ষা করিবেন। আমার মুধ্য অভিপ্রায়ই এই যে, কৈকেয়া ভরতের রাজ্য পরম স্থা ভোগাকরেন। অতএব তুমি আমার ও মহারাজের জন্য অযোধ্যায় গমন কর। আমি ভোমায় যাহা যাহা কহিয়া দিলাম, গিয়া সেই গুলি সকলকে অবিকল কহিও।

এই বলিয়া, রাম সুমন্ত্রকে সাস্ত্রনা করিয়া, গুহুকে কছি-লেন, গুহু! অভঃপর এই সজন বনে থাকা আর আমার কর্ত্তব্য ইইডেছে না, আশ্রম-বাস ও ভহুপাযুক্ত বেশ আবশ্যক। অভ- এব আমি, পিতার হিতকামনায় নিয়ম অবলম্বন পূর্ব্বক সীতা ও লক্ষ্মণের মতানুসারে তাপসের ন্যায় গমন করিব। এক্ষণে ভূমি আমার জটা প্রান্তুত করিবার নিমিত্ত বটনির্যাস আনা-ইয়া দেও।

অনম্ভর বটনির্যাস আনীত হইল ৷ ঐ চীরধারী বীরযুগল বাণ-প্রস্থর্ম অবলম্বনার্থ তদ্ধারা মন্তকে জটা প্রস্তুত করিয়া ঋষির ন্যায় শোভা পাইতে লাগিলেন। পরে প্রস্থান কাল সন্নিছিত হইলে রাম, পরম সংবার গুহকে কহিলেন, সংখ! রাজ্য অতি ছঃখে রক্ষা করিতে হয়, অভএব তুমি সৈন্য কোশ হুর্গ ও জনপদে সততই সাবধান হইরা থাকিবে। তিনি গুহুকে এইরূপ কহিয়া তাঁহার সমতিক্রমে অনতিবিলম্থে ভাগীরথী তারে গমন করি-লেন এবং তথায় নে কা দর্শন করিয়া লক্ষ্মণকে কছিলেন, বৎস ! তুমি অগ্রে জানকীকে নৌকায় আরোহণ করাইয়া পশ্চাৎ স্বয়ং উত্থান কর। তথন লক্ষ্মণ অত্যে সীতাকে উঠাইয়া পশ্চাৎ স্বয়ং উত্থিত হইলেন। তৎপরে রামও আরোহণ করিলেন, এবং আপনার শুভোদ্দেশে ত্রাহ্মণ ও ক্ষত্রিয় জাতিসাধারণ মন্ত্র জপ করিতে লাগিলেন। লক্ষ্মণও যথাবিধি আচমন করিয়া সীতার সহিত, জাহুবীকে প্রীতমনে প্রণাম করিলেন।

অনন্তর রাম, স্থমস্ত্র ও ওহকে প্রতিগমনে অনুমতি করিয়া নাবিকদিগকে পার করিয়া দিতে বলিলেন। তরণী ক্ষেপ্ণী- প্রক্ষেপ-বেগে শীত্র যাইতে লাগিল। জানকী গন্ধার মধ্যস্থলে গিয়া ক্রতাঞ্জলিপুটে কহিলেন, গঙ্গে! এই রাজকুমার ভোমার ক্ষপায় নির্বিদ্নে এই নিদেশ পূর্ণ করুন। ইনি চতুর্দ্ধশ বৎসর অরণ্যে বাস করিয়া পুনরায় আমাদের সহিত প্রত্যাগমন করিবন। আমি নিরাপদে আসিয়া মনের সাধে ভোমায় পূজা করিব। তুমি সমুদ্রের ভার্য্যা, স্বয়ং ত্রন্ধলোক ব্যাপিয়া আছ। দেবি! আমি ভোমাকে প্রণম করি। রাম ভালয় ভালয় পৌছিলে এবং রাজ্য পাইলে আমি তান্ধাগণকে দিয়া ভোমানরই প্রীতির উদ্দেশে ভোমাকে অসংখ্য গো ও অশ্ব দান করিব, সহজ্য কলশ স্থরা ও পলার দিব। ভোমার তীরে যে সকল দেবতা রহিয়াছেন, তাঁহাদিগকে এবং তীর্থন্থান ও দেকালয় আর্চনা করিব।

অনতিবিলম্বে নে কা নদীর দক্ষিণ তীরে উপানীত হইল।
তখন সকলে তাহা হইতে অবতীর্ণ হইলে রাম লক্ষ্মণকৈ কহিলেন, বৎস! সজন বা বিজনই হউক সীতাকে রক্ষা করিবার
নিমিত্ত সাবধান হও। তুমি সর্কাত্রে গমন কর, সীতা তোমার
অনুগমন করুন, আমি পশ্চাতে থাকিয়া তোমাদের উভয়েরই
রক্ষক হইয়া যাই। দেখ, এখন অবধি আমাদিগকে অতি হুক্ষর
কার্য্য সংসাধন করিতে হইবে, স্মৃতরাং এই রূপে পরস্পর
পরস্পারকে রক্ষা করা আবশ্যক হইতেছে। যে স্থানে জন-

মানুষের সম্পর্ক নাই, ক্ষেত্র ও উছান দৃষ্টিগোচর হয় না এবং গর্ত্ত নিম্নোত্নত ভূমিই অধিক, জানকী আজ সেই বনে প্রবেশ করিবেন এবং বনবাসের যে কি ছুঃখ আজই তাহা জানিতে পারিবেন।

লক্ষণ রামের এইরপ বাক্য শ্রবণ করিয়া সর্বাত্যে চলি-লেন। রামও সকলের পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে লাগিলেন। এদিকে স্থমন্ত্র এভক্ষণ রামকে নির্নিমেষ লোচনে নিরীক্ষণ করিতে ছিলেন, তিনি দৃষ্টিপথ অভিক্রম করিবা মাত্র ব্যথিত-মনে অঞ্চ বিসর্জনে প্রবৃত্ত হইলেন।

অনস্তর রাম স্থসমৃদ্ধ সম্ভবহুল বংস দেশে উপস্থিত হইরা লক্ষণের সহিত বরাহ ঋষ্য পৃষত ও মহাক্ত্র এই চারি প্রকার মৃগ বধ করিলেন এবং উহাদের পবিত্র মাংস গ্রহণ পূর্বক সায়ংকালে অত্যস্ত কুধার্ত হইয়া বনমধ্যে প্রবিষ্ট হইলেন।

# ত্রিপঞ্চাশ সর্গ।

অনস্তার রাম সায়ংসদ্ধ্যা সমাপন করিয়া লক্ষ্মণকে কহিলেন, বৎস! জনপদের বাহিরে সবে এই প্রথম নিশা দর্শন
করিলাম, আজ আর স্থমন্ত্র নাই, এক্ষণে তুমি নগর স্মরণ
করিয়া উৎকণ্ঠিত হইও না। অদ্যাবিধি আমাদিগকে আলস্যশূন্য হইয়া রাত্রি জাগরণ করিতে হইবে; সীতার অলব্ধ লাভ
ও লব্ধ রক্ষা আমাদিগেরই আয়ত্ত। আইস, আজ আমরা
স্থাই তৃণ পত্র আনিয়া ভূতলে শয্যা প্রস্তুত করিয়া কঠে
সৃষ্টে শয়ন করি।

এই বলিয়া রাম ভূমিতে শয়ন করিয়া পুনরায় কহিলেন, বৎস ! আজ মহারাজ অতি গ্লংখে নিদ্রা যাইতেছেন, কৈকেয়ীর মনোবাঞ্ছা পূর্ণ হইয়াছে, স্কৃতরাং তিনি অবশ্যই সস্কুষ্ট হইবেন। কিন্তু বোধ হয়, ভরত উপস্থিত হইলে তিনি তাঁহাকে মহারাজ্যে অভিষেক করিবার নিমিত্ত রাজাকে আর প্রাণে বাঁচিতে দিবেন না। হা! পিতা বৃদ্ধ হইয়াছেন এবং আমিত্ত তাঁহাকে পরিত্যাগ করিয়া আসিয়াছি, স্কৃতরাং তিনি অনাথ, জানি না, অতঃপর

কামের অনুরোধে তিনি কৈকেয়ীর বশবর্জী হইয়া কি করি-বেন। রাজার মতি লম এবং এই বিপার উপস্থিত দেখিয়া আমার নিশ্য প্রতীতি হইতেছে যে, ধর্ম ও অর্থ অপেক্ষা কামই প্রবল ৷ দেখ, পিতা যেমন আমাকে পরিত্যাগ করিলেন, এইরূপ ন্ত্রীর প্রবর্ত্তনায় মূর্খণ্ড কি, আজ্ঞানুবর্ত্তী পুত্রকে ত্যাগ করিতে পারে ১ ভার্যার সহিত ভরতই মুখী, তিনি একাকী অধিরাজের ন্যায় সমগ্র কোশল রাজ্য উপভোগ করিবেন। পিতা জীর্ণ হইয়াছেন, অামিও অরণ্য আশ্রয় করিলাম, স্বতরাং তিনি একা-কীই রাজা হইবেন। যিনি ধর্ম ও অর্থ পরিভাগে করিয়া কামের অনুসরণ করেন, তিনি শীঘ্রই রাজা দশর্থের ন্যায় এইরূপ বিপর হন, সন্দেহ নাই। লক্ষণ! আমার বোধ হইতেছে যে, ভরতকে রাজ্যে নিরোজিত, আমাকে নির্মাসিত ও পিতার প্রাণান্ত করিবার নিমিত্রই কৈকেয়ী আসিয়াছেন। এখন কি তিনি, সৌভাগ্য-মনে মোহিত হইয়া কেবল আমায় ছংখিত করিবার জন্য কৌশল্যা ও স্থমিত্রাকে যন্ত্রণা দিরেন ? তোমার জননী আমাদের নিমিত্ত ক্লেশ ভোগ করিবেন, অভএব তুমি কল্য প্রাতে এম্বান হইতে অযোধ্যায় প্রতিগমন কর। আমি একাকী জানকার সহিত দওকারণ্যে যাত্রা করিব। কোশল্যা নিতান্ত নিরাশ্র। কিন্তু কৈকেয়ী একান্তই নীচাশয়, তিনি বিদ্বেষ বশত অন্যায় আচরণ করিতে পারেন; বলিতে কি,

আমাদের জননীর প্রাণ-বিনাশ করিবার নিমিত্ত বিষ প্রয়ো-গেও কুঠিত হইবেন না। দেবা কে শল্যা জ্বান্তরে নিশ্চয়ই অনেক স্ত্রীলোককে পুত্রহীন করিয়াছিলেন, সেই জন্য আজ তাঁহার এইরূপ হুঘটনা উপস্থিত হইল। তিনি আমায় এতদিন লালন পালন করিলেন, বহু ছুংখে বাডাইলেন, কিন্তু সুখী করি-বার সময়েই তাঁহাকে ত্যাগ করিয়া আইলাম। লক্ষ্মণ! আমায় ধিক, আমি জননীকে বিস্তর যন্ত্রণা দিলাম, অতঃপর আর কোন দীমন্ত্রিনী যেন আমার ন্যায় কুপুত্রকে গর্ভে না ধারণ করেন। বোধ হয়, আমা অপেক্ষা সারিকা, মাতার সমধিক স্নেছের পাত্র হইবে, তিনি উহার মুখে শত্রনির্য্যাতন করিবার কথাও শুনিতে পান, কিন্তু আমি তাঁহার পুত্র হইয়া কি উপকার করিলাম ! তিনি নিতাম্ভ ছর্ভাগ্যা, এক্ষণে আমার বিয়োগে শোকে নিমগ্ন ও যৎপারোনান্তি ছঃখিত হইয়া শয়ান রহি-য়াছেন। মনে করিলৈ 'আমি রোবভরে একাকী, শর-নিকরে অযোধ্যা কি, সমগ্র পৃথিবাও নিকণ্টক করিতে পারি, কিন্তু নিরর্থক বল প্রদর্শন শ্রেয় নছে। ভাই! আমি কেবল পরলোক-ভয় ও অধর্মভয়েই রাজ্য গ্রহণ করিলাম না। মহাবীর রাম নির্জনে কৰুণমনে এইরূপ ও অন্যান্যরূপ নানাপ্রকার বিলাপ ও পরিতাপ করিয়া অশ্রুপূর্ণমুখে মেনাবলম্বন করিয়া রহিলেন ৷

অনম্ভর লক্ষণ জ্বালাশূন্য ত্তাশনের ন্যায় হতবেগ সাগরের

ন্যায় রামকে নিস্তব্ধ দেখিয়া, আশ্বাস প্রদান পূর্ব্ধক কহিতে লাগিলেন, আর্য্য! আজ আপনি নিজ্বান্ত হওয়াতে, অযোধ্যা নিশ্চয়ই শশাক্ষহীন শর্বারীর ন্যায় একান্ত নিস্তাভ হইয়া গিয়াছে। কিন্তু এক্ষণে আর এই রূপে ছুঃখিত হইবেন না, আপনি ছুঃখিত হইলে আমরাও বিষয় হই। জল হইতে মৎস্য উক্ত হইলে যেমন জীবিত থাকিতে পারে না, সেইরূপ আপনার িয়োগে আমরা ক্ষণকালও প্রাণ ধারণ করিতে পারিব না। আপনাকে পরিত্যাগ করিয়া পিতা, মাতা, ভ্রাতা ও স্থাই বা কি, কিছুই অভিলাধ করি না।

রাম লক্ষণের এইরপ দৃঢ় সঙ্কাপে দেখিয়া তাঁহাকে বনবাসত্রত অবলম্বনে অনুমতি করিলেন এবং অদূরে বটরক্ষ মূলে পর্নশয্যা রচিত হইরাছে দেখিয়া, সীতার সহিত তথায় গিয়া
বিশ্রাম করিতে লাগিলেন। অরণ্য জনসঞ্চার শূন্য, তাঁহাদের
সঙ্গে কেহ নাই, কিন্তু গিরিশৃঙ্গাত সিংহ যেমন নির্ভয়ে থাকে,
তাঁহারা সেইরপ অকুতোভায়ে তকতলে শয়ন করিয়া রহিলেন।

## চতুঃপঞ্চাশ সর্গ।



অনস্তুর রাত্রি অতীত ও সুর্য্য উদিত হইলে তাঁহারা তথ।

হইতে গাত্রোপান করিলেন এবং যথায় যমুনা গঙ্গার সহিত

মিলিত হইতেছেন, সেই প্রদেশ লক্ষ্য করিয়া, বন প্রবেশ পূর্বক

গমন করিতে লাগিলেন। যাইতে যাইতে বিবিধ ভূবিভাগ,
অদৃউপূর্ব রমণীয় দেশ এবং নানা প্রকার কুমুমিত রক্ষ তাঁহাদের নয়নগোচর হইতে লাগিল।

ক্রমশঃ দিবা. অব্রুসান হইয়া আসিলে রাম, লক্ষ্যণকে কহিলেন, বৎস! ঐ দেখ, প্রয়াগের অভিমুখে ধূম উথিত হইতেছে, বোধ হয়, ঐ স্থানে কোন ঋষি বাস করিয়া আছেন। আমরা নিশ্চয়ই এক্ষণে সঙ্গাযমুনাসঙ্গমে উপস্থিত হইলাম, এস্থান হইতে ছই নদীর প্রবাহ-সপ্র্যাই-শব্দ কেমন স্পেস্ট শুনা যাইতেছে। অনূরেই আশ্রম পদ, বনজীবিরা আশ্রম-রৃক্ষ হইতে কাঠ ভেদ করিয়া লইয়াছে ভাহাও দেখা যাইভেছে?

অনন্তর স্থ্যান্ত হইলে রাম ও লক্ষণ মৃগপক্ষিগণের ভয়োৎপাদন পূর্ব্বক ক্রিদ্র অভিক্রম করিয়া, গঙ্গা ও যমুনার অন্তর্মেদিতে মহর্ষি ভরদ্বাজের আশ্রম প্রাপ্ত হইলেন। দেখি-লেন উত্যতপাঃ ত্রিকালজ্ঞ মহর্ষি, অগ্নিহোত্র অনুষ্ঠান প্রবিক শিষ্যগণের সহিত একাএমনে উপবিষ্ট আছেন। রাম তাঁহাকে দর্শন করিয়া লক্ষণের সহিত ক্রতাঞ্জলিপুটে অভিবাদন कतिलान এवः जानकीत्क अर्थाम कताहरलन । शत महिर्याक আত্মপরিচয় প্রদান পূর্বক কছিলেন, ভগবন্! আমরা মহারাজ দশর্থের আত্মজ, আমাদের নাম রাম ও লক্ষণ। রাজ্যি জনকের কন্যা কল্যাণী সীতা আমারই ভার্যা। ইনি এক্ষণে বিজন বনে আমার অনুসরণ করিতেছেন। অনুজ লক্ষণও ত্রত ধারণ পূর্ব্বক আমার সঙ্গে যাইতেছেন। আমরা পিতার নিদেশে বনবাসে কালযাপন এবং ফল মূল ভক্ষণ পূর্বক ধর্ম সাধন করিব ৷

মহর্ষি ভরদ্বাজ রামের এইরূপ বাক্য প্রবণ করিয়া তাঁহাকে স্থাগত প্রশ্ন পূর্ব্ব ক অর্য্য রুষ নানাপ্রকার বন্য ফল মূল ও জল প্রদান করিলেন এবং তাঁহার অবস্থিতির নিমিত্ত স্থান নির্নাণ করিয়া অন্যান্য মুনিগণের সহিত তাঁহাকে বেষ্টন পূর্ব্বক উপবিষ্ট হইলেন। অনন্তর কথাপ্রাসক্ষ করিয়া তাঁহাকে কহিলেন, রাম! বহুদিনের পর তোমায় এই আ্রামে দেখিলাম,

ভোমাকে যে অকারণ নির্বাসিত করা হইয়াছে, আমি তাহা শুনিয়াছি। যাহাই হউক এই গঙ্গাযমুনাসঙ্গম ক্ষেত্র, নির্জন পবিত্র ও রমণীয়, তুমি এক্ষণে পরম স্থাে এই স্থানে অবস্থান কর।

রাম কহিলেন, ভগবন্! এই তপোবনের অদূরে পৌর ও জানপদ লোক সকল বাস করিয়া থাকে, বোধ হয়, তাহারা, আমাকে ও জানকীকে অনায়াসে দেখিতে পাইবে জানিলে, সততই গমনাগমন করিবে, এই কারণে এই স্থান আমার তাদৃশ প্রীতিকর হইতেছে না। জানকী যথায় স্থাথ থাকিতে পারেন, আপনি এমন কোন জনশূন্য আশ্রম আমায় দেখাইয়া দিন।

ভরদ্বাজ কহিলেন, রাম ! এই স্থান হইতে দশ ক্রোশ দূরে
গদ্ধমাদনতুল্য চিত্রকূট নামে এক পর্মত আছে। ঐ পর্মতে
বিস্তর গোলাঙ্গুল, ভল্লুক ও বানর বাস করিয়া থাকে।
উহার শৃঙ্গ দর্শন করিলে মঙ্গল হয় এবং মোহপাশ হইতে
মুক্তি লাভ করা যায় ৷ তথায় বহুসংখ্য রদ্ধ মহর্ষি শত বৎসর
তপঃসাধন করিয়া স্বর্গে আরোহণ করিয়াছেন ৷ আমার বোধ
হয়, চিত্রকুটই তোমার পক্ষে নির্জ্জন ও স্লখকর হইবে ৷ অথবা
যদি তোমার ইছ্যা হয়, এই আশ্রমে আমারই সহিত কালাতিপাত কর ৷

এই বলিয়া মহর্ষি ভরদাজ প্রিয় অতিথি রামকে ভাতা

ও ভার্য্যার সহিত পরিতুষ্ট করিয়া সকল প্রকার উপচারে সৎকার করিলেন। রজনী উপস্থিত হইল, রাম অত্যস্তই পরি-প্রান্ত ছিলেন, তিনি সীতা ও লক্ষ্মণকে লইয়া ঐ তপোবনে পরম সুখে রাত্রি যাপন করিতে লাগিলেন।

অনম্ভর শর্মারী প্রভাত হইলে রাম তেজঃপুঞ্জকলেবর ভরদ্বাজের সন্নিহিত হইয়া কছিলেন, ভগবন্! আজ আমরা আপনার আশ্রমে নিশা যাপন করিলাম, এক্ষণে আপনি চিত্রকুট গমনে আমাদিগকে অনুমতি কৰুন। ভরদ্বাজ কহি-লেন, রাম! চিত্রকুটবাস সর্বাংশেই তোমার যোগ্য। ঐ পর্বতে ফল, মূল ও মধু প্রচুর পরিমাণে প্রাপ্ত হইবে। তথায় বিস্তর বৃক্ষ আছে, কিন্নর ও উরগ নিরম্ভর বাস করি-তেছে। কোকিলের কুতুরব, ময়ুরের কেকাধ্বনি সততই শুনা যাইতেছে। টিডিভকুল কুলায়ে বসিয়া কুজন করিতেছে। মত্ত মৃগ ও হস্তিয়থ দলবদ্ধ হইয়া বেড়াইতেছে। রাম! ঐ স্থানে তুমি সীতার সহিত নদী প্রস্তবণ ও গিরিগুহায় পরি-ভ্রমণ করিয়া অত্যন্ত্রই আনন্দিত হইবে, এক্ষণে সেই শুভ-জনক সুখকর প্রাদেশে গিয়া স্বচ্ছন্দে বাস কর।

#### পঞ্চপঞ্চাশ সূৰ্য।

অনস্তর রাম ও লক্ষ্মণ মহর্ষি ভরদ্বাজকে অভিবাদন পূর্বক চিত্রকুটে যাত্রা করিবার নিমিত্ত উদ্যত হইলেন। তখন পিতা যেমন ঔরসজাত পুত্রকে স্থানাম্ভরে প্রস্থান করিতে দেখিলে স্বস্তায়ন করিয়া থাকেন, সেইরূপে মহর্ষি তাঁহাদিগের উদ্দেশে স্বস্তায়ন করিয়া কহিলেন, রাম! তুমি এই সঙ্গমতীর্থে গিয়া, পশ্চিমবাছিনী যমুনার ভীর অবলন্থন পূর্ব্বক গমন করিবে। কিয়দূর অতিক্রম করিয়া এক ভীর্থ দেখিতে পাইবে। সেই তীর্থে অবতীর্ন হইয়া ভেলা দারা নদী পার হইতে হইবে। পথে শ্যাম নামে অভ্যুচ্চ এক বট রৃক্ষ আছে। উহার দলগুলি হরিদ্বর্ণ, চারিদিক ব্রিবিধ পাদপে পরিবেষ্টিভ; মূলে সিদ্ধ পুৰুষেরা বাস করিয়া আছেন। গমনকালে সীতা ক্তাঞ্জলিপুটে ঐ বৃক্ষকে প্রণাম করিবেন। উহার শীতল ছায়ায় তোমরা বিশ্রাম কর, আর নাই কর, তথা হইতে এক ক্রোশ অন্তরে গিয়া, সল্লকী ও বদরীযুক্ত এবং যমুনা-

তীরজ অন্যান্য বহুবিধ বৃক্ষে পরিব্যাপ্ত নীলবর্ণ এক কানন দেখিতে পাইবে। আমি অনেকবার চিত্রকুটে গিয়াছি, ঐ পথ দিয়াই তথায় গমনাগমন করা যায়। উহা অতি স্লুদ্ণ্য ও বালু-কাময়, এবং উহার কুত্রাপি দাবানল নাই।

মহর্ষি ভরদ্বাজ এই রূপে চিত্রকুটের পথ নির্দেশ করিয়া দিলে রাম তাঁহাকে অভিবাদন করিয়া কহিলেন, ভগবন্! আমরা আপনকার নির্দ্ধিট পথ অনুসারেই চলিলাম। এক্ষণে আপনি প্রতিনিত্বত হউন।

অনস্তর ভরদাজ প্রতিগমন করিলে রাম লক্ষ্মণকে কহিলেন, বৎস! মুনি যে এইরপ অনুকম্পা করিলেন, ইছা আমাদের
পর্মা সোভাগ্যের বিষয়, সন্দেহ নাই। এই বলিয়া রাম
সীতাকে অএে লইয়া লক্ষ্মণের সহিত যমুনাভিমুখে চলিলেন
এবং ঐ বেগবতী নদীর সন্নিহিত হুইয়া উহা কি প্রকারে
পার হইবেন ভাবিতে লাগিলেন।

অনস্তর তাঁহারা বন হইতে শুক্ষ কাষ্ঠ আহরণ এবং উদীর দারা তাহা বেইন করিয়া তেলা নির্মাণ করিলেন। মহাবল লক্ষ্মণ জম্ম ও বেতসের শাখা ক্ষেদন পূর্ব্যক জানকীর উপ-বেশনার্থ আদন প্রস্তুত করিয়া দিলেন। তখন রাম সাক্ষাৎ লক্ষ্মীর ন্যায় অচিস্ত্যপ্রভাবা ঈষৎ লক্ষ্মিতা প্রিয়দয়িতাকে অর্থে ভেলায় তুলিলেন এবং তাঁহার পার্থে বিসন ভূষণ খনিত্র

এবং ছাগচর্মসংবৃত পেটক রাখিয়া লক্ষ্মণের সহিত স্বয়ং
উপিত হইলেন এবং সেই ভেলা অবলন্ধন করিয়া প্রাতমনে
সাবধানে পার হইতে লাগিলেন। জানকী ষমুনার মধ্যস্থলে
জাসিয়া তাঁহাকে প্রণাম করিয়া কহিলেন, দেবি ! আমি ভোমায়
অতিক্রম করিয়া যাইতেছি, এক্ষণে যদি আমার স্বামী স্থমঙ্গলে
ত্রত পালন করিয়া অযোধ্যায় প্রত্যাগমন করিতে পারেন,
তাহা হইলে সহস্র গো ও শত কলশ স্থরা দিয়া ভোমার
পূজা করিব। সীতা ক্লভাঞ্জলিপুটে এই রূপ প্রার্থনা করত
তরঙ্গবহুলা কালিন্দার দক্ষিণ তীরে উত্তীর্ণ হইলেন।

পরে সকলে সেই ভেলা পরিত্যাগ পূর্ম্বক যমুনা-তটের বন-স্থল অতিক্রম করিয়া শ্যাম বটের সন্নিহিত হইলেন। জামকী তাহাকে প্রণাম করিয়া ক্লতাঞ্জলিপুটে কহিলেন, তৰুবর! আমার পতি ব্রত-কাল পালন করুন, আমরা আবার আসিয়া যেন আর্মা কেশিলা ও স্থমিত্রাকে দেখিতে পাই, তোমাকে নমস্কার, এই বলিয়া তিনি বট রুক্ষকে প্রদক্ষিণ করিলেন।

অনস্তর রাম লক্ষণকে কহিলেন, বৎস! তুমি সীতাকে লইয়া অগ্রেগমন কর, আমি সশস্ত্র হইয়া সকলের পশ্চাতে যাইব। দেখ, গমনকালে জানকী যে ফল এবং যে পুষ্পা চাহিবেন, যে বস্তুতে ইহাঁর স্পৃহা হইবে, তুমি তৎক্ষণাৎ তাহা আনিয়া দিবে।

সীতা বাইতে যাইতে বৃক্ষ গুলা এবং অদ্যীপূর্ব পুষ্পগুদ্ধস্থােশিভিত লতা, যাহা কিছু দেখেন, অমনি রামকে জিজ্ঞানা
করেন, লক্ষ্মণও ব্যস্ত সমস্ত হইয়া তাহা আনিয়া দেন। তৎকালে তিনি সেই নির্মল জলবাহিনী হংসসারসনাদিনী যমুনাকে দেখিয়া অত্যস্তই আনন্দিত হইতে লাগিলেন।

অনন্তর রাম ও লক্ষণ তথা হইতে ক্রোশ মাত্র গমন পূর্বক বহুসংখ্য পবিত্র মৃগ বধ করিয়া বনমধ্যে ভোজন করিলেন এবং মাতঙ্গসঙ্গুল বানরবহুল বিপিনে স্থাখে বিচরণ করিয়া নিশাকালে সমতল নদীতীরে আশ্রয় লইলেন।

### ষট্পঞাশ সর্গ।



রজনী প্রভাত হইলে রাম, লক্ষণকে জাগরিত অথচ ভদ্রায় আচ্চন্ন দেখিয়া মৃত্যুবচনে প্রারোধিত করত কহিলেন, লক্ষ্মণ! ঐ শুন, বনের পক্ষি সকল মনোছর স্বারে কলরব করি-তেছে। এক্ষণে আমাদিগের প্রস্থানের সময় হইয়াছে, চল আমরা গমন করি। তখন লক্ষ্মণ যথাসময়ে প্রবৃদ্ধ হইয়া পূর্ব্ধ-দিনের পর্য্যটন-শ্রম পরিভ্যাগ করিলেন। অনন্তর সকলে যমূনার জলে মান করিয়া ঋষি-নিষেবিত পথে চিত্রকুটাভিমুখে যাইতে লাগিলেন। গমনকালে রাম কমললোচনা জানকীকে কহিলেন, প্রিয়ে ! দেখ, বসন্তে পুষ্পবিকাশ নিবন্ধন কিংশুক রক্ষ যেন মাল্য ধারণ করিয়াছে এবং বোধ হইতেছে যেন উহার চতুর্দ্দিক দাবানলে প্রজ্বলিত হইয়া উঠিয়াছে। ঐ দেখ, ভন্নাতক, বিলু ফলপুষ্ণে অবনত হইয়া আছে, কিন্ত ভোগ করি--বার কেছ নাই। প্রতি বৃক্তে দ্রোণপ্রমাণ মধুক্রম লম্মান রহিয়াছে। দাত্যুহ চীৎকার করিতেছে, ময়ূর ডাকিতেছে এবং বনস্থল বৃক্ষের স্বয়ংপতিত পুষ্পে আচ্ছন্ন হইয়া আছে।

ঐ অদূরে চিত্রকুট প্রতি । উহার শৃঙ্গ অতিশয় উচ্চ, উহাতে হস্তী সকল দলবদ্ধ হইয়া পরিভ্রমণ করিভেছে এবং বিহঙ্গেরা কোলাহল করিয়া চারিদিক প্রতিপ্রনিত করিয়া তুলিয়াছে। লক্ষ্মণ! আমরা এই চিত্রকুটের সমতল রমণীয় কাননে পর্ম স্থা বিহার করিব।

অনস্তার তাঁহারা পাদচারে কিয়দ্র অতিক্রম করিয়া চিত্রকুটে উপস্থিত হইলেন। উপস্থিত হইয়া রাম লক্ষণকে
কহিলেন বৎস ' এই পর্বতে ফল মূল প্রচুর পরিমাণে উপলব্ধ
হইবে, ইহার জলও অতি স্কুমান্ন। বোধ হয়, এখানে জীবিকার নিমিত্র আমাদিগকে ক্রেশ স্থীকার করিতে হইবে না।
এই স্থানে বহুসংখ্য ঋষি বাস করিয়া আছেন। ইহা বাস
করিবার যোগ্য স্থান, আইস, আমরা এই চিত্রকুটেই আশ্রয়
লইব। এই বলিয়া তাঁহারা মহর্ষি বাল্মীকির আশ্রমে উপস্থিত
হইয়া ক্রভাঞ্জলিপুটে তাঁহাকে আত্ম নিবেদন ও অতিবাদন
করিলেন। বাল্মীকিও ভাঁহাদিগকে স্থাগত প্রশ্ন পূর্মক অভ্যর্থনা ও সৎকার করিয়া সস্তান্ট হইলেন।

অনস্তার রাম লক্ষ্মণকে কছিলেন, বৎস! তুমি এক্ষণে দৃঢ় উৎকৃষ্ট কাষ্ঠ আনিয়া গৃহ প্রস্তুত কর, চিত্রকূটে বাস করিতে আমার অত্যন্তই অভিলাষ হইয়াছে। লক্ষ্মণ রামের আদেশ মাত্র অরণ্য হইতে নানাপ্রকার বৃক্ষ আনিয়া একখানি গৃহ নির্মাণ করিলেন। ঐ গৃহের চতুর্দ্দিক কাষ্ঠাবরণে আর্ড, উপ-রিভাগ পত্র দ্বারা আচ্চাদিত এবং উহা অতি স্কুদৃশ্য হইয়াছে, দেখিয়া রাম, পরিচারণপর লক্ষ্মণকে কহিলেন, বৎস! এক্ষণে আমাদিগকে মৃগমাংস আহরণ করিয়া গৃহ্যাগ করিতে হইবে। যাঁহারা বহুদিন জাবন ধারণের বাসনা করেন, তাঁহাদিগের বাসুশান্তি করা আবশ্যক। অতএব তুমি অবিলম্বে মৃগবধ করিয়া আন। শান্তানির্দিষ্ট বিধি পালন করা সর্বতোভাবেই শ্রেয় হইতেছে।

• তখন লক্ষ্মণ বন হইতে মৃগবধ করিয়া আনিলেন। তদ্দর্শনেরাম পুনরায় তাঁহাকে কহিলেন, বৎস! তুমি গিয়া এই মৃগের মাংস পাক কর; আমি স্বয়ংই বাস্তুশান্তি করিব। দেখ, অন্যকার দিবসের নাম ধ্রুব এবং এই মুহুর্ত্তও সেম্যা, অতএব তুমি এই কার্য্যে যত্নবান হও। তখন লক্ষ্মণ প্রদীপ্ত বহ্নিমধ্যে পবিত্র মৃগ্নাংস নিক্ষেপ করিলেন এবং উহা শোণিতশূন্য ও অত্যন্ত উত্তপ্ত হইয়াছে দেখিয়া, রামকে কহিলেন আর্য্য! আমি এই সর্বাহ্ণপূর্ণ ক্ষম্বর্ণ মৃগ অগ্নিতে পাক করিয়া আনিলাম, আপনি একণে গৃহ্যাগ আরম্ভ ক্রন।

অনস্তর দৈবকার্য্যনিপুণ গুণবান রাম স্থান করিয়া যাগ-সমাপক মন্ত্র দ্বারা বাস্ত্রশান্তি করিলেন এবং দেবগণের পূজা সমাধানান্তে পবিত্র হইয়া গৃহে প্রবিষ্ট হইলেন। তিনি গৃহ প্রবেশ করিয়া পাপছর রেজি, বৈষ্ণবৃ ও বৈশ্বদেব বলি প্রদান করিয়া বাস্তুদোষ-প্রশমন নানা প্রকার মাঙ্গলিক কার্য্যের অনু-ষ্ঠান ও জপ করিতে লাগিলেন।

এই রূপে দৈবকার্য্য সকল সম্পন্ন হইলে, রাম প্রতিমনে বিধি পূর্বক নদীতে স্থান করিয়া তথায় আশ্রমের অনুরূপ চৈত্য আয়তন ও বেদি প্রস্তুত করিয়া রাখিলেন এবং দেবতারা যেমন স্থর্মা নাম্মী দেবসভায় প্রবেশ করেন, সেইরূপ জানকী ও লক্ষ্মণের সহিত যোগ্য স্থানে প্রস্তুত বায়ুসঞ্চার বিরহিত মনোহর পর্ণকুটীরে প্রবেশ করিয়া বাস করিতে লাগিলেন। রমণীয় চিত্রকূট, এবং উৎকৃষ্ট অবতরণপথ্যুক্ত মৃগপক্ষিশার্শিত মাল্যবতী নদীকে লাভ করিয়া তাঁহার আনন্দের আর পরিসীমা রহিল না। তিনি যে অযোধ্যা হইতে নির্বাণিত হইয়াছেন, তৎকালে সেই হুঃখ সম্পূর্ণ বিস্মৃত হইয়া গেলেন।

#### সপ্তপঞ্চাশ সর্গ।

এদিকে রাম ছঃখিত মনে বহুক্ষণ স্থমন্ত্রের সহিত কথোপ-কথন করিয়া, ভাগীরথীর দক্ষিণ ভীরে উপনীত হইলে, নিষাদ-রাজ গুহ স্বগৃহে প্রতিগমন করিলেন। স্থমন্ত্রও প্রয়াগে রামের, মহর্ষি ভরদ্বাজের আশ্রমে গমন, তথায় আতিখ্য গ্রহণ এবং চিত্রকুট পর্বতে অবস্থান, গুহ-প্রেরিভ লোকমুখে এই সকল সম্যক জ্ঞাত হইলেন এবং গুহের অনুজ্ঞা ক্রমে রংখ অশ্ব যোজনা করিয়া দীনমনে শীদ্র অযোধ্যাভিমুখে যাত্রা করিলেন। পথি মধ্যে আম নগর সরিৎ সরোবর এবং কুস্লমিড কানন সকল তাঁহার নেত্র-গোচর হইতে লাগিল। পরে শৃঙ্গবের পুর হইতে যে দিবস নিক্ষান্ত হন, তাহার দ্বিতীয় দিনে সায়াহ্ন কালে অযোগ্যায় উপস্থিত হইয়া দেখিলেন, উহা জনশূন্য স্থানের ন্যায় নিঃশব্দ ও নিরানক। তদ্ধানে স্বযন্ত্র শৌকে আক্রান্ত ও একান্ত বিমনায়মান হইয়া মনে করিলেন, বুঝি এই নগরী রামের শোকানলে হন্তী অশ্ব রাজা প্রজা সকলেরই সহিত দগ্ধ হইয়া গিয়াছে। এই ভাবিয়া তিনি মহাবেগে

নগরদ্বারে উপনীত হইয়া, শীদ্র তন্মধ্যে প্রবেশ করিলেন। পুরবাদিগণ সুমন্ত্র আগমন করিতেছেন দেখিয়া ''এক্ষণে রাম কোথায়?" কেবল এই কথা জিজ্ঞাসা করত রথের পশ্চাৎ পশ্চাৎ ধাবমান হইতে লাগিল। তখন সুমন্ত্র তাহাদিগকৈ কহিলেন, দেখ, গঙ্গাতীরে ধর্মপরায়ণ মহাত্মা রাম, আমায় অনুজ্ঞা করিলে, আমি তাঁহাকে সম্ভাষণ করিয়া প্রত্যাগমন করিলাম; ইহার অধিক তাঁহার বিষয় আর কিছুই জানি না।

তখন পুরবাসিরা রাম গঙ্গাপার হইয়া গিয়াছেন জানিয়া,
বাষ্পাপূর্ন লোচনে হা হতোন্মি বলিয়া, দীর্ঘনিঃশ্বাস পরিত্যাগ
পূর্বক রোদন করিতে লাগিল। তৎকালে উহারা স্থানে স্থানে
দলবর হইয়া কহিতে লাগিল, হা! আমরা এই রথে আর
রামকে দেখিতে পাইলাম না। দান, যজ্ঞ, বিবাহ, সমাজ ও
উৎসবে তাঁহার দর্শনলাভ নিতান্তই ছলভ হইল। তিনি
পিতার ন্যায় আমাদিগকে প্রতিপালন করিতেন, আমাদিগের
উপযুক্ত কি, ইউ কি, কিরপেই বা আমরা স্থথী হইব, তিনি
সত্তই এই চিন্তায় আকুল হইতেন। ঐ সময় দ্রীলোকেরাও
গবাক্ষে দণ্ডায়মান হইয়া রামের শোকে বিলাপ ও পরিভাপ
করিতেছিল, স্থমন্ত্র বিপনীপথে গমনকালে তাহাও শুনিতে
পাইলেন এবং বস্ত্র দ্বারা মুখ আচ্ছাদন করিয়া রাজপ্রাসাদাভিমুখে যাইতে লাগিলেন।

খনস্তর তিনি অবিলয়ে তথায় উপস্থিত হইলেন এবং রথ হইতে অবতীর্ন হইয়া, মহাজনপূর্ন সাতটি কক্ষা অতিক্রম করিয়া চলিলেন। তৎকালে প্রাসাদ হইতে পুরনারীগণ স্থম-স্ত্রেকে দেখিয়া রামের অদর্শনে হাহাকার আরম্ভ করিলেন, এবং যৎপরোনাস্তি কাতর হইয়া অতি বিশাল, ধবল, জলধারাকুল-লোচনে অস্পস্টভাবে পরস্পার পরস্পারের প্রতি চাহিতে লাগিলেন। রাজমহিষারা হর্ম্য হইতে অবতরণ পূর্বকি শোকাকুল মনে মূহ্বচনে কহিলেন, হা! স্থমস্ত্র রামের সহিত নিজ্বান্ত হইয়াছিলেন, কিন্তু তাঁহাকে পরিত্যাগ করিয়া নগরে আইললেন, জানি না, এখন কাতরা কোশল্যাকে কি বলিয়া প্রবেশ দিবেন। রাম রাজ্যাভিষেকে উপোক্ষা করিয়া নির্গত হইলে যখন কোশল্যা প্রাণ ধারণ করিয়া আছেন, তখন বোধ হয়, জীবন কেবলই হুংখের, এবং মৃত্যুও সহজে হয় না।

স্থান্ত মহিবীগণের এইরপ স্থান্ত বাক্য প্রবণ পূর্বক শোকে প্রদাপ্ত হইয়া অন্তম কক্ষায় প্রবেশ করিলেন, দেখি-লেন, তথায় রাজা দশরথ পুত্রশোকে স্নান হইয়া পাণ্ডুরাগ-শোভিত গৃহে দীনমনে উপবেশন করিয়া আছেন। তখন স্থান্ত্র ভাঁহার সন্নিহিত হইয়া ভাঁহাকে অভিবাদন করিলেন এবং রাম যেরপ কহিয়া দিয়াছেন, অবিকল সেই কথা কহিতে লাগিলেন। দশরথ নিস্তব্ধভাবে তৎসমুদায় প্রবণ করিয়া পুত্রশোকে ভূতলে মুচ্ছিত হইরা পড়িলেন। তিনি মুচ্ছিত হইলে রাজমহিধীরা ছঃসহ ছঃখে আহত হইয়া বাহু উত্তোলন পূর্বাক রোদন করিতে লাগিলেন।

অনন্তর কেশিল্যা ও স্থমিত্রা অবিলয়ে ধরাতল হইতে তাঁহাকে উত্থাপন পূর্বক কহিলেন, মহারাজ! সেই ত্লুজর কার্য্যসম্পাদক রামের বার্ত্তাহারক বন হইতে প্রত্যাগমন করিয়াছেন, তুমি কেন ইহাঁর সহিত আলাপ করিতেছ না? রামকে বনবাস দিয়া ভোমার কি আজ লজ্জা হইয়াছে? এক্ষণে উত্থিত হও। তুমি এইরূপ কাতর হইলে ভোমার পরিজনেরা আর বাঁচিবে না। তুমি যাহার ভয়ে স্থমস্ত্রকে কোন কথা জিজ্জাসিতেছ না, সেই কৈকেয়ী এখানে নাই। এক্ষণে অশক্ষিত মনে ইহাঁর সহিত বাক্যালাপ কর।

শোকাকুলা কেশিল্যা বাস্পাদ্গৃদবাক্যে মহারাজ দশরথকে এইরপ কহিয়াই ভূতলে মূচ্ছিত হইয়া পড়িলেন। তখন
আর আর মহিবীরা তাঁহাকে পতিত ও পতিকে অত্যম্ভই বিষয়
দেখিয়া রোদন করিতে লাগিলেন। অযোধ্যার আবালর্দ্ধবনিতারা নুপতির অন্তঃপুরে আর্তরব উত্থিত হইয়াছে দেখিয়া
রোদন করিতে লাগিল; পুনরায় অযোধ্যায় তুমুল ব্যাপার উপস্থিত হইল।

#### অফ্টপঞ্চাশ সর্গ।

অনস্তার বীজনাদি দ্বারা দশর্থের সংজ্ঞা লাভ হইলে তিনি, রামের রুত্তান্ত জানিবার নিমিত্ত স্থমন্ত্রকে আহ্বান করিলেন। তৎকালে ঐ রন্ধ রাজা ছঃখ শোকে নিতান্ত কাতর হইয়া অচিরধৃত হস্তীর ন্যায় ঘন ঘন নিশাস পরিত্যাগ পূর্বাক কখন রামের
নিমিত্ত পরিতাপ এবং কখন বা চিন্তা করিতেছিলেন। ইত্যবসরে স্থমন্ত ধূলিধুষরিত কলেবরে সজলনয়নে তাঁহার নিকট
উপস্থিত হইলে তিনি কাতর মনে কহিলেন, স্থত! ধর্মপরায়ণ
রাম তরুমূল আশ্রয় করিয়া কোন্ স্থানে আছেন? তিনি
অত্যন্ত স্থশী, এক্ষণে কি আহার করিবেন? ছঃখ তাঁহার যোগ্য
নহে, কিরপে তাহা সহ্য করিতেছেন? উত্তম শয্যায় শয়ন করা
তাঁহার অভ্যাস, এখন অনাথের ন্যায় কেমন করিয়া ভূতলে শয়ন
করিয়া থাকেন? গমনকালে যাঁহার সহিত হস্তী পদাতি ও রথ

যাইত, তিনি বনে কিরপে কালাতিপাত করিবেন ? অরণ্যে সিংহ ব্যাদ্র প্রভৃতি হিংজ্র জন্তু সকল বাস করিতেছে, কাল ভুজঙ্গ নিরম্ভর রহিয়াছে, তিনি লক্ষ্মণের সহিত কিরপে তথায় থাকিবেন ? হা! বল দেখি, তাঁহারা স্কুমারী জানকীকে লইয়া রথ হইতে কি রূপে পদত্রজে গমন করিলেন ? স্থত! তুমি তাঁহাদিগকে অরণ্য প্রবেশ করিতে দেখিয়া আসিয়াছ, তুমিই ধন্য। আমার রাম কি কহিয়াছেন ? লক্ষ্মণ কি কহিলেন ? সীতাই বা বনে গিয়া কি কথা বলিয়া দিলেন ? তুমি রামের শয়ন অশন ও উপবেশন সকলই বল। আমি এই সকল শুনিয়াই প্রাণ ধারণ করিয়া থাকিব।

শ্বমন্ত্র রাজা দশরথের এইরপ বাক্য শ্রবণ করিয়া বাস্প্রাদ্যন বচনে কহিতে লাগিলেন, মহারাজ! রান ক্তাঞ্জলিপুটে আপনাকে প্রণাম করিয়া ধর্মে মনোনিবেশ পূর্বক কহিয়াছেন, শ্বমন্ত্র! তুমি আমার কথানুসারে সেই প্রবিখ্যাত মহান্না পিতার চরণে গিয়া প্রণাম করিবে। অন্তঃপুরের সকল জীলোককে আমার নমস্বার ও মঙ্গল সমাচার নির্বিশেষে জানাইবে। জননী কোশল্যাকে আমার অভিবাদন ও সর্বাজীন কুশল নিবেদন করিয়া, আমি ধর্মপথে যে অটল আছি, এই কথা কহিবে, আরও বলিবে, দেবি! তুমি ধর্মশীলা হইয়া যথা-কালে অগ্ন্যাগারে অগ্নি পরিচর্য্যা করিবে এবং আমার পিতার

চরণযুগল দেবভার ন্যায় দেখিবে। আমার মাতৃগণের সহিত ব্যবহারকালে মানাভিমান কিছুই মনে আনিও না এবং আর্য্যা কৈকেয়ীকে মহারাজ অপেক্ষা কোন অংশে ন্যুন বলিয়া বিবেটনা করিও না। নুপতিরা জ্যেষ্ঠ না হইলেও পূজ্য হইয়া থাকেন, অতএব তুমি রাজধর্ম স্মুরণ করিয়া কুমার ভর-তকে রাজার ন্যায় সমাদর করিও। স্থমন্ত্র! তুমি জননীকে এইরপ কহিয়া ভরতকে আমার মঙ্গল জানাইবে এবং আমার বাক্যানুসারে বলিবে, তিনি যেন মাতৃগণের মধ্যে সকলের সহিত ন্যায়ানুসারে ব্যবহার করেন এবং যৌবরাজ্যে প্রতি-ষ্ঠিত হইয়া পিতাকে যেন রাজ্যেশ্বর করিয়া রাখেন। পিতা বৃদ্ধ হইয়াছেন, তাঁহাকে রাজ্যচ্যুত করা অকর্ত্তব্য, স্বতএব তাঁহারই আজা প্রচার করিয়া তাঁহাকে যেন সম্ভন্ট করেন। মহারাজ ! রাম সকলকে এইরূপ কহিয়া দিয়া গলদশ্রু লোচনে আমায় বলিলেন, সুমন্ত্র ! তুমি আমার মাতাকে স্বীয় জননীর ন্যায় দেখিও। সেই পদ্মপলাশলোচন এই কথা কহিয়াই রোদন করিতে লাগিলেন ৷

অনস্তর লক্ষণ ক্রোধাবিষ্ট হইয়া দীর্ঘ নিংশাস পরিত্যাগ পূর্বক কহিলেন, সার্থি! মহারাজ এই রাজকুমারকে কোন্ অপরাধে নির্বাসিত করিলেন? কৈকেয়ীর লঘু আদেশে এই. রূপ কার্য্য অনুষ্ঠান তাঁহার বোগ্য বা অবোগ্যই হউক কিন্তু

ইহাতে আমরা অত্যন্তই ব্যথিত হইয়াছি। আর্য্য রামের নির্বাসন কৈকেয়ীর লোভ নিবন্ধন, বা বস্তুতই বরদান বশত ঘটিয়া থাকুক, মহারাজ যে অকার্য্য করিয়াছেন, তাহাতে আর সন্দেহ নাই। যদি ঈশ্বরেচ্ছায় এইরূপ হইয়া থাকে, তাহাতে আর বক্তব্য কি, কিন্তু রামকে ত্যাগ করিতে হয়, এইরূপ কোন কারণই আমি দেখিতেছিনা। মহারাজ কেবল বুদ্ধি-লাঘব হেতু কর্ত্তব্যাকর্ত্তব্য অবধারণ না করিয়া এই কর্ম করিয়াছেন, ইহাতে ইহকাল ও পরকালে তাঁহাকে ক্লেশ ভোগ করিতে হইবে। আমি তাঁহাতে পিতৃভাব অণুমাত্র দেখিতে পাই না, রামই আমার ভাতা, প্রভু, বন্ধু ও পিতা। যিনি সকল লোকের হিত সাধনে নিবিষ্ট এবং সকল লোকেরই প্রিয়. তাঁহাকে পরিত্যাগ করিয়া মহারাজ কিরূপে সকলকে অনু-রক্ত করিবেন। যিনি প্রজাগণের স্পৃহনীয় সেই ধার্মিককে নির্কাসন ও সকলের সহিত বিরোধ উৎপাদৃন পূর্ব্বক তিনি কি রূপেই বা রাজা হইবেন।

মহারাজ ! ঐ সময় জানকী ঘন ঘন নিঃশ্বাস পরিত্যাগ পূর্ব্বক ভূতাবিষ্টচিত্তার ন্যায় অবাস্তর কার্য্য সকল বিশ্বত ও বিশ্ময়াবেশে স্তব্ধ হইয়া দাঁড়াইয়া রহিলেন । হঃখ কাহাকে বলে, তিনি তাহা জানেন না, তৎকালে ভাগ্যে এই বিপদ উপস্থিত দেখিয়া অনবরত রোদন করিতে লাগিলেন, আমাকে কিছুই কহিলেন না, কেবল শুক্ষমুখে স্বামির প্রতি দৃষ্টিপাত করিয়া রহিলেন এবং আপনার এই রথ ও আমাকে বারংবার নিরীক্ষণ করিতে লাগিলেন।

## একোনযফিতম সর্গ।

অনম্ভর আমি রাম ও লক্ষ্মণের বিয়োগ-ছঃখে যৎপরোনাস্তি কাতর হইয়া ক্তাঞ্জলিপুটে তাঁহাদিগকে অভিবাদন পূর্ব্বক তথা হইতে রথ লইয়া প্রস্থান করিলাম। মহারাজ ! যদি রাম আমাকে পুনরায় আহ্বান করেন, এই প্রত্যাশায় শৃঙ্গবের পুরে নিষাদপতি গুহের সহিত বহুক্ষণ অবস্থান করিয়াছিলাম, কিন্তু আমার সে আশা পূর্ণ হইল না। আসিবার সময় আমার অশ্ব-গণ রামের বন গমনে হুঃখিত হইয়া উষ্ণ অঞ্চমোচন করিতে লাগিল, পূর্ববৎ আর রথ বছন করিতে পারিল না। দেখি-লাম, আপনার অধিকারে বৃক্ষ সকল পুষ্পা অস্কুর ও মুকুলের সহিত ছঃখে মান হইয়া গিয়াছে। নদী পলুল ও সরোবরের জল অভ্যস্ত আবিল ও উত্তপ্ত, কমলদল সঙ্কৃচিত এবং বন ও উপবনের পলুব সকল শুক্ষ হইয়াছে। মৎস্য ও জলচর পক্ষিরা मलिएन लीम हिशाहि, श्रीनि मकल निम्मेन,

হিংস্ত্র জন্তুগণও সঞ্চরণ করিতেছে না, বন রামের শোকে যেন নীরব হইয়া আছে। জলজ ও স্থলজ পুষ্পের গন্ধ পূর্ববিং আর নাই এবং ফলও বিস্থাদ হইয়া গিয়াছে। পুষ্পাবাটিক। সকল শূন্য, তথায় বিহঙ্গেরা কোলাহল করিতেছে না এবং উপবনের রমণীয়তাও বিনূরিত হইয়াছে। মহারাজ' আমি যখন অযোধাায় প্রাবেশ করি, তৎকালে কেহই আমাকে অভি নকন করিল না এবং রামকে দেখিতে না পাইয়া, ঘন ঘন নিশাস পরিভাগে করিতে লাগিল। পথের লোকেরা দূর হইতে রথে রামকে না দেখিয়া, অবিরলগারে অঞা বিসর্জনে প্রবৃত্ত হইল। প্রাদান হইতে সমস্ত পেরিক্তী পুরমধ্যে রখ উপস্থিত দেখিয়া, রামের অনুশ্রে হাহাকার আরম্ভ করিল এবং মংপারোনান্তি কাতর হইয়। অতিবিশাল ধবল জলগারাকুন লোচনে স্পষ্টভাবে পরম্পর পরস্পরের প্রতি চাহিতে লাগিল। ঐ সময় দেখিলামু, সকল লোকই কাতর, স্থতরাং কে মিত্র, কে শত্রু, কেইবা উদাসীন, ইহার কিছুই আমি বুঝিতে পারিলাম ना । तांकन् ! वलिव कि, जाराधांत जिनवानिता विषश हरें। मोर्च নিশ্বাস ফেলিতেছে; কাহারই মনে হর্ষের লেষ মা নাই, হক্তা অর্থ পর্যান্ত দীনভাবে কাল যাপন করিতেছে। বৈথিয়া (वाध इस, (यन, नगती शूजहीना किंगलात्रहे नगर भौतीय क्ट्रेशास्ट्र ।

মহীপাল দশর্থ সুমন্ত্রের এইরূপ বাক্য প্রাবণ করিয়া দীন-মনে বাস্পাদাদ বচনে কহিতে লাগিলেন, স্বমন্ত্র! আমি যখন পাপকুলোৎপন্না কৈকেয়ীর কথায় রামের নির্বাসন অঙ্গী-কার করি, তখন মন্ত্রণানিপুণ বৃদ্ধগণের সহিত এই বিষয়ের কিছুই বিচার করি নাই। আমি অমাত্য ও স্কৃহংগণের প্রামর্শ না লইয়া জ্রীর অনুরোধে মোহের বশীভূত হইয়াই সহসা এই কার্য্য করিয়াছি। এক্ষণে নিশ্চয় বোধ হইতেছে যে, ভবিত-ব্যক্তা ও দৈবের ইচ্ছা বশত এই কুল উৎসন্ধ হইবে, এই জন্য অামার ভাগ্যে এই বিপাদ ঘটিয়াছে। স্বমস্ত্র ! আমি যদি কখন ভোষার কিছুমাত্র প্রিয়কার্য্য সাধন করিয়া থাকি, ভবে এক্ষণে তুমি আমাকে শীঘ্র রামের নিকট লইয়া চল ; তাঁহাকে ন দেখিয়া আমার প্রাণ ওষ্ঠাগতপ্রায় হইয়াছে। অথবা এখনও গামি আজ্ঞা দান করিতেছি, তুমি রামকে প্রত্যানয়ন কর, তাঁছার বিয়োগে মুহূর্ত্তকালও আর দেহ ধারণ কুরিতে পারি ন'। আমার বোধ হইতেছে, এতদিনে তিনি বহুদূর গিয়া থাকিবেন, অতএ অবিলম্বে আমাকেই রথে লইয়া তাঁহাকে দেখাইয়া আন। হা! কেণে সেই কুন্দকুটালদন্ত মহাবীর কোথায় আছেন? যদি ভাণ্যে জীবিত থাকি, তবে জানকীর সহিত তাঁহাকে দেখিতে পান। আমার মৃত্যুকাল আসন্ন হইয়াছে, এ সময়েও যদি ওঁহার দর্শন না পাইলাম, তবে বল দেখি, ইহা অপেক্ষা আমার

আর কি কস্ট আছে? হা রাম! হা লক্ষ্মণ! হা জানকি! আমি অনাথের ন্যায় ছঃখে প্রাণভ্যাগ করিভেছি, কিন্তু ভোমরা ভাহা জানিতেছ না।

অনস্তর দশরথ পুত্রবিয়োগ ছঃখে জ্ঞানশূন্য হইয়া শোকাকুল মনে কে শল্যাকে কহিলেন, দেবি ! আমি রাম বিনা যে হুঃখ-সাগরে নিপতিত হইয়াছি, জীবদ্দশায় তাহা হইতে উদ্ধার হইতে পারিব, এরপ সম্ভাবনা করি না। রামের শোক এই সাগরের বেগ, নিখাস উহার ভরঙ্গবহুল আবর্ত্ত, বাছবিক্ষেপা মংস্থা, রোদন গভার কল্পোল শব্দ, বিক্ষিপ্ত কেশজাল ইশবাল, কৈকেয়ী বড়বানল, কুব্জার বাক্য নক্র কুম্বীর, প্রার্থিত বর তীরভূমি এবং রামের নির্বাসনই বিস্তার। এই সাগর বাস্পরপ নদীজলে সততই আবিল হইতেছে এবং উহা আমার নেত্রনীরেই উৎপন্ন। দেখ, আজ আমার রাম ও লক্ষ্মণকে দেখিবার অত্যস্তই অভিলাষ হইতেছে, কিন্তু তাঁহাদিগকে দেখিতে পাইতেছি না, ইহা আমার পাপ ভিন্ন আর কিছুই নহে। এই বলিয়া রাজ। দশর্থ তৎক্ষণাৎ মূচ্ছিত হইয়া শ্যাায় নিপতিত হইলেন। কোশল্যাও তাঁহাকে তদবস্থ দেখিয়া এবং তাঁহার এইরূপ কৰুণ বাক্য শ্রবণ করিয়া যার পর নাই শক্ষিত হইয়া উচিলেন।

## যষ্ঠিত্য সৰ্গ।

----

অনন্তর তিনি ভূতাবিন্টার নায় বার বার কাশিত

কইতে লাগিলেন এবং ধরাতলে নিপতিত ও মৃতকল্প হইয়া

য়মস্ত্রকে কহিলেন, স্থমন্ত্র! যথায় রাম লক্ষ্মণ ও সীতা অবস্থান করিতেছেন, তুমি আমাকে তথায় লইয়া চল । আজ আমি
তাঁহাদের বিয়োগ-যাতনায় আর প্রাণ ধারণ করিতে পারি
না । তুমি রথ ফিরাইয়া আন, আমাকেও শীঘ্র দণ্ডকারণেয়
লইয়া যাও; যদি আমি তাঁহাদের অনুসরণ না করি, আমার
প্রাণ কিছুতেই রক্ষা হইবে না।

তখন সুমন্ত্র, কৃতাঞ্জলিপুটে বাস্পাদান বাক্যে তাঁহাকে আশ্বাস প্রদান পূর্ব্বক কহিতে লাগিলেন, দেবি! আপনি এক্ষণে শোক মোহ ও ছঃখাবেগ পরিত্যাগ করুন। রাম অসম্ভপ্ত মনে বনে বাস করিতেছেন। জিতেন্দ্রিয় লক্ষণ তাঁহার চরণসেবায় নিযুক্ত হইয়া, পরলোকের শুভসঞ্চয়ে প্রবৃত্ত আছেন। জানকী রামসংক্রান্তমনা হইয়া নির্দ্ধন অরণ্যেও

গৃহবাদের সনুরূপ প্রীতি লাভ করিতেছেন। বনে আছেন বলিয়া কিছুমাত্র কাতর নন। বোধ হয়, তিনি যেন প্রবাদে থাকিবার সম্পূর্ণই যোগ্য হইয়াছেন। দেবি! বলিব কি, জানকী পূর্বে এই নগরের উপবনে গিয়া যেমন বিহার করিতেন, গহন কাননেও সেই রূপ করিতেছেন। সেই পূর্ণচন্দ্রাননা, বালি-কার ন্যায় অক্রেশে রামসহবাদে রহিয়াছেন। রামেই ঘাঁহার হৃদয় মন আসক্ত এবং রামেই যাঁহার জীবন আয়ত্ত রহিয়াছে, এই রামহীন অযোধ্যা তাঁহার পক্ষে অরণ্যবং হইত। তিনি নদী প্রাম নগর ও বিবিধ রক্ষ দর্শন করিয়া, রামকে বা লক্ষণকেই হউক, জিজ্ঞাসিতেছেন এবং জিজ্ঞাস। করিয়া তৎসমুদায় সম্যক্ জ্ঞাত হইতেছেন। তিনি এক্ষণে যেন অযোধ্যার ক্রোশান্তরে বিহার ক্ষেত্র আশ্রয় করিয়া আছেন। দেবি! জান-কীর বিষয় এই পর্যান্তই জানি, আর তিনি যে, কৈকেয়ী-সংক্রান্ত কথা আমৃায় কহিয়াছিলেন, ভাহা এখন আমার আর শারণ হইতেছে না।

প্রমাদ বশত কৈকেয়ীর কথা উপস্থিত হইবামাত্র, স্থমস্ত্র, তাহার আর উল্লেখ না করিয়া, কোশল্যার যাহাতে তুটি লাভ হইতে পারে, এইরপ বাকো কহিলেন, দেবি! পর্যাটনশ্রম, বায়ুবেগ, আবেগ ও রোদ্রের উত্তাপেও সীতার চন্দ্রাংশুসদৃশী কান্তি মলিন হইতেছে না। তাহার দেই পূর্ন শশ্বর ও শতদল-

তুলা আনন মান হয় নাই। তাঁহার চরণযুগল এক্ষণে অলক্তক-রাগশুন্য, কিন্তু স্বভাবতঃ অলক্তকেরই ন্যায় রক্তবর্ণ, স্বতরাং আজিও কমলকলিকাসদৃশ প্রভাসম্পন্ন দৃষ্ট হইয়া থাকে। তিনি এখনও অনুরাগনিবন্ধন ভূষণ ধারণ করেন এবং নুপুর দারা হংসের লীলা অপছেলা করিয়াই যেন, সবিলাষে গমন করিয়া পাকেন। তিনি অরণ্যে রামের বাতু আশ্রয় করিয়া আছেন, স্নতরাং সিংহ ব্যাদ্র বা হস্তী যাহাই কেন দেখুন না. তাঁহার অন্তরে কিছুই ভয় হয় না। দেবি ! এক্ষণে রাম লক্ষ্মণ ও জানকীর নিমিত্ত শোক করা উচিত নহে এবং আপনি ও মহারাজ, আপনারাও শোচ্য হইতেছেন না। রামের এই চরিত্র অনম্ভ কাল জীবলোকে বিদ্যমান থাকিবে। ভাঁছারা এক্ষণে শোক পরিত্যাগ করিয়া, পুলকিত মনে মহর্ষিগণের পথ আশ্রয় করিয়াছেন এবং বন্য ফলমূলে ভৃপ্তি লাভ করিয়া পিভৃক্ত প্রতিজ্ঞা প্রতিপালন করিতেছেন।

পুত্রশোকার্তা দেবী কেশিল্যা স্থমস্ক্রের প্রাকৃত কথার নিবা-রিতা হইরাও বিরত হইলেন না। তিনি হারাম! হারাম! বলিয়া অনবর ভ ক্রন্দন করিতে লাগিলেন।

## একষ্ফিতন সূর্গ।

অনস্তর কেশিল্যা অবিরলগলিভজলধারাকুললোচনে কাভর মনে রাজা দশরথকে কহিলেন, মহারাজ ৷ ত্রিলোকের সর্বত তোমার যশ ঘোষিত হইয়া থাকে। তুমি প্রিয়বাদী ও বদান্য, এক্ষণে বল দেখি, তুমি, সীতার সহিত রাম ও লক্ষণকে কিরূপে পরিত্যাগ করিলে ? ভাঁহারা মুখে প্রতিপালিত হইয়া আসি-য়াছেন, এখন কি প্রকারে ছঃখ ভোগ করিবেন ? জানকী অতি মুকুমারী ও ভৰুণী, এখন কিপ্রকারে শীতোতাপ সহিয়া থাকি-বেন ? তিনি ব্যঞ্জন সহিত উত্তম অল্ল ভোজন করিয়া এখন কিরূপে নীবার ধান্যের অন্ন আহার করিতেছেন ? তিনি গীত বাদ্য প্রবণ করিয়া, এখন কিরুপে অশোভন সিংহের গর্জ্জন শুনিবেন ? ইক্রঞ্জের ন্যায় আনন্দ-প্রাদ মহাবীর রাম অর্গল-সদৃশ ভুজদণ্ড উপাধান করিয়া কোথায় শয়ন করেন ? তাঁহার বদনমণ্ডল পদাবর্ণ, লোচনযুগল পদাপলাশের ন্যায় বিস্তীর্ণ, নিখাসবায়ু পাত্মের ন্যায় স্থান্ধি এবং কেশপ্রাস্ত অতি স্থন্দর,

হা। আবার কবে আমি দেই মুখখানি দেখিতে পাইব। রামকে না দেখিয়া যথন আমার হৃদয় সহস্রধা বিদীর্ণ হইতেছে না, তখন ইহা যে বজের ন্যায় কঠিন, তাহার আর কোন সন্দেহ নাই। চতুর্দ্ধণ বৎসর অতীত হইলে. যদি রাম 'পুনরায় আগমন করেন, তখন ভরত যে রাজ্য ও ধন সম্পান পরিত্যাগ করিবেন, ইহা কিছুতেই সম্ভব হইতেছে না। কেহ কেহ আর-কালে ভালাণগাকে নিমন্ত্রণ করিয়া অত্যে আপানার বান্ধবদিগকে আহার করান্, পারে ভবিষয়ে ক্তকার্য্য হইয়া অন্যান্য ব্রাক্ষণ নিগকে ভোজন করাইবার নিমিত্ত চেন্টা করিয়া থাকেন; কিন্ত যে সকল আক্রণ নেবতুল্য বিৱান্ ও গুণবান্, ভৎকালে তাঁছার। সুগ্রাসদৃশ সুস্থাতু অন্নও স্পার্শ করেন না। শুঙ্গচ্ছেদ যেমন বুষ-দিগের অসহ্য হইয়া থাকে, অন্যের ভোজনাবসানে ভোজন ইইাদিগের পক্ষেও সেইরূপ। মহারাজ ! কনিষ্ঠ ভ্রাতা যে রাজ্য ভোগ করিল, সর্বশ্রেষ্ঠ জ্যেষ্ঠ তাহ: কিরুপে গ্রহণ করিবে? দেখ, ভোজ্য দ্রব্য অন্যে আহরণ করিলে, ব্যাদ্র তাহা কদাচই ভক্ষণ করে না ; যে ব্যক্তি সর্বাংশে সর্বাপেক্ষা উত্তম, পরাম্বাদিত বিষয়ে তাঁহার প্রবৃত্তি কদাঁচই হইতে পারে না । মৃত পুরোডাশ কুশ ও খদির কাষ্ঠের যুপা এই সকল দ্রব্য এক যজ্ঞে ব্যবস্থাত হইলে, যজ্ঞান্তরে নিয়োগ করা নিষিদ্ধ ; স্বতরাং রাম, হৃতসার মুরা সদৃশ পীত্রোম যজ্ঞের অনুরূপ ভরতভুক্ত রাজ্য কিরুপো

গ্রাছণ করিবেন? প্রবল শাদুল যেমন পুরু মর্দ্দন সহ্য করিতে পারে না, ভদ্রূপ ভিনি, এতাদৃশ অস্থান কখনই সহিবেন না। সুরাহুর সহিত সমুদায় লোক রণন্থলে তাঁহার পরাক্রমে ভীত হন। লোকে অগর্মে প্রবৃত্ত হইলে, যে ধর্মশীল তাহা-দিগকে ধর্মে সংস্থাপন করিয়া থাকেন, তিনি স্বয়ং কি প্রকারে অপর্মের অনুষ্ঠান করিবেন > সেই মহাবল মহাবাহু যুগান্ত কালের ন্যায় স্থবর্ণপুঞ্জ শর দ্বারা সমুদায় প্রাণিকে সংহার এবং মহাসাগরকেও শুক্ষ করিতে পারেন। মৎস্য যেমন আপ-নার সম্ভতিকে নট্ট করে, তদ্ধপ তুমি তাঁহাকে স্বয়ংই বিনাশ করিয়াছ। সনাতন ঋষিগণ শাস্ত্রে যে ধর্ম সংস্থাপন করিয়াছেন, ত্রান্ধণেরা যাহা প্রতিপালন করিয়া থাকেন, তাহা যদি তোঁমার সত্য বোধ হইত, তাহা হইলে তুমি রামকে কখনই নির্বা-সিত করিতে না। দেখ, স্ত্রীলোকের তিনটি গতি। তথাধ্য প্রথম পতি, দ্বিতীয় পুত্র, তৃতীয় জ্ঞাতি, এতদ্ভিন্ন তাহার গভ্যস্তার নাই। কিন্তু তুমি আর আফার আপনার নও, রামকে নির্বাসিত করিয়াছ, এক্ষণে বনে গমন করাও আমার পক্ষে সঙ্গত হইতে পারে না, স্কুতরাং কোমা হইতেই আমার প্রাণান্ত হইল। তুমি রাজ্য নাশ ও পৌরগণের সর্বনাশ করিলে, মন্তিরা এক কালে গেলেন এবং আমিও পুত্রের সহিত উৎসন্ন হই-লাম ; এক্ষণে কেবল ভোমার পত্নী ও পুত্রই সুখী হইবেন।

দশরথ কেশিল্যার এইরপ দাৰুণ বাক্য শ্রবণ পূর্বক, ছা রাম! বলিয়া, ছঃখিত ও বিমোহিত হইলেন। প্রবল শোক তাঁহার অন্তরে প্রবেশ করিল এবং পূর্বকৃত ছুক্ত বার্ংবার শ্রবণ করিতে লাগিলেন।

# দ্বিষ্টিত্য সর্গ।

---

শোকাতুরা কৌশল্যা রোষাবেশে এইরূপ প্রুষ বাক্য প্রয়োগ করিলে, রাজা দশরথ যথপারোনান্তি হুংখিত ও অত্যন্ত চিন্তিত হইলেন। মোহপ্রভাবে তাঁহার জ্ঞান বিলুপ্ত হইল। তিনি বহুক্ষণ চিম্ভা করিয়া, আপনার এই হু:খের কারণ উপলব্ধি कतिलान এवः किंभनारिक शिर्ष खरालाकन श्रुक्क, मीर्घ अ উষ্ণ নিশ্বাস পরিভ্যাগ করিয়া পুনরায় ভাবিতে লাগিলেন। পূর্বে অজ্ঞানতা প্রযুক্ত শদমাত লক্ষ্য করিয়া মুনিকুমার-বধরূপ যে অকার্য্য অনুষ্ঠান করিয়াছিলেন, ভাষা ভাঁষার স্মরণ হইল। পুত্রশোক ও মুনিকুমারবধজনিত ছঃখ তাঁহাকে যার পর নাই পরিভপ্ত করিতে লাগিল। তখন তিনি আধো-মূত্থ ক্লভাঞ্জলি হইয়া কেশিল্যাকে প্রাসন্ন করিবার নিমিত্ত কম্পিভকলেবরে কহিতে লাগিলেন, দেবি! তুমি শক্রকেও ম্বেছ এবং তাহার সহিত সরল ব্যবহার করিয়া থাক, এক্ষণে আমি কৃতাঞ্জলি হইয়া কহিতেছি, প্রসন্ন হও। যে সকল ন্ত্রী- লোকের ধর্মজ্ঞান আছে, স্বামী গুণবান বা নিগুণই ছউন, তাঁহাকে সাক্ষাৎ দেবতা বলিয়া জ্ঞান করা তাঁহাদের কর্ত্তব্য। তুমি অতি ধর্মশীলা, সৎ ও অসংই বা কি, তাহাও জান, অত- এব বিশেষ তুঃখিত হইলেও এই শোকের উপর আমার প্রতি কঠোর বাক্য প্রয়োগ করা তোমার উচিত হয় না।

क्लामला ममहारथत धरेत्रा मीन वाका खंवन कतिया, প্রাণালী যেমন বর্ষার জলধারা বছন করে সেই রূপ নেত্র হইতে বাস্থাবারি বিসন্তর্জন করিতে লাগিলেন। পরে দশরথের সেই পদাকলিকাকার অঞ্জলি অহতে গ্রহণ ও মন্তকে ধারণ প্রকিক, বাস্ত সমস্ত হইয়া, ভীতমনে কহিলেন, মহারাজ ! আমি তোমায় সাফাঙ্গে প্রণিপাত করিতেছি, প্রসন্ন হও। তুমি আমার নিকট কডাঞ্জলি হইলে, ইহাতে নিশ্চয়ই আমার সর্বনাশ হইবে: অতঃপর আমি আর তোমার ক্ষমার যোগা। নহি। ইহলোক ও পরলোকের শ্লাঘনীয় পতি যাহাকে প্রসন্ন করেন, সে কগ্লনই কুলক্সী বলিয়া পরিগণিত হইতে পারে না। নাথ! আমার ধর্মজ্ঞান আছে, তুমি যে সভ্যবাদী, ভাহাও জানি; আমি কেবল পুত্রশোকে কাতর হইয়াই তোমায় ঐরপ অপ্রিয় কথা কহিলাম। দেখ, শোক হইতে ধৈৰ্য্য শাস্ত্ৰজ্ঞান প্ৰভৃতি সকলই বিলুপ্ত হইয়া যায়, শোকের সদৃশ শত্র আর নাই। বিপক্ষের প্রহার অনায়ানে সহ্য করা যায়, কিন্তু যদি শোক

অশপমাত্রও উপস্থিত হয়, তাহা সহিয়া থাকা সহজ নহে।
আজ পাঁচ দিন হইল, রাম বনে গিয়াছেন, কিন্তু শোকে
নিতান্ত নিরানন্দ আছি বলিয়া, এই পাঁচ দিন বেন আমার
পাঁচ বংসর বোধ হইতেছে। নদীর বেগে সমুদ্রের জল
যেমন পরিবন্ধিত হয়, সেইরূপ রামের চিন্তায় হৃদয় মধ্যে
শোক ক্রমশই বৃদ্ধি পাইতেছে।

কৌশল্যা এইরূপ কছিতেছেন, ইত্যবদরে দিবাকর অস্তশিখরে আরোহণ করিলেন, রজনী উপস্থিত হইল। শোকাকুল রাজা দশুরথও কৌশল্যার বাক্যে আহ্লাদিত হইয়া
নিজিত হইলেন।

#### ত্রিষষ্টিতম সর্গ।

অনস্তর তিনি মুহূর্ত্ত মধ্যে জাগরিত হইয়া, চিন্তা করিতে লাগিলেন। রাম ও লক্ষাণের নির্বাসননিবস্ধন, রাছু যেমন স্থাকে আবরণ করে, তদ্রূপ শোকান্ধকার সেই ইন্সুসদৃশ রাজার মনকে আরত করিল। পুত্রনির্বাসনের ষষ্ঠ রজনীর অর্ক যামে মুনিপুত্রবধরূপ আপনার হুকর্ম তাঁহার স্মরণ হইল ৷ সেই বৃত্তান্ত স্মৃতিপথে উদিত হইলে, তিনি শোকা-কুলা কৌশল্যাকে কছিলেন, দেবি! মনুষ্য, শুভ বা অশুভ যে রূপ কার্য্য কৰুন, ভাহার অনুরূপ ফল তাঁহাকে অবশ্যই প্রাপ্ত হইতে হয়। যে ব্যক্তি কোন কার্য্যের প্রারম্ভে কর্মফলের গৌরব লাঘব, দোষ গুণ বিচার না করে, সে বালক। যে আঅ-কানন ছেদন করিয়া পলাশ রক্ষে জলদেক করে, সে পুষ্পাশোভা দর্শনে ফললুদ্ধ হয় বলিয়া ফলকালে হতাশ হইয়া থাকে। আমি অতি নির্বোধ, আমিও আত্রবন ছেদন করিয়া, পলাশ বৃক্তে জলসেক করিয়াছিলাম ; একণে পুত্র লইয়া মুখী হইবার সময়ে পুত্রকে পরিত্যাগ করিয়া অনুতাপ করিত্তেছি। দেবি ! ষে কারণে আমার অদৃষ্টে এইরূপ ঘটিল, কহিতেছি শ্রবণ কর ।

আমি যখন কোমারাবন্থায় ধনুবিদ্যা শিক্ষা করি, তৎকালে শব্দমাত্র শুনিয়া লক্ষ্যবিদ্ধ করিতে পারিতাম, এই জন্য লোকে আমায় শব্দবেধী বলিত। এ সময়েই আমি এই পাপের অনুষ্ঠান করি। আমার যে এই ছঃখ, ইছা স্বকৃত কর্মনিবন্ধনই ঘটিয়াছে। বালক অজ্ঞানতা বশত বিষপান করিলে বিষপ্রভাব কি বিনফ্ট হয়? আমার ভাগ্যে সেই রূপই হইয়াছে। যেমন কেহ না জানিয়া পলাশ পুষ্পে মোহিত হয়, আমি তদ্ধেপ না জানিয়াই শলানুসারে লক্ষ্য বিদ্ধ করিতে শিখিয়াছিলাম। দেবি ! যখন তোমার বিবাহ হয় নাই, আমি যুবরাজ, এই অবস্থায় আমার কামোদ্দীপক বর্ধাকাল উপস্থিত হইল। সূর্য্য ভূমির রস আকর্ষণ পূর্ব্বক কঠোর কিরণে সমস্ত জগৎ পরিতপ্ত করিয়া দক্ষিণ দিকে গমন করিলে, তৎক্ষণাৎ উত্তাপ দূর হইয়া গেল , বিগ্ধ মেঘ নভোমওলে দৃষ্ট হইল। ভেক, চাতক ও ময় র-গণ হর্ষ প্রকাশ করিতে লাগিল। বৃক্ষশাখা সকল বৃষ্টির পতন-বেগ ও বায়ুভরে কম্পিড হইয়া উঠিল; বিহক্ষেরা বর্ষাজন্দে মাত ও পক্ষের উপরিভাগ সিক্ত হওয়াতে অতি কর্ম্বে তথায় গিয়া আশ্রয় লইল। মত্ত-ময়ূর-শোভিত পর্বত নিরন্তর-নিপ-ভিত জলধারায় আচ্ছন হওয়াতে জলরাশির ন্যায় পরিদৃশ্যমান হইল। জলজোত স্বভাবত নির্মাল হইলেও গৈরিকাদি ধাতুসংযোগে কোথায় পাণ্ডুবর্ন, কোথায় রক্তবর্ন, কোথায়ও বা
ভন্মমিশ্রিত হইয়া তথা হইতে ভুজঙ্কবং বক্রগতিতে প্রবাহিত হইতে লাগিল। দেবি! এই পুখময় কালে মৃগয়াবিহারে
আমার ইচ্ছা হইল। তখন আমি রাজিযোগে নিপানে জলপানার্থ
আগত মহিষ, হস্তী বা বে কোন জন্ত হউক, তাহাদিগকে
বিনাশ করিবার নিমিত্ত শর শরাসন গ্রহণ ও রথারোহণ পূর্বক
সর্যূত্তি উপস্থিত হইলাম।

অনস্তর অন্ধকারে চতুর্দিক আর্ত হইলে, ঐ অদৃশ্য সরযূর জলমধ্যে করিক ঠম্বরের ন্যায় কুন্তপূরণরব শুনিতে পাইলাম। শুমিরা আমার নিশ্চরই হস্তী বোধ হইল। তখন আমি তাহাকে বধ করিবার নিমিত্ত সেই শব্দ লক্ষ্য করিয়া ভুজক্সের ন্যায় ভীষণ স্থতীক্ষ শর ভূণীর হইতে গ্রহণ পূর্বক পরিত্যাগ করিলাম। শর পরিত্যক্ত হইবামাত্র এক জন বনবাসীর হাহাকার স্থপেষ্ট শুনিতে পাইলাম। তিনি আমার শরে মর্ঘে আহত ও সলিলে নিপতিত হইয়া কহিলেন, আমি এক জন তাপস, কি কারণে আমার উপর শস্ত্র নিপতিত হইল ? আমি রাত্রিকালে নিজ্জন নদীতে জল লইতে আসিরাছিলাম, এ সময় কে আমায় শর প্রহার করিল ? কাহার কি অপকার করিয়াছি ? আমি বনমধ্যে বন্য ফলমূলে জীবন ধারণ কবিয়া থাকি, যাহাতে

অন্যের ক্লেশ জন্মে, এমন কার্য্য কখন করি না, শ্তরাং আমার প্রতি শস্ত্র প্রয়োগ কিরপে সন্ধৃত হইল ? আমি মন্তব্যে জটাভার বহন করিতেছি, বল্কল ও চর্মই আমার পরিধান, আমাকে বধ করিতে কাহার ইচ্ছা হইল ? আমি কি ক্ষতি করি-য়াছিলাম ? যেমন শুরুদার গমন সাধারণের বিদ্বিষ্ট, এই নিজ্ফল কার্য্যও তদ্ধেপ হইয়াছে। প্রাণ নাশ হইল বলিয়া আমি অনুতিপ করি না, আমার বিনাশে আমার বৃদ্ধ পিতা মাতার যে হুর্দেশা হইবে, তন্মিমিতই হুংখিত হইতেছি। আমি তাঁহাদিগকে চিরকাল ভরণ পোষণ করিয়া আসিতেছি, এক্ষণে আমার অভাবে তাঁহার। কিরপে দিনপাত করিবেন ? হা! এক শরে আমরা সকলেই বিনস্ট হইলাম। এমন লুক্ষম্বভাব বালক কে আছি যে, আমাদিগকে বধ করিল ?

দেবি! সেই নিশাকালে মুনিকুমারের এইরপ করুণ বাক্য শ্রবণ করিয়া, আমার হস্ত হইতে শর কার্মুক ভূতলে শ্বলিভ হইয়া পড়িল। আমি অত্যন্তই ভীত ও শোকাবেগে বিমোহিত হইলাম এবং একান্ত বিমনক্ষ ও নির্বার্য হইয়া তথায় গমন পূর্বক দেখিলাম, সরষ্তীরে এক জন তাপস শরবিদ্ধ হইয়া ভূতলে শয়ান আছেন। তাঁহার জটা সকল বিক্ষিপ্ত, অঙ্গ-প্রভাঙ্গ ধূলি ও শোণিতে লিপ্ত এবং জলপূর্ণ কলশ ভূমিতে পতিত হইয়াছে।

তখন তিনি আ্থাকে সম্মুখে নিরীক্ষণ পূর্বক সভেজে দ্য করিয়াই যেন, কঠোর বাক্যে কহিছে লাগিলেন, মহারাজ ! আমি বনবাদী পিতা মাতার নিমিত্ত জল লইতে সর্যুত্ত আলিয়াছি, তুমি কেন আমায় প্রহান করিলে ? আমি ভোমার কি অপকার করিয়াছিলাম ? ভূমি এক শরে আমায় বিদ্ধ করিয়া আমার অন্ধ পিতা মাতারও প্রাণ নাশ করিলে। তাঁহারা হুর্বল অন্ধ ও পিপাসার্ত্ত হইয়া নিশ্চয়ই আমার প্রতীক্ষা করিতেছেন। আমি জল লইয়া যাইব, বহুক্ষণ এইরূপ প্রভ্যাশয় আছেন: এক্ষণে ভৃষ্ণা সংবরণ করিয়া থাকিবেন। বোধ হয়, আমার জ্ঞান ও তপস্যার কোন ফলই নাই। আমি যে ভূতলে পতিত ও শয়ান রহিয়াছি, পিতা তাহা জানিলেন না, জানিলেই বা কি করি-বেন, তিনি স্বয়ং অশক্ত এবং অনুত্ব নিবন্ধন গদনে সম্পূর্ণই অক্ষম। একটি রক্ষ বায়ুবেণে ডিদ্যমান হইলে আর একটি বুক্ষ ভাষাকে কি রূপে রক্ষা করিবে ? যাহাই হউক, ভুমি এক্ষণে স্বয়ংই আমার পিতার নিকট গিয়া এই বৃত্তান্ত তাঁহাকে জ্ঞাত কর। কিন্তু সাবধান, অগ্নি পরিবর্দ্ধিত হইয়া যেমন সম্প্রবন দগ্ধ করে, সেইরূপ তিনি যেন তোমাকে দগ্ধ না করেন। তুমি এই স্ক্র পথ দিয়া যাও, আমার পিতার আশ্রম প্রাপ্ত হইবে। তুমি তাঁহাকে প্রসন্ন করিও, কিন্তু দেখিও, তিনি ক্রোগাবিষ্ট হইয়া যেন তোমাকে অভিশাপ প্রদান করেন না। মহারাজ! নদীবেগ

যেমন অন্তঃক্ষীত বালুক।-বহুল তীরভূমিকে আহত করে, সেই রূপ তোমার এই স্থতীক্ষ শর আমার মর্মদেশে যন্ত্রণা দিতেছে, অতএব তুমি এক্ষণে আমার বক্ষ হইতে শল্য উদ্ধার করিয়া লেও।

দৈবি ! ঋবিকুমার আমাকে শর আকর্ষণ করিতে বলিলে ভাবিলাম, যদি শল্য থাকে, অধিকত্তর বেদনা দিবে ; যদি উত্তোলন করি, এখনই প্রাণ বিয়োগ হইবে ; এই ভাবিয়া আমি যৎপরোনান্তি শোকাকুল ও ছঃখিত হইলাম ।

অনন্তর মুনিকুমার ক্রমশঃ অবসর হইয়। পডিলেন, তাঁহার নেত্ৰৰয় উৰ্বৰ্তিত হইয়া গেল, এবং অঙ্গ প্ৰত্যন্ধ নিষ্পাদ হইল। তিনি আমাকে চিম্ভিত ও ক্ষুদ্ধ দেখিয়া অতি কঠে কহিলেন, মহারাজ! আমি বৈর্য্যের সহিত চিতের কৈছ্র্য্য সম্পাদন এবং শোক নংবরণ পূর্ম্বক কহিতেছি, প্রবণ কর। বেন্নহত্যা করিলাম বলিয়া ভোমার মনে যে সন্তাপ উপস্থিত ছইয়াছে, তুমি এক্ষণে তাহ। পরিত্যাগ কর। আমি আক্ষণ নহি, বৈশ্যের ঔরসে শূদ্রার গর্ভে আমার জন্ম হইয়াছে। মুনিকুমার কথঞ্জিৎ এই কখা কহিলে আমি তাঁহার বফ হইতে শল্য উদ্ধার করিয়া লইনাম। তাঁহার সর্বাঙ্গ ঘূর্ণিত ও কম্পিত হইতে লাগিল এবং অধিকতর যন্ত্রণায় আকুঞ্চিত হইয়। গেল। তিনি অত্যম্ভ ভীত হইয়া আমার প্রতি দৃষ্টিপাত পূর্মক প্রাণত্যাগ করিলেন। আমিও যার পার নাই বিষয় হইলাম।

# চতুঃষষ্টিতম সর্গ ।

দেবি! অজ্ঞানত এই পাপ কার্য্যের অনুষ্ঠান করিয়া আমার মনে অত্যন্ত্রই ক্ষোভ উপস্থিত হইল। এখন ইহার সত্নপায় কি, ভৎকালে আমি একাকী েনল ইহাই ভাবিতে লাগি-লাম। পরিশেষে সেই বারিপূর্ণ কলশ লইয়া নির্দ্দিষ্ট পথ অরুসারে আশ্রমে প্রবেশ করিলাম। দেখিলাম, তথায় ধুর্বল বৃদ্ধ অন্ধ ভাপসদম্পতী ছিন্নপফ বিহগমিখুনের ন্যায় উপবিষ্ট আছেন। ভাঁহাদিগকে উত্থান করাইয়। স্থানান্তরে লইয়া যায়, এমন আর কেহ নাই। ঐ সময় তাঁহার। পুত্রের কথা আন্দো-লন করিতেছিলেন, ভূমিবস্তুন তাঁহাদের কিছুমাত্রই খ্রাপ্ত ছিল না। আমি যদিও আশা ছেদন করিয়াছি, তথাচ পুত্র জল আনয়ন করিবে, অনাথের ন্যায় এইরূপ প্রভ্যাশাপন্ন ছইয়া আছেন। দেবি! আমি একেত ভাত ও শোকাক্রাস্ত হইয়াছিলাম, আশ্রম প্রবেশ করিবামাত্র আমার অধিকতর ভয় ও শোক উপস্থিত হইল।

অনন্তর মুনি আমার পদশব্দ প্রবণ করিয়া পুত্রভ্রমে কহিলেন, বৎস! ভোমার কেন এত বিলঙ্গ ইইল ? তুমি শান্ত জল
আনয়ন কর। বহুক্ষণ নদীতে ক্রীড়া করিতেছিলে বলিয়া,
তোমার মাতা অভিশয় উৎকণ্ডিতা হইয়াছেন। এক্ষণে তুমি
ভারত পদে আশ্রমে আইস। আমরা যদিও কোনরূপ অপ্রিয়
ব্যবহার করিয়া থাকি, ভারমিত্ত তুমি কিছু মনে করিও না।
তুমি এই অগতিদিগের গতি, এই অন্ধদিগের চক্ষু। আমাদের
জীবন ভোমাকে অবলম্বন করিয়াই রহিয়াছে। বৎস! তুমি
কেন আমার কথায় প্রত্যুত্তর করিতেছ না?

মুনি ব্যঞ্জনাক্ষরবিরহিত গদাদ ও অক্ষুট অরে এইরপা
কহিলে, আমি অত্যন্তই ভীত হইলাম এবং সবিশেষ যত্নসহকারে
তাৎকালিক ভাব গোপন করিয়া কহিলাম, তপোধন! আমি
ক্ষত্রিরবংশীয় দশরথ, আমি আপনার পুত্র নহি। সাধুলোকে
যে বিষয়ে য়ণা করেন, আমি এইরপ একটি কার্য্য করিয়া এক্ষণে
অত্যন্তই হুঃখিত ও পরিতাপিত হইয়াছি। ভগবন্! অদ্য
নিপানে জলপান করিবার নিমিত্ত হত্তী বা যে কোন জন্তই
আমুক, আমি তাহাদিগকে বিনাশ করিবার বাসনায়, শরাসনহল্তে সরয়ৃতীরে আসিয়াছিলাম। ইত্যবসরে নদীর জল মধ্যে
কুত্তপূরণ রব আমার প্রুতিগোচর হইল। সেই শক্ষ প্রবণে হত্তী
আসিয়াছে মনে করিয়া, আমি শর নিক্ষেপ করিয়াছিলাম।

পরে নদীতারে গিয়া দেখিলাম, এক জন তাপসের বক্ষে শরবিদ্ধ হইয়াছে। তিনি মৃতকণ্প হইয়া ভূতলে শয়ান রহিয়াছেন।
তখন আমি সমিহিত হইয়া তাঁহারই আদেশানুসারে তাঁহার
বক্ষ হইতে শল্য উদ্ধার করিয়া লইলাম। শল্য উদ্ধৃত হইবামাত্র
তিনি, পিতামাতা রন্ধ বলিয়া, শোকাকুল মনে বিলাপ ও পরিতাপ করিয়া, প্রাণত্যাগ করিলেন। ভগবন্! আমি না
জ্যানিয়াই আপনকার পুত্র বিনাশ করিয়াছি। এক্ষণে যা ইইবার হইয়াছে, অতঃপর যাহা কর্ত্তর্য হয়, আপনি আমাকে
আদেশ কর্জন।

আমি ক্তাঞ্জলিপুটে মুনিকে এইরপ কঠোর কথা শ্রবণ করাইবা মাত্র তিনি আমাকে তৎক্ষণাৎ ভদ্মসাৎ করিতে পারিতেন, কিন্তু করিলেন না, কহিলেন মহারাজ! যদি তুমি এই অকার্যাের বিষয় শ্বয়ং আসিয়া না জানাইতে, তাহা হইলে তোমার মস্তক সদ্যই সহস্রধা স্থালিত হইয়া পড়িত। ক্ষত্রিয়ের কথা দূরে থাক, অনাথ অন্ধ বানপ্রস্থকে হত্যা, জ্ঞানক্ষত হইলে উহা ইন্দ্রকেও স্থানচ্যুত করিতে পারে। আমার পুত্র তপঃপরায়ণ ও ত্রন্ধবাদী, তাদৃশ লোকের প্রতি জ্ঞানপূর্ব্বক শস্ত্র নিক্ষেপ করিলে, তোমার মস্তক সপ্রধা বিশীর্ণ হইয়া যাইত। তুমি অজ্ঞানত এই কার্য্য করিয়াছ বলিয়া জীবিত রহিয়াছ, যদি জ্ঞানিয়া করিতে, তাহা হইলে কেবল

তুমি নও. স্বংশেই ধ্বংস হইয়। যাইতে । যাহাই হউক, এক্ষণে তুমি আমাদিগকে তথায় লইয়। চল। যিনি শোণিত-লিপ্ত-দেহে স্থালিতবল্কলে ভূতলে মৃত পতিত রহিয়াছেন, আমরা সেই পুত্রের শেষ দেখা দেখিয়া লইব।

অনন্তর আমি একাকী তাঁহাদিগকে সরযূতীরে লইয়া গিয়া সেই মৃত দেহ স্পর্শ করাইলাম। স্পর্শ করিবামাত্র তাঁহারা তত্নপরি পতিত হইলেন। পরে মুনি সকাতরে কহিতে লাগি-লেন, বৎস! আজ কেন তুমি আমাকে অভিবাদন করি-তেছ ন।? কেন আমার সহিত কথা কহিতেছ না? কি নিমি-তুই বা ভূতলে শয়ন করিয়া আছু? তুমি কি ক্রোধ করিলে? বাছা! আমি যদি অপ্রিয় হইয়া থাকি, তবে তোমার এই-ধর্মশীলা জননীর প্রতি একবার দৃষ্টিপাত কর। তুমি কি কারণে আলিঞ্চন ও কোমল বাক্যে সম্ভাষণ করিলে না? আমি অতঃপর রাত্রিশেষে আর কাহার হাদয়হারী মধুর শান্তাধ্যয়ন প্রবণ করিব? আমাকে পুত্রশোকভয়ে নিতান্ত কাতর দেখিয়া, আর কে সন্ধ্যা বন্দনাবসানে ছুতাশনে আহুতি প্রদান পূর্বক আমায় স্থান করাইবে। আমি একান্ত অকর্মণ্য দরিদ্র ও সহায়হান, এক্ষণে কন্দ মূল ফল আহরণ পূর্বক আর কে আমায় প্রিয় অতিথির ন্যায় আহার করাইবে? বৎস। আমি তোমার এই অন্ধ্র ও বৃদ্ধ মাতাকে কিরূপে ভরণ পোষণ

করিব ? নিবারণ করি, তুমি একাকী যমালয়ে যাইও না, কল্য আমাদের উভয়েরই সহিত তথায় গমন করিবে। আমরা শোকার্ত্ত অনাথ ও দীন হইলাম, তোমা বিহীনে আমাদিগকেও অচিরাৎ মৃত্যুর পথ আশ্রয় করিতে হইবে। বৎস! আমি যমা-লয়ে গিয়া, যমের সহিত সাক্ষাৎ করিয়া এইরপ কহিব, ধর্ম-রাজ! তুমি আমাকে ক্ষমা কর, আমার এই পুত্র আমাদিগকে ভরণ পোষণ করুন; তুমি লোকপাল, অতএব অনাথের এই এক অক্ষয় অভয় দক্ষিণা দান করা তোমার কর্ত্ব্য হইতেছে।

হা! তুমি নিষ্পাপ, কিন্তু এই পাপাচারী ক্ষত্রিয় তোমায় বিনাশ করিয়াছে, অতএব তুমি আমার সত্যের বলে অবিলয়ে বীরলোক লাভ কর। বীর পুরুষেরা সমরপরাস্ক্র্যুখ না হইয়া সম্ম্থযুদ্ধে দেহ ত্যাগ করিলে যে গতি লাভ করিয়া থাকেন, তুমি তাহাই প্রাপ্ত হও। মহারাজ সগর, শৈব্য, দিলীপ, জনমেজয়, নহুষ ও ধুরুমার এই সমস্ত মহায়াদিগের যে গতি তুমি তাহাই প্রাপ্ত হও। স্বাধ্যায়, তপদ্যা, ভূমিদান, একপত্নী-ব্রত, গোসহত্র প্রদান, গুরুষেবা এবং প্রায়োপবেশনাদি দ্বায়া তরুত্যাগ এই সকল কার্য্যে যে গতি নির্দ্দিন্ত আছে, তুমি তাহাই প্রাপ্ত হও। আহিতাগ্রির যে গতি, সকল প্রাণির যে গতি, তুমি তাহাই অধিকার কর। যে আমার বংশে জন্ম গ্রহণ করে, অশুভ গতি তাহার কদাচই হয় না, কিন্তু বৎস! যে তোমাকে বিনাশ

করিল, ঐ প্রকার গতি তাহারই হইবে। এই বলিয়া মুনি, পত্নীর সহিত জল লইয়া, পুত্রের তর্পণ করিতে লাগিলেন।

অনস্তর মুনিকুমার স্বকর্ম প্রভাবে দিব্য রূপ পরিপ্রছ করিয়া স্থররাজ ইন্দ্রের সঙ্গে অবিলম্নে স্বর্গে আরোহণ করিলেন এবং পুনরায় তাঁহার সহিত প্রত্যাগমন করিয়া, বৃদ্ধ পিতা মাতাকে আশ্বাস প্রদান পূর্ব্বক কহিলেন, আমি আপনাদের পরিচর্যাা করিয়া দিব্য স্থান অধিকার করিয়াছি, এক্ষণে আপনারাও আর বিলম্ব না করিয়া, আমার নিকট আগমন কৰুন। এই বুলিয়া মুনিকুমার স্থপ্রশস্ত দিব্য বিমানযোগে স্থর্গে আরোহণ করিলেন।

অনস্তর তাপস, ভার্য্যা সমভিব্যাহারে, পুত্রের উদকক্রিয়া সম্পাদন পূর্ব্বক আমায় কহিলেন, মহারাজ ! তুমি আজই আমাকে বিনাশ কর , আমার সবে মাত্র এক পুত্র ছিল, তুমিই তাহার প্রাণ সংহার করিলে, স্কতরাং মৃত্যুতে আমার আর কোন যন্ত্রণ হইবে না । তুমি না জানিয়া আমার সেই বালকটিকে নফ করিয়াছ, এই কারণে আমি নিদারুণভাবে ভোমায় এই অভিশাপ দিতেছি যে, সম্প্রতি আমার যেমন পুত্রশোক হইয়াছে, এইরূপ পুত্রশোকে ভোমাকেও দেহপাত করিছে হইবে । তুমি ক্ষত্রিয় হইয়া অজ্ঞানত এই কার্য্য করিয়াছ, স্ক্রেরাং এইক্ষণে ত্রেক্ষহত্যাসদৃশ পাপ ভোমায় স্পর্শিতেছে না

বটে, কিন্তু অচিরাৎই পুত্র বিয়োগত্বংখে মৃত্যুমুখে পতিত হইতে হইবে।

মুনি আমায় এইরপ অভিশাপ দিয়া, ভার্যার সহিত বহুবিধ বিলাপ ও পরিভাপ করড, চিভায় আরোহণ ও স্বর্গে গমন করি-লেন। দেবি! বালকত্ব নিবন্ধন শব্দানুসারে লক্ষ্যে শরক্ষেপ করিয়া, আমি যে পাপ সঞ্চয় করিয়াছিলাম, চিন্তা সহকারে ভাহা আমার স্মরণ হইয়াছে। অপথ্য ব্যঞ্জনের সহিত অন ভোক্ষন করিলে যেমন ব্যাধি জন্মে, ভদ্রূপ সেই ছ্কর্মের ফল ফলিত হইল। উদারাশ্য ঋযি যে প্রকার কহিয়াছিলেন, এক্ষণে ভাহাই ঘটিল।

• এই বলিয়া দশরথ, ভীতমনে গলদক্র লোচনে কেশিল্যাকে কহিলেন, দেবি ! পুত্রশোকে আমার প্রাণ বিয়োগ হইবে; আমি আর ভোমায় চক্ষে দেখিতে পাই না, তুমি আমাকে স্পর্শ কর ; দেখ, মৃত্যু হইলে কাহারই সহিত সাক্ষাৎ হওয়া সম্ব হইবে না ৷ হা ! এক্ষণে রাম যদি আমায় •একবারও স্পর্শ করেন এবং যদি আমার ধন ও যৌবরাজ্য গ্রহণ করেন, তাহা হইলে বোধ হয়, আমি বাঁচিতে পারি ৷ আমি রামের প্রতি যেরপ আচরণ করিয়াছি, তাহা আমার উচিত হয় নাই, কিন্তু তিনি যেরপ ব্যবহার করিয়াছেন, তাহা তাঁহারই উপযুক্ত হইনয়াছে ৷ পুত্র হরুত হইলেও, এই জীবলোকে বিচক্ষণ হইয়া,

কোন্ব্যক্তি ভাষাকে পরিভ্যাগ করিতে পারে? আর কোন্ পুত্রই বা নির্কাসনের আদেশ পাইয়া, পিতার প্রতি অস্থয়া প্রদ-র্শন না করে। দৈবি ! আমি আর ভোমাকে দেখিতে পাই না, আমার স্মৃতিশক্তি বিলুপ্ত হইয়া আসিতেছে; এক্ষণে এই সকল যমদূত আমায় ত্বরা দিতেছে। হায়! প্রাণান্ত হইলে সভ্যানিষ্ঠ রামকে যে আর দেখিতে পাইব না, ইহা অপেকা ছঃখের আব কিছুই নাই। রেজি যেমন বারিবিন্দু শুক্ষ করিয়া ফেলে, তদ্রেপ রামের অদর্শনশোক আমার প্রাণ শুক্ষ করি-তেছে। চতুর্দ্দশ বৎসর অতীত হইলে ফাঁহারা রামের কুণ্ডল-শোভিত মুখমণ্ডল সন্দর্শন করিবেন, ভাঁহারা মনুষ্য নতেন—দেবতা। রামের লোচন পাল্পালাশের ন্যায় আয়ত, জাযুগল বিস্তৃত, দশন সুন্দর ও নাসিকা অতি মনোহর : ফাঁছারা ধন্য ও ক্লভপুণ্য, তাঁহারাই সেই শারদীয় শশাস্কতুল্য, প্রফল্ল কমলদদৃশ মুখ অব্লোকন করিবেন ৷ যাঁহারা উচ্চ স্থানস্থ শুক্র এছের ন্যার রামকে আসিতে দেখিবেন তাহারাই ভাগ্যবান। কেশিল্যে! মোহ বশত আমার মন অবসন্ন হইয়া আসি-তেছে, ইন্দ্রিয়সংযোগে শব্দ স্পর্শ রস কিছুই অনুভব করিতে পারিতেছি না। তৈল শূন্য হইলে ভন্মীভূত দীপবর্ত্তি যেমন অবশ হয়, ভদ্ৰূপ জ্ঞানবৈলক্ষণ্যে ইন্দ্ৰিয় সকল অবশ হইয়া যাইতেছে। প্রবাহবেগ যেমন নদীতীরকে নিপাতিভ করে.

সেইরপ আত্মকত শোকই আমায় বিনাশ করিল। হা রাম । হা ছঃখবিনাশন! হা পিতৃপ্রিয়! তুমি আমার নাথ, এখন কোথায় রহিলে? হা কোশল্যে! আর যে দেখিতে পাই না। হা সুমিত্রে! হা নৃশংসে কুলকলস্কিনি কৈকরি! তুই আমার পরম শক্র। রাজা দশরথ কোশল্যা ও স্থমিত্রার সমক্ষে এইরপ পরিভাপ করিরা, রজনী দ্বিপ্রহর অতীত হইলে, প্রাণ-ভ্যাগ করিলেন।

# পঞ্চ্যফিত্য সর্গ।

রাত্রি প্রভাত হইয়া গেল। প্রাতঃকালে স্থানিকিত স্থত. কুলপরিচয়দক্ষ মাগধ, ভস্ত্রীনাদনির্ণায়ক গায়ক ও স্তুতিপাঠক-গণ রাজভরনে আগমন করিল এবং স্ব স্থপ্রণালী অনুসারে উচ্চেঃস্বরে রাজা দশরথকে আশীর্কাদ ও স্থৃতিবাদ করিয়া প্রাসাদ প্রতিধ্বনিত করিতে লাগিল। পাণিবাদকেরা ভূতপূর্ব্ব ভূপতিগণের অদ্ভুত কার্য্য সকল উল্লেখ করিয়া করতালি প্রদানে প্রবৃত্ত হইল। সেই করতালি শব্দে রক্ষশাখায় ও পঞ্জরে যে সকল বিহন্ন বাস করিতেছিল, ভাহারা প্রতিবুদ্ধ হইয়া কোলাছল করিয়া উঠিল। পবিত্র স্থান ও ভীর্থের নাম কীর্ত্তন আরম্ভ হইল, বীণাধ্বনি হইতে লাগিল। বিশুদ্ধচার সেবা-নিপুণ বহুসংখ্য দ্রীলোক ও বর্ষবর প্রভৃতি পরিচারকগণ আগমন করিল। স্থানবিধানজ্ঞের। যথাকালে স্থর্ণ কলশে হরি-চন্দন-স্বরভিত সলিল লইয়া উপস্থিত হইল। বহুসংখ্য কুমারী ও माध्वी स्त्रीता मकलार्थ म्भर्मनीय (धनू, भानीय गत्कापक, এवः পরিধেয় বস্ত্র ও আভরণ আনয়ন করিল । প্রাভঃকালে নূপভির নিমিত্ত যে সমস্ত পদার্থ আছত হইল, তৎসমুদায়ই স্থলক্ষণ প্রদার ও উৎকৃষ্ট গুণ সম্পন্ন , সকলে সেই সকল দ্রব্য লইয়া সূর্য্যোদয় কাল পর্য্যন্ত রাজদর্শনার্থ উৎস্থক হইয়া রহিল, পরি-শেষে তদ্বিষয়ে হতাশ হইয়া মনে মনে নানাপ্রকার আশঙ্কা করিতে লাগিল।

অনস্তর যে সকল মহিষীরা রাজা দশরথের শয্যাসন্ধিবনে ছিলেন, তাঁহারা মৃত্র ও বিনয় বাক্যে তাঁহাকে
প্রবাধিত করিতে লাগিলেন, কিন্তু তাঁহার শয্যা স্পর্শ করিয়া হাদয় হস্ত ও মূল নাড়িতে স্পন্দনাদি কিছুই দেখিতে পাইলেন না। তখন তাঁহারা রাজার জীবনে অত্যন্তই শঙ্কিত হইয়া প্রবাহের প্রতিস্রোত্যত ত্ণাঞ্রভাগের ন্যায় কম্পিত হইতে লাগিলেন। পূর্বরাত্রিতে রাজা যে অনিষ্টের আশঙ্কা করিয়াছিলেন, তৎকালে তাহা সূত্য বলিয়াই তাঁহাদের প্রভায় জন্মিল।

কোশল্যা ও স্থমিত্রা পুত্রশোকে কাতর হইয়া নিদ্রিত ছিলেন, রাজিজাগরণ নিবন্ধন তখনও প্রবাধিত হন নাই। রামজননী তিমিরারত তারকার ন্যায় প্রভাশূন্য শোকে অবসন্ন ও বিবর্ণ হইয়া হস্তপদ সংকোচন পূর্বক রাজার পার্শে শয়ান আছেন এবং স্থমিত্রা তাঁহারই সন্নিহিত রহিয়াছেন। স্থমিত্রার মুখকমল নেত্রজলে মলিন হইয়াছে এবং শোভাও

পর্ববৎ আর নাই। অন্তঃপুরের অন্যান্য দ্রীলোক তাঁহাদিগকে নিদ্রিত এবং রাজা দশরথকে নিদ্রাবস্থায় মৃত দেখিয়া অরণ্যে যূথপতিবিরহিত করেণ্র ন্যায় আর্ত্তমরে কাঁদিয়া উচিলেন। তাঁহাদের ক্রন্দনশব্দে কেশিল্যা ও স্থমিত্রার চেত্রা লাভ ছইল। তাঁহারা গাত্রোত্থান করিয়া মহারাজকে দর্শন ও স্পর্শ করিয়া, হা নাথ। এই বলিয়া ধরাতলে নিপতিত হইলেন। কৌশল্যা ভূতলে বিলুপিত ও ধূলিধুষরিত হইয়া আকাশচ্যত ভারাব নাায় নিপ্রভ হইলেন। অন্তঃপুরের সকলে দেখিলেন, যেন তিনি নিহত করিণীর ন্যায় ধরাশায়িনী হইয়াছেন। কৈকেয়ী প্রভৃতি মহিষীগণ ভর্ত্তশোকে রোদন করিতে করিতে জ্ঞানশুন্য হইয়া পড়িলেন। ইহাঁদের রোদন শব্দ কোঁশল্যা-দির রোদনশব্দে মিলিত ও বর্দ্ধিত হইয়া পুনরায় গৃহকে প্রতিধানিত করিয়া তুলিল। রাজভবনের সকলেই ভীত, সকলেই তটস্থ এবং সকলেই পূর্বব্যতান্ত জানিবার নিমিত্ত উৎস্ক হইয়া উচিল। সর্বতেই তুমুল রোদন ধ্বনি, আত্মীয় স্বজন সন্ত্রাপে অত্যন্ত কাত্র, কাহারই মনে আনন্দ নাই, এবং দৃশ্য অভিশয় মলিন বোধ ছইতে লাগিল। মহিষীরা রাজা দশরথের মৃত দেহ পরিবেষ্টন এবং তাঁহার বাহুদ্বয় এহণ পূর্বাক কৰুণ মনে রোদন করিতে লাগিলেন।

# वर्षिकिंग नर्ग।

অনস্তর শোকাকুলা কোশল্যা লোকাস্তরিত রাজা দশর্থকে প্রশাস্ত হুতাশনের ন্যায়, শুক্ষ সাগরের ন্যায় নিরীক্ষণ এবং তাঁহার মন্তক অঙ্কে গ্রহণ পূর্বক অঞ্চপূর্ণ লোচনে কৈকেয়ীকে কহিলেন, নুশংদে! এক্ষণে ভোমার মনোবাঞ্চা পূর্ণ হউক, মহারাজকে বিসর্জন দিয়া তদাতমনে নির্বিল্লে রাজ্য ভোগ কর। রাম আমাকে পরিভাগে করিয়া গিয়াছেন, আমার স্বামীও দেহ-ত্যাগ করিলেন, অতঃপর অরণ্যে সঙ্গহীনার ন্যায় আর আমি প্রাণ ধারণ করিতে পারি না। সাক্ষাৎ দেবতা স্বরূপ স্বামীকে ভ্যাগ করিয়া ধর্মজ্রী কৈকেয়ী ব ভিরেকে আর কোন নারী বাঁচিবার বাসনা করিবে ? তুমি যে রঘুকুল উৎসন্ন করিলে, ইহার মূলই কুব্রা ; লুব্ধ ব্যক্তি লোভ বশত ব্পরের বিষপান করিয়া, আত্মহত্যা-দোষ বুঝিতে পারে না, ভোমার পক্ষে তদ্ধপই ঘটিয়াছে। মহারাজ অনুচিত কার্য্যে নিযুক্ত হইয়া সীতার সহিত রামকে নির্বাসিত করিয়াছেন, এ কথা রাজর্ষি জনক শুনিলে আমারই নাায় পরিতাপ করিবেন। আমি যে অনাথা

বিধবা হইয়াছি. আজ তিনি তাহা জানিতেছেন না। হা 'কমললোচন রাম জীবদশাতেই অদৃণা হইলেন। বনমধ্যে মৃগ পুক্ষিগণ নিশাকালে ভীষণ স্বরে চীৎকার করিয়া থাকে. তাহা শুনিয়া, দীতা অত্যন্ত ভীতা হইয়া, তাঁহাকে আশ্রন্থ করি বেন। রাজর্ষি জনক রন্ধ হইয়াছেন, সন্তানের মধ্যে তাঁহার ঐ একটিমাত্র কন্যা, তিনি তাহার চিন্তায় শোকাকুল হইয়া নিশ্চয়ই শরীরপাত করিবেন। যাহাই হউক, আমি পতিব্রতা, আজ আমি স্বামীর এই দেহ আলিঙ্কন পূর্বক অনলে প্রবেশ করিব।

কৌশলা রাজা দশরথের দেহ আলিঙ্কন পূর্ব্বক হুংখিত-মনে এইরপ বিলাপ ও পরিতাপ করিতেছেন দেখিয়া, আমা-ত্যেরা তাঁহাকে তথা হইতে অন্যত্র লইয়া গোলেন, এবং বাঁশগু প্রভৃতি দ্বিজাতিগণের আদেশে সেই দেহ তৈলপূর্ণ কটাছে সংস্থাপন পূর্ব্বক সাবধানে রক্ষা করিতে লাগিলেন। কিন্তু তথকালে পুত্রবাতিরেকে অস্তোফি ক্রিয়ার অনুষ্ঠান শ্রেয়স্বর জ্ঞান করিলেন না।

অমাত্যগণ, তৈল-দ্রোণি মধ্যে রাজাকে শয়ন করাইলেন দেখিয়া, মহিষীরা তাঁহার মৃত্যু অবধারণ পূর্দ্ধক, বিলাপ ও পরিতাপ করিতে লাগিলেন এবং শোকাকুল হইয়া, বাহু উত্তোলন পূর্দ্ধক দীনমনে গলদশ্রুলোচনে কহিলেন, মহারাজ! আমরা সভ্যপ্রতিক্ত প্রিয়বাদী বামকে হারাইয়াছি, আবার তুমি কেন আমাদিগকে ভাগে করিলে? আমরা বিধবা হইলাম :
অভঃপর রামশূন্য হইরা হুন্তা সপত্নী কৈকেয়ীর নিকট কিরপে
বাস করিব? রাম ভোমার এবং আমাদের সকলেরই প্রভু,
তিনি রাজন্ত্রী পরিভ্যাগ করিয়া অরণ্যে গিয়াছেন। তাঁহাকে
ও ভোমাকে বিসর্জ্জন দিয়া, আমরা কিপ্রকারে কৈকেয়ীর
ভিরন্ধার সহু করিয়া থাকিব। যে নারী রাজার মুখাপেক্ষা
না করিয়া, জানকীর সহিভ রাম লক্ষ্মণকে পরিভ্যাগ করিল,
সে আর কাহাকে না দূর করিভে পারে? মহিষীরা শোকাবিন্ট
হইয়া অঞ্চপূর্ণ লোচনে নিরানন্দ মনে এই বলিয়া ভূতলে
লুঠিভ হইতে লাগিলেন।

এদিকে নগরী অরাজক হইয়া নক্ষত্রশূন্য শর্করীর ন্যায়, ভর্তৃহীনা নারীর ন্যায়, নিভান্ত মলিন হইয়া গেল। সকলেই রোদন করিতে প্রবৃত্ত হইল, কুলন্ত্রীরা হাহাকার করিতে লাগিল, নরনারী দলবদ্ধ হইয়া কৈকেয়ীর নিন্দাবাদ আরম্ভ করিল, চত্বর ও গৃহ সমুদায় শূন্য, কাহারই মনে আনন্দের লেশমাত্র রহিল না। ইত্যবসরে দিনকর করনিকর সংকোচ করিয়া অন্তাশিখনে আরোহণ করিলেন এবং রজনীও গাঢ়তর তিমিরে চতুর্দ্ধিক আর্ভ করিয়া উপস্থিত হইল।

# সপ্তথ্যিত্য সর্গ।

অনন্তর হঃখের সেই স্থদীর্ঘ রাত্রি অতীত ও স্থ্য উদিত হইলে, মহর্ষি মার্কণ্ডের, মৌদ্ধাল্য, বামদেব, কশ্যপ, গোভম এবং মহাযশা যাবালি এই সমস্ত ত্রাহ্মণ, রাজসভায় আগমন করি-লেন। আগমন করিয়া অমাত্যগণের সহিত রাজকার্যসেংক্রোজ ভিন্ন ভিন্ন বিভাগের কথা কহিতে লাগিলেন। কিন্তু তাঁহারা কোন বিষয়ের কিছুই নির্ণয় করিতে না পারিয়া, পরিশেষে প্রধান পুরোহিত বশিষ্ঠের অভিমুখীন হইয়া বলিলেন, তপোধন! রাজা দশরথ পুত্রশোকে লোকান্তরিত হইলে, যে রাত্রি শত বৎসরের ন্যায়, প্রতীয়মান হইতেছিল, অতিকটে তাহা ষতীত হইয়াছে। মহারাজ মর্ত্ত্যলীলা সংবরণ করিলেন, রাম গিয়াছেন, লক্ষ্মণ ভাঁহার সহগামী হইয়াছেন এবং ভরত ও শত্রম্মও রাজগৃহে মাতামহের আলয়ে অবস্থান করিতে-ছেন, অভএব এই অবস্থায় ঈক্ষাকু বংশের এক ব্যক্তিকে রাজা করা কর্ত্তব্য হইতেছে ; আমাদিগের রাজ্য অরাজক থাকিলে নিশ্চয়ই উচ্ছিন্ন হইয়া যাইবে। যে রাজ্যে রাজা নাই, তথায়

মেঘ বিদ্রাৎমালা বিস্তার করিয়া গভীর গর্জন সহকারে ব্রধণ করে না, বীজ রোপণ হয় না, পুত্র পিতার ও ভার্য্যা ভর্তার অবাধ্য হইয়া উঠে এবং ধন ও জ্ঞা রক্ষা করা অভ্যন্তই কঠিন হয়। অরাজক হইলে লোকের এই সকল অনিষ্ট ত হইয়াই থাকে, এতদ্ভিন্ন অন্যান্য অপকার যে ঘটিবেক, তাহার আর অসম্ভাবনা কি ? দেখুন, অরাজক রাজ্যে সভাস্থাপনে এবং মুরম্য উদ্যান ও পুণাগৃহনির্মাণে কাহারই প্রবৃত্তি জ্বে না যজ্ঞীল জিতেন্দ্রির ত্রাক্ষণেরা যজ্ঞানুষ্ঠানে বিরত হন, ধনবান যাজ্ঞিক ঋত্বিকদিগকে অর্থদান করেন না; উৎসব বিলুপ্ত. ও নট নর্ত্তক নিশ্চিন্ত হয় এবং দেশের উন্নতিসাধক সমাজের জীবৃদ্ধিও রহিত হইয়া যায়। অরাজক রাজ্যে ব্যবহারাথীরা অর্থসিদ্ধি বিষয়ে সম্পূর্ণই হতাশ হন : পৌরাণিকেরা শ্রোতার অভাবে পুরাণ কীর্ত্তনে বীতরাগ হইয়া থাকেন : কুমারী সকল সায়াহে মিলিত ও স্বর্ণালস্কারে অলক্ষ্ত হইয়া, উদ্যানে ক্রীড়া করিতে যায় না: গোপালক ক্রমকেরা কপাট উদ্যাটন পূর্বক শয়ন করে না ; এবং বিলাসীরাও কামিনীগণের সভিত বেগ-বান বাহনে আরোহণ পূর্বকে বনবিহারে নির্গত হয় না ! অরাজক রাজ্যে তুরগামী বণিকেরা বিপুল পণ্যক্রব্য লইয়া দূর পথে যাইতে ভীত ও সঙ্কৃতিত হয় ; অক্রশিকায় নিযুক্ত বীর পুরুষদিগের তলশন্দ আর কেছ শুনিতে পায় না; অলক

লাভ ও লব্ধ রক্ষা হুক্ষর হইয়া উঠে ; রণস্থলে শত্রর বিক্রম দৈন্যগণের একান্ত ছঃসহ হয় : বিশালদশন ষষ্টি বৎসরের মাতক সকল কঠে ঘণ্টা বন্ধন পূর্বকে রাজপথে ভ্রমণ করে না ; কেহ উৎকৃষ্ট অশ্বে বা সুসজ্জিত রথে আরোহণ পূর্বক সহসা বহিৰ্গত হইতে সাহসী হয় না ; শাস্ত্ৰজ্ঞ স্থীগণ বন বা উপবনে গিয়া শান্তবিচার করিতে বিরত হন এবং ধর্মশীল লোকেরাও দেবপুজার উদ্দেশে দক্ষিণা দান ও মাল্য মোদক প্রস্তুত ক্রিতে শং সয়ারত হইয়া থাকেন। অরাজক রাজ্যে রাজকুমারেরা চক্ষন ও অগুৰু রাগে রঞ্জিত হইয়া বসস্ত কালীন বুক্ষের ন্যায় পরিদৃশ্যমান হন না; যাঁহারা একাকা পর্যুটন করেন এবং বথায় সায়ংকাল প্রাপ্ত হন সেই স্থানে বিশ্রাম করিয়া থাকেন, েদই সমস্ত জিতে ক্রিয় মুনিও ত্রন্ধে চিত্ত সমাধান পূর্বকে ভ্রমণ করিতে পারেন না: অধিক আর কি, যেমন জলশূন্য নদী, তৃণশূন্য বন এবং পালকহীন গো, অরাজক রাজ্যও তদ্রপ। এই অবস্থায় জীবন রক্ষা করা নিতাস্তই হুক্ষর হয়, এবং এই অবস্থায় মনুষোরা মৎস্যের ন্যায় প্রতিনিয়ত পরস্পার পরস্পারকে ভক্ষণ করিয়া থাকে ৷ যে সমস্ত নাস্তিক ধর্মমর্য্যাদা লগ্সন করিয়া রাজ-দত্তে দণ্ডিত হইয়াছিল, তাহারাও এই সময়ে প্রভুত্ব প্রদর্শন করে। চক্ষু যেমন শরীরের হিত্সাধন ও অহিত নিবারণে নিরুক্ত খাছে, প্রজাদিগের পক্ষে রাজাও তদ্রপ। তিনি সত্য ও ধর্মের

প্রবর্ত্তক, কুলীনদিগের কুলপালক; তিনি পিতা ও মাতা, তাঁহা হইতে সকলের শুভ সম্পাদন হইয়া থাকে। সদাচার সম্পন্ন রাজা, যম কুবের ইক্র ও বৰুণকেও অজিক্রম করের। এই জীবলোকে সং ও অসতের ব্যবস্থাপক রাজা যদি না থাকিতেন, তাহা হইলে গাঢ়তর অক্সকারে যেমন কিছুরই অভি-ব্যক্তি হয় না, ডজেপ কোন বিষয়েরই বিশেষ অনুভব হইত না। যেমন ধুম ও ধ্বজদও স্মান্ত্রি ও রথের প্রাকাশক, সেইরূপ মহা-রাজ দশরথও আমাদিগের প্রতি রাজ্যভার প্রতিষ্ঠার জ্ঞাপক ছিলেন, এক্ষণে তিনি স্থাে আরোহণ করিয়াছেন। ভগবন্! তিনি জীবিত থাকিতেই আমরা আপনার বাক্য অতিক্রম করি নাই, এক্ষণে নুপতিবিরহে আমাদিগের কার্য্য উচ্ছিন্ন-প্রায় এবং রাজ্য অরণ্যপ্রায় পর্যালোচনা করিয়া, আপনি কুমার ভরত বা অন্য যাহাকেই হউক অভিষিক্ত কৰন।

# অফ্রযফ্রিতন সর্গ।

মহর্ষি বশিষ্ঠ বিপ্রগণের এইরপ বাক্য প্রবণ করিয়া, তাঁহাদিগকে এবং মিত্র ও অমাত্যগণকে কহিলেন, দেখ, মহারাজ
দশরথ যাঁহাকে রাজ্য দান করিয়াছেন, সেই ভরত জ্রাতা শক্রদ্বের সহিত পরম কুতৃহলে মাতুলালয়ে বাস করিতেছেন, এক্ষণে
আমরা অধিক আর কি বিবেচনা করিব, দূভেরা ক্রতগামী অশ্বে
আরোহণ পূর্ব্বকে শীত্র তাঁহাদিগেই আনয়ন ককক।

বৃশিষ্ঠ এইরপ কহিবামাত্র সকলেই ভহিষয়ে সমত হইলেন।
তাঁহারা সমত হইলে, ভিনি সিদ্ধার্থ, বিজয়, জয়স্ত ও অশোকনন্দন এই কয়েকজন দৃতকে আহ্বান পূর্বাক কহিলেন, দেখ, এখন
যাহা কর্ত্ব্য, আমি ভাহার আদেশ করিভেছি, প্রবণকর। ভোমরা
শোক পরিভ্যাগ করিয়া কেকয়রাজ ও ভরতের নিমিত্ত কোশেয়
বস্ত্র ও উৎকৃষ্ট অলঙ্কার লইয়া ক্রভগামী অখে আরোহণ পূর্বাক
শীত্র রাজগৃহে গমন কর। গিয়া আমার বাক্যানুসারে ভরতকে
এই কথা কহিও, রাজকুমার! পুরোহিত এবং অন্যান্য মন্ত্রিবর্গ
ভোমায় কুশল জিজ্ঞাসা করিয়াছেন, জিজ্ঞাসিয়া কহিয়াছেন

থে, তুমি বিলম্ব না কবিয়া এস্থান হইতে নির্গত হও; কালাতি ক্রমে বিল্ল ঘটিতে পারে, এমন একটী কার্য্য উপস্থিত। কিন্তু সাবধান, তোমরা তথায় গিয়া রামের নির্বাসন ও রাজার মৃত্যু, এই তুই অশুভ সংবাদ তাঁহাকে কদাচই শুনাইও না।

অনস্তর দূতেরা কেকয় দেশে যাত্রা করিতে ক্রভসংক পা হইয়া, পাথেয় গ্রহণ পূর্বক বেগবান অশ্বে স স্থাবাসে গমন করিল এবং প্রস্থানের উপযোগি কার্য্যাবশেষ সমাধান করিয়া বশিষ্ঠের অনুজ্ঞাক্রমে তথা হইতে নিক্ষান্ত হইল। নিক্ষ্ হইয়া মালিনী নদী অভিক্রম পূর্বেক অপরতাল নামক দেশের পশ্চিম ভাগ দিয়া প্রালম্ব দেশের উত্তরে যাইতে লাগিল ৷ অনস্ত্রর পঞ্চাল দেশে উপনীত ও হস্তিনা পুরে গঙ্গা উত্তীর্ণ হইয়া পশ্চিমাভিমুখে কৃত্জাঙ্গলের মধ্য দিয়া চলিল। তথার প্রফলকমলমুশোভিত সরোবর এবং সক্ষসলিলা নদী দেখিতে দেখিতে কার্য্যগোরৰ নিবন্ধন মহাবেগে গমন করিতে লাগিল। যাইতে যাইতে আেতম্বতী শ্রদ্ণার সন্নিহিত হইল। ঐ নদীতে নানাবিধ বিহঙ্গ নিরস্তার ক্রীড়া করিতেছে এবং উহার জল অতি নির্মল। দূতের। শরদণ্ডা অতিক্রম পূর্বক উহার পশ্চিম তীরে সত্যোপযাচন নামক এক দিব্য বুক্ষকে প্রদক্ষিণ ও প্রাণাম করিয়া কুলিক নগরীতে প্রবেশ করিল। পরে অভিকাল ও তেজোভিভবন নামক ছুইটি আম উত্তীর্ণ হইয়া ইক্ষাকুদিগেব পৈতৃক নদী ইকুমতী পার হইল এবং ঐ নদীতীরে অঞ্জলিজলপায়ী বেদপারগ আদাণগণকে দর্শন পূর্বক, বাহলীক দেশের
মধ্য দিয়া, স্থদানন্ পর্বতে গমন করিল। তথায় ভগবান্
বিষ্ণুর যে এক পদচিত্র ছিল, উহারা তাহা নিরীক্ষণ করিয়া,
বিপাশা ও শাল্মলী নামক ছই নদী দীর্ঘিকা তড়াগ পল্ল
ও সরোবর এবং সিংহ ব্যান্ত হন্তী ও নানাপ্রকার মৃগ দেখিতে
লাগিল। বহুদূর পর্যাটননিবন্ধন উহাদের বাহন সকল একান্ত
ক্রান্ত ও পরিশ্রান্ত হইয়া পড়িল; রাত্রিও উপস্থিত হইল।
তখন তাহারা বশিষ্ঠের প্রাতি সম্পাদন প্রজাগণের রক্ষা
সাধন এবং রাজকার্য্যে ভরতের হন্তাবলম্বন এই কএকটি অনুরোধে নিরাপদে কিয়দ্ব যাইয়া, গিরিব্রেজ \* নগরে বিশ্রাম
ক্রিতে লাগিল।

গিরিব্রজ রাজগৃহেরই নামান্তর মাত।

#### একোনসপ্ততিত্য সর্গ।

যে রাত্রিতে দূতেরা নগর প্রবেশ করিল, সেই রাত্রিশেষে ভরত একটি হুংস্বপ্র দেখিলেন। দেখিয়া তাঁহার মন
অত্যম্ভ ব্যাকুল হইয়া উচিল। তখন তদীয় প্রিয়বাদী বয়স্যেরা
তাঁহার অস্তরে সন্তাপ উপস্থিত জ্ঞানিয়া, তাহা অপনোদন
করিবার নিমিত্ত, সভামধ্যে নানাপ্রকার কথার প্রসঙ্গ করিতে
লাগিলেন। কেহ কেহ বীণাবাদনে প্রবৃত্ত হইলেন, কেহ কেহ
নর্ত্রকীদিগকে নৃত্য করাইতে লাগিলেন এবং কেহ কেহ বা
হাস্যরসপ্রধান নাটকপাঠ আরম্ভ করিলেন। কিন্তু ভরত ঐ
সকল বয়স্থের গোষ্ঠীসমুচিত ক্রীড়াকোতুক বা হাস্যপরিহাস
কিছুতেই হাইট হইলেন না।

অনস্তার তাঁহার এক প্রিয়সখা তাঁহাকে জিজ্ঞাসা করিলেন, বয়স্তা! স্কল্লেরা তোমার মনের ভাবাস্তার সম্পাদনের নিমিত্ত এত চেস্টা করিতেছেন, কিন্তু তুমি কি কারণে উদাসীন হইয়া আছ? ভরত কহিলেন, সখে! যে কারণে অদ্য মনের এইরপ আকুলতা উপস্থিত হইয়াছে, শ্রবণ কর। আমি আজ রাত্তিশেষে স্বপ্রাবেশে পিতাকে দেখিয়াছি। তাঁহার বর্ণ মলিন হইয়া গিয়াছে, তিনি এক পর্বতের শিখর হইতে মুক্তকেশে

গোময়পূর্ণ ব্রদমণ্যে নিপতিত হইতেছেন। দেখিলাম, তিনি সেই গোময়ন্ত্ৰদে ভাসিতেছেন এবং যেন হাসিতে হাসিতে অঞ্জলি দ্বারা তৈল পান করিতেছেন। অনন্তর তিনি পুনঃ পুনঃ অধঃশিরাঃ হইয়া তিলমিশ্রিত অন্ন ভোজন পূর্বাক তৈলাক্ত-(मर्ट रेजनम्हा थाराम क्रिलान। **प्रांत** (मिनाम, राम সমগ্র সাগর শুক্ষ, চন্দ্র ভূতলে নিপতিত, সমুদায় বিশ্ব গাঢ়তর অন্ত্রকারে আরত এবং প্রজ্ঞালিত অগ্নি অকম্মাৎ নির্ম্বাণ হইয়া গিয়াছে: মেদিনী বিদীর্ণ, সধুম পর্বত সকল ধ্বংস এবং কৃষ্ণ मगुनाय नीतम इवेशारह। (य इन्हीं महातारज्ज वाहन हिल, তাহারও দম্ভ খণ্ড খণ্ড হইয়া ভূতলে নিপতিত আছে। আবার দেখিলাম, পিতা কৃষ্ণবর্ণ বস্ত্র পরিধান করিয়া কুষ্ণ-লোহময় পীঠের উপর উপবিষ্ট আছেন এবং কৃষ্ণকলেবর পিঙ্গলদেহ প্রমন। সকল তাঁহাকে প্রহার করিতেছে। তিনি রক্তচন্দনে চর্চিত হইয়া, রক্তমাল্য ধারণ পূর্বাক গর্দ্দভ-যোজিত রথে দক্ষিণাভিমুখে জ্ঞ ভবেগে যাইভেছেন। রক্তবদনা কামিনী তাঁহাকে দেখিয়া হাসিতেছে এবং বিক্নতবনন; রাক্ষসা তাঁহাকে আকর্ষণ কারতেছে। আমি ভীষণ রাত্রিশেষে এই ছঃম্বপ্ন দেখি-য়াছি। এক্ষণে রাম, রাজা, আমি বা লক্ষণ, যে কেই হউন, এক জনকে নিশ্চয়ই মৃত্যুমুখ নেখিতে হইবে। স্বপ্নে, যে মনুষ্যকে গৰ্দভযোজিত রথে যাইতে দেখা যায়, অচিরাৎই তাহার

চিতার ধূমশিখা পরিদৃশ্যমান হইয়াথাকে ! বয়স্য ! এক্ষণে কেবলএই কারণে ছঃখিত হইয়া, তোমাদিগের বাক্যে অভিনন্দন করিতেছি না। আমার কণ্ঠ শুক্ষ হইতেছে, মনও অস্ত্রন্থ হইয়াছে । আমি আপাতত ভয়ের কারণ কিছুই দেখিতেছি না, তথাচ পদে পদে বিলক্ষণ ভয়সম্ভাবনা করিতেছি ৷ আমার স্বর বিক্ত, কান্তিও মলিন হইয়া গিয়াছে এবং অকারণ জীবনে ধিকার উপস্থিত হইতেছে ৷ সংখ ! এই অচিন্তিতপূর্ব্ব ছঃস্বপ্ন দর্শন এবং যাঁহার সাক্ষাৎকার লাভের আর প্রত্যাশা নাই, সেই রাজাকে স্মরণ করিয়া, আমার অন্তর হইতে কিছুতেই শক্ষা অপনীত হইতেছে না ৷

# সপ্ততিত্য সর্গ।

রাজকুমার ভরত বয়স্যগণের নিকট স্বপ্রবৃত্তান্ত কীর্ত্তন করি-তেছেন, এই অবসরে দূতেরা পরিশ্রান্তবাহনে স্নৃদ্বর্গলসম্পন্ন ন্থরম্য রাজগৃহে প্রবেশ পূর্বক, কেকয়রাজ ও যুধাজিতের সন্নিহিত হইল এবং তাঁহাদিগের কৃত সৎকারে সবিশেষ প্রীত হইয়া, ভরতের সন্নিধানে গিয়া তাঁহাকে অভিবাদন পূর্বক কহিল, রাজকুমার! কুলপুরোহিত বশিষ্ঠ এবং মন্ত্রিগণ অঁপনকার কুশল জিজ্ঞাদা করিয়াছেন। জিজ্ঞাদিয়া কহিয়াছেন যে, 'কালাতিক্রমে বিষ্ন ঘটিতে পারে, এমন কোন কার্য্য উপস্থিত, ভোমাকে তাহা সাধন করিতে হইবে'। এক্ষণে আমরা বহুমূল্য বস্ত্র ও আভরণ আনয়ন ক্রিয়াছি, আপনি এই সকল লইয়া মাতামহ ও মাতুলকে প্রদান কৰন। এই সমস্ত দ্রব্যের মধ্যে বিংশতি কোটি আপনার মাডামহের এবং দশ কোটি আপনার মাতুলের।

ভরত, বশিষ্ঠপ্রেরিত বস্তাভরণ এহণ এবং দৃত্দিগকে অভীষ্ট বস্তু প্রদান পূর্বক জিজ্ঞাসিলেন, দৃতগণ! মহারাজ ত কুশলে আছেন! আর্য্য রাম ও লক্ষ্মণের ত কোন বিদ্ন ঘটে নাই? ধর্মজ্ঞা ধর্মপরায়ণা দেবী কোশল্যা ও স্থমিতার ত মঙ্গল? আমার প্রাজ্ঞাভিমানিনী ক্রোধনস্বভাবা আত্মন্তরী মাতাই বা কিরূপ? তিনি কি তোমাদিগকে কোন কথা কহিয়া দিয়াছেন?

তথন দূতেরা বিনীতভাবে কছিল, রাজকুমার ! আপনি বাঁহাদিগের কুশল কামনা করিভেছেন, তাঁহারা সকলেই কুশলে আছেন। এক্ষণে দেবী কমলা আপনাকে প্রার্থনা করিভেছেন, আপনি অবিলম্বেই রথ যোজনা করিতে অনুমতি করুন। ভরত কহিলেন, দূত্যণ! ভোমরা যে আমাকে গমনের ত্বরা দিতেছ, আমি অতি এই বিষয় মহারাজের গোচর করি।

অনন্তর তিনি মাতামহকে গিয়া কহিলেন, মহারাজ!
দূতেরা আমায় লইতে আসিয়াছে; আমি এক্ষণে পিতার নিকট
যাত্রা করিব, আবার যথন আপনি আমাকে স্মরণ করিবেন,
উপস্থিত হইব। তখন কেকয়রাজ ভরতের মস্তকাদ্রাণ পূর্বক
কহিলেন, বৎস! কৈকেয়ী তোমা হইতে সৎপুত্রের স্থখ প্রাপ্ত
হইয়াছে, আমি তোমাকে অনুমতি দিতেছি, প্রস্থান কর।
তুমি গিয়া তোমার মাতা ও ণিতাকে আমাদের কুশল কহিও,
পুরোহিত বশিষ্ঠ ও অন্যান্য বিপ্রগণকে এবং তোমার ভাতা
রাম ও লক্ষণকেও অনাময় জানাইও। এই বলিয়া কেকয়রাজ, ভরতকে সবিশেষ সৎকার করিয়া উৎক্ষ হস্তী,
বিচিত্র কম্বল, মৃগচর্ম, অন্তঃপুরপালিত ব্যান্তের ন্যায় বল-

সম্পন্ন বৃহৎকার করালদশন কুরুর, তুই সহজ্ঞ নিক্ষ এবং ধোড়শ শত অশ্ব উপহার দিলেন। পরিশেষে ভরতের অনুচর হইবার নিমিন্তু, কতকগুলি গুণবান বিশ্বাস্য মনোমত অমাত্য প্রদান করিলেন। তাঁহার মাতুল যুধাজিৎও তাঁহাকে ইন্দ্রশির দেশে প্রাবত নাগের বংশোৎপন্ন বহুসংখ্য স্থান্ত হন্তী এবং শীদ্রগামী গর্দভ দিলেন। কিন্তু ভরত গমনত্বরা বশত, তৎ-কালে কেকররাজ-প্রদন্ত ধন লাভে সবিশেষ হান্ট হইলেন না। তুঃস্বপ্ন স্মরণ ও দূতগণের ব্যক্রতা প্রদর্শন এই তুই কারণে তিনি যার পর নাই ব্যাকুল হইতে লাগিলেন।

অনস্তর তিনি স্বগৃহ ছইতে নির্গত হইয়া হস্তাশ্বসকুল লোকবহুল রাজপথ অতিক্রম পূর্ব্বক, মাতামহের অস্তঃপুরাভিমুখে
চলিলেন এবং অবারিত গমনে তথাগ্যে প্রবেশ করিয়া, মাতামহ, মাতুল বুগাজিৎ ও অন্যান্য আত্মীয় স্বজনকে সম্ভাবণ ও
শক্রন্থের সহিত রপারোহণ পূর্ব্বক তথা হইতে যাত্রা করিলেন।
প্রস্থানকালে ভ্তারো বহুসংখ্য রপ যোজনা করিয়া এবং উদ্ভি
গো অশ্ব ও গর্জত লইয়া তাঁছার অনুগমন করিতে লাগিল।
তিনি মাতামহের সৈন্যসমূহে পরিরক্ষিত এবং অমাত্যগণে
পরিবৃত হইয়া ইন্দ্রলোক হইতে সিদ্ধ পুরুষের ন্যায় গমন
করিতে লাগিলেন।

### একসপ্ততিত্য সর্গ।

মহাবীর ভরত রাজগৃহ হইতে পূর্ব্বাভিমুখে নির্গত হইয়া, সর্ব্বাণ্ডে স্থান্দানা নামী এক নদী পার হইলেন। পরে হ্রাদিনী নামে পশ্চিমবাহিনী অতি বিস্ত্তীর্ণা এক নদী উত্তীর্ণ হইয়া, শতক্র লজ্পন করিলেন। অনস্তুর ঐলগান নামক প্রামে আর একটি নদী পার হইয়া, অপরপর্বত নামে জনপদ সকল অতিক্রম করিয়া চলিলেন। পরে শিলা ও আকুর্বতী নামী হই নদী সম্ভরণ করিয়া, অগ্নিকোণে শল্যকর্বণ নামক এক দেশে উপস্থিত হইলেন। এই দেশে শিলাবহা নামী এক নদী প্রবাহিত হইতেছিল; সত্যপ্রতিজ্ঞ ভরত পবিত্র হইয়া, সেই নদী সন্দর্শন ও অনেকানেক পর্বাত লক্ষ্মন করিয়া, চৈত্রেরথ কাননে গমন করিলেন। অনস্তুর গঙ্গা \* সরম্বতীসঙ্গমে উপস্থিত হইয়া বীর-মৎস দেশের উত্তরে যে সকল গ্রাম ছিল, তৎসমুদায় অতিক্রম করিয়া ভাকপ্র নামক বনে উপনীত হইলেন। পরে পর্বত

<sup>\*</sup> ঐস্থানে সীতা নামে গঙ্গার এক শাখা পশ্চিম দিকে প্রথাহিত হইতেছে, তাছাই গঙ্গা: নামে নির্দিষ্ট হইখাছে।

পরির্তা বেগবতী স্রোত্রতা কুলিঙ্গা উত্তীর্ণ হইয়া দেখিলেন, অদূরে কালিন্দী প্রবাহিত হইতেছেন। তিনি সেই কালিন্দীতীরে গিয়া, সৈন্যগণকে ক্লান্তি দূর করিতে অনুমতি প্রদান পূর্থক, পরিপ্রাপ্ত অস্ব সকলকে জলসেকে শীতল করাইতে লাগিলেন এবং স্বয়ংও তথায় স্থান করিয়া লইলেন।

অনস্তুর তিনি ঐ যমুনার জল পান ও কল্পে গ্রহণ করিয়া, নভোমওলে দেবভার ন্যায় উৎকৃষ্ট যানে শূন্যপ্রায় অরণ্যে প্রবেশ করিলেন। পরে অং ভগান এামে গমন পূর্বক, তথায় গঙ্গা পার হওয়া ছক্ষর দেখিয়া, প্রায়ট পুরে চলিলেন এবং ঐ স্থানে গঙ্গা পার হইয়া, কুটিকোটিকা নদীতে উপনীত ও বৈন্যগণের সহিত তাহা উত্তীর্ণ হইয়া, ধর্মবর্দ্ধন গ্রামে যাইতে লাগিলেন। তদনন্তর তোরণ নামক গ্রামের দক্ষিণ ভাগ দিয়া জন্বপ্রে, জন্প্রস্থ হইতে বরুথ জনপদে উপস্থিত হইলেন এবং ঐ স্থানের এক স্থরম্য বনে বিশ্রাম করিয়া যথায় প্রিয়ক নামক বৃক্ষ সকল রহিয়াছে, উজ্জিহানা নগরীর সেই উদ্যানে চলিলেন। অনস্তুর তিনি ঐ সকল রুক্ষের সন্নি-হিত হইয়া, এক বেগগামী অশ্বে আরোহণ করিলেন এবং সৈন্য-দিগকে পশ্চাৎ পশ্চাৎ আসিতে অনুমতি দিয়া, একাকী ক্ৰত-গতিতে গমন করিতে লাগিলেন। পরে সর্বতীর্থ গ্রামে উপ-নীত হইয়া, বহুসংখ্য পার্ববত্য তুরগের সহিত শ্রোতস্বতী

উত্তরগা ও অন্যান্য নদী পার হইলেন। অদ্রেই হস্তিপৃষ্ঠক প্রাম. তথায় কুটিকা নদী বহিতে ছিল. তিনি তাহাও উত্তীর্ণ হইয়া লেহিত্য প্রামে কপীবতী. একসাল প্রামে স্থাণুমতী এবং বিনত প্রামে গোমতী অতিক্রম করিলেন। অনস্তর কলিক নগরে সাল-বন পার হইয়া রাত্রিশেষে পরিপ্রাম্ভ অধে অযোধ্যার সমিহিত হইলেন।

ভরত, সাত রাত্রি কেবল পথে পথেই আসিয়াছেন, তিনি ममूर्थ अर्याधा नितोक्कन कतिया मात्रिक कहित्नन, तन्थ. আজ এই যশস্থিনী অযোধ্যাকে দূর হইতে নিভাস্ত নিরানন্দ ৰোধ হইতেছে। এই নগরী গুণবান যাজ্ঞিক, বেদপারগ ত্রান্ধণ ও বহুসংখ্য ধনী লোকে পরিপূর্ণ এবং প্রধান রাজর্ষির যড়ে প্রতিপালিত হইলেও মাজ যেন শূন্য শূন্য দেখিতেছি, ইহার ষৃত্তিকাও পাণ্ডুবর্ণ লক্ষিত হইতেছে। পূর্বের এই নগরীতে নরনারিগণের তুমুল কোলাহল চতুর্দিকে প্রাতিগোচর হইত, আজ যেন নীরেব। পূর্বে বিলাসীরা ইছার যে সমস্ত উছানে সায়াহে প্রবেশ করিয়া, প্রাতে নির্গত হইত, সেই সকল এখন অন্যরূপ বোধ হইতেছে। তাঁহারা আইসেন নাই বলিয়া, যেন রোদনই করিতেছে। সার্থি! আমি আজ এই রাজধানীকে অরণ্যময় দেখিতেছি। এই স্থানের প্রধান প্রধান লোকের। পূর্ব্ব-ৰৎ হন্তী অশ্ব বা অন্য কোন যানে গমনাগমন করিভেছেন না।

লভাগৃহ প্রভৃতি বিলাদের দ্রব্য আছে বলিয়া, যে সকল উপবন বিহারকালে সর্কাংশেই অনুকূল বোধ হয়, যথায় মদিরামন্ত
নায়ক নায়িকায়া আসিয়া আশ্রয় লইয়া থাকে, আজ সেইগুলি
যেন নিস্তব্ধ রহিয়াছে। প্রতিপথের রক্ষ হইতে পত্র সকল
স্থালিত হইতেছে, কলকও বিহন্ধ ও মত মৃগগণের মধুর ধ্বনি
আর শুনা যাইতেছে না। নির্মাল বায়ু, চন্দন অগুরু ও ধূপে
স্থান্ধী হইয়া পূর্ববিৎ বহন করিতেছে না। কি কারণেই
বা ভেরী মৃদন্ধ ও বীণারব বিরত হইয়া আছে? এক্ষণে
চতুর্দিকেই অশুভস্থাক বিবিধ পক্ষী এবং অপ্রীতিকর নিমিন্ত
দৃষ্ট হইতেছে, আমার আজ্বায় স্বজনের নিরবচ্ছিম কুশল
লাভ তুর্লভ বটে, কিন্তু অমন্ধলের কারণ না থাকিলেও আজ্ব

এই বলিতে বলিতে ভরত উৎকঠিত মনে প্রান্তবাহনে বৈজরন্ত দার দিয়া অযোধ্যায় প্রবেশ করিলেন। তখন দারপালেরা
গাত্রোত্থান পূর্ব্বক বিজয়প্রশ্নে তাঁহাকে সম্বর্দ্ধনা করিয়া তাঁহারই
সমভিব্যাহারে চলিল। তিনি সাদরে তাহাদিগকে প্রতিগমনের
অনুমতি দিয়া অস্থির চিত্তে বাইতে লাগিলেন। বাইতে বাইতে
কেকয়রাজের সার্থিকে কহিলেন, স্তে! দূতেরা কি নিমিত্ত
অকারণ আমায় দ্বরা প্রদর্শন করিয়া আনিল? আমার অস্তরে
সত্তই অশুভ আশিক্ষা উপস্থিত হইতেছে, আমি ক্রমশই অধীর

হইতেছি; রাজার মৃত্যু হইলে যেরপ গুনিতে পাওয়া যায়, মেই সকল আকারই চতুর্দিকে দেখিতেছি। দেখ, গৃহত্তের বাস্তু সকল অপরিচ্ছন্ন, প্রতিগৃহের কপাট উদ্যাটিত রহি-য়াছে, সমুদায় হতঞী, দেবতাদি বলি ও ধূপবাস কোন স্থলেই নাই, এবং অনাহারে সকলেই হতজ্ঞান হইয়া আছে। দেবালয় শোভাহীন ও শূন্য এবং উহা পুষ্পমাল্যে অলঙ্কৃত, উহার অঙ্গনও পরিষ্কৃত নছে। দেবগণের পূজা ও যজ্ঞগোষ্ঠীর অনু-ष्ठीन किছूरे (मथिए हिना। मोला-विभगीए विटक्स माला নাই, ক্রয়বিক্রয়ব্যাপার সম্পূর্ণ রহিত হইয়াছে বলিয়া, বণিকেরা আপণ সকল ৰুদ্ধ করিয়াছে। পূর্ব্বে ইহাদিগের যেরূপ উৎ-মাহ দেখিতাম, আজ তাহার কিছুই দৃষ্ট হইতেছে না, সক-লেই যেন ব্যাকুল। এই সকল দেবায়তন ও চৈত্য রক্ষে মৃগ ও পক্ষিগণ দীনভাবে রহিয়াছে। বলিতে কি, অদ্য নগরের ন্ত্রীপুৰুষ সকলকেই উৎকণ্ঠিত চিন্তুত দীনবদন অঞ্চপূর্ণ-লোচন মলিন ও ক্লশ দেখিতেছি।

ভরত সারথিকে এইরপ কহিয়া রাজপ্রাসাদে প্রবেশ করিলেন। তৎকালে তিনি সেই ইন্দ্রনগরী অমরাবতীর তুল্য পুরীর এইরপ হ্রবস্থা দর্শন করিয়া যার পর নাই হঃখিত হইলেন। উহার চতুষ্পথ ও রথ্যায় জনসঞ্চার নাই এবং কপাট ও দ্বারযন্ত্র সকল ধূলিধুসর হইয়াছে। ভরত পিতার জীবদ্দশায় যে সমস্ত অপ্রিয় অবলোকন করেন নাই, এক্ষণে সেই সকল প্রভ্যক্ষ করিয়া অবনতবদনে দীনমনে পিতৃগৃছে প্রাবেশ করি-দেন।

#### দ্বিসপ্ততিত্য সর্গ।

তিনি পিতৃগৃহে পিতার দর্শন না পাইয়া, মাতৃগৃহে মাতার
নিকট গমন করিতে লাগিলেন। তখন কৈকেয়ী পুত্রকে প্রবাস
হইতে আসিতে দেখিয়া, প্রফুল্লমনে স্বর্ণাসন পরিত্যাগ পূর্বক
উথিত হইলেন। ভরতও গৃহপ্রবেশ করিয়া তাঁহাকে প্রণাম
করিলেন।

অনন্তর কৈকেয়ী তাঁহাকে আলিক্সন ও তাঁহার মন্তকান্ত্রাণ করিয়া, অক্ষে এহণ পূর্বক জিজ্ঞাসিলেন, বৎস! বল, আজ কয় রাত্রি মাতামহের আবাস হইতে নির্গত হইয়াছ? ত্রুত-গতিতে রথে আসিতে কি তোমার পথপ্রম হয় নাই? তোমার মাতামহ ও মাতুলের কুশল ত? তুমি প্রপাসী হইয়া অবধি স্থথে ছিলে কি না?

কমললোচন ভরত কহিলেন, জননি ! আজ সাত রাত্রি হইল, আমি মাতামহের রাজধানী পরিত্যাগ করিয়াছি। তোমার পিডা ও জ্রাতা উভয়েই কুশলে আছেন। কেকয়রাজ আমাকে যে ধনরত্ব প্রদান করিয়াছেন, তাহা বহন করিতে বাহনেরা পথে ক্লান্ত হইয়া পড়িয়াছে, এই কারণে আমি অগ্রে আগমন করিলাম। যাহাই হউক, এক্ষণে তোমাকে একটি কথা জিজ্ঞাসা করি, পিতার বার্তাহারকেরা কেন আমাকে ত্বরা প্রদর্শন করিয়া আনিয়াছে? তোমার এই শয়ন করিবার স্বর্ণময় পর্যক্ত শূন্য, ইক্লাকু কুলের কেহই প্রকুল্প নহেন; পিতা তোমার এই গৃহে প্রায়ই থাকেন, আমি আজ আসিয়া তাঁহাকেও দেখিলাম না; ইহার কারণ কি? এক্ষণে আমি তাঁহার চরণ বন্দনা করিব, বল তিনি এখন কোথায় রহিয়াছেন? তিনি কি জ্যেষ্ঠা মাতা কোশল্যার গৃহে কাল্যাপন করিতেছেন?

তখন রাজ্যলোভমোহিত কৈকেয়ী ঘোর অপ্রিয় কথা প্রিয়জ্ঞানে কছিলেন, বংস! সেই যজ্ঞশীল সজ্জনশরণ মহা-রাজ জীবসাধারণের যে গতি, এক্ষণে তাহাই অধিকার করিয়া-ছেন।

ভরত এই কথা শ্রবণ করিবামাত্র যৎপরোনান্তি কাতর হইয়া, হা হতোশ্মি বলিয়া, বাহু প্রসারণ পূর্ব্বক ভূতলে মূচ্ছিত হইয়া পাড়িলেন এবং অত্যন্ত হুঃখিত হইয়া ভ্রান্ত ও আকুলিত-মনে কহিলেন, হা! শরৎকালের রজনীতে নির্মাল চক্র যেমন নভামগুলকে মুশোভিত করেন, পিতা থাকিতে এই শয়্যা সেই-রূপই মুশোভিত ছিল; আঁজ তাঁহার অভাবে ইহার আর প্রভানাই। এক্ষণে ইহা শশাস্কহীন আকাশ ও সলিলশূন্য সাগরের

ন্যায় নিরীক্ষিত হইতেছে। এই বলিয়া মহাবীর ভরত, বদশে বদন আচ্ছাদন পূর্বক রোদন করিতে লাগিলেন।

. তখন কৈকেয়ী স্ব্যচন্দ্র সঙ্কাশ মাতক সদৃশ অমরপ্রভাব শোকার্ত পুত্র ভরতকে অরণ্যে কুঠারচ্ছিন্ন সালবক্ষের শাখার ন্যায় ভূতলে নিপতিত দেখিয়া, স্বয়ং তাঁহাকে উত্থাপন পূর্বক কহিলেন, বৎস! ভূমি কি কারণে ধরাসনে শয়ন করিয়া আছ? গাত্রোত্থান কর; দেখ, তোমার ন্যায় স্বসভ্য সাধুলোকেরা কদাচই শোকে অভিভূত হন না। তোমার বুদ্ধি প্রভিত, শীল ও তপস্যার অনুগামিনী এবং দান ও যজ্জের সম্পূর্ণই অধিকারিণী। স্ব্যমণ্ডলে প্রভার ন্যায় ইহা ভোমার অন্তরে সভ্তই বিরাজ করিতেছে।

অনস্তর ভরত ভূতলে অঙ্গ পরিবর্ত্তন পূর্ম্বক বহুক্ষণ রোনন করিয়া, শোকাকুল মনে জননীকে কহিলেন, অহ! পিতা আর্য্য রামকে রাজ্যে অভিষেক ও যাগযজ্ঞের অনুষ্ঠান করিবেন, এই ভাবিয়া আমি মহা আনন্দে রাজগৃহে গিয়াছিলাম, কিন্তু যা ভাবিয়াছিলাম, তাহার সম্পূর্ণ বিপরীত ঘটিয়াছে। আমি যে প্রিয়কারী পিতাকে দেখিতেছি না, ইহাতেই আমার মন বিদীর্ণ হইয়া যাইতেছে। জননি! আমার অনুপস্থিতি কালে পিতা কোন্ ব্যাধিতে আক্রান্ত হইয়া দেহ ভ্যাগ ক্রিলেন! সেই কীর্ত্তিমান রাজা, আমি যে আসিয়াছি ভাহা নিশ্চয়ই জানিতে-

ছেন না, জানিলে সত্ত্বর আমার মন্তক স্নত্ত করিয়া আদ্রাণ করিতেন। আমার অঙ্গ ধূলিধূসর হইলে, যে সুখন্পার্শ হস্ত মার্জ্জনা করিয়া দিত, হা! এখন তালা কোথায় রহিল ? বলিতে কি, যাঁহারা পিতার দেহান্তে অগ্নিসংস্থারাদি কার্য্য করিয়াছেন, তাঁহারাই ধন্য। যাহাই হউক, মাতঃ! অতঃপর তুমি রামকে শীদ্র আমার আগমন সংবাদ দেও। তিনি আমার ভ্রাতা, পিতা, বন্ধু এবং আমি তাঁহার প্রিয় দাস। যে ব্যক্তি ধার্মিক ও বিজ্ঞা, জ্যেষ্ঠ ভ্রাতাকে পিতার তুল্য দেখা তাহার কর্ত্ব্য। আমি এক্ষণে রামের চরণে প্রণাম করিব, তিনিই আমার আগ্রয়। আর্যা! অন্তকালে সেই ধর্মজ্ঞা, ধর্মাশীল, সত্যনিরত, দৃঢ়ত্রত মহারাজ কি কহিয়া গিয়াছেন ? বল, শুনিতে আমার অত্যক্তই ইচ্ছা হইতেছে।

কৈকেয়ী কছিলেন, বৎস! ভোমার পিতা 'হা রাম! হা লক্ষ্মণ! হা সীতা!' কেবল এই বলিতে বলিতে লোকান্তরে গিয়াছেন। হন্তী যেমন রজ্জুবদ্ধ হয়, সেইরপ তিনি মৃত্যুপাশে সংযত হইয়া পরিশেষে কেবল এই মাত্র কহিলেন, যাহারা জানকীর সহিত রাম ও লক্ষ্মণকে পুনরায় অযোধ্যায় আগমন করিতে দেখিবে, তাহারাই ধন্য।

ভরত এই দ্বিতীয় অপ্রিয় কথা শুনিয়া, বিষয়বদনে পুনরায় জিজ্ঞাসা করিলেন, জননি! সেই ধর্মপ্রায়ণ রাম, এক্ষণে লক্ষণ ও সীভার সহিত কোথায় আছেন? তখন কৈকেয়া, রামের বনবাদে ভরত স্থা হইবেন জ্ঞান করিয়া কহিলেন, বৎস! সেই রাজকুমার চীর পরিধান পূর্বক লক্ষণ ও সীভার সহিত দওকারণ্যে যাত্রা করিয়াছেন।

ভরত আপনার কুলনিয়ম সম্যুক অবগত ছিলেন, তিনি জননীর মুখে এই বাক্য প্রবণ করিবামাত্র রামের চরিত্রদোষ আশস্কা করিয়া কহিলেন, মাতঃ! রাম কি কোন কারণে ওক্ষম্ম হরণ করিয়াছেন ? সম্প্রন বা অসম্পন্নই হউক, নিরপরাধে কি কাহারো
ফতি করিয়াছেন ? পরস্ত্রীতে ত তাঁহার অভিলাষ হয় নাই ?
বল, এক্ষণে কি কারণে তাঁহাকে দওকারণ্যে নির্কাসিত করা
হুইল ?

তখন তাঁহার প্রাক্তাভিমানিনী চক্ষলা জননী, স্ত্রীস্বভাব নিবন্ধন পুলকিত মনে কহিতে লাগিলেন, বংস! রাম ব্রহ্মস্ব হরণ করেন নাই, সম্পন্ন বা অসম্পন্নই হউক, নিরপরাণ্ডে কাহারও ক্ষতি করেন নাই, এবং পারস্ত্রীও চক্ষে দেখেন নাই। কিন্তু বংস! আমি তাঁহার অভিষেকের কথা শুনিয়াই নুপতির নিকট ভোমার রাজ্য ও তাঁহার বনবাস প্রার্থনা করিয়াছিলাম। রাজা পূর্বে আমাকে তুইটী বর দিবেন অক্লীকার করিয়া-ছিলেন, স্বভরাং তিনি সভ্য রক্ষার অনুরোধে ভোমাকেই রাজ্য দিয়াছেন। এক্ষণে রাম, সোমিত্রি ও সীভার সহিত নির্বা- সিত হইয়াছেন। মহারাজ সেই প্রিয় পুরের অদর্শনে শোকে আকুল হইয়া দেহপাত করিয়াছেন। অতঃপর তুমি রাজ্য এইণ কর; আমি কেবল তোমারই নিমিন্ত এই কাও ঘটাইয়াছি। এই নগরী ও সমস্ত সাজাজ্য তোমারই হইয়াছে। তুমি
শোক সন্তাপ বিসর্জন কর এবং বিধানজ্ঞ ভ্রাহ্মণগণের সাহায়্যে
মহারাজের অন্ত্যেটি কার্য্য করিয়া, রাজ্যে অভিষিক্ত হও।

### ত্রিসপ্ততিত্য সর্গ।

ভখন ভরত পিতৃমরণ এবং রাম ও লক্ষণের নির্বাসন এই ছুই অপ্রীতিকর কথা শ্রবণ করিয়া সম্ভপ্তমনে কহিলেন, হা! আমি, পিতা এবং পিতৃতুল্য ভ্রাতা উভয়কেই হারাইয়াছি, এক্ষণে এই হতভাগ্যের রাজ্যে আর কি হইবে? পাপীয়দি! তুই আমার পিতাকে নাম ও ভ্রাতাকে তাপসবেশে বনবাস দিয়া ছুঃখের উপর ছুঃখ এবং ক্ষতের উপর যেন ক্ষার প্রদান করিয়া-ছিস্। তুই আমাদিগের কুলক্ষয় করিবার নিমিত্ত কালরাত্রি-স্বরূপ উপস্থিত হইয়াছিলি। আমার পিতা না বুঝিয়াই অঙ্গা-রকে আলিঙ্গন করিয়াছিলেন। কুলকলঙ্কিনি! তুই আপনার বুদ্ধিদোষে এই বংশে স্থার পথে কণ্টক দিয়াছিস। মহা-রাজ আজ তো হতেই দুংখে দেহত্যাগ করিয়াছেন। এক্ষণে বল্, তুই কি কারণে আমার ধর্মবংসল পিতার প্রাণাম্ভ করিলি? কি কারণে রামকে বনবাস দিলি? কেনই বা তিনি অরণ্যে গেলেন? শোকাতুরা কেশিল্যা ও স্থমিত্রা যদিও প্রাণ ধারণ করিতে পারিতেন, কিন্তু তোর জন্য তাহা ঘটিবে না।

ধর্মপরায়ণ রাম মাতৃনির্বিশেষে তোকে আদ্ধা ভক্তি করিতেন, এবং জ্যেষ্ঠা মাতা দূরদর্শিনী কেশিল্যাও ভগিনীর ভুল্য ম্বেছ করেন্, কিন্তু তুই ওাঁহারই পুত্রকে অক্ষুদ্ধমনে বলকল পরা-ইয়া বনবাদী করিয়াছিদ্! রাম সাধুদশী বশস্বী ও মহাবীর, তাঁহাকে নির্মাসিত করিয়া ডোর কি ইউ লাভ হইল? ভুই অত্যম্ভ লুব্ধস্থভাব, আমি রামকে কি রূপ চক্ষে দেখিতাম, বোধ হয়, তাহা জানিতে পারিস্নাই, সেই কারণেই রাজ্যের নিমিত্ত এত দূর অনর্থ ঘটাইয়াছিস্। এক্ষণে আমি পুরুষপ্রধান রাম ও লক্ষ্মণকে না দেখিয়া, কোন্ শক্তিপ্রভাবে রাজ্যরক্ষায় সমর্থ হইব। স্থামেক যেমন আবারক্ষার্থ স্থ-শিখরসঞ্জাত বন আশ্রয় করিয়া থাকে, ভদ্রপ মহারাজও প্রতিনিয়ত সেই মহাবীরকে আশ্রর করিভেন। স্নতরাং আমি প্রবলগৃত ভার কোন্ সাহসে বহন করিব? যোগপ্রভাব বা বুদ্ধিবলে যদিও এই বিষয়ে সমর্থ হই, তথাচ তোর মনস্কামনা প্রাণান্তেও পূর্ণ করিব না। এক্ষণে যদি ভোর উপর রামের মাতৃবৎ মর্য্যানা না থাকিত, তাহা হইলে আমি ভোকে পরিভ্যাগ করিতেও কুঠিত হইতাম না। রে ছঃশীলে! আমাদের কুলবিগহিত এই পাপবৃদ্ধি কি রূপে ভোর উপস্থিত হইল ? আমাদের বংশে জ্যেচেরই রাজ্যাধিকার হয় এবং অন্যান্য ভাতোরা তাঁহার অধীন হইয়া পাকেন। এক্ষণে বোধ হইতেছে, তুই এই রাজধর্ম কিছুই জানিস

না এবং রাজবর্মের অব্যতিচারিণী গতিও জ্ঞাত নহিস্ । রাজকুমারদিণের মধ্যে জ্যেষ্ঠই রাজা হন, এই ব্যবহার সকল রাজকুলে, বিশেষত ইন্ধাকুদিণের বিশেষ আদরণীয়, কিন্তু আজ
তুই, সেই সকল ধর্মরক্ষক কুলাচারপ্রতিপালকদিণের চরিত্রগর্
ধর্ম করিয়া দিলি । রাজবংশে তোর জন্ম হইরাছে, বল্দেখি,
এইরপ গহিত বুদ্ধিভংশ কিরপে উপস্থিত হইল ? পাপে ! তুইই
আমার প্রাণাস্তকর বিপদ ঘটাইয়াছিস্, আমি কোন মতেই
তোর ইচ্ছা সম্পন্ন করিব না । আমি এখনই ভোর অনিষ্ট করিবার
নিমিত্ত সকলের প্রিয় রামকে ক্রিরাইয়া আনিব ৷ তাঁহাকে
আনিয়া অচ্ছন্দে তাঁহার দাস হইয়া থাকিব ৷

ভরত শোকে নিতান্ত নিপীড়িত হইয়া এইরূপ জপ্রীতিকর কথায় কৈকেয়ীর মর্মছেদ পূর্ব্বক মন্দর পর্বতের কন্দরগত সিংহের ন্যায় গর্জ্জন করিতে লাগিলেন।

### চতুঃসপ্ততিতম সর্গ।

তৎকালে তরত মাতাকে এই প্রকার তিরকার করিয়া, ক্রোধ-ভারে পুনরায় কহিলেন, নুশংসে! তুই এখনই এ রাজ্য ত্যাগ করিয়া, দূর হইয়া যা। তুই অধন্মী, লোকান্তরিত স্বামীর উদ্দেশে তোর রোদন করিবার অধিকারই নাই। রাম এবং ধর্মশীল রাজা তোরে এমন কোন্ বিষয়ে দোষী করিয়াছিলেন, যে তোর জন্য একজন বনে গেলেন, আর একজন কালগ্রাসে পত্তিত হইলেন। এই কুলনাশের নিমিত্ত তোর নিশ্য়েই ত্রন্মহত্যাপাতক ঘটিয়াছে। তুই নরকে যা, পিতার যে লোকে গতি হইয়াছে. ভোর কদাচই ভাহা না হউক। তুই সর্ব্যাকপ্রিয় রামকে বনবাদ দিয়া যে পাতক দঞ্চয় করিয়া-ছিস্ভাহাতে ভোর পুত্র বলিয়া আমার মনেও লোককল-ক্ষের আশক্ষা জনিয়াছে। তো হতেই পিতা দেহত্যাগ করিলেন. রাম বনচারী হইলেম এবং আমিও ইহলোকে অযশস্থী হইয়া রাজ্যকামুকি! তুই আমার মাত্রপিনী শক্ত। পতিঘাতিনি! হর তে । তুই আমার কথা মুখেও আনিস্না। ভোরই জন্য কেশিল্যা স্থমিত্রা এবং অন্যান্য মাতৃগণ যৎপরো-

নান্তি হংখ পাইতেছেন। তুই ধর্মরাজ অশ্বপতির কন্যা নহিস, তাঁহার মালয়ে আমার পিতৃকুলনাশিনী রাক্ষনী জিলিয়াছিদ্। তুই অত্যন্ত পাপিষ্ঠা, তোর পাপেই আমি পিতৃহীন ও আতৃহীন এবং লোকের হণার পাত্র হইলাম। তুই ধর্মশীলা কোশল্যাকে পতিপুত্রবিহীন করিয়া, বল দেখি, আজ কোন্ নরকে যাইবি? ক্রে! সর্বজ্যেষ্ঠ পিতৃতুল্য আর্য্য রাম যে সকলেরই আশ্রয়, তুই কি ভাহা জানিস্না? অঙ্গ প্রত্যঙ্গ সমুৎপন্ন পুত্র, হৃদয়পুতৃনিরীক হইতে সঞ্জাত হয়, এই জন্য দে যে, অন্যান্য স্বসম্পর্কীয় অপেক্ষা মতোর অধিকতর প্রীতির পাত্র হইয়া থাকে, একণে এইটি সপ্রমাণ করিবার নিমিত্ত আমি এক উপাখ্যান কীর্ত্তন করিতেছি, শ্রবণ কর্।

কোন এক সময়ে স্বরপ্রভাব স্বরভি আকাশপথে যাইতে যাইতে নেখিলেন, তাঁহার ছুইটি পুত্র বলীবর্দ, পৃথিবীতে হল বহন করিতেছে। উহারা দিবসের অর্ক্কভাগ পর্যান্ত হল বহনে একান্ত ক্লান্ত ও নিতান্ত পরিশ্রান্ত হইয়া বিচেতন প্রায় হইয়াছিল। তদর্শনে স্বরভি পুত্রশোকে কাতর হইয়া বাজ্পাকুল লোচনে রোদন করিতে লাগিলেন। ইত্যবসরে স্বরাজ ইন্দ্র তাঁহার নিম্ন দিয়া গমন করেন। ইন্দ্রের দেহে স্বভির ঐ স্ক্রম স্থগন্ধি বাজ্পবিন্দু সহসা নিপতিত হইল। তখন ইন্দ্র উর্দ্ধে দৃষ্টিপাত পূর্ম্বক দেখিলেন, আকাশে স্বরভি

শোকাকুল ও গ্রংখিত মনে রোদন করিতেছেন, দেখিয়া তিনি বংপারোনাস্তি উদ্বিগ্ন হইয়া কতাঞ্জলিপুটে কহিলেন, স্থরতি! দেবগণের ত কুত্রাপি ভয় সম্ভাবনা নাই? এক্ষণে বল তুমি কি কারণে এইরপ কাতর হইলে?

তথন কামধের স্থরতি ধীরভাবে কছিলেন, স্থররাজ ! অমঙ্গল
দূর হউক, কুত্রাপি ভোমাদিগের ভয় নাই সত্য, কিন্তু ঐ দেখ,
আমার হুইটি পুত্র বলীবর্দ্দ, উন্নতানত ভূমিতে অবস্থিত হইয়া
অত্যন্ত হ:খ পাইতেছে। একে উহারা ক্লশ, হলভারপীড়িত
ও রোদ্দে উত্তপ্ত হইয়াছে, তাহাতে আবার হ্রাত্মা ক্লফ
উহাদিগকে তাড়না করিতেছে। উহারা আমার দেহ হইতে
উৎপন্ন হইয়াছে বলিয়াই, এক্ষণে উহাদিগের হ্রবস্থায় আমি
যার পর নাই পরিতপ্ত হইডেছি। দেবরাজ! পুত্রের তুল্য
প্রিয়্ন আর কিছুই নাই।

যাঁহার সম্ভান সম্ভতি দ্বারা সমগ্র জগৎ ব্যাপ্ত হইরা আছে, ইন্দ্র সেই সুরভিকে রোদন করিতে দেখিয়া, পুত্রকে অধিকতর প্রিয় বোধ করিলেন এবং তদবধি সুরভিকেও সর্বাপেক্ষা উৎ-কৃষ্ট জ্ঞান করিতে লাগিলেন। এক্ষণে দেখ্, যাঁহার পুত্র অসংখ্য, সেই সাধুশীলা শ্রীমতী গুণবতী সুরভিও পুত্রার্থ শোক করিয়া থাকেন, স্তরাং কোশল্যা যে, রাম ব্যভিরেকে প্রাণ-ভ্যাগ করিবেন, ইহাতে আর বক্তব্য কি আছে। ভাঁহার একটি- মাত্র পুত্র, কিন্তু তো হতেই তিনি নিঃসন্তান হইয়াছেন; বলিতে কি, এই পাপে তোরেও অচিরাৎ ইহকাল ও পরকালে কফ পাইতে হইবে। এক্ষণে আমি পিতার ঔর্দ্ধাদেহিক কার্য্য অনুঠান করিয়া, আর্য্য রামকে বন হইতে প্রত্যানয়ন করিব।
তাঁহাকে আনিয়া স্বয়ংই মুনিজনসেবিত অরণ্যে প্রবেশ পূর্বক
যশসী হইব। কিন্তু রে পাপশীলে। পেরগণ সজলনয়নে আমায়
নিরীক্ষণ করিবে, আর আমি যে তোর পাপকার্য্যের ভার বহন
করিব, ইহা কখনই হইবে না। অতঃপর তুই অগ্নিতে প্রবিষ্ট হ,
বা দওকারণ্যেই যা, অথবা কপ্তে রক্ত্রু বন্ধান করিয়া প্রাণত্যাগ
কর, ভোর গত্যন্তার নাই। এক্ষণে রাম অযোধ্যা রাজ্যে আগমন
করিলে আমি ক্তকার্য্য হইব এবং আমার কলক্ষও দূর হইয়া
যাইবে।

এই বলিয়া ভরত অঙ্কুশাহত আরণী মাতঞ্চের ন্যায় কোধাবিষ্ট ভূজকের ন্যায় ঘন ঘন নিঃশ্বাস পরিত্যাগ করিতে লাগিলেন। তাঁহার নেত্র রোঘে আরক্ত হইয়া উঠিল, এবং কটিতটের বস্ত্র শিথিল হইয়া গেল। তিনি অঙ্কের সমস্ত আভরণ দূরে নিক্ষেপ করিয়া, উৎসবাবসানে শক্রধ্বজের ন্যায় ভূতলে পতিত ও হতজ্ঞান হইয়া রহিলেন।

#### পঞ্চনপ্রতিত্য দর্গ।

খনস্তর ভরত বহুক্ষণের পর চেতনা লাভ করিয়া, গাত্রোখান পূর্ব্বক অশ্রুপূর্ণ লোচনে হুংখিতা গাতার প্রতি দৃষ্টিপাত করত অমাত্যগণ মধ্যে কহিতে লাগিলেন, আমি কখন রাজ্য কামনা করি না এবং রাজ্য গ্রহণার্থ জননীকেও প্রেরণ করি নাই। আমি শক্রপ্রের সহিত অভিদূরতর প্রদেশে বাস করিতেছিলাম, স্নতরাং মহারাজ যে অভিষেকের কম্পনা করিয়াছিলেন, ভাহাও জানিতে পারি নাই এবং লক্ষ্মণ ও জানকীর সহিত আর্য্য রাম, যেরপে নির্মাসিত ইইয়াছেন, তাহাও জ্ঞাত নহি।

যখন ভরত জননীকে ভং সনা করিতেছিলেন, ভংকালে দেবী কেশিল্যা, তাঁহার কঠের শব্দ পাইয়া স্থমিত্রাকে কহিলেন, দেখ, ক্রেম্বভাবা কৈকেয়ীর পুত্র ভরত আসিয়াছেন। ভরত দূরদর্শী, এক্ষণে আমি তাঁহার সহিত একবার সাক্ষাৎ করিব। এই বলিয়া কেশিল্যা বিবর্ণমুখে কম্পিতদেহে যথায় ভরত সেই স্থানে চলিলেন। ঐ সময় ভরতও তাঁহার দর্শনার্থা হইয়া

শক্রব্নের সহিত তাঁহার আলয়ে যাইতেছিলেন, পথি মধ্যে তাঁহাকে আসিতে দেখিয়া অঞ্পূর্ণলোচনে আলিঙ্গন করিলেন। তখন কোশল্যা হু:খভরে কাঁদিতে কাঁদিতে ভরতকে কহিতে লাগিলেন, বৎস! তুমি রাজ্যাভিলাষী, এক্ষণে নিক্ষণ্টক রাজ্য পাইয়াছ। তোমার জননী কৈকেয়ী অতি নিষ্ঠুর উপায়ে উহা হস্তগত করিয়াছেন। জানি না, সেই ক্রুদর্শিনী আমার রামকে চীরবসনে বনে পাঠাইয়া কি ফল লাভ করিতেছেন ? যাহাই হউক, সুবর্ণবর্ণ-নাভিসম্পন্ন রাম যথায় আছেন, কৈকেয়ী সেই স্থানে আমাকেও শীদ্র প্রেরণ করুন। অথবা আমি স্বয়ংই সুমিত্রার সহিত অগ্নিহোত লইয়া পরম সুখে তথায় যাত্রা করি। কিম্বা, বৎস ! রাম যে স্থানে তপস্যা করিতেছেন, তুমিই আমাকে তথায় লইয়া চল। দেখ, এই হস্ত্যশ্বভূল ধনধান্যপূর্ব বিন্তীর্ণ রাজ্য তোমারই হইয়াছে।

• কেশিল্যা এই প্রকার কঠোর বাক্যে ভৎ সনা করিলে, ক্ষত স্থানে স্থাচিবিদ্ধ করিলে যেমন হয়, ভরত সেই রূপই ব্যথিত হইলেন এবং তাঁহার চরণে নিপতিত হইয়া, বহুবিধ বিলাপ ও পরিতাপ পূর্বক কিয়ৎক্ষণ বিচেতন হইয়া রহিলেন। অনস্তর তিনি সংজ্ঞা লাভ করিয়া ক্ষতাঞ্জলিপুটে কহিছে লাগিলেন, আর্থ্যে! আমি এই রুঙান্ত কিছুই জানি না, এই বিষয়ে আমি সম্পূর্ণ নিরপরাধী, আপনি অকারণ কেন আমায় ভৎ সনা

করিতেছেন ? স্বার্য্য রামের প্রতি আমার যে অবিচলিত প্রীতি আছে, আপনি ভাহা কি জানেন না? এক্ষণে অধিক আর কি কহিব, সেই সত্যপ্রতিজ্ঞ রাম যাহার মতক্রমে বনে গিয়াছেন, ভাহার বৃদ্ধি যেন কদাচই শিক্ষিত শান্তের অনুগামিনী না হয় ; সে পাপাচারীদিগের দাস হইয়া থাকুক, সুর্য্যের অভিমুখে মলমুত্রাদি পরিত্যাগ ও নিদ্রিত ধেরুর দেহে পদাঘাত কৰুক: কর্মসমাধানাম্বে যে ব্যক্তি ভত্যকে বেতন প্রদান না করে, তাহার যে অধর্ম সে তাহাই প্রাপ্ত হউক; পুত্রনির্বিশেষে যে রাজা প্রজাদিগকে প্রতিপালন করিতেছেন, যে হুরাচার তাঁহার অনিষ্ট চেষ্টা করে, তাঁহার যে পাপ, সে তাহাই অধিকার কৰুক এবং যিনি ষষ্ঠাংশ কর লইয়া প্রজাদিগকে পালন না করেন, তাঁহার যে অধর্ম, সে তাহাতেই লিপ্ত হউক। আর্য্যে ! যাহার মতক্রমে রাম বনে গিয়াছেন, তাপসগণকে যজ্ঞীয় দক্ষিণা অঙ্গীকার করিয়া যে তাহার অপলাপ করে, উহার পাপ ভাহাকে স্পর্শ কঁঞ্ক; সে যেন হস্ত্যথসকুল শল্পসমাকুল সংগ্রামে পরাঙ্মুখ হয় ; বুদ্ধিমান আচার্য্য যে স্থামার্থ শাল্তে উপদেশ দিয়াছেন, ঐ তুর্মতি তাহা বিপর্যান্ত করিয়া ফেলুক, এবং সে সেই আজারুলম্বিতবাহু বিশালক্ষর স্ব্যচন্দ্র-সঙ্কাশ মহাবীর রামের রাজ্যাধিকার পর্যান্ত যেন জীবিত না থাকে। আর্ফ্যে! যাহার মতক্রমেরাম বনে গিয়াছেন,

সেই নিয়'ণ প্রাদ্ধাদিনিমিত্ত ব্যতিরেকে পায়স রুশর ও ছাগ-মাংস ভোজন কৰুক; গুৰুলোকের অবমাননা নিন্দা ও মিত্র-দ্রোহে প্রবৃত্ত হউক; কেহ বিশ্বাস বশত কাহারও কোন অপ্যশের কথা কহিলে ঐ হুর্মতি তাহা প্রকাশ করিয়া নিক এবং সে অক্তজ্ঞ সজ্জনপরিত্যক্ত ও সকলের বিদ্বেষ-ভাজন হইয়া থাকুক। মার্যো। যাহার মতক্রমে রাম বনে গিয়া-ছেন, দে স্বগৃহে পুত্রকলত্রভাতো পরিবৃত হইয়া একাকী স্থদং-স্ত অন্ভোজন কৰুক ; অনুরূপ ভার্যা না পাইয়া এবং ধর্ম কর্ম না করিয়া নিঃসম্ভান অবস্থায় অকালে ইহলোক হইতে অপসৃত হউক; রাজা স্ত্রী বালক ও বৃদ্ধকে বধ করিলে যে পাপ হয়, এবং ভূত্যত্যাগে যে পাপ হয়, সে তাহাই লাভ কৰুক। আর্য্যে! যাহার মতক্রমে রাম বনে গিয়াছেন, সে লাক্ষা লোহ মধু মাংস ও বিষ বিক্রয় করিয়া পোষ্যবর্গের ভরণ পোষণে প্রবৃত্ত হউক; অতি ভীষণ সংগ্রাম হইতে পলায়ন করত শত্রহস্তে নিহত হউক : উন্মত্তের ন্যায় চীরবস্ত্র পরিধান ও নরকপাল গ্রহণ পূর্ব্বক ভিক্ষার্থী হইয়া পৃথিবী পর্য্যটন কৰুক এবং প্ৰতিনিয়ত মদ্য স্ত্ৰী ও অক্ষক্ৰীডায় আসক্ত ও কাম ক্রোধে অভিভূত হইয়া থাকুক। আর্য্যে! যাহার মতক্রমে রাম বনে গিয়াছেন, ভাছার যেন ধর্মদৃষ্টি না থাকে; শে অংর্মের আশ্রয় এছণ ও অপাত্তে অর্থ বিতরণ কৰুক;

তাহার যা কিছু ধনসম্পন আছে, দল্পামণ ভাছা অপাহরণ করিয়া লউক : উভয় সন্ধ্রা ব্যাপিয়া যে নিদ্রিত থাকে, তাহার যে পাপ, ঐ তুরাচার তাহাই অধিকার কৰুক; অগ্নিদায়কের যে পাপ গুৰুদারগামীর যে পাপ এবং মিত্রদোহীর যে পাপ, সে তাহাই প্রাপ্ত হউক; ঐ পামর দেবগণ পিতৃগণ এবং পিতা মাতার যেন শুশ্রাষা না করে; সে আজি সাধুগণের লোক, সাধুগণের কীর্ত্তি এবং সাধুজনসেবিত কার্য্য হইতে পরিভ্রম্ট হউক: নানা প্রকার অনর্থকর বিষয়ে তাহার যেন আসক্তি জন্মে; দে বহু পোষ্যবর্গে পুরিবৃত জ্বররোগগ্রস্ত ও দরিজ হইয়া নিরবচ্ছিন্ন ক্লেশ ভোগ কৰুক এবং যে সমস্ত যাচক, মুখের প্রতি দৃষ্টি নিক্ষেপ পূর্ব্বক দীনভাবে স্তুতিবাদ করিয়া থাকে, সে ভাছাদেরও আশা নিক্ষল কৰুক। আর্ফ্যে! যাহার মতক্রমে রাম বনে গিয়াছেন, সেই অধার্মিক, ৰক্ষণ্ডাব খল অভচি ও রাজভয়ে ভীত হইয়া সকলকে প্রভারণা করিবে; সাধ্বী সহধর্মিণী ঋতু স্থানানন্তর সন্নিহিত হইলে ঐ চুর্মতি তাহাকে উপেক্ষা করিবে; আহারাদি প্রদান না করাতে যে ভান্ধণের সম্ভানাদি বিনষ্ট হইয়াছে, তাঁহার যে পাপ, ঐ ব্যক্তি তাহাই প্রাপ্ত হইবে ; সে বিপ্রগণের অর্চ্চনার ব্যাঘাত এবং বালবৎসা ধেনুকে দোহন কৰুক , সে ধর্মানুরাগ পরিভ্যাগ করিয়া ধর্ম-পত্নী পরিহার পূর্ব্বক পরদারে আসক্ত হউক ; যে পানীয় জল

দূষিত করে এবং গে বিষ প্রয়োগ করিয়া থাকে, ভাহার যে, পাপ, সে ভাহাই লাভ কৰক; জল থাকিতে যে ব্যক্তি পিপাসার্ত্তকে বঞ্চনা করে, ভাহার যে পাপ, সে ভাহাই প্রাপ্ত হউক;
যাহাবা শাস্ত্র আশ্রয় পূর্ব্তক ভক্তিযোগ সহকারে স্ব স্থ দেবভাকে লক্ষ্য করিয়া বিবাদ করে, ভাহাদের যে পাপ এবং যে
ব্যক্তি ঐ বিবাদে কর্নপাত করিয়া থাকে, ভাহার যে পাপ, সে
ভাহাই লাভ কৰক। রাজকুমার ভরত এইরূপ শপথ করিয়া
পতিপুত্রহীনা আর্য্যা কেশিল্যাকে আর্থাস প্রদান পূর্ব্তক
হুঃথিভমনে ভূতলে নিপভিত হুইলেন।

অনস্তর শোকার্তা কেশিল্যা ভরতকে কহিলেন, বংস !

তুমি এইরপ শপথ করিয়া আমার অস্তরে মর্মবেদনা প্রদান
করিলে, এক্ষণে আমার হুঃখ আরও প্রবল হইয়া উচিল। ভাগ্য
ক্রমেই ভোমার স্থভাব ধর্ম-পথ হইতে ভ্রম্ট হয় নাই। এক্ষণে
যদি ভোমার প্রতিজ্ঞা সত্য হয়, তাহা হইলে তুমি সাধু লোক
প্রাপ্ত হইবে, সন্দেহ নাই। এই বলিয়া কেশিল্যা, ভাতৃবৎসল
ভরতকে অক্টে এইণ ও আলিঙ্গন পূর্বাক ব্যাকুলহাদয়ে রোদন
করিতে লাগিলেন। তৎকালে প্রবল শোক ও মোহ প্রভাবে
ভরতেরও মন ছিম্ন ভিন্ন হইয়া গোল, ঘন ঘন নিশ্বাস বহিতে
লাগিল। তিনি বারংবার বিলাপ ও পরিতাপ করিতে প্রবৃত্ত

হইলেন, তাঁহার বৃদ্ধিও বিকল হইয়া উচিল।

# ষট্দপ্ততিত্য সর্গ।

অনস্তর রজনী প্রভাত হইলে বশিষ্ঠদেব ভরতকে কহিলেন. রাজকুমার! রুখা আর শোক করিয়া কি হইবে, রাজা দশরত্বত দেহ দাহ করিবার সময় হইয়াছে, এক্ষণে ভোমায় ভাহারই উদেয়াগ করিতে হইবে।

তখন ভরত, বশিষ্ঠকে সাফাঙ্গে প্রণিপাত করিয়া, পিতার প্রেত্রুক্তা সাধনে উদ্যুক্ত হইলেন এবং তাঁহাকে তৈলজোশি হইতে উত্তোলন পূর্ব্যক ভূতলে সন্নিবেশিত করিলেন । নশরথের মুখমওল পাণ্ডুবর্ণ হইয়াছিল, তৎকালে তাঁহাকে দেখিয়া বোধ হইতে লাগিল, যেন, তিনি নিজিত হইয়া আছেন । অনন্তর ভরত নানারত্রখনিত উৎকৃষ্ট শয্যায় তাঁহাকে শয়ন করাইয়া দীনমনে কহিতে লাগিলেন, মহারাজ ! আমি প্রবাসে ছিলাম তথা হইতে প্রভাগমন না করিতে আপনি, আর্য্য রাম ও মহাবল লক্ষণকে নির্বাসিত করিয়া কি অকার্যাই করিয়াছেন ? আমি রামশূন্য হইয়াছি, এক্ষণে এই দীনকে পরিত্যাগ করিয়া কোখায় গমন করিবেন ? রাম জরণ্যে গিয়াছেন, আপনারও লোকান্তর হই য়াছে, অতঃপর এই নগরে আর কে স্থিরমনে প্রজাগণের অলব্ধ লাভ ও লব্ধরক্ষায় যত্নবান হইবে ? পিতঃ! এই বস্থমতী আপনার অভাবে বিধবা হইয়াছেন এবং নগরীও শশাস্কহীন শর্কারীর ন্যায় একান্ত হতঞী হইয়া গিয়াছে।

বশিষ্ঠদেব ভরতকে দীনভাবে এইরপ পরিতাপ করিতে দেখিয়া পুনরায় কহিলেন, রাজকুমার! দশরখের যে সমস্ত ঐর্দ্ধদেহিক কার্য্য সাধন করিতে হইবে, তুনি ব্যাকুল না হইষা, অবিচারিত চিত্তে ভাহার অনুষ্ঠান কর। তখন ভরত বশিষ্ঠের আদেশ শিরোধার্য্য করিয়া, আচার্য্য ঋত্বিক ও পুরোহিতদিগকে ভিদ্বিয়ে ত্বরা দিতে লাগিলেন। অগ্ন্যগার হইতে রাজার যে জাঁগ্নি অত্যে বহিষ্কৃত করা হইয়াছিল, ঋত্বিক ও যাজকেরা বিধানক্রমে উহাতে আহতি প্রদানে প্রবৃত্ত হইলেন।

অনস্তার পরিচারকের। মৃত দশরথকৈ শিবিকায় আরোপণ পূর্বাক বাম্পুকণ্ঠে শূন্যহাদয়ে সরযুতীরে লইয়া চলিল। বহু-সংখ্য লোক, গমনপথে স্বর্ণ রোপ্য ও বিবিধ বস্তা নিক্ষেপ পূর্বাক আরো অরো যাইতে লাগিল। ইত্যবসরে অনেকে চন্দন অগুরু ও গুগুগুল প্রভৃতি নানাপ্রকার গদ্ধ জব্য এবং সরল পদ্মক ও দেবদারু প্রভৃতি কাষ্ঠ আহরণ পূর্বাক চিতা প্রস্তুত করিয়া রাখিরাছিল। ঋত্বিকেরা উপস্থিত হইয়া রাজা দশরথকে ঐ চিতামধ্যে স্থাপন করাইলেন এবং জ্বলস্তা অনলে আহুতি প্রদান পূর্ব্বক তাঁহার পরলোকগুদ্ধির নিমিত্ত. মস্ত্র জপ করিতে লাগিলেন। সামবেদ গায়কেরা শান্তানুসারে সামগানে প্রবৃত্ত হইলো নারজমহিষীগণ বৃদ্ধবর্গ পরিবৃত হইলা শিবিকা ও যানে আরোহণ পূর্ব্বক নগর হইতে নিক্ষান্ত হইয়াছিলেন, তাঁহারাও তথায় আগমন পূর্ব্বক শোকসম্ভপ্ত মনে ক্রেঞ্চির ন্যায় কৰণ-কণ্ঠে রোদন করিতে করিতে ঋত্বিকগণের সহিত রাজাকে প্রদক্ষিণ করিতে লাগিলেন।

পরে মহিনীরা যান হইতে সর্যৃতীরে অবতরণ পূর্বক ভরতের সহিত প্রেতোদেশে তর্পণ করিলেন এবং তর্পণ সমা-পনাস্তে মন্ত্রী ও পুরোহিত সমভিব্যাহারে বাষ্পাকুললোচনে পুর প্রবেশ করিয়া ভূতলে শয়ন ও অতিক্রেশে দশাহ অতি-বাহন করিতে লাগিলেন ।

### মধ্রসংততিত্য সর্গ।

~ゆう みららがんかー

অনন্তর দশাহ অতীত হইলে ভরত, শ্রাদ্ধ করিয়া পরিত্র হইলেন এবং দ্বাদশাহে দ্বিতীয় মাসিক প্রভৃতি সপিণ্ডীকরণ পর্যান্ত সমস্ত অনুষ্ঠান করিয়া, পিতার পারলোকিক ফল আকা-জ্যান ভ্রান্মণগণকে ধনরত্ন প্রচুর ভক্ষ্যভোজ্য ছাগ বহুসংখ্য গোধানী দাস বাসভ্বন ও যান প্রদান করিতে লাগিলেন।

পরে ত্রয়েদশাহে তিনি প্রভাতকালে চিতাতশ্য উত্তোলন পূর্ব্বক স্থলগুদ্ধি করিবার নিমিত্ত সরযূতটে গমন করিলেন
এবং পিতৃশোকে একান্ত বিহ্বল হইয়া পিতার চিতামূলে
গ্রংখিতমনে মুক্তকঠে ক্রন্দন করিতে করিতে কহিতে লাগিলেন, তাত! আপনি, যে রামের হস্তে আমার অর্পণ করিরাছিলেন, তিনি এক্ষণে বনে, স্পতরাং আপনি আমায় শূন্যে
রাখিয়া গিয়াছেন। হা! যে অনাথার আশ্রয়ম্বরূপ পুত্রকে
আপনি বনে নির্বাসিত করিয়াছেন, এক্ষণে সেই কোশল্যাকে
ফেলিয়া আপনি কোথায় গমন করিলেন?

এই বলিয়া ভরত, যথায় দশরথের অস্থি সকল দগ্ধ হইয়া দেছ নির্বাণ হইয়াগিয়াছে, সেই ভস্মাকীর্ণ অরুণবর্ণ চিতাস্থান দর্শন

করিয়া বিষাদভরে অভ্যন্ত কাতর হইলেন এবং তৎক্ষণাৎ ভূতলে মৃদ্ধিত হইয়া পড়িলেন। লোকে ইন্দ্রপ্রজকে যেমন উত্তোলিত করে. তৎকালে নকলে তাঁহাকে সেইরূপে উত্থা-পিত করিল। অনন্তর অমাত্যেরা ভর্ত্তবিয়োগশোকে মৃচ্ছিত হইলেন। শত্রন্থও ভরতকে শোকাকুল দেখিয়া ও পিতাকে মনে করিয়া জ্ঞানশূন্য হইয়া রহিলেন এবং পিতৃগুণ স্মরণে উমত্তের ন্যায় বিক্ষিপ্ত† তত্ত্ত হইয়া কাতরভাবে কহিতে লাগিলেন, হা ! মন্থরা হইতে যে শোক সাগর উৎপন্ন হইল, কৈকেয়ী যাহার জলজন্তু, আমরা সকলেই সেই বরদানরূপ অগাধ সমুদ্রে নিমগ্ন হইলাম ! পিতঃ ! এই সুকুমার বালক ভরতকে আপনি সততই লালন পালন করিয়াছেন, এক্ষণে ইনি আপনার উদ্দেশে বিলাগ করিতেছেন, আপনি ইহাঁকে ত্যাগ করিয়া কোণায় গমন করি-লেন ? পান, ভোজন, বুসন, ভূষণ সকলই আপনি আমা-দিগকে আদর করিয়া নিতেন, আজ আর সেরপ কে করিবে? এই পৃথিবী আপনার ন্যায় ধর্মপরায়ণ পতিকে বিসর্জন দিয়া প্রকৃত সময়েই বিদীর্ণ হইল না। হা! পিতার লোকান্তর লাভ হইয়াছে, রাম অরণ্যে গিয়াছেন, এক্ষণে আর আমার প্রাণ ধারণের সামর্থ কি ? আমি হুতাদনে আরু সমর্থণ করিব; ভাতৃহীন ও পিতৃহীন হইয়া শূন্য অবোধ্যায় কদাচ প্রবেশ করিব না, এক্ষণে নিশ্চয়ই তপোবনে যাইব।

অনস্তার অনুগামিগণ ভরত ও শক্রমের এইরূপ বিলাপ শ্রবণ এবং এই বিপদ দর্শন করিয়া পুনরায় কাতর হইয়া উচিল। ঐ উভয় রাজকুমারও ভগ্নশৃঙ্ক বৃষভের ন্যায় বিষয় ও প্রাস্ত হইয়া ধরাতলে লুঠিত হইতে লাগিলেন।

ইত্যবদরে দত্তপ্রকৃতি সর্বজ্ঞ ইক্ষাকুকুলগুৰু বশিষ্ঠ ভরতকে ভূতল হইতে উত্থাপন পূর্বক কহিলেন, রাজকুমার!
আজ এরোদশ দিবস হইল, তোমার পিতার অগ্নিসংস্কার
সম্পন্ন হইরা গিয়াছে; এক্ষণে কেবল অন্থিসঞ্চয়ন কার্য্য অবশেষ থাকিতে তুমি কেন তির্ষয়ে কাল বিলম্ব করিতেছ? দেখ,
ক্ষুৎপিপাসা, শোকমোহ ও জরামৃত্যু এই তিনটি নির্বিশেষে
শরীর ধারণে সাধারণের ঘটিয়া থাকে, ইহা যখন জীবের অপরিহার্য্য হইতেছে, তখন ছংখে এককালে অভিভূত হওয়া
ভোমার উচিত হয় না। তত্ত্বদর্শী স্থমন্ত্রও শক্রম্বকে উত্থাপন
পূর্বক প্রসন্ন করিয়া জীবের উৎপত্তিবিনাশের বিষয়ে
নানা প্রকার কহিতে লাগিলেন।

তখন ভরত ও শক্রম অঞ্জল মার্ক্তনা করত আরক-লোচনে গারোখান করিয়া, বর্ষা ও উত্তাপ প্রভাবে যে ইক্রধ্বজ মান হইয়া গিয়াছে তাহার ন্যায় স্থশোভিত হইলেন। অমাত্যেরাও অন্থিসঞ্চয়ন কার্য্যের নিমিত্ত তাঁহাদিগকে বারং-বার ত্বরা দিতে লাগিলেন।

# অফ সপ্ততিতম সর্গ।

অনস্তর স্থমিত্রাতনয় শক্রম শোকার্ত তরতকে রামের সিরিধানে যাত্রা করিতে ক্রতসক্ষণ্প দেখিয়া কহিলেন, আর্য্য! সক্ষটকালে যিনি সকলকেই আশ্রম দিয়া থাকেন, সেই রাম যে নিজের ও আমাদের গতি, তাহাতে আর কোন সন্দেহ নাই। এক্ষণে একজন দ্রীলোক তাঁহাকে অরণ্যে নির্বাসিত করিল? আর্য্য লক্ষণ মহাবল পরাক্রান্ত, তিনি পিতৃনিগ্রহ করিয়া উহাঁকে কেন বনবাসমুখে হইতে বিমুক্ত করিলেন না? যে রাজা দ্রীলোকের কথায় অসৎ পথ অবলম্বন করিলেন, ন্যায়ান্যায় বিচার করিয়া তাঁহাকে অগ্রেই নিগ্রহ করা উচিত ছিল।

শক্রন্থ ভরতকে এইরূপ কহিতেছেন, ইত্যবসরে কুব্জা দার-দেশে উপস্থিত হইল। সে রাজযোগ্য বস্ত্র পরিধান পূর্ব্বক সর্বাঙ্গ চন্দনে চর্ক্তিত ও ভূষণে বিভূষিত করিয়া রজ্জুবদ্ধ বানরীর ন্যায় শোভা পাইতেছিল। ভরত সেই পাপ- কারিণী কুজ্ঞাকে দারদেশে দর্শন করিয়া, নির্দিয়ভাবে গ্রহণ ও শক্রন্থের নিকট আনমন পূর্ব্বক কহিলেন, বৎস ! যাহার নিমিত্ত রামের বনবাস ও আমাদের পিতার প্রাণনাশ হইয়াছে, এই সেই পাপীয়সী কুক্রা, এক্ষণে তোমার যা অভিকচি হয়, তাহাই কর ।

শক্রম, ভরতের বাক্য শিরোধার্য্য করিয়া হ্রংখিতভাবে অন্তঃ পুরচরনিগকে কহিলেন, দেখ, এই কুছকিনী আমার পিতা ও ভ্রাতৃগণের মনে মর্মবেনন। দিয়াছে, স্থতরাং এ, এখনই এই ক্রুর কার্য্যের ফল ভোগ কফক। এই বলিয়া তিনি সেই সখীজনপরিরতা কুব্রুনাকে বল পূর্ব্বক গ্রহণ করিলেন। কুব্রুনা আর্ত্রনাদে গৃহ প্রতিপ্রনিত করিতে লাগিল। ভাহার সখীরা যৎপারো নান্তি সন্তুপ্ত হইল এবং শক্রম্থকে ক্রুর্ন্ধ দেখিয়া চতুর্দ্ধিকে পলায়ন করিতে লাগিল। পালায়ন কালে পারম্পার মন্ত্রণা করিল, দেখ, শক্রম্ব যেরপা উপাক্রম করিয়াছেন, হয় ত আমাদিগকেও নিংশেষ করিবেন। এখন আইস, আমরা সকলে গিয়া ধর্মিষ্ঠা বদান্যা কেশিল্যার শরণাপার হই, এক্ষণে তিনিই আমাদিগের গতি।

এদিকে শক্রন্ন ক্রোধভরে কুব্রুকি ভূতলে আকর্ষণ করিতে লাগিলেন। কুব্রুণ আর্ত্তমরে চীৎকার করিতে প্রবৃত্ত হইল, ইতস্ততঃ আকর্ষণে তাহার নানাপ্রকার অলঙ্কার স্থালিত হইয়া পাড়িল। স্থালিত ভূষণে স্থাশোভন গৃহ শারদীয় আকাশের ন্যায় শোভা পাইতে লাগিল। মহাবল শক্রম্ব প্রবল ক্রোধে তাহাকে গ্রহণ করিয়া কঠোর বাক্যে কৈকেয়ীকে ভং সনা করিতে লাগিলেন। কৈকেয়ী শক্রম্বের কথায় যার পর নাই ছুঃখিত ও তাঁহার ভয়ে অত্যন্ত ভীত হইয়া ভরতের শরণাপম্ব হইলেন। তথন ভরত শক্রমকে ক্রোধাবিষ্ট দেখিয়া কহিলেন, বৎস! জ্রীলোককে বধ করিতে নাই, ক্ষমা কর। দেখ, যদি রাম নাত্যাতক বলিয়া আমার উপর ক্রোধ না করিতেন, তাহা হইলে আমি এই ছুফা কৈকেয়ীকে বিনাশ করিতাম। এক্ষণ্ তুমি এই কুক্তাকে বধ করিলে তিনি আর কখনই আমাদের সহিত বাক্যালাপ পর্যান্ত করিবেন না।

শক্রয় ভরতের আদেশে ঐ দোষকর কার্য্য হইতে নিরত হইলেন এবং মূচ্ছিত। মহুরাকেও পরিত্যাগ করিলেন। কাতরা মহুরা পরিত্যক্ত হইবামাত্র উত্থিত হইয়া উদ্ধিখাদে কৈকেয়ীর চরণতলে নিপতিত হইল এবং অত্যন্ত ছুঃখিত হইয়া কৰুণভাবে রোদন করিতে লাগিল। কৈকেয়ীও তাহাকে শক্রমের আকর্ষণে হতজ্ঞান দেখিয়া, আশাদ প্রদান করিতে লাগিলেন।

## একোনাশীতিত্য সূৰ্গ।

অনস্তর চতুর্দ্দর্শ দিবদের প্রত্যুবে বহুসংখ্য বিচক্ষণ লোক একত্র হইয়া ভরতকে কহিলেন, রাজকুমার! যিনি আমাদিগের গুরুতর গুরু ছিলেন, সেই মহাপাল, রাম ও লক্ষ্মণকে নির্বাসিত করিয়া লোকাস্তরে গিয়াছেন, অদ্য তুমিই আমাদি-গৈর রাজা হও; এই রাজ্য অরাজক হইয়াও অমত্যগণের ঐকমত্যে রক্ষিত হইলে কদাচই উচ্ছিন্ন হইবে না। এক্ষণে মস্ত্রিরা পোরগণের সহিত অভিষেকার্থ এই সমস্ত উপকরণ লইয়া ভোমার প্রতীক্ষা করিতেছেন। তুমি অভিষিক্ত হইয়া গৈতৃক রাজ্য গ্রহণ ও আমাদিগকে এই বিপদ হইতে পরি-ভাণ কর।

তখন ভরত অভিষেকের দ্রব্য সকল প্রদক্ষিণ করিয়া তাঁহাদিগকে কহিলেন, দেখ, জ্যেষ্ঠের রাজ্যাধিকার হওয়া আমাদিগের কুলব্যবহার; ভদ্বিষয়ে আমায় অনুরোধ করা ভোমাদিগের উচিত হইতেছে না। আর্য্য রাম আমাদিগের জ্যেষ্ঠ,

অতঃপর তিনিই রাজা হইবেন, আর আমি-গিয়া অরণ্যে চতুদশ বৎসর অবস্থান করিব। এক্ষণে চতুরক্ষ সৈন্য স্থসজ্জিত
কর, আমি স্থাং বন হইতে রামকে আনয়ন করিব। অভিযেকের নিমিন্ত যে সকল সামগ্রী আহরণ করা হইয়াছে, রামের
জন্য তংসমুদয় অগ্রে করিয়া লইব এবং বন মধ্যেই তাঁহাকে
অভিষিক্ত করিয়া যজ্ঞশালা হইতে যেমন অগ্নিকে আনয়ন
করে, তাঁহাকে সেই রূপেই আনিব। বলিতে কি, এই নামমাত্র
জননীর মনোরথ কোনক্রমেই পূর্ণ করিব না। এক্ষণে শিল্পিয়া
আমার বন গমনের পথ প্রস্তুত করুক, যে সমস্ত ভূবি অত্যন্তু
উল্লভানত হইয়া আছে, তংসমুদায় সমতল করিয়া দিক এবং
যাহারা তুর্গম স্থানে সঞ্চরণ করিতে পারে, এইরপ রক্ষক
সকল সমভিব্যাহারে চলুক।

ভরতের এই প্রকার কথা শুনিয়া তত্রত্য সকলে কহিলেন, রাজকুমার! তুমি স্র্বজ্যেষ্ঠ রামকে রাজ্য দানের সঙ্কম্প করিয়াছ, ভোমার শ্রীলাভ হউক। এই বলিয়া আনন্দাশ্রু বর্ষণ
করিতে লাগিলেন। ইত্যবসরে অমাত্য ও পারিষদেরা বীতশোক হইয়া কহিলেন, যুবরাজ! ভোমার বাক্যানুসারে শিশ্পী
ও রক্ষকদিগকে আদেশ করা হুইয়াছে। উহারা ভোমার গমনের
পথ প্রস্তুত ও হুর্গম স্থানে রক্ষা করিবে।

#### অশীতিত্য সর্গ।

অনস্তর স্ত্রকর্মপর, ভূতাগজ্ঞ, রক্ষতক্ষক, সুদক্ষ খনক, অবরোধক, স্থাতি, বর্দ্ধকী, স্থাকার, স্থাকার, বংশকার, চর্ম-কার, যন্ত্রনির্মাতা কর্মান্ত্রিক ভূত্য, ও পথপরীক্ষকেরা যাত্রা করিল। বহুসংখ্য লোক হর্ষভরে নির্গত হইলে পূর্ণিমার খর-বেগ মহাসাগরের তরঙ্গরাশির ন্যায় শোভা পাইতে লাগিল। পথশোধকেরা সর্কাণ্ডো দলবল সমভিব্যাহারে কুদ্ধালাদি অক্র লইয়া চলিল এবং তব্দ লতা গুল্ম স্থাণু ও প্রস্তর সকল ছেদন করিয়া পথ প্রস্তুত করিতে লাগিল। যে স্থানে রক্ষ্ণাই, অনেকে তথায় রক্ষ রোপণ করিল এবং অনেকে কুঠার, টক্ষ ও দাত্র দ্বারা নানা স্থানের রক্ষ ছেদন করিয়া ফেলিল। কোন করিল, এবং অনেকেই উন্নত স্থান সমতল ও গভীর গর্ভ পূর্ণ করিয়া

দিল। কেছ সেতুবন্ধন, কেছ কর্ম চুর্ন এবঃ কেছ কেছ বা জল
নির্গমার্থ মৃৎপাষাণাদি ভেদ করিতে লাগিল। স্বল্পকাল মধ্যেই
স্ক্রম প্রবাহ সকল জলপূর্ন ও সাগরের ন্যায় বিস্তার্ন ইইয়া
গেল এবং যে প্রদেশে জল নাই তথায় বেদি-পরিশোভিত কৃপাদি প্রস্তুত করিল। রক্ষে পুষ্প ফুটিতে লাগিল,
পক্ষী সকল আহলাদে কোলাহল করিতে প্রবৃত্ত হইল।
কোথায় কুত্তিম স্থাধবলিত, কোথায় চন্দনজলে সংসিক্ত,
কোথায় কুত্রম সমূহে অলঙ্কৃত, কোথায়ও বা পাতাকা উড্ডীন
হইল। এইরপে সৈন্যাণের গমনপথ দেবপথের ন্যায় রমণীয়
হইয়া উঠিল।

অনন্তর যাহারা শিবিরাদি সন্নিবেশে আদেশ পাইরাছে, তাহারা আদুফলবহুল প্রদেশে প্রশস্ত নক্ষত্র ও মুহুর্ত্তে ভর-তের ইচ্ছুানুরপ শিবিরাদি স্থাপনে অনুচরদিগকে প্রবর্তিত করিল এবং প্রস্তুত হইলে তৎসমুদার বিবিধ সজ্জার সুশোভিত করিয়া দিল। পরে ঐ সমস্ত নিবেশের চতুর্দিক ধূলিধূর্যরিত সগর্ভ প্রান্তভিত্তি দ্বারা পরিবৃত করিয়া ইন্দ্রনীলমণিনির্মিত প্রতিমায় স্থাণাভিত ও প্রশস্ত রথ্যায় পরিব্যাপ্ত করিল। স্থানে স্থানাভিত ও প্রশস্ত রথ্যায় পরিব্যাপ্ত করিল। স্থানে স্থানা প্রাকার এবং যাহার শিখরে কপোত্তি রহিয়াছে, এইরপ উন্নত সপ্তভূমিক ভবন নির্মিত হইল। ফলত তৎকালে ঐ সকল নিবেশ শিল্পিগণের প্রয়েত্ত্

ইন্দ্রপুরীর নাায় রমণীয় হইয়া উঠিল। যাহার তীরে নানা প্রকার রক্ষ ও কানন শোভা পাইতেছে, যাহার জল শীতল নির্মল ও মংস্যপূর্ণ, সেই জাহ্নবী অবধি ঐ উৎকৃষ্ট রাজপথ এইরূপে প্রস্তুত হইয়া চন্দ্রভারামণ্ডিত নভোমণুলের ন্যায় শোভা পাইতে লাগিল।

### একাশীতিত্য সর্গ।

আনন্তর যে দিবস অভিবেকার্থ নান্দীমুখপ্রভৃতি কার্যের অনু-ঠান হইবে, উহার পূর্ব্বরাত্তির শেষ ভাগে স্থত ও মাগধেরা মঙ্গল প্রতিপাদক স্থৃতিবাদ দ্বারা ভরতের স্তব আরম্ভ করিল। নিশাবসানস্থচক মুন্দুভি স্বর্গময় দও দ্বারা আহত হইয়া ধ্বনিতে ও বহুসংখ্য শঙ্গ বাদিত হইতে লাগিল। তুর্য্যঘোষ ও অন্যান্য বিবিধ বাদ্যে নভোমগুল পরিপূর্ণ হইয়া গেল।

তখন শোকসন্তুপ্ত ভরত প্রবৃদ্ধ ও অধিকতর শোকাকুল হইয়া বাদ্যরব নিবারণ পূর্বক বাদকদিগকে কহিলেন, দেখ আমি রাজা নহি। এই বলিয়া তিনি শক্রমকে কহিলেন, শক্রম্ব! কৈকেয়া হইতেই ইহারা এইরপ অনুচিত কার্য্যে প্রবৃত্ত হইয়াছে, এবং রাজা দশরথও আমার উপর ছঃখভার অর্পণ পূর্বক লোকান্তরে গিয়াছেন। এক্ষণে দেই ধর্মরাজের ধর্মমূলা রাজন্ম, প্রবাহোপনির কর্নধারবিহীন নোকার ন্যায় ভ্রমণ করিতেছে। আর যিনি আমাদিগের প্রভু, তাঁহাকে আমার এই জননী ধর্মম্যাদা উল্লেজন পূর্বক নির্বাসিত করিয়াছেন। তিনি থাকিলে এরপ বিশৃঙ্গলা ঘটিবার সন্ত্রাবনা ছিল না। এই বলিয়া ভরত যার পর নাই পরিতপ্ত হইয়া বিমোহিত হইলেন। তদ্দর্শনে তত্রতা স্ত্রীলোকেরা দীনমনে মুক্তকণ্ঠে রোদন করিতে লাগিলেন।

অনস্তার রাজধর্মজ্ঞ বশিষ্ঠ শিষ্যগণ সমভিব্যাহারে সুরসভাসদৃশ স্থবর্ণ-নির্মিত মণি-খচিত সভামগুপে প্রবেশ পূর্বক
উৎকৃষ্ট আন্তরণসংযুক্ত হেমময় পীঠে উপবেশন করিয়া দৃতদিগকে কহিলেন, দেখ, তোমরা এক্ষণে ত্রাহ্মণ, ক্ষক্রিয়, অমাত্য,
স্নোপতি ও যোদ্ধ্যণের সহিত ভরত শক্রন্ন ও অন্যান্য রাজপুত্র, এবং যুধাজিৎ স্থমন্ত্র ও অপরাপর হিতকারী ব্যক্তিকে
শীত্র আনয়ন কর, বিলম্বে বিদ্ন ঘটিতে পারে, এমন কোন
কার্য্য উপস্থিত হইয়াছে।

মহর্ষি বশিষ্ঠ এইরপ আদেশ করিনামাত্র সকলেই হস্তী অশ্ব ও রথে আরোহণ পূর্বাক আগমন করিতে লাগিলেন। উহাঁদিগের আগমনে চতুর্দ্দিকে তুমুল কোলাহল উত্থিত হইল। প্রজারা রাজকুমার ভরতকে আসিতে দেখিয়া, রাজা দশর্পের ন্যায় তাঁহার সম্বর্দ্ধনা করিল। তখন সেই তিমিনাগসঙ্কুল সূবর্ণ-বহুল স্থির হ্রদের ন্যায় রাজসভা ভরত ও শক্রম্ম কর্তৃক সুশো ভিত হইয়া, পূর্বের রাজা দশর্প থাকিতে যেরপ ছিল, সেই রূপই পরিদৃশ্যমান হইল।

#### দ্যশীতিত্য সর্গ।

- 40 4068644 -

ধীমান, ভরত সেই বিদ্বজ্জনপূর্ণ রাজসভায় প্রবেশ করিয়া দেখিলেন, সভাস্থলে যে সকল আর্য্য আদনে উপবেশন করিয়া আছেন, তাঁহাদিগের বস্ত্র ও অঙ্করাগ প্রভায় উহা উদ্ভাবিত হইয়া পূর্ণচন্দ্রমণ্ডিত সারদীয় শর্মরীর ন্যায় শোভা পাইতেছে। তিনি প্রবেশ করিলে ধর্মজ্ঞ বশিষ্ঠ প্রজাগণকে অবলোকন করিয়া মূহ্রাক্যে তাঁহাকে কহিলেন, বৎস! রাজা দশর্মণ সভ্যপালনরপ ধর্ম সাধন করিয়া, এই ধনধান্যবভী বস্ত্রমতী ভোমায় অর্পণ পূর্ব্বক স্বর্গারোহণ করিয়াছেন। সভ্যপরায়ণ রামও সাধুগণের ধর্ম স্মুরণ করিয়া, তার নিদেশানুরপ কার্য্য করিতেছেন। এক্ষণে তুমি অভিষক্ত হইয়া পিতা ও ভ্রাতার প্রদত্ত রাজ্য নির্ব্বিদ্বে উপভোগ কর। উত্তর দক্ষিণ পূর্ব্ব ও পশ্চিম দেশের রাজ্যণ এবং দ্বীপরাদী ও সামুদ্রিক বণিকেরা ভোমায়

রাজকুমার ভরত মহর্ষি বশিষ্ঠের বাক্যে শোকে একান্ত অভিভূত হইলেন এবং ধর্ম কামনায় মনে মনে রামকে স্মরণ

করিতে ল'গিলেন। অনন্তর তিনি কলছংসম্বরে বাস্প্রাদান-বচান বশিষ্ঠকে কহিলেন, তপোধন! যিনি ভ্রন্মচর্য্যের অনুষ্ঠান · অধ্যয়নান্তে স্থান করিরাণ্ছেন, সেই ধর্মশীল ধীমান রামের রাজ্য মাদৃশ লোকে কিরূপে এছণ করিবে? কিরূপেই বা আমি. রাজা দশরথের ঔরদে জন্ম পরিগ্রেছ করিয়া রাজ্য অপ-হরণে প্রবৃত্ত হইব ? এই রাজ্য ও আমি উভয়ই রামের। তপো-ধন ! এই সকল অনুধাবন করিয়া ধর্মসত কথা বলা আপনার উচিত হইতেছে। দিলীপতুল্য নহুষসদৃশ আর্য্য রাম আমাদিগের জ্যেষ্ঠ এবং সর্বাপেক্ষা শ্রেষ্ঠ, পিতার ন্যায় তিনিই রাজ্য অধিকার করিবেন। এক্ষণে যদি আমি এই অসাধুসেবিত নরকপ্রদ পাপকর্মের অনুষ্ঠান করি, তাহা হইলে আমাকে নিশ্চরই ইক্লাকুবংশের কলক্ষসরপ থাকিতে হইবে। আমার জননী যে অসৎ কাঠ্য সাধন করিয়াছেন, ভবিষয়ে কোনমতে আমার অভিকচি নাই। আমি এশ্বান হইতেই সেই বনচুর্গস্থ রামকে ক্রভাঞ্জলি হইয়া প্রণাম করি। তিনি এই রাজ্যের রাজা, তিনি ত্রৈলোক্যরাজ্যেরও রাজা, অভঃপর আমি তাঁহার অনুসরণ করিব।

তখন রামানুরাগী সভাস্থ সমস্ত ব্যক্তি ভরতের এই ধর্মানুগত কথা শ্রবণ করিয়া হর্ষভরে অঞ্চ মোচন করিতে লাগিলেন। অনস্তর ভরত পুনরায় কহিলেন, যদি রামকে বন হইতে প্রত্যানয়ন করিতে না পারি, তবে তাঁহার ও লক্ষাণের
ন্যায় আমিও তথায় অবস্থান করিব। তাঁহাকে প্রতিনির্ত্ত
করিবার জন্য আপনাদিগের সমক্ষে আমায় সমস্ত উপায়ই
অবলম্বন করিতে হইবে। অভৃতিক কর্মকর, কর্মান্তিক ভৃত্য,
পথশোধক ও রক্ষকদিগকে অগ্রে প্রেরণ করিয়াছি, এক্ষণে
আমার যাত্রা করা আবশ্যক।

এই বলিয়া ভাতৃবৎসল ভরত সমিহিত স্বমন্ত্রকে কহিলেন,
স্বমন্ত্র! আমি আদেশ করিতেছি, তুমি শীদ্র গিয়া অরণ্যযাত্রা
ঘোষণা কর এবং অবিলম্বে এই স্থানে সৈন্যগণকে আন। স্বমন্ত্র
আদেশমাত্র পুলকিতিচিত্তে এই সমাচার সর্বাত্র প্রচার করিলেন।
প্রকৃতিগণ ও সৈন্যাধ্যক্ষেরা সৈন্যদিগকে রামের আনয়নার্থ
প্রস্থানের অনুজ্ঞা প্রদত্ত হইয়াছে শুনিয়া অত্যন্তই সন্তুট হইল।
প্রতিগৃহে সৈনিকগণের গৃহিনীরা এই সংবাদ পাইয়া ভর্তৃগণকে
হান্টমনে ত্বরা প্রদান করিতে লাগিল।

অনস্তর সেনাপিতিরা অন্যান্য যোদ্ধৃবর্গের সহিত সৈন্যদিগকে

অস্ব গোষান ও মনোবেগ রথে আরোপণ পূর্ব্বক ভরতের সন্নিধানে প্রেরণ করিল। তদ্দর্শনে ভরত বশিষ্ঠের সমক্ষে পার্স্ববর্ত্তা

স্মন্ত্রকে কহিলেন, স্থত! তুমি সত্তর আমার রথ আনয়ন কর।

স্মন্ত্র আজ্ঞামাত্র হাউমনে উৎক্রউঅশ্বযোজিত রথ লইয়া উপ
স্থিত হইলেন। তথন সত্যানুরাগী সত্যপরাক্রম ভরত পূন-

রায় কহিলেন, সুমন্ত্র! তুমি শীন্ত যাইয়া সৈন্যাধ্যক্ষদিগকে সৈন্যসংযোগের নিমিত্ত আদেশ কর; আমি জগতের হিত-সাধনের জন্য আর্য্য রামকে প্রসম্ম করিয়া এন্থানে আনিবার বাসনা করিয়াছি। তখন সুমন্ত্র পূর্ণমনোরথ হইয়া, সৈন্যাধ্যক্ষ-দিগকে সৈন্যসংযোগের আজ্ঞা জ্ঞাপন পূর্ব্বক প্রকৃতিপ্রধান ও স্থহদগণকে বনগমনার্থ আহ্বান করিলেন। প্রতিগৃহে সকলেই উদ্যুক্ত হইয়া উৎকৃষ্ট জ্ঞাতীয় অশ্ব, উট্র, হন্তী, গর্দভ ও রথ সকল যোজনা করিতে লাগিল।

### ত্র্যশীতিত্ম সর্গ।

অনস্তর রাত্রি প্রভাত হইলে, ভরত রথে আরোহণ করিয়া রামের দর্শন কামনায় যাত্রা করিলেন। তাঁহার অগ্রেঅগ্রে মন্ত্রা ও পুরোহিতেরা চলিলেন। স্থসজ্জিত নয় সহস্র হস্তী, লক্ষণ অখারোহী, যক্তি সহস্র রথ ও বিবিধ আয়ুধধারী বীর পুরুষেরা তাঁহার অনুগমনে প্রবৃত্ত হইল । যশস্থিনী কোশল্যা, স্থমিত্রা ও কৈকেয়া হার্টমনে উজ্জ্বল যানে গমন করিতে লাগিলেন। আর্যেরা যাত্রাকালে পুলকিত চিত্তে রামের অত্যাশ্চর্য্য কথা সকল কহিতে আরম্ভ করিলেন। নগরবাসিরাও হর্ষভরে পরস্পর পরস্পরকে আলিক্ষন পূর্ব্বক কহিতে লাগিলেন, আমরা কখন্ সেই জগত্তের শোকনাশন ঘনশ্যাম রামকে দর্শন করিব। যেমন দিবাকর উদিত হইয়াই অন্ধ্বকার নিরাস করেন, সেইরপ তিনি দৃষ্ট মাত্রই আমাদিগের শোক সম্ভাগ অপনীত করিবেন। ইহাঁ-

দিগের পশ্চাৎ নগরের স্থাসিদ্ধ বণিক, মণিকার, কুস্তকার, ভস্কবায়, কর্মার, \* মাযূরক, † ক্রাকচিক, ‡ বেধকার, রোচক, ৡ দস্তকার, ॥ স্থাকার, শ গদ্ধোপাজাবী, স্বর্ণকার. কম্বলকার, স্নাপক, অঙ্গমর্দ্দক, বৈদ্য, ধূপক, শোণ্ডিক, রজক, তুমবায়, \*\* স্ত্রীগণের সহিত নট, ও কৈবর্ত্তেরা স্ববেশে শুদ্ধ বসনে কুঙ্গুমাদিমিশ্রিত অনুলেপন ধারণ পূর্বাক গোষানে যাইতে লাগিল। বহুসংখ্য বেদবিৎ ব্রাহ্মণও অনুগমনে প্রবৃত্ত হইলেন।

আনস্তর সকলে হস্তাই রথে বহুদূর অতিক্রম করিয়া শৃঙ্কবের
পুরে গঙ্কার সন্নিহিত হইলেন। নিষাদপতি গুহ ঐ স্থান
শোসন করিতেছেন এবং জ্ঞাতিগণে পরিবৃত হইয়া তথায়
অপ্রমাদে বাস করিয়া আছেন। সকলে তথায় উপস্থিত হইলে
ভরতের অনুষায়িনী সেনা ঐ চক্রবাক-শোভিত ভাগীরথীর

<sup>\*</sup> কামার।

<sup>🕇</sup> যাহার। মর্রপিচ্ছ দার। ছতাদি নির্দাণ করে।

<sup>‡</sup> করাতি।

<sup>💲</sup> যে কাচাদি প্রস্তুত করিতে পারে।

<sup>।</sup> যে হস্তিদন্ত দারা নানা প্রকার ত্রব্য গড়িয়া থাকে।

<sup>¶</sup> যে চুর্ণ লেপন করিয়া দেয়।

<sup>•</sup> पड़िं।

তীর আশ্রয় পূর্ব্বক অবস্থান করিতে লাগিল। তরত সৈন্যগ্রাণকে গমনে উদ্যোগশূন্য দেখিয়া এবং পুণ্য-সলিলা গঙ্গাকে
নিরীক্ষণ করিয়া অমাত্যবর্গকে কহিলেন, দেখ, আজ আমরা
এই স্থানে বিশ্রাম করিয়া, কল্য এই সাগরগামিনী নদী পার
হইব, এই সংবাদ দিয়া এক্ষণে সৈন্য সকল সন্নিবেশিত কর।
আর আমিও এই নদীতে অবতীর্ণ হইয়া স্বর্গস্থ মহারাজের
পারলোকিক সুখের নিমিত্ত তপণ করিব।

তথন অমাত্যেরা ভরতের আজ্ঞাক্রমে সৈন্যগণের মধ্যে যাহার যে স্থানে ইচ্ছা তাহাকে তথায় নিবেশিত করিলেন। ভরত বিবিধ উপকরণ-যুক্ত সৈন্য সকলকে গঙ্গাতীরে স্ব্যবস্থায় স্থাপন করাইয়া রামকে কি প্রকারে প্রতিনিবৃত্ত করিবেন, চিন্তা করিতে লাগিলেন।

# চতুরশীতিত্য সর্গ

এদিকে নিয়াদপতি গুহ, গঙ্গাতীরে সৈন্য সকলকে সন্নি-विके उ नाना कार्या व्याप्तृं कि प्राप्तृं को जिन्तर्गक किर्लन, (प्रथ, के शक्काकीरत मागत-मक्कां वक्क्य रेमना पृष्ठे वहें-তেছে, আমি ভাবিয়াও ইহার অন্ত পাইতেছি না। যথন -রথের উপর মহাপ্রমাণ কোবিদার \* ধ্বজ উচ্চৃত হইয়া আছে, তখন নিশ্চয়ই নির্বোধ ভরত স্বয়ং আসিয়াছেন। এক্ষণে বোধ হয়, ইনি অগ্রে আমাদিগকে পাশে বন্ধন বা বধ করিয়া, পশ্চাৎ নিক'িসিত রামকে বিনাশ করিবেন। ইনি মহারাজ রামের তুলভ রাজত্রী সম্পূর্ণ অধিকার করিবার বাসনায় তাঁহার নিধন কামনা করিতেছেন। রাম আমার প্রভু ও মিত্র, এক্ষণে ভোষারা তাঁহার জন্য বর্ম ধারণ পুরুক ভাগীরথীর উপকূলে প্রবস্থান কর। বলবানু দাসেরা মাংস ও ফল মূল লইয়া ভরতের নদী পার ছইবার পথে বিদ্ন আচরণ করিবার নিমিত্ত প্রস্তুত হইয়া থাকুক। বহুসংখ্য কৈবর্ত্তযুবা পাঁচ শত নৌকায়

<sup>&</sup>lt;sup>\*</sup> রক্তকাঞ্চন রক্ষ।

আরোহণ ও কবচ ধারণ করিয়া স্থিতি কৰক। বদি ভরজ রামসংক্রান্ত কোন অসৎ সংকপ্প সাধনের অভিসন্ধি করিয়া না থাকেন, তাহা হইলে ইহাঁর সৈন্য আজ নির্বিদ্নে গঙ্গা পার হইতে পাইবে। নিষাদপতি জ্ঞাতিবর্গকে এই রূপ অনুমতি করিয়া, মৎস্য মাংস ও মধু উপহার লইয়া ভরতের নিকট চলিলেন।

এদিকে সুমন্ত্র গুহকে আগমন করিতে দেখিয়া বিনর
সহকারে ভরতকে কহিলেন, রাজকুমার! রামের প্রিয়সখা
গুহ জ্ঞাতিগণে পরিরত হইয়া এই ক্ষানে আসিতেছেন। ইনি
আসিয়া তোমার সহিত সাক্ষাৎ কৰুন। এই বৃদ্ধ, দণ্ডকারণ্যরত্তান্ত সম্পূর্ণ জ্ঞাত আছেন এবং এক্ষণে রাম ও লক্ষ্মণ যথার
অবস্থান করিতেছেন, তাহাও জানেন। সুমন্ত্র এই কথা কহিলে,
ভরত তৎক্ষণাৎ ত্রিষয়ে সম্ভ হইলেন।

অনস্তর নিষাদরাজ অনুজ্ঞা লইয়া, জ্ঞাতিগণের সহিত হাইমনে ভরতের নিকট গমন করিলেন এবং তাঁহাকে অভিবাদন পূর্বাক কহিলেন, রাজকুমার! এই দেশ তোমার গৃহ-বিশেষ, কিন্তু তুমি অত্যে আগমন-সংবাদ না দিয়া আমাদিলাকে বঞ্চনা করিয়াছ। এক্ষণে আমরা আমাদের যথাসর্বাস্থ তোমকে অর্পণ করিতেছি, তুমি স্বীয় দাসগৃহে স্কুদ্দে বাস কর। নিষাদেরা বন্য ফলমূল আহরণ করিয়া রাখিয়াছে,

আর্ত ও ওছ মাংস এবং অরণ্য-স্থলত অন্যান্য খাদ্যও সংগৃহীত আছে। প্রার্থনা, তোমার সৈন্যেরা আজিকার রাত্রিতে প্রচুর আহার করিয়া কল্য প্রভাতে যাত্রা করিবে।

# পঞ্চাশীতিত্য সর্গ।

ভরত কহিলেন, গুছ! তুমি আমার এই সকল সৈন্যকে
আর্চনা করিবার ইচ্ছা কিন্যুছ, ইহাতেই আমার যথেষ্ট সংকার করা হইল। এই বলিয়া িন্দি পথের দিকে অঙ্গুলি
নির্দেশ পূর্বক কহিলেন, দেখু, গঙ্গার এই কজুদেশ নিতান্ত
গছন ও মুন্তানেশ; বল একণে আনি কোন্ পথ দিয়া ভরভাজাশ্রমে গমন করিব ?

তখন গুহ ক্লাঞ্লি ছইয়া কহিলেন, রাজকুনার! নিষাদেরা সকল স্থানই অবগত আছে, প্রয়ানকালে তাহারা
তোমার সঙ্গে যাইবে এবং আমিও যাইব। এক্ষণে জিজ্ঞাসা
করি, তুমি কি কোন অসং সংকল্প করিয়া রামের নিকট চলিয়াছ ? বলিতে কি তোমার এই বহুসংখ্য সেনা আমার মনে
এই আনস্কাই বলবৎ করিয়া দিতেছে।

গুহের এই কথা প্রবণ করিয়া গগনতলের ন্যায় নির্মল ভরত
মধুর বাক্যে কহিতে লাগিলেন, নিষাদরাজ! যে কালে রামের
কোন অনিষ্টাচরণ করিতে হইবে, এরপা সময় যেন কখন না

আইসে। তিনি আমার জ্যেষ্ঠ ও পিতৃতুলা, এক্ষণে আমি তাঁহাকে বন হইতে প্রত্যানয়ন করিবার নিমিত্তই চলিয়াছি। সত্যই কহিতেছি, তুমি এই বিষয়ে কিছুমাত্র সন্দেহ করিও না।

নিষাদপতি, ভরতের এই কথা শুনিয়া অতিশয় সস্তুষ্ট হইলেন, কহিলেন, রাজকুমার! তুমি যখন অযত্তমলভ রাজ্য পরিত্যাগের বাসনা করিয়াছ, তখন তুমিই ধন্য; এই পৃথি-বীতে ভোমার তুল্য আর কাহাকেও দেখি না। তুমি বিপন্ন রামকে প্রত্যানয়নের ইচ্ছা করিয়াছ বলিয়া ভোমার এই কীর্ত্তি অনস্তুকালস্থায়িনী হইয়া ত্রিলোকে সঞ্চরণ করিবে।

উভয়ে এইরপ কথোপকথন করিতেছেন, এই অবসরে 
হর্ষ্য নিপ্রভিভ হইয়া অন্তলিখনে আরোহণ করিলেন, রজনীও
উপস্থিত হইল। তখন ভরত নিষাদপতির পরিচর্যায় সবিশেষ
প্রীত হইয়া শক্রয়ের সহিত শয়ন করিলেন। রামচিন্তাজনিত শোক সেই চিরস্থী ধর্মনিরত রাজকুমারকে আক্রমণ
করিল। কোটরস্থ অগ্নি যেমন দাবানলশোষিত রক্ষকে দয়্দ
করে, তদ্রেপ ঐ শোকবহি চিন্তানলসম্ভপ্ত ক্রয়তকে দয় করিতে
প্রের্ভ হইল। হিমাচল যেমন হর্ষ্যের উত্তাপে তুষার ক্রয়ণ
করিয়া থাকেন, তদ্রেপ উহার প্রভাবে ভরতের দেহ হইতে
ঘর্ম নির্গত হইতে লাগিল। ঐ সময় যে শোকরপ শৈল
তাহাকে নিপীড়িত করিল, রামের চিন্তা উহার—অথও শিলা,

নি:শাস—ধাতু, বিষয়বিরাগ—রক্ষ, ছঃখ ক্রেশ —শৃক্ষ, মোহ—
বন্যজন্ত, এবং সন্তাপ—ওষধি ও বেণু । ভরত তদ্বারা আক্রান্ত
হইয়া নিভান্ত বিমনায়মান হইলেন। তৎকালে তিনি মানসিক
জ্বরে একান্ত অভিভূত হইয়া, যূথজন্ত মাতকের ন্যায় শান্তিলাভ
করিতে পারিলেন না। তাঁহার চেতনা বিলুপ্ত হইল। তিনি
রামের নিমিত্ত অত্যন্ত ব্যাকুল হইলেন। তখন নিষাদরাজ
ভরতের এইরপ অবস্থা দর্শন করিয়া তাঁহাকে বারংবার আশ্বাস
প্রানা করিতে লাগিলেন।

## ষড়শীতিতম সর্গ।

অনস্তর তিনি লক্ষণের সদাণের প্রাসদ করিয়া ভরতকে কহিলেন, যুবরাজ! আমি লক্ষ্মণকে শরশরাসন গ্রহণ পূর্বক রামের রক্ষা বিধানার্থ রাত্রি জাগরণ করিতে দেখিয়া কহিয়া-ছিলাম, রাজকুমার! ভোমার জন্য এই সুখশব্যা রচিত হই-য়াছে, তুমি ইহাতে বিশ্রাম কর। আমরা অনায়াদে ক্লেশ সহিতে পারি, কিন্তু তুমি পারিবে না । দেখ, এক্ষণে রামকে রক্ষা করিতে আমরাই রহিলাম। আমি শপথ পূর্ব্বক সভ্যই কহি-তেছি, রাম অপেক্ষা প্রিয়তম আমার আর নাই। ইহাঁর প্রসাদে ধর্মার্থ কামের সহিত ইহলোকে যশোলাভ হইবে, ইহাই আমার বাঞ্জা। এই স্থানে বহুসংখ্য নিষাদ আসিয়াছে, ইহাদিগকে লইয়া আমি কার্মৃক এহণ পূর্বক জানকীর সহিত প্রিয়-সখাকে রক্ষা করিব। নিরস্তার এই অরণ্যে বিচরণ করি বলিয়া, ইছার কিছুই আমার অবিদিত নাই ; যদি অন্যের চতুরক বৈন্য আসিয়া আক্রমণ করে, আমি স**হজে**ই ভাহা নিবারণ করিতে পারিব।

তখন লক্ষণ আমার এইরূপ বাক্যপ্রাবণ করিয়া আমাকে অনুনয় পূর্ব্বক কহিলেন, নিষাদরাজ ! এই রঘুকুলতিলক রাম জানকীর সহিত ভূমিশ্যাায় শয়ন করিয়া আছেন, এখন আর আমার আহার নিদ্রায় প্রয়োজন কি, কি বলিয়াই বা মুখভোগে রত হইব। রণস্থলে সমস্ত সুরামুর যাঁহার বিক্রম সহ্য করিতে পারে না, আজ তিনিই পত্নীর সহিত পর্ণশ্যা গ্রহণ করি-লেন। পিতা, মন্ত্র তপদ্যা ও নানা প্রকার দৈব ক্রিয়ার হন্ত্র-ষ্ঠান দ্বারা ইহাঁকে পাইয়াছেন, ইনি আমাদের সকলের শ্রেষ্ঠ। ইহাঁকে বনবাস দিয়া তিনি আর অধিক দিন দেহ ধারণ করিতে পারিবেন না: দেবী বস্ত্রমতীও অচিরাৎ বিধবা হইবেন। নিষাদরাজ! বোধ হয় এতক্ষণে পুরনারিগণ আর্ত্তমরে চীৎ-কার করিয়া শ্রান্তি নিবন্ধন নিরস্ত হইয়াছেন : রাজভবনত নিস্তর হইয়া আসিয়াছে। হা! দেবী কেশিলা জননী স্থমিতা ও পিতা দশর্থ যে জীবিত আছেন, আমি এরপ সম্ভাবনা করি না, যদি থাকেন তবে এই রাত্রি পর্যান্ত। আমার মাতা ভাতা শক্রমের মুখ চাহিয়া বাঁচিতে পারেন কিন্তু বারপ্রসবা কৌশল্যা যে পুত্রশোকে প্রাণত্যাগ করিবেন, এইই আমার ত্রঃখ ৷ দেখ, আর্য্য রামের প্রতি পুরবাসিগণের বিশেষ অনুরাগ আছে, এক্ষণে আবার পুত্রবিয়োগে রাজা দশরথের মৃত্যু হইলে ভাহার। অত্যন্তই কন্ট পাইবে। হায়! জানি না, জ্যেষ্ঠ পুত্রের অদ-

র্শনে পিতার ভাগ্যে কি ঘটবে। তিনি রামকে রাজ্যভার দিতে না পারিয়া তগু মনোরথে 'সর্মনাশ হইল সর্মনাশ হইল' কেবল এই বলিয়াই মর্ত্রালীলা সংবরণ করিবেন। তাঁহার দেহাত্তে দেবী কৌশল্যার লোকান্তর লাভ হইবে। তৎপরে আমার জননীও পতিহীনা হইয়া জীবন ত্যাগ করিবেন। পিতার মৃত্যু হইলে যাঁহারা তৎকালে উপস্থিত থাকিয়া তাঁহার অগ্নিসংস্কার প্রভৃতি সমস্ত প্রেতকার্য্য সাধন করিবেন, তাঁহা-রাই ভাগ্যবান। যথায় রমণীয় চত্ত্ব ও প্রশস্ত রাজপথ সকল রহিয়াছে, যে স্থানে হর্ম্য প্রাসাদ উদ্যান ও উপবন আছে এবং বারাঙ্গনারা বিরাজ করিতেছে, যথায় হন্তী অশ্ব রথ মুপ্রচুর ও নিরম্ভর ভূর্য্যধ্বনি হইতেছে, যে স্থানে সকলেই হাট পুষ্ট এবং সভা ও উৎসবে সভতই সন্নিবিষ্ঠ, আমার পিতার मिर पत्रनानप्त ताक्यांनी वाद्याशास के नमछ दाकि शहम মুখে বিচরণ করিবেন। হা! আমরা সত্যপ্রতিজ্ঞ রামের সহিত নির্বিদ্ধে অযোধ্যায় কি পুনরায় আসিতে পারিব!

লক্ষণ এইরপে পরিতাপ করিতেছিলেন, ইত্যবসরে রাত্রি প্রভাত হইয়া গেল। অনস্তর সূর্য্য উদিত হইলে তাঁহারা এই জাহুবীতারে মস্তকে জটাভার প্রস্তুত করিয়া আমার সাহার্য্যে পরম মুখেনদী পার হইয়া যান।

### সপ্তাশীতিত্য সর্গ।

মহাবল মহাবাত কমললোচন প্রিয়দর্শন ভরত, গুছের নিকট এই অপ্রিয় কথা শ্রবণ করিয়া, যার পর নাই চিস্তিত হই-লেন এবং মুহূর্ত্তকাল হুঃখিত হইয়া, আশ্বাস লাভ পূর্ব্যক অকুশাহত মাতকের ন্যায় সহস। শোকভরে পুনরায় মুচ্ছিভ হইয়া পড়িলেন। তদ্দর্শনে নিষাদপতি গুহের মুখ বিবৃর্ণ হইয়া গেল এবং তিনি ভূমিকম্পকালীন বৃক্ষের ন্যায় নিভাস্ত ব্যথিত হইলেন। সন্নিহিত শক্রন্থও শোকাকুলিত ও বিমোহিত হইয়া ভরতকে আলিঙ্গন পূর্ব্বক মুক্তকণ্ঠে রোদন করিতে লাগিলেন। ইভ্যবসরে উপবাসকৃশ ভর্তুবিরহপরিভাপিত কেশিল্যা প্রভৃতি রাজমহিষীরা দীনমনে ভরতের সন্নিধানে উপস্থিত ছইলেন এবং তাঁহাকে পরিবেষ্টন পূর্বাক ক্রন্দন করিতে লাগিলেন। দেবী কৌশল্যা কিঞ্চিৎ অগ্রসর হইয়া তাঁহাকে আলিঙ্গন পূর্বক জলধারাকুললোচনে কহিলেন, বৎস! তোমার শরারে কি কোনরপ পীড়া উপস্থিত হইয়াছে? এই সকল রাজপরিবার আজ তোমাকে লইয়া প্রাণ ধারণ করিয়া আছে। রাম, লক্ষ্মণের সহিত বনে গিয়াছেন, এখন আমি কেবল তোমাকে লেখিয়াই বাঁচিয়া আছি। মহারাজ দেহত্যাগ করিয়াছেন, আজ তুমিই আমাদিগের রক্ষক। বাছা! লক্ষ্মণের কি কিছু অমঙ্গল শুনিয়াছ? এই একপুত্রার পুত্র ভার্যার সহিত বনবাসা হইয়াছেন, ভাঁহার কি কোন অশুভ সমাচার পাইয়াছ?

অনন্তর ভরত মুহ্রত মধ্যে আশ্বন্ত হইরা কোশল্যাকে সান্ত্রনা করত গুহকে সজলনেত্রে কহিলেন, নিষাদরাজ! আর্য্য রাম কোপার রাত্রি যাপন করিয়াছিলেন । জানকা ও লক্ষ্যাই বা কোপার ছিলেন ? তাঁহারা কি আহার করিলেন এবং কোন্ শ্যাতেই বাশ্রন করেন ! তখন গুহ প্রিয়্মঅতিথি রামের সহিত ষেরপ আচরণ করিয়াছিলেন, হাউমনে কহিতে লাগিলেন, রাজকুমার! আমি রামের আহারের নিমিত্ত নানাবিধ ফল মূল ও নানাপ্রকার ভক্ষ্য ভোজ্য প্রচুররূপ উপহার দিয়াছিলাম। কিন্তু তিনি ক্ষত্রিয়ধর্ম অনুসারে প্রতিগ্রহ না করিয়া তৎসমুদার আমাকেই প্রত্যর্পণ করেন, এবং তৎকালে এই বলিয়া অনুনয় করিলেন, সথে! সর্বাদানই আমাদিগের কর্ত্র্য, প্রতিগ্রহ করা বিধের নহে। পরে লক্ষ্মণ জাহুরী

হইতে জল আনয়ন করিলে, তিনি তাহা পান করিয়া সীতার সহিত উপবাস করিলেন; লক্ষ্মণও ঐ পীতাবশেষ সলিল পান করিয়া রহিলেন।

অনস্তর তাঁহারা স্মন্ত্রের সহিত সমাহিতচিত্তে মেনিভাবে
সন্ধ্যা উপাসনা করিতে লাগিলেন। সন্ধ্যা সমাপ্ত হইলে, লক্ষণ
শীঘ্র কুশ আহরণ করিয়া, রামের নিমিত্ত শ্যা প্রস্তুত করিয়া
দিলেন এবং রাম ও জানকী ভাহাতে শ্য়ন করিলে তিনি
ভাঁহাদের পাদ প্রক্ষালন পূক্ষক তথা হইতে অপসৃত
হইলেন। রাজকুমার! ঐ সেই ইসুদী সক্ষের মূল, এই সেই
তৃণ, হহাতেই রাম ভার্যার সহিত রাত্রি যাপন করিয়াছিলেন। ঐ সময় মহাবার লক্ষণ সগুণ শ্রাসন অন্ধূলিত্রাণ এবং পূঠে শ্রগুর্ন তুণীরদ্বয় হারণ করিয়া রামের
চতুর্দিক রক্ষা করেন। আমেও জ্ঞাতিবর্গের স্ভিত শার কার্য্ ক

### অফীশীতিতম সর্গ।

ভরত, নিষাদরাজ গুহের মুখে এই সমস্ত কথা প্রবণ করিয়া মন্ত্রীদিণের সহিত ইঙ্গুদীতলে গমন ও রামের শয্যা দর্শন পূর্বাক মাতৃগণকে কহিলেন, দেখ, এই ভূমিতে মহাত্রা রাম শয়ন করিয়া রাত্রিযাপন করিয়াছিলেন, এই তাঁহার শয্যা। রাজকেশরী দশ্রথ হইছে যিনি জন্ম গ্রহণ করিয়া-ছেন, ভূতলে শয়ন করা তাঁহার কর্ত্র্ব্য নহে। যিনি চর্যান্তরণ-কম্পিত শয্যায় নিশা অতিবাহন করিয়াছেন, তিনি এখন কি রূপে ভূতলে শয়ন করেন? যিনি বিমানসদৃশ প্রাসাদ, কৃটা-গার, উত্তরক্ষদসম্পন্ন স্থর্ণ ও রজ্বময় কুটিম, এবং স্থ্রবর্ণভিত্তি-শোভিত অগুরুচন্দনগন্ধী কুসুমসমলস্কৃত শুক্রুলমুখরিত শুল্র-মেষসঙ্কাশ স্থাতল হর্ম্যে শয়ন করিয়া প্রভাতে পরিচারিকা-গণের নুপুররব ও গীত্রাদ্যের শদ্দে প্রতিবোধিত হইতেন, বন্দিবর্গ অনুরূপ গাথা ও স্তুতিবাদে য'াহার বন্দনা করিত, তিনি

এখন কি রূপে ভূতলে শয়ন করিয়া থাকেন । রামের ভূমিশয্যা কাহারই বিশ্বাসযোগ্য হইতেছে না : ইহা সত্য বলিয়াই আমার বোধ হইল না, শুনিয়া বিমোহিত হইতেছি, জ্ঞান হইতেছে যেন ইহা স্বপ্ন। কাল যে দৈব অপেক্ষা বলবান, ভাহাতে আর কোন সন্দেহ নাই, তাহা না হইলে দশর্থতনয় রাম ভূতলে শয়ন করিতেন না, এবং বিদেহরাজের কন্যা রাজা দশরথের পুত্রবধূ প্রিয়দর্শনা জানকীকেও ভূতলে শয়ন করিতে হইত না। এই আমার ভাতা রামের শ্যা: সায়ংকালে তিনি শ্রাম্থি নিব-ন্ধন যে অঙ্গ পরিবর্ত্তন করিয়াছিলেন, এই তাহার চিহ্ন। ঐ দেখ, ভাঁহার অঙ্কঘর্ষণে কঠিন মৃত্তিকার উপর তৃণ সকল মর্দিত হইয়া রহিয়াছে। বোধ হয়, এই শব্যাতে অলঙ্ক,তা দীতা শয়ন করিয়াছিলেন, কারণ ইহার ইতস্ততঃ স্থবর্ণচূর্ণ পতিত হইয়া আছে। শয়নকালে সীতার উত্তরীয় এই স্থানে নিশ্যুই আসক্ত হইয়াছিল, ইহাতে এখনও কোশেয় বসনের **७** ख नकल मः नग्नं तिहत्रां । श्वाभीत भग्ना (यक्रभे हे ड्रेक, ন্ত্রীলোকের স্থকর হইয়া থাকে, নতুবা সেই স্কুমারা সতী कि कातरा द्वः च चतु च करतन नाहे। - हात्र! कि हहेल! আমি কি পামর, কেবল আমারই নিমিত্ত ভাতা রাম ভার্যার সহিত অনাথের ন্যায় পর্ণশ্য্যায় শয়ন করিতেছেন। যিনি সর্কাধিপতির কুলে উৎপন্ন হইয়াছেন, যিনি সকল লোকেরই

হিতকারক ও সুখজনক, যিনি কখনই ফু:খ ভোগ করেন নাই, মেই ইন্দীবরশ্যাম **আ**রক্তলোচন প্রিয়দর্শন কিরূপে ভূতলে শয়ন করিতেছেন ! লক্ষণই ধন্য, তিনি এই সঙ্কট কালে তাঁহার অনুসরণ করিয়াছেন , জানকাও তাঁহার সঙ্গে গিয়া ক্লতার্থ হই-য়াছেন ; কেবল আমরাই তদ্বিয়ে পরাত্ম থ হইয়া রহিলাম।— হা! পিতা স্বর্গে আরোহণ করিয়াছেন, রাম বনবাসী হইয়াছেন, এক্ষণে এই বন্ধুন্ধরাকে কর্ণধারবিহীন নৌকার ন্যায় নিতান্ত নিরাশায় বোধ হইতেছে। অরণ্যাত মহাত্মা রামের বাহুবল-রক্ষিত এই পৃথিবীকে মনেও কেছ আকাজ্যা করিতেছে না। এক্ষণে অযোধ্যার চতুঃপার্যস্থ প্রাকারে প্রহরী নাই, পুরদ্বার অনারত, হস্ত্যশ্ব সকল উন্মুক্ত, সৈন্য সমুদায় বিনন্ন, আজ বিষমিশ্রিত অনের ন্যায় ইহাকে শত্ররাও প্রার্থনা করিতেছে না। অন্তাবধি আমি জটাচীর ধারণ ও ফলমূল ভক্ষণ পূর্ব্বক ভূতলে বা ভূণশয্যায় শয়ন করিব। রামের ত্রভ স্বয়ং গ্রহণ করিয়া চতুর্দ্দশ বৎসর পরম মুখে অরণ্যে থাকিব, ইহাতে তাঁহার সংকল্পের কোনরপ ব্যক্তিক্রম ঘটিবে না ৷ বনবাসকালে শক্রম আমার সঙ্গে থাকিবেন, আর আর্য্য রাম লক্ষ্মণের সহিত অযোধ্যা রক্ষণাবেক্ষণ করিবেন। তিনি ব্রাক্ষণগণের সাহায্যে রাজ্যে অভিষিক্ত হন, এই আমার অভিলাষ, দৈববলে ইহা সফল হউক। এক্ষণে আমি গিয়া, তাঁহাকে প্রত্যানয়ম করিবার নিমিত্ত

ভাঁহার চরণে ধরিয়া, নানা প্রকারে প্রাসন্ন করিব, যদি তিনি স্বীকার না করেন, তবে আমাকেও তাঁহার সঙ্গে বনে বাস করিতে হইবে, এই বিষয়ে তিনি আমাকে কোনমতেই উপেক্ষা করিতে পারিবেন না।

## একোননবতিত্য সর্গ।



অনস্তর ভরত, ঐ গঙ্গাতীরে রাত্রি যাপন করিয়া প্রভাতে গাত্রোপান পূর্ব্বক শত্রন্থকে কহিলেন, শত্রন্থ! আর কেন শয়ন করিয়া আছ, এক্ষণে উত্থিত হইয়া অবিলম্বে নিষাদপতি গুহকে আহ্বান কর। তিনি আসিয়া আমার সৈন্যদিগকে পার করিয়া দিবেন। শত্রন্থ কহিলেন, আর্য্য! আমি আপনারই ন্যায় হুর্ভাবনায় সমস্ত রাত্রি নিদ্রা যাই নাই, জাগরিতই রহিয়াছি।

তাঁহারা এইরপ কথোপথন করিতেছেন, এই অবসরে নিবাদরাজ তথার আগমন করিয়া কতাঞ্জলিপুটে কহিলেন, রাজকুমার! এই নদীতটে স্থথে ত নিশা বাপন করিয়াছ? সনৈন্যে ত কুশলে আছ? ভরত গুহের এই স্বেহপূর্ণ বাক্য শ্রবণ করিয়া কহিলেন, গুহ! শর্বারী স্থথে অতিবোগে আমাবাহিত হইয়াছে, অতঃপর তোমার দালেরা আসিয়া নেকা-দিগকে পার করিয়া দিক।

গুহ, ভর্তের আদেশমাত্র ক্রতগমনে নগর প্রবেশ করিয়া জ্ঞাতিদিগকে কহিলেন, নিষাদগণ। জাগরিত হও: আমি একণে ভরতের সৈন্যদিগকে গঙ্গা পার করিব, ভোমরা গাতো-খান করিয়া নোকা আনয়ন কর: তোমাদের মঙ্গল হউক। তখন নিষাদেরা অধিপতি গুহের আজ্ঞায় উত্থিত হুইয়া চারিদিক ইইতে পাঁচশত নোকা আনিল। এ সমস্ত নোকা ব্যতীত স্বস্তিকা নামক পতাকা ও ক্ষেপণীযুক্ত স্থদৃঢ় নৌকা সকল লইয়া আইল। উহার মধ্যে একখানি স্বর্ণখচিত ও পাণ্ডবর্ণকম্বলে পরিবৃত, উপরে নিষাদেরা মঙ্গল বাদ্য বাদন করি-তেছিল। গুহ সেই স্বস্তিকা লইয়া ভরতের নিকট উপনীত হইলেন। ভরত, শক্রয়ের সহিত উহাতে আরোহণ করিলেন। সর্বাত্রে গুৰু ও পুরোহিতেরা নৌকায় উচিয়াছিলেন; পরে কেশিল্যা প্রভৃতি রাজপত্নী, পশ্চাৎ প্রধান প্রধান অনুচর-দিগের গৃহিণীরা উত্থিত হইলেন। প্রয়াণকালে সৈন্যেরা বাস-গ্যুহে অগ্নি প্রদান করিল, অনেকে শক্ট ও পণ্য দ্রব্য তুলিতে लांशिल, चात्रक छोर्थ व्यवज्रत व्यवः चात्रक रे नांना श्रकांत्र উপকরণ সংগ্রহে প্রবৃত্ত হইল। ঐ সময় উহাদের তুমুল কোলা-হলে আকাশ পূর্ণ হইয়া গেল।

অনস্তর নেকি। সকল আরোহিদিগকে লইয়া মহাবেগে ভাগীরধীর পর পারে উত্তীর্ণ হইল। উহার মধ্যে কোন খানিভে

ন্ত্ৰীলোক, কোন খানিতে অশ্ব এবং কোন খানিতে বহুমূল্য শকট ও ব্লীবর্দ ছিল। তীরে সমস্ত অবরোপিত হইলে, নাবিকেরা জলমধ্যে নৌকার চিত্রগমন দেখাইতে লাগিল। ধ্রজদণ্ড-ধারী মাতকেরা আরোহিপ্রেরিত ও সম্ভরণপ্রবৃত্ত হইয়া সশৃঙ্ক পর্বতের ন্যায় শোভমান হইল। তৎকালে কেছ নে কা, কেছ ভেলা, কেহ কুন্তু, এবং কেহ বা কেবল বাহুদ্বয়ের সাহায্যে তীরে উচিল। সৈন্যের। এইরূপে গঙ্গা উত্তীর্ণ হইয়া প্রাতঃ-সন্ধ্যার তৃতীয় মুহূর্ত্তে প্রয়াগের বনে উপস্থিত হইল। তথা হইতে ভরদ্বাজের তপোবন এক ক্রোশ ব্যবধান ছিল: পাছে আশ্রমপীড়া জন্মে, এই আশক্ষায় ভরত, বনমধ্যে সৈন্য-দিগকে প্রান্তি দূর করিবার আদেশ দিলেন এবং ভরদ্বাজকে সন্দর্শনার্থ একান্ত উৎস্থক হইয়া, ঋত্বিক ও সদস্যগণের সহিত গমন করিতে উদযুক্ত হইলেন।

# নবতিত্য সর্গ।

যাত্রাকালে ভরত, অন্ত ও পরিচ্ছ দ পরিত্যাগ করিয়া কোঁশের বস্ত্র পরিধান করিলেন এবং বশিষ্ঠকে অএবর্ত্তী করিয়া মস্ত্রি-বর্গ সমভিব্যাহারে পদত্রজে যাইতে লাগিলেন। পরে আশ্রম সমিহিত দেখিয়া মন্ত্রিদিগকেও রাখিলেন এবং কেবল বশিষ্ঠের পশ্চাৎ পশ্চাৎ তথায় প্রবেশ করিলেন।

অনস্তর ভরদ্বাজ বশিষ্ঠকে দেখিবামাত্র শিষ্যগণকৈ অর্ঘা
আনয়নের আদেশ পূর্ব্বক আসন হইতে উথিত হইলেন।ভরতও
নিকটস্থ হইয়া তাঁহাকে প্রাণিপাত করিলেন। তথন ভরদ্বাজ,
বশিষ্ঠের সহিত আগমন নিবন্ধন, তিনি যে রাজা দশরথের
পুত্র, তাহা বুঝিতে পারিলেন এবং তাঁহাদিগকৈ পাদ্য অর্ঘ্য ও
বিবিধ ফল মূল প্রদান পূর্ব্বক, অনুক্রমে আশ্রমের ও অযোধ্যা
সৈন্য ধনাগার মিত্র ও মন্ত্রীসংক্রান্ত কুশল জিজ্ঞাসা করিতে
লাগিলেন। রাজা দশরথ যে দেহত্যাগ করিয়াছেন, ইহা
তাঁহার পরিজ্ঞাতই ছিল, এই কারণে তিনি তাঁহার আর কোন

প্রসঙ্গ করিলেন না। অনস্তার বশিষ্ঠদেব ও ভরত তাঁহাকে অনাময় প্রশ্ন করিয়া, অগ্নি শিষ্য রক্ষ মৃগ ও পক্ষীর কুশল জিজ্ঞাসিলেন। মহাযশা মহর্ষিও আরুপূর্ব্ধিক সমস্ত জ্ঞাত করিয়া রামস্বেহে কহিলেন, ভরত! তুমি রাজ্য শাসন করিতেছিলে, তোমার এস্থানে আগমন করিবার প্রয়োজন কি? বল, এক্ষণে আমার মনে নানা প্রকার শংসর উপস্থিত হইতিছে। রাজমহিষী কোশল্যা যাঁহাকে প্রসব করিয়াছেন, মহারাজ দশর্থ জ্রীর অনুরোধে যাহাকে চতুর্দ্দশ বৎসরের জন্য অরণ্যবাস দিয়াছেন, সেই নিক্ষাপ রামের রাজ্য নিক্ষণতিকে ভোগ করিবার নিমিত্ত, তুমি কি তাঁহার কোন অনিষ্টের ইচ্ছা করিতেছ?

ভরত, ভরদ্বাজের এইরূপ কথা শুনিবামাত্র নিতান্ত হংথিত হইরা বাষ্পাকুললোচনে গদ্ধাদবচনে কহিলেন, ভগবন্! যদি আপনিও আমায় এইরূপ জ্ঞান করিয়া থাকেন, ভবে উৎসন্ধ হইলাম। আমা হইতে কোন দোষকর কার্য্য ঘটিবে, আপনি এরূপ আশক্ষা করিবেন না, এবং আমায় এইরূপ কঠোর বাক্য আর বলিবেন না। জননা আমার জন্য যাহা কহিয়াছিলেন, আমি ভিরিয়ে সন্তুষ্ট নহি। এক্ষণে আমি রামের চরণ বন্ধনা ও প্রসন্ধতা প্রার্থনা করিয়া উচ্ছাকে লইতে আসিয়াছি। আপনি, আমার মনের ভাব এইরূপ বুকিয়া, আমার প্রতি নিঃশংসয়

ছউন। সেই মহারাজ রাম এক্ষণে কোথায় আছেন, আপনি আমাকে বলিয়া দিন।

অনস্তর ভরদ্বাজ, বশিষ্ঠাদি শ্ববিগণের অনুরোধে প্রসন্ন হইয়া ভরতকে কহিলেন, রাজকুমার! তুমি রঘুবংশে জন্মগ্রহণ করিয়াছ; এই গুরুসেবা, লোভাদি ইন্দ্রিয়সংযম, ও সংপথে প্রবৃত্তি, ভোমার উচিতই হইতেছে। আমি ভোমার অভিপ্রায় জ্ঞাত আছি, লোকের সমক্ষে তাহা আরও দৃঢ় হইবে
বলিয়া, ভোমার কীর্ত্তি বর্দ্ধনের নিমিত্ত, প্ররপ জিজ্ঞাসা করিলাম। আমি রামকে জানি; ভিনি এক্ষণে লক্ষ্মণ ও জানকীর
সহিত প্রতিকৃটি পর্মতে বাস করিয়া আছেন। কলা তুমি
ভথায় মন্ত্রিগণের সহিত যাত্রা করিবে, অদ্য আমার এই আশ্রমে
অবস্থান কর। তথন উদারদর্শন ভরত ভরদ্বাজের প্রার্থনায়
সন্মত হইয়া, তথায় নিশা যাপানের অভিলাষ করিলেন।

#### একনবতিত্য সর্গ।

অনস্তর মহর্ষি ভরদাজ ভরতকে আতিথ্যে নিমন্ত্রণ করি-লেন। তরত কহিলেন, তপোধন! বনে যাহা স্থলভ, তদ্বারা এই ত আতিথ্য করিলেন? তথন ভরদ্বাজ ঈষৎ হাস্য করিয়া কহিলেন, ভরত! তুমি যে বনের ফলমূলে প্রীত হইয়াছ, এবং যৎকিঞ্চিৎ পাইয়াই যে সন্তোষ লাভ করিয়া থাক, আমি তাহা জানি। এক্ষণে তোমার সেনাগণ ক্ষুধিত হইয়াছে, আমি উহাদি-গকে ভোজন করাইব, আর তুমিও আমার বাসনানুরূপ আতিথ্য গ্রহণ কর। তুমি কি জন্য বহুদূরে সৈন্য রাখিয়া এন্থানে আইলে? কি কারণেই বা সবলবাহনে.আগমন করিলে না?

তথন ভরত ক্লভাঞ্জলিপুটে কহিলেন তপোধন! আমি আপনারই ভয়ে সসৈন্যে আসিতে পারিলাম না। রাজা হউন, বা রাজপুত্রই হউন, তাপসগণের অধিকার যতুপূর্ম্বক পরিহার করা সকলেরই কর্ত্তবা। এক্ষণে উৎক্রমী আমা, প্রমত্ত হস্তী ও মনুষ্যেরা প্রশস্ত ভূমিখণ্ড আরত করিয়া আমার সঙ্গে চলিয়াছে। উহারা পাছে বৃক্ষ সকল ভগ্ন ও জল নম্ট করিয়া তপো-

বনের বাধা জন্মায়, এই আশক্কায় আমি একাকীই আসিয়াছি।
তথন ভরদ্বাজ কহিলেন, বৎস! তুমি সেনাগণকে এই স্থানে
আনয়ন কর। ভরতও তাঁহার বাক্যে তৎক্ষণাৎ সমত হইলেন।

অনস্তর মহর্ষি, অগ্নিশালায় প্রবেশ করিয়া, সলিল দারা আচমন ও তুইবার ওষ্ঠ মার্জণ পূর্ব্বক আতিখ্যের নিমিত্ত বিশ্বকর্মাকে এইরপে আহ্বান করিলেন.—আমি তক্ষণাদি কার্য্য-কুশল বিশ্বকর্মাকে আহ্বান করিতেছি, তিনি আমার এই অতিথি-সৎকারের ইচ্ছা সম্পন্ন কৰুন। আমি ইন্দ্রাদি তিন জন লোক-পালকে আহ্বান করিতেছি, তাঁহারা আমার এই অতিথিসং-কারের ইচ্ছা সম্পন্ন কৰুন। যাঁহাদের ভ্রোত পশ্চিমাভিমুখী এবং ঘাঁহারা তির্য্যক্গামা, পৃথিবী ও অন্তরীক্ষের সেই সকল নদী চতুর্দ্দিক হইতে এই স্থানে আমুন : তাঁহাদের মধ্যে কেহ কেহ মৈরেয় মদ্য, কেছ কেহ স্থসংস্কৃত স্থরা এবং কেহ কেহ বা ইক্ষুরসস্বাহু সুশীতল জল প্রবাহিত করিতে থাকুন। আমি अन्यान्य एक गञ्जर्स एको **७ गञ्जर्वी मिग**रक आस्तान कति-তেছি,— মৃতাচা, বিশ্বাচী, মিশ্রকেশী, অলমুষা, নাগদত্তা, হেমা ও পর্ব্বতবাসিনী সোমাকে আহ্বান করিতেছি;—স্থররাজ পুরস্কর ও পদ্মযোনি ত্রন্ধার নিকট ফাঁহারা গমনাগমন করিয়া থাকেন, সেই সকল অপ্সরাকেও আহ্বান করিতেছি, তাঁহারা এক্ষণে স্মজ্জিত হইয়া তুষু কর সহিত এন্থানে আগমন ককন। উত্তর

কুকতে বে দিবা বন আছে, বসনভূষণ বাহার পাত্র, স্বন্ধরী নারী বাহার ফল, তাহা এখানেই দৃষ্ট হউক। এই স্থানে ভগবান্ সোম, ভক্ষ্য ভোজ্য প্রভৃতি চতুর্মিধ অন্ন প্রদান করুন। বৃক্ষচ্যুত বিচিত্রমালা, স্বরা প্রভৃতি পানীয় ও নানা প্রকার মাংস
স্বলভ করিয়া দিন। মহর্ষি ভরদ্বাজ, তপ ও সমাধি প্রভাবে
শিক্ষা-স্বর প্রয়োগ পূর্ম্বক এইরূপ কহিয়া বিরত হইলেন এবং
পশ্চিমাভিমুখী হইয়া ঐ সমস্ত দেবতার আবির্ভাব কামনা
করিতে লাগিলেন।

অনন্তর আছ্ত দেবতারা প্রত্যেকে পৃথক পৃথক আসিয়া উপস্থিত হইলেন। সমীরণ, মলয় ও দর্মর পর্বত হইতে মৃত্ব্ মন্দ্র প্রথম গুণে প্রীতিপ্রদ ও প্রথম হইয়া বহিতে লাগিল: মেঘ সকল পৃষ্পর্বটি আরম্ভ করিল; চতুর্দিকে দেবহুন্দুতিরব; অপ্সরা সকল নৃত্য এবং গদ্ধর্বেরা গান করিতে প্রয়ন্ত হইল; বীণাধ্বনি হইতে লাগিল। উহার তানলয়সক্ত মধুর স্বর ভূলোক ও অন্তরীক্ষে গিয়া প্রবেশ করিল। ঐ সমন্ত শ্রোত্তপ্রশকর শব্দ উপিত হইলে, রাজকুমার ভরতের সৈনোরা বিশ্বকর্মার আশ্বর্যা রচনা সকল দেখিতে লাগিল। সেই ভূমি চারি দিকে পঞ্চযোজন হইয়াছে, সমতল ও নীলবৈত্বর্যামণিতুল্য হরিৎবর্ণ তৃণে সমাছেয়; বিলু কপিশ্ব পনস স্বকেশর \* আমলকী

होवा (सतू।

ও আত্র এই সকল বৃক্ষ ফলভরে অবন্ত হইয়া আছে।
উত্তর কুক হইতে দিব্যভোগপ্রদ চৈত্ররথ কানন আসিয়াছে।
তীরতক্সমাকীর্ন তরকিনী প্রবাহিত হইতেছে। ধবল চতুঃশাল গৃহ, মন্দুরা, হর্ম্যা, এবং শুল্রমেঘতুল্য তোরণশোভিত
চতুস্বোণ স্থপ্রশন্ত শুক্রমাল্যে অলক্ষ্ড স্থান্ধি সলিলে
স্থবাসিত রাজপ্রাসাদ প্রস্তুত হইয়াছে। উহার মধ্যে
স্থরচিত শব্যা, আন্তীর্ন আসন, যান, উৎকৃষ্ট ভোজ্যা, ধ্যেত
পাত্র, বস্ত্রা, ও নানা প্রকার স্বান্ধ্য রসও সঞ্চিত আছে।

রাজকুমার তরত, মহর্ষি তরদাজের অনুজ্ঞা লইয়া, মন্ত্রী ও পুরোহিতগণের সহিত গৃহপ্রবেশ করিলেন। বাস-ব্যবস্থা দর্শনে তৎকালে সকলেরই মনে হর্ষ জন্মিল। তথায় রাজ-দিংহাসন, দিব্য ব্যজন ও ছত্র ছিল, তরত, মন্ত্রিগণের সহিত তৎসমুদায় প্রদক্ষিণ করিয়া, উদ্দেশে রামকে প্রণাম করিলেন, এবং ঐ সিংহাসন পূজা করিয়া, চামরহস্তে সচিবের আসনে উপবিষ্ট হইলেন। তাঁহার পর মন্ত্রী, পুরোহিত, সেনাপতি, ও শিবিররক্ষকেরাও আনুপূর্ব্বিক বসিলেন।

ঐ সময়ে প্রজাপতিপ্রেরিত বিংশতি সহস্র এবং কুবের-প্রহিত বিংশতি সহস্র রমণী, মণিমুক্তাপ্রবালে ভূষিত হইয়া তথায় উপক্রিত হইল। উহারা যে পুৰুষকে হস্তগত করে, সে উন্মত্তের ন্যায় হইয়া উঠে। অনস্তর নন্দন কানন হইতে বিংশতি সহজ্র অপ্যারা আগমন করিল। গান্ধকরাজ নারদ তুম্ব ও গোপ আসিয়া, ভরতের অত্যে গান করিতে লাগি-লেন। অলমুষা মিত্রকেশী পুণ্ডরীকা ও বামনা নৃত্য আরম্ভ कतिराम । दिवासी के टिच्चतथ कानति य भाना चाहि, ভরদ্বাজের প্রভাবে প্রয়াগক্ষেত্রে তাহা নিরীক্ষিত হইতে লাগিল। বিল রুক্ষ মৃদঙ্গবাদক, বিভীতক সম\*আহী ও অখ্যথেরা নর্ত্তক হইল। সরল, তাল, তিলক, ও তমাল, কুব্রা ও বামনের রূপ ধারণ করিল। শিংশপা । আমলকী, জন্ম প্রভৃতি পাদপ এবং মল্লিকাদি লতা প্রমদারূপে উপস্থিত হইল। কহিতে লাগিল, খুরাপায়িগণ! সুরাপান কর, ক্ষুধাত্তগণ! সুসং-ন্ধৃত মাংস ও পায়স প্রাচুররূপ আহার কর। তৎকালে প্রত্যে-ককে, সাত আট জন স্ত্রীলোক স্থরম্য নদীতীরে লইয়া গিয়া স্থান এবং কেছ কেছ মধু পান করাইতে লাগিল। কোন कान महिला शांपमर्पन, এবং किह किहता अक्रमार्ड्सन আরম্ভ করিল। পালকেরা, হস্তা অশ্ব উষ্ট্র গর্দ্দভ ও বৃষভদিগকে আহার করাইতে প্রবৃত্ত হইল। কোন কোন মহাবল, যোদ্ধ্যানের বাহনদিগকে ইক্ষু মধু ও লাজ যথেষ্ট ভোজন করিতে দিল। ঐ সময় সকলেই মধুপানে মত্ত, স্বতরাং অশ্বরক্ষক অশ্বের এবং হস্তিপকেরা হস্তীর কোন বার্তাই

<sup>\*</sup> বাদ্যের তাল বিশেষ 🕂 শিশু গাছ

রাখিল না। দৈন্যেরা পানভোজনে পরিত্প্ত রক্তচন্দনে রঞ্জিত ও অপ্যরাদিণের সহিত মিলিত হইয়া কহিতে লাগিল. অতঃপর আমরা আর অযোধ্যা কি দণ্ডকারণ্য কুত্রাপি গমন করিব না, এক্ষণে রাম ও লক্ষ্মণের জয়জয়কার হউক। ফলতঃ সকলে এইরূপ স্বেচ্ছানুরূপ আহারবিধি লাভ করিয়া, যার পর নাই পরিতুষ্ট হইল। কেহ কেহ ইহাকেই স্বর্গ মনে করিয়া হর্বভরে নিনাদ পরিত্যাগ করিতে লাগিল। কেহ নুত্য কেহ গান ও কেহ বা হাস্য আরম্ভ করিল এবং কেহ কেহ্বা গলে যাল্য ধারণ পূর্বেক ইত্ততঃ ধাবেমান হইল। যাহার। একবার আহার করিয়াছে, ঐ সমস্ত উংক্রম্ট ভোজ্য দর্শনে ভাহাদের পুনরায় ভোজনেচ্ছা জিফাল। দাস দাসী ও বধূদিগের মধ্যে দকলেরই নৃতন বস্ত্র পরিধান এবং সকলেই সন্তুট। পশু পক্ষী সকল সুপুষ্ট হইল, দ্ব্যান্তর এহণে উহাদের আর প্রায়ৃতি রহিল না। তথায় প্রত্যেকের বস্ত্র ধবল, কেহ ক্ষুধিত বা মলিন নহে এবং কাহারই কেশ গূলিতে অপরিচ্ছুন্ন নাই। সকলে কুত্রম-স্তবকমুশোভিত শুক্লান্নপূর্ণ স্থা ও রজতময় বহুসংখ্য পাত্র বিস্ময়সহকারে দেখিতে লাগিল। ঐ সমস্ত পাত্তে ফলরসসিদ্ধ স্থান্ধি স্থপ, উৎকৃষ্ট ব্যঞ্জন এবং ছাগ ও বরাহের মাংস রহি-য়াছে। বনবিভাগস্থ কৃপ সমূহে পায়সের কর্দম দৃষ্ট হইল। ধেরু-গণ অভীষ্ট প্রদান এবং রক্ষ সকল মধু ক্ষরণ করিতে লাগিল।

পরিতপ্ত পিঠরপক মৃগ ময়ৄর ও কুকুটের মাংস এবং মদ্যে দী
ঘিঁকাসকল পরিপূর্ণ হইয়াছে। অয়াধার, ব্যঞ্জনন্থালী, ও হেমময়

হস্তপ্রকালন পাত্র শতসহত্র সঞ্চিত আছে। কুস্তু ও করন্তে

দধি, হুদে স্থবিহিত স্থান্ধি কেশরগোর তক্রে, রসাল, হুয়, ও

সর্করা। স্বানঘটে চূর্ণক্ষায়, \* কল্ক প্রভৃতি বিবিধ স্নানীয়

দব্য স্থসজ্জিত আছে। নির্মাল কুর্চিত্রমুখ দস্তকাষ্ঠ, করক্রে

থেতচন্দনকলক, পরিস্কৃত দর্পণ, বসন, পাছকা, † উপানহ,

কজ্জলকরণ্ডিকা, কঙ্কত, ‡ কুর্চ্চ, ইছত্র, ধরু, বর্ম, শয্যা ও আসন

সকল প্রস্তুত। হস্তী অশ্ব খর ও উট্রদিগের প্রতিপান হদ,

কমলদলস্থশোভিত স্বচ্নসলিলসম্পন্ন আকাশের ন্যায় শ্যামল

সরোবর, এবং নীলবৈত্র্ব্যবর্ণ কোমল তৃণ সকলও প্রত্যক্ষ

হইতে লাগিল।

সৈন্যেরা এই স্বপ্নকম্প অত্যস্তুত আতিথ্যব্যাপার দর্শন করিয়া, যার পর নাই বিশ্মিত হইল এবং নন্দন কাননে স্থরগণের ন্যায় ঐ আশ্রমে রাত্তি যাপন করিল। অনস্তর গন্ধর্ম ও অপ্সরা সকল মহর্ষি তরদ্বাজ্ঞের অনুমতি লইয়া প্রস্থান করিলেন। সৈন্যেরা মদিরা মন্ত এবং মাল্য সকল মর্দিত ও ইতস্ততঃ বিশ্মিপ্ত হইয়া রহিল।

<sup>•</sup> গন্ধ তৃণ † খড়ম ‡ কাঁকুই § কুঁচি

## দ্বিনবভিত্য সর্গ।

অনস্তর ভরত সপরিবারে আতিথ্যসংকারে প্রীত হইরা, রামের দর্শনলাভার্থ মহর্ষি ভরদ্বাজের সন্নিধানে উপস্থিত হই-লেন। ভরদ্বাজ অগ্নিহোত্র অনুষ্ঠান পূর্বক আশ্রম হইতে নিক্ষাস্ত হইতেছিলেন, তিনি ভরতকে কতাঞ্জলি পুটে উপস্থৈত দেখিয়া জিজ্ঞাসিলেন বংস! তুমি ত আমার আশ্রমে মুখে রাত্রিষাপন করিয়াছ? ভোমার সৈন্যেরা ত আতিখ্যে তৃপ্তিলাভ করিয়াছে?

তথন ভরত তাঁহাকে অভিবাদন পূর্মক কতাঞ্জলি হইয়া কহিলেন ভগবন্! আমি সবলবাহনে পরম স্থাথ নিশা অভি-বাহন করিয়াছি। আমাদের শরীরে কিছুমাত্র প্লানি নাই। আমরা উৎক্ষ গৃহ, প্রচুর অন্নপান, আপনার প্রসাদে প্রাপ্ত হইয়াছি। এক্ষণে আমি রামের সন্নিধানে চলিলাম, আপনাকে আমন্ত্রণ করিভেছি, আপনি আমায় স্লিগ্রন্থিতে দর্শন করিবেন। সেই ধর্মপরায়ণ রামের আশ্রম কতদূর এবং উহা কোন্ দিক দিয়াই বা বাইতে হইবে আপনি ভাহাও বলিয়া দিন। ভরবাজ ভাতৃদর্শনার্থী ভরতকে কহিলেন, বংস! এই স্থান হইতে সার্দ্ধ বিক্রোশ অন্তর নিবিড় কাননমধ্যে চিত্রকূট নামক এক পর্বাত আছে। উহার বন ও প্রস্ত্রবাণ অতি মনোহর। ঐ পর্বাতের উত্তর পাশ্ব দিয়া ভাগারথী প্রবাহিত হইতেছেন। ভোমার ভ্রাতা ঐ চিত্রকূটে পর্ণশালা প্রস্তুত করিয়া বাস করিয়া আছেন। তুমি এক্ষণে যমুনার দক্ষিণ তীর দিয়া কিয়-দ্র গমন কর। পরে ঐ পথের বামভাগে দক্ষিণাভিমুখী বে পথ গিয়াছে, তাহা ধরিয়া এই চতুরঙ্গ সৈন্য লইয়া যাও. ভোহা হইলেই ভুমি রামকে দেখিতে পাইবে।

অনন্তর রাজমহিবীরা গমনের কথা শুনিয়া যান হইতে অবতরণ পূর্বাক মহার্য ভরদাজকে পরিবেইন করিলেন। দেবী কোশল্যা, স্থমিত্রার সহিত দীনভাবে কম্পিতকলেবরে উহাঁর চরণে প্রণিপাত করিলেন। সর্বালাকৃনিন্দিতা কৈকেয়ীর মনোরথ পূর্ণ হয় নাই, তিনি অত্যন্ত লক্ষ্রিত হইয়া প্রণাম করিলেন এবং তাঁহাকে প্রদক্ষিণ করিয়া অদূরে দীনমনে ভরতের সমিধানে দণ্ডায়মান রহিলেন। তখন ভরদ্বাজ ভরতকে জিজ্ঞাসিলেন, বৎস! আমি তোমার মাতৃগণের বিশেষ পরিচয় লইতে ইচ্ছা করি। ভরত ক্রতাঞ্জলিপুটে কহিলেন ভগবন্! যাঁহাকে শোক ও অনসনে ক্লশ দেখিতেছেন, ইনি পিতার মহিষা, ইহাঁরই গর্তে রাম জন্ম গ্রহণ করিয়াছেন। দেবা

অদিতি যেমন উপেন্দ্রকে, ইনি সেইরপ রামকে প্রসব করি-য়াছেন। যিনি শীর্ণকুম কর্ণিকার শাখার ন্যায় ইহাঁর বাম-পার্ষে বিরসমনে রহিয়াছেন, ইনি মহারাজের মধ্যমা মহিষী স্মিত্রা। মহাবীর লক্ষ্মণ ও শক্রম্ন ইহাঁরই পুত্র। আর যাঁহার নিমিত্ত রাম ও লক্ষণ মৃত্যুতুল্য আপদে পতিত হইরাছেন এবং মহারাজ দশর্থ পুত্র বিহীন হইয়া স্বর্গে অধিরোহণ করিয়াছেন, এই সেই আর্য্যরূপিণী অনার্য্য কৈকেয়ী, ইনি অত্যন্ত নির্কোধ ক্রোধনম্বভাব সেভাগ্যগর্কিত ও ক্র। এই পাপীয়সীই আমার জননী, ইহাঁ হইতেই আমার ভাগে এইরূপ বিপদ ঘটিয়াছে। ভরত বাষ্পান্দাদ বচনে এই বলিয়া আরক্তলোচনে ক্রন্ধ ভুজঙ্গের ন্যায় ঘন ঘন নিশ্বাস ফেলিড়ে লাগিলেন। তখন মহামতি ভরদ্বাজ তাঁহাকে কহিলেন, বৎস! তুমি তোমার জননীর উপর দোবারোপ করিও না। রামের এই নির্বাসন সুফল প্রদর্শন করিবে; এই ঘটনায় দেব দানব ও ঋষিগণের হিতকর কার্য্য অবশ্যই সাধিত হইবে।

অনস্তর ভরত মহর্ষি ভরদ্বাজকে অভিবাদন, প্রদক্ষিণ ও আমন্ত্রণ করিয়া সৈন্যসংযোগের আদেশ করিলেন। তাঁহার আদেশমাত্র বহুসংখ্য লােক অশ্ব রথ স্থসজ্জিত করিয়া প্রস্থানার্থ আরাহণ করিল। করা ও করেণু স্বর্ণশৃঞ্জলসংযত ও পাতাকা শােভিত হইয়া বর্ষাকালীন জলদের ন্যায় গর্জন সহকারে গমন করিতে লাগিল। লঘুভারযুক্ত বিবিধ যান
সকল চলিল। পদাতিরা পদত্রজে যাইতে প্রবৃত্ত হইল।
কৌশল্যা প্রভৃতি রাজমহিষী রামদর্শন মানসে হাউমনে উৎকৃষ্ট
যানে আরোহণ পূর্বক গমন করিতে লাগিলেম। রাজকুমার
ভরত, পরিচ্ছদ পরিধান পূর্বক নবোদিত চক্রস্থর্যের ন্যায় উজ্জ্বল
শিবিকায় উত্থিত হইয়া চলিলেন। এইরপে ঐ চতুরঙ্গ সৈন্য দক্ষিণ
দিক আরত করিয়া, উদিত মহামেঘের ন্যায় প্রস্থানে প্রবৃত্ত
হইল এবং ক্রমশঃ গঙ্গার পশ্চিম তীর দিয়া, মৃগ ও পক্ষিদিগকে চকিত ও ভীত করিয়া, অতি নিবিড় বনে প্রবেশ
করিল।

#### ত্রিনবতিত্য নূর্য।

অনম্ভর অরণ্যে যুধপতি সকল, ঐ সমস্ত সৈনোর কোলা-ছলে ব্যতিবত্তে হইয়া, মৃগ্যুপের সহিত পানায়নে প্রবৃত্ত ভইল। পৃথত, কক, ও ভল্ল কেরা গিরি নদী ও কাননে নিরী-ফিত হইতে লাগিল। ভরতের সাগরপ্রবাহসদৃশ সৈন; ব্র্বার মেঘ যেমন আকাশকে আচ্ছন্ন করে, তদ্রূপ বনভূমিকে শারুত করিল, এবং উহাদের গমনকালে মহাবল হস্তী ও অংশ ার্ব হইরা উহা বত্কৰ অদৃশ্য হইয়ারহিল। কেমশং ভরত বহুদূর অভিক্রম ক্রিলেন। তাঁহার বাহন সকলও ক্লান্ত 'ও পরিশ্রান্ত হইয়া পড়িল। অনস্তুর তিনি বশিষ্ঠকে কহিলেন, ভপোধন! এই স্থান যেরূপ দেখিতেছি, যে প্রকার শুনিয়াও ছিলাম, ইছাতে বোধ হইতেহে, আমরা সেই ভরদ্বাজ-নির্দিট প্রদেশে উপস্থিত হইলাম। এই চিত্রকূট পর্বতে, ইহার নিম্নে মন্দা-কিনী প্রবাহিত হইতেছেন। অদূরেই নিবিড় মেখের ন্যায় বন। এক্ষণে আমার পর্বতাকার মাতঙ্গণ স্থরম্য গিরিশুক্স মর্দ্দিত

করিতেছে, তরিবন্ধন স্থনীল মেঘ যেমন জলধারা বর্ষণ করে, তদ্রপ শিখরজাত রক্ষ সকল পুষ্পর্ফী আরম্ভ করিয়াছে! শক্রম্ব! ঐ সমস্ত কিন্নরজাতির অধিকার, উহা সাগরগর্ভে মকরের ন্যায় অস্থে আকীর্ণ রহিয়াছে। মুগেরা প্রেরিভ হইয়া, চারি দিকে শারদীয় অত্রের ন্যায় বায়ুবেগে ধাবমান হই-রাছে। চর্মধারী বারগণ দাক্ষিণাত্যদিগের ন্যায় কুস্তমের শিরোভূষণ ধারণ করিতেছে। তুরগখুরোডডীন ধূলিজাল গগনতল আরত করিয়া আছে, বায়ু শীঘ্র ভাষা অপসারিত করিয়া, যেন আমার ইফ সাধনই করিতেছে। এই অরণ্য জন-শুন্য ও ঘোরদর্শন হইলেও আজ আমি ইহাকে লোক-সঙ্কুল অবোধ্যার ন্যায় দেখিতেছি। বনমধ্যে রথ সকল অর্থসাহায্যে কেমন শীদ্র যাইতেছে, এবং রথশবে প্রিয়দর্শন ময়ুর-পণ ভীত হইয়া, বিহঙ্কের বাসভূমি পর্বতে আসিতেছে। ঐ সমস্ত মৃগ ও মৃগী কি স্থন্দর, উহাদের দেহ যেন কুসুমে চিত্রিত হইয়াছে। এই স্থান অত্যন্ত মনোহর, এই তাপস-নিৰাস নিশ্চ-য়ই স্বর্গ। এক্ষণে আমার সৈন্য সকল যথোচিত গমন কৰুক, এবং যাহাতে রাম ও লক্ষ্মণকে দেখিতে পায়, সর্বত্র এইরূপ অনুসন্ধানে প্রবৃত্ত হউক।

ভরতের আদেশমাত্র শস্ত্রধারী বীরপুরুষেরা অরণ্যে প্রবেশ করিয়া দেখিল, এক স্থান হইতে ধূমশিখা উত্থিত হইতেছে। ভদ্দর্শনে উহারা ভরতের সন্নিহিত হইয়া কৃহিল, লোকালয়শূন্য স্থানে অগ্নিথাকা অসম্ভব, একণে নিশ্চয় কহিতেছি, রাম ও লক্ষণ এই বনে বাস করিয়া আছেন। অথবা তাঁহারা নাও হইতে পারেন, বোধ হয়, রামসদৃশ ভাপসেরা অবস্থান করিতেছেন। তখন ভর উহাদিগকে কহিলেন, এই স্থানে ভোমরা নীর্বে থাক, অভঃপর আর অগ্রসর হইও না। আমি, স্থমন্ত্র, ও গ্লভি, আমরাই কেবল এক্ষণে গমন করিব।

অনন্তর সৈন্যের। এইরপ আদিই হইবামাত্র নিস্তব্ধভাবে রামের দর্শনপ্রতীক্ষায় আনন্দমনে তথায় কাল্যাপন করিতে লাগিল। ভরতও যে দিকে ধূমশিখা সেই দিক লক্ষ্য করিয়া যাইতে লাগিলেন।

# চতুর্বতিত্য সর্গ।

এদিকে রাম বহু দিন চিত্রকটে আছেন, তিনি আপনার চিত্ত বিনোদন এবং জানকীর তুটি সম্পাদন উদ্দেশে কহিলেন, জানকি! এই রম্বীয় শৈলদর্শনে রাজ্যনাশ ও স্থহাদ্বিচ্ছেদ আর আমায় তাদুশ কাতর করিতেছে না। পর্বতের কি আশ্র্য্য শোভা ; ইহাতে বিহঙ্গের। নিরম্ভর বাস করিতেছে ; শৃঙ্গ সকল আকাশভেনী ; গৈরিকাদি নানাপ্রকার ধাতু আছে বলিয়া, ইহার কোন স্থান রজভবর্ণ কোন স্থান রক্তবর্ণ, কোন স্থান পীত, কোন স্থান মঞ্জিষ্ঠারাগযুক্ত, কোথাও নীলকান্ত মণির ন্যায় প্রভা, কোথাও বা ক্ষটিক ও কেতক পুষ্পের ন্যায় খাভা, এবং কোন কোন স্থানে নক্ষত্র ও পারদের সদৃশ জ্যোতিও मृक्षे इहेटल्ह। **এই পর্মতে অহিংত্রক নানাপ্রকার মৃগ এবং** ব্যাত্র ও তরক্ষু ইতস্ততঃ সঞ্চরণ করিতেছে। আত্র, জম্বু, অসন, লোধ, পিয়াল, পনস, ধব, অক্লোল, ভব্যতিনিশ, বিল্ল, তিন্দুক, বেণু, কাশ্মরী, অরিষ্ট, বরণ, মধূক, ভিলক, বদরী, আমলক,

নীপ, বেত্র, ইন্দ্রযব, ও বীজক প্রভৃতি ফলপুষ্প-স্লেশভিত ছায়াবহুল মনোহর বৃক্ষ সকল বিরাজিত রহিয়াছে। ঐ সমস্ত প্রম্য শৈলপ্রস্থে কিন্তরমিথুন পরমন্ত্রে বিহার করিতেছে। অদূরে বিদ্যাধরীদিগের ক্রীড়াস্থান। ঐ স্থানে উৎকৃষ্ট বস্ত্র ও থজা সকল্ রক্ষণাখায় সংলগ্ন আছে। কোথাও জলপ্রপাত, কোথাও উৎস, এবং কোথাও বা নিঃস্যন্দ, স্নতরাং শৈল যেন মদজাবী মাতক্ষের ন্যায় শোভা পাইতেছে। গুহাগর্ভ इरेट मगोत्र खानज्ञीन कुल्याम वहन कृतिया मकल्क পুলকিত করিতেছে। জানকি! তোমার ও লক্ষণের সহিত যদি আমি বহুকাল এই পর্বতে বাস করি, শোক কোনমতেই আমায় অভিভূত করিতে পারিবে না। এই ফলপুষ্পপূর্ণ বিহন্ধ-কুল-ক্জিত সুরম্য গিরিশৃঙ্গে আমি যথেষ্টই প্রীতি লাভ করি-ভেছি। তুমি আমার সহিত চিত্রক্ট পর্বতে বাক্য মন ও দেহের অনুক্ল নানাপ্রকার বস্তু দর্শন করিয়া, কি আনন্দিত হইতেছ না? আমার পূর্বাপিতামহণণ দেহান্তে সংসারক্রেশ-শান্তির নিমিত্ত বনবাসকেই মোক্ষসাধন বলিয়া নির্দেশ করিয়া-ছেন। যাহাই হউক, এক্ষণে অরণ্য আশ্রয় করিয়া পিতার ঋণ-মুক্তি ও ভরতের প্রীতি উভয়ই প্রাপ্ত হইলাম। এই পর্বতে রজনীতে ওবধি সমুদায় স্থকান্তিপ্রভাবে অগ্নিশিখার ন্যায় দৃশ্যমান হইয়া থাকে। ইহার চতুর্দ্ধিকে নানাবর্ণের বিশাল শিলা

সকল রহিয়াছে, ইহার কোন স্থান গৃহসদৃশ ও কোন স্থান উন্থানতুলা। ঐ সমস্ত বিলাসিগণের আন্তরণ; উহা স্থার, পুরাগ, ভূর্জপত্র, ও উৎপলে বিরচিত হইয়াছে। ঐ দেখ, উহারা ফল ভক্ষণ করিয়াছে এবং পদ্মের মাল্য দলিত ও বিক্ষিপ্ত করিয়া ফেলিয়াছে। প্রিয়ে! বোধ হইতেছে, যেন, এই চিত্রকূট পৃথিবী ভেদ করিয়া উদ্ধ্রে উন্ধিত হইয়াছে। ইহার শিখর অতি স্থানর। কুবের নগরী বর্ম্বোকসারা, ইন্দ্রপুরী নলিনী, ও উত্তর কুক্তেও অতিক্রম করিয়া, ইহা স্থানোভিত আছে। এক্ষণে আমি স্থানিয়ম অবলম্বন পূর্মাক সৎপথে অবস্থান করিয়া, এই চতুর্দ্ধশ বৎসর লক্ষ্মণ ও তোমার সহিত যদি এই স্থানে অতিবাহিত করিতে পারি, তাহা হইলে কুলধর্মপালন-জনিত স্থা অবশ্যই প্রাপ্ত হইব, সন্দেহ নাই।

## পঞ্চনবতিত্ব সর্গ।

অনন্তর প্রপ্লাশলোচন রাম, চিত্রকূট হইতে নিক্ষুব্ত হইয়া, চন্দ্রাননা জানকীকে কহিলেন, অন্নি প্রিয়ে! এই স্থানে মন্দাকিনী প্রবাহিত হ**ইতেছেন।** এই নদীর পুলিন অতি রম-ণীয়, ই**হাতে হংস ও সারসেরানিরম্ভর কলরব করিতেছে।** তীরে ফলপুষ্পপূর্ণ নানাবিধ রক্ষ শোভা পাইতেছে। ইহার অবভরণপথ অভি মনোহর। এক্ষণে ভটের সন্নিহিত জল অভ্যস্ত আবিল হইয়াছে, এবং তৃষ্ণার্ভ মৃগেরা আসিয়া উহা পান করিতেছে। ঐ দেখ, জটাজিনধারী ঋষিগণ যথাকালে এই ননীতে অবুগাহন করিতেছেন। উদ্ধবাহু মুনিরা সূর্যো-পস্থান এবং অন্যান্য সকলে জপ করিতে প্রবৃত্ত হইয়াছেন। তীরস্থ বৃক্ষ সকল পুষ্প ও পল্লবে অলফ্বত, উহাদের শাখাগ্র বায়ু-ভরে পরিচালিত হইতেছে ; তদ্দর্শনে বোধ হয়, যেন পর্বত স্বয়ংই নৃত্য আরম্ভ করিয়াছে। মন্দাকিনীর কোন স্থলে জল যেন মণির ন্যায় নির্মাল, কোন স্থলে পুলিন, কোন স্থলে বহু সংখ্য

সিদ্ধ পুৰুষ, কোন স্থলে বা পুষ্পারাশি: ঐ সকল পুষ্প বায়ু-বেগে প্রবাহিত হইয়া বারংবার জলে নিমার হইতেছে। চক্রবাক সকল কলরব করিয়া পুলিনে আরোহণ করিতেছে। প্রিয়ে! বোধ হয়, মন্দাকিনী ও চিত্রকূট, পুরবাস ও ভোমার দর্শন অপেক্ষাও অধিকতর মুখাবহ। তথ সংযম ও শান্তিগুণ-সম্পন্ন নিষ্পাপ সিদ্ধেরা ইহার জলে প্রতিনিয়ত স্থানানি করিয়া থাকেন, তুমি স্থার ন্যায় আমার স্হিত ইহাতে ষ্বগাহন এবং রক্ত ও স্বেত পদ্ম সকল উত্তোলন কর। তুমি হিংস্ত জন্ত সকলকে পৌরজনের ন্যায়, পর্বতকে অহোধার নাায় এবং মন্দাকিনীকে সর্যুর নাায় অনুমান কর। ধর্মপরায়ণ লক্ষ্মণ আমার আজ্ঞাকারী, এবং ভূমিও আমার অনুকুল, এই উভয় কারণে এক্ষণে আমি, যার পার নাই আন-क्ति इंटेडिइ। এই नहीट जिक्नीन स्नान वर्तत कल गूल ভক্ষণ ও মধুপান করিয়া আমি আজ ভোমার সহিত অযোধ্যা कि ताका कि इरे बा जिलाय कित ना। विलाख कि, निरोख অবগাহন করিয়া গতক্রম নাহয়, এমন কেহই নাই। রাম, মক্লাকিনিপ্রাসঙ্গে জানকাকে এইরপ কহিয়া, তাঁহারই সহিত কজ্জলের ন্যায় নালপ্রভ চিত্রকুটে পাদচারে পরিভ্রমণ করিতে লাগিলেন ৷

# বগ্নবভিত্য সর্গ।

অনস্তর রাম পঝ ভিশুকে উপনিষ্ট হইয়া, সীভাকে কহি-লেন, প্রিয়ে ! নেখ, এই মৃগমাংস অতান্ত স্বাত্ন ও পরিত্র, এবং ইহা অগ্রিতে সংস্থার করা হইয়াছে। এই বলিয়া, তিনি সীতার চিত্ত বিনোদন করিভেছেন, এই সময়ে সৈন্যের চরণোখিত রেণু নভোমণ্ডলে দৃষ্ট হইল, দিগন্তব্যাপী তুমুল কোলাহলও শ্রুতিগোচর হইতে লাগিল। তখন রাম অকন্মাং এই ঘোরতর শব্দ শুনিতে পাইয়া, এবং মৃগ্যুথপতিদিগকে চতু-র্দিকে মহাবেগে গমন করিতে নেথিয়া, লক্ষণকে আহ্বান পুর্বাক কহিলেন, লক্ষ্মণ! দেখ, চতুর্দ্দিকে মেঘনির্ঘোষের ন্যায় ভয়ক্ষর গম্ভীর রব শুনা যাইতেছে, এবং মৃগ হস্তী ও মহিষেরা সিংহের ভারে ধাবমান হইয়াছে, ইহার কারণ কি ? এক্ষণে কি কোন রাজা বা রাজপুত্র বনে মৃগয়া করিতে আসিয়াছেন? না আর কোন ছুফ জন্তুর উপদ্রব উপস্থিত। ভাই! এই চিত্রকূট পক্ষিগণেরও অগমা, অকমাৎ কেন এই প্রকার ঘটিল, তুমি শীত্রই ইছার কারণ অনুসন্ধান কর।

্ ভখন লক্ষণ অবিলম্বে এক কুমুমিত শাল বৃক্ষে আরোহণ পূর্ব্বক ইতস্ততঃ দৃষ্টি নিক্ষেপ করিতে লাগিলেন। দেখিলেন, পূর্বাদিকে হস্তাখরথপূর্ণ বহুসংখ্য স্থসজ্ঞিত সৈন্য আসি-তেছে। অনন্তর তিনি রামকে এই রক্তান্ত জ্ঞাপন করত কহিলেন, আর্যা! এক্ষণে অগ্নি নির্মাণ করিয়া কেলুন: জানকী গৃহমধ্যে প্রবিষ্ট হউন, আর আপনি বর্ম ধারণ, কার্মুকে জ্যা আরোপণ ও শর গ্রহণ করিয়া প্রস্তুত হইয়া থাকুন।

রাম কহিলেন, লক্ষ্মণ! এই সমস্ত সৈন্য কাহার বেধি হয়, তুমি অত্যে তাহাই অনুসন্ধান করিয়া দেখা তখন লক্ষণ, ক্রোধে তৃতাশনের ন্যায় প্রজ্বলিত হইয়া, সৈন্যগণকে দগ্দ করিবার মানসেই যেন কহিতে লাগিলেন, আর্যা! কেকয়ীর পুর ভরত অভিধিক্ত হইয়া, রাজ্য নিক্ষণ্টক করিবার বাসনায় আমাদের নিধন কামনায় উপস্থিত হুইয়াছে। সন্মুখে এই যে অত্যুক্ত রেক্ষ দেখিতেছেন, উহার অন্তর্গুলে রুথের উন্নত কোবিদার-প্রজ দৃষ্ট হইতেছে। ঐ সমস্ত অস্থারোহী বেগ-গামী তুরগে আরোহণ পূর্বক এই দিকে আদিতেছে, হস্তি-পৃষ্ঠেও বহুসংখ্য লোক হাউমনে আগমন করিতেছে। আগ্য! এক্ষণে আমরা শরাসন এহণ পূর্ম্বক পর্মত আশ্রয় করিয়া থাকি ; অথবা বর্ম ধারণ ও অস্ত্র উত্তোলন করিয়া এই স্থানেই অব-স্থান করি: অন্ত ভরত কি যুদ্ধে আমাদের বশীভূত হইবে ? যাহার জন্য আমরা সকলে এইরূপ হুঃখ পাইতেছি, আজ আমি তাহাকে দেখিব। যাহার নিমিও আপনি রাজ্যচ্যুত হই-

লেন, এক্ষণে সেই শক্র উপস্থিত হইয়াছে, সে আমাদের বধ্য; তাহাকে বধ করিতে আমি কিছুমাত্র দোষ দেখি না। যে ব্যক্তি অগ্রে অপকার কারয়াছে, ভাহার বিনাশে কখন অধর্ম স্পার্শিবে না। ভরত প্রাপারাধা, ভাহাকে সংহার করিলে আমাদের ধর্ম লাভ হইবে, সদেহ নাই। এক্ষণে আপনি ঐ হুটকে বধ করিয়া সমগ্র পৃথিবা শাসন ককন। অছা রাজ্যলুরা কৈকেয়ী, তুঃখিত্তিতে ভরতকে আমার হত্তে হস্তিদম্ভবিদীর্ণ রুক্ষের ন্যায় নিহত দেখিবে। অদা আমি মন্থরার সহিত কৈকেয়ীকেও বিনাশ করিব। অদ্য বস্ত্রমতী মহাপাপ হইতে বিমুক্ত হউন। যেমন তৃণরাশিতে অ্লি নিকেপ করে, তদ্রপ আমি আঁজ শক্রসৈন্যে সঞ্চিত ক্রোধ ও অসৎকার পদ্ধিত্যাগ করিব। অদ্য শাণিত শরসমূহে শক্র-শরীর ছিন্নভিন্ন করিয়া চিত্রক্টের কানন শোণিতাক্ত করিয়া ফেলিব। এক্ষণে আমার শরদণ্ডে যে সমস্ত হন্তী অর্থ ও মনুষ্য খণ্ড খণ্ড হইয়া পড়িবে, শৃগাল ও কুকুর সকল ভাহাদিগকে আকর্ষণ কৰক। আমি নিশ্যুই কহিছেছি, ভরতকে সসৈন্যে নিহত করিয়া, অদ্য শরকার্মকের ঋণ পরিশোধ করিব।

# সপ্তনব্তিত্য সর্গ।

অনন্তর রাম, লক্ষ্মণকে ভরতের প্রতি একান্ত ক্রোণাবিষ্ট দেখিয়া সাস্ত্রনাবাক্যে কহিতে লাগিলেন, বৎস! মহাবল ভরত স্বয়ং উপস্থিত হইয়াছেন, এক্ষণে সচর্ম অসি ও শরাসনে কি প্রয়োজন। আমি পিভৃসভ্য পালনের অঙ্গীকার করিয়াছি, স্বভরাং যুদ্ধে ভরতকে সংহার করিয়া কলঙ্কিত রাজ্যেই বা আমার কি হইবে। আত্মীয় স্থজন ও বন্ধু বান্ধবকে বিনাশ করিলে, যে সমস্ত দ্রব্যের অধিকার সম্ভব, আমি বিধমিপ্রিত অনের নাায় তাহা কদাত প্রতিগ্রহ করিব না। এক্ষণে আমি শপথ করিয়া কহিতেছি, ধর্ম অর্থ কাম এবং পৃথিবীকেও কেবল ভোমাদের নিমিত্ত অভিলাষ করি ৷ অসু স্পূর্ণ করিয়া কহিতেছি, ভ্রাতৃগণকে পালন ও তাঁহাদের মুখবর্দ্ধনের জন্যই আমার রাজ্য লাভের বাঞ্ছা। লক্ষণ ! এই সাগরাম্বরা বমুন্ধরা আমার পক্ষে হর্লভ নহে; কিন্তু আমি অংশানুসারে ইক্রত্বও প্রার্থনা করি না। অধিক কি, ভোমাদিগকে উপেকা করিয়া আমি যে সুখের স্পৃহা করিব, অগ্নি যেন তাহা তৎক্ষণাৎ ভদ্মদাৎ করিয়া কেলেন। বৎস! একণে বোধ হয়, প্রাণা-ধিক ভরত মাতৃলগৃহ হইতে অযোধ্যায় আসিয়াছেন। আসিয়া,

আমার জটাচীর ধারণ এবং জানকা ও তোমার সহিত নির্বাসন এই অপ্রীতিকর সংবাদে যার পর নাই কাতর হইয়া. প্রেহতরে কেবল আমায় দেখিবার জন্য উপস্থিত হুইরাছেন। তাঁহার আসিবার অন্য কোন অভিপ্রায় সম্ভাবনা করিও না। এক্ষণে তিনি, জননী কৈকেয়ীর প্রতি ক্রোধ ও কটৃক্তি করিয়া। পিতার সমতিক্রমে আমায় রাজ্য সমর্পণ করিবেন। তিনি ভাতা ভরত, স্বতরাং আমাদিগের সহিত দাক্ষাৎ করা তাঁহার উচিতই হইতেছে। তিনি মনেও কখন আমাদের অহি-ভাচরণ করিবেন না। লক্ষণ। তুমি যে আজ ভাঁহাকে শ্রু। করিতেছ, ইহার কারণ কি ? তিনি কি কখন তোমার কোন অপকার করিয়াছেন ? এইরূপ ভয়ন্তর কথা কি কখন ভোমায় কহিয়াছেন ? তাঁহার প্রতি কোন প্রকার নিষ্ঠুর বাক্য আর প্রায়েগ করিও না। ভর্তকে রুঢ় কথা কহিলে আমাকেই লক্ষ্য করা হইবে। জানি না, সক্ষটকালে পুত্র পিতাকে এবং ভাতা প্রাণসম ভাতাকে কি প্রকারে সংহার করে। যদি রাজ্যের নিমিত্ত ঐ প্রকার কহিয়া থাক, তাহা হইলে আমি ভরতের সাক্ষাতে বলিব, তুমি ইহাঁকে রাজ্য দেও। খামি এইরপ কহিলে তিনি কখনই অম্বীকার করিবেন না।

লক্ষণ ধর্মপরায়ণ রামের এই কথা শুনিয়া, লজ্জীয় বেন দেহমধ্যে প্রবেশ করিলেন, এবং মনে মনে অভ্যস্ত সঙ্কৃচিত হইয়া

কহিলেন, আর্যা! বোধ হয়, পিতা স্বয়ংই স্থাপনাকে দেখিবার জন্য আসিয়াছেন। তখন রাম, লক্ষ্মণকে যৎপরোনাস্তি অপ্রস্তুত দেখিয়া, তাঁহার ভাবান্তর সম্পাদনের নিমিত্ত কহিলেন, ভাই! জ্ঞান হয়, পিতা এখানে ঐ নিমিত্তই উপস্থিত হইয়াছেন। দেখ, ভোগবিলাদে কালক্ষেপ করা আমাদের অভ্যাস, তিনি তাহা জানেন; এক্ষণে খামরা অরণ্যবাসে ক্লেশ পাইতেছি তিনি ইহা অনুধাবন করিয়া, আমাদিগকে গৃহে লইয়া যাইবেন সন্দেহ নাই। এই সেই বায়ুবেগগামী মহাবল হুই অশ্ব পরিদৃশ্য-মান হইতেছে। ঐ দেই শত্রুপ্তর নামে রুহৎকার বৃদ্ধ হস্তী সৈনগোণের অত্রে আগমন করিতেছে। কিন্তু তাঁহার সেই প্রথাত খেত ছত্র দেখিতেছি না: যাহাই হউক, এক্ষণে আমার মনে বিশেষ সংশয় উপস্থিত হইল। লক্ষ্মণ! ভূমি আমার কথা শুন এবং রক্ষ হইতে অবভরণ কর। **অনস্তার লক্ষ্য**ণ রামের আদেশমাত্র বৃক্ষ হইতে অবতার্ণ হইয়া ক্তাঞ্জলিপুটে তাঁহারই পার্শ্বে দণ্ডায়মান রহিলেন।

এদিকে ভরত লোকের সংমর্দ না হয়, এই জন্য সৈন্য-গণকে পর্বতের ইতস্ততঃ অবস্থান করিতে অনুমতি করিলেন। উহারাও তথায় সার্দ্ধ যোজন অধিকার করিয়া বাস করিতে লাগিল।

# অফীনবতিত্য সূৰ্গ।

অনস্তুর ভরত, গুৰুজনদেবক রামের নিকট পদত্রজে গমন করিতে অভিলাষী হইয়া, শত্রুত্বকে কহিলেন, বৎস! তুমি বহুসংখ্য লোক ও নিষাদগণকে লইয়া শীঘ্র অরণ্যের চতুর্দ্দিক অনুসন্ধানে প্রবৃত্ত হও। গুছ, শরশরাসনধারী জ্ঞাতিগণে পরিবৃত হইয়া, রাম ও লক্ষ্মণকে অন্নেষণ করুন এবং ; আমিও পুরবাদী, অমাত্য,গুৰু ও ত্রাল্মণের সহিত পাদচারে পরি-ভ্রমণে প্রব্রত্ত হই। বলিতে কি, যতক্ষণ না আমি, রাম লক্ষ্মণ ও জানকীর দর্শন পাইতেছি, যতক্ষণ না রামের দেই পদ্মপলাশ-লোচন চক্রানন দেখিতেছি, যতক্ষণ না তাঁহার ধ্বজবজ্রাক্লান লাঞ্চিত চরণযুগল মস্তকে গ্রহণ করিতেছি, এবং যতক্ষণ না তিনি অভিষেকসলিলে সিক্ত হইয়া পৈতৃকরাজ্য অধিকার করিতেছেন, তাবঁৎ আমার মনে শান্তি লাভ হইতেছে না। লক্ষণই ধন্য, তিনি আর্য্য রামের সেই নির্মল মুখকমল নিরস্তর অবলোকন করিতেছেন। জানকীই ধন্য, তিনি সসাগরা বস্তুদ্ধরার অধিপতি রামের অনুগমন করিয়াছেন। এই গিরিরাজসদৃশ চিত্রকৃটিই ধন্য, যক্ষেশ্বর কুবের যেমন নন্দন কাননে , ভদ্রূপ রাম এই স্থানে বাস করিয়া আছেন।

এই হিংস্ত জন্তপরিপূর্ন তুর্গম অরণ্যই ধন্য, স্বয়ং রাম ইছা আশ্রয় করিয়া আছেন।

এই বলিয়া ভরত পদত্রজে গছন বনে প্রবেশ করিলেন,
এবং পক্ষ তশৃঙ্গ-সঞ্জাত কুল্লমিত রক্ষপ্রেণীর মধ্য দিয়া গমন
করিতে লাগিলেন। যাইতে যাইতে শীদ্র এক শাল রক্ষে
আরোহণ করিয়া দেখিলেন, রামের আশামগত অগ্নির ধূমশিখা
উথিত হইয়াছে। তদ্দর্শনে তিনি, রাম এই স্থানেই আছেন,
রুঝিয়া সবাদ্ধবে যার পর নাই আনন্দিত হইতে লাগিলেন।
জ্ঞান হইল, যেন তিনি পারাবার উত্তীর্ণ হইলেন। পরে
অরেষণ-প্রবৃত্ত সৈন্যদিগকে তথায় স্থাপন করিয়া গুরের
সহিত রামের আশামাভিমুখে চলিলেন।

#### নবনবভিত্তন সূর্য।

গমনকালে ভন্নত, বশিষ্ঠকে কহিলেন, তপোধন! আপনি
বিলম্ব না করিয়া, আমার মাতৃগণকে আনয়ন কৰুন। তিনি
বশিষ্ঠকে এই কথা বলিয়া, উৎস্কুক্মনে শক্রম্বকে রামের আশ্রমচিহ্ন সকল প্রদর্শন পূর্বক ক্রন্তপদে যাইতে লাগিলেন।
রামদর্শনের ইচ্ছা তাঁছার ন্যায় স্থ্যস্ত্রেরও হইয়াছিল, স্কুতরাং
স্থান্তও শক্রমের অনুসরণে প্রবুত হইলেন। ক্রমণঃ ভরত,
কিয়দ্বুর অতিক্রম করিয়া, তাপসনিবাসসদৃশ এক পর্ণশালা
দেখিতে পাইলেন। উহার, সম্মুখে ভগ্ন কাষ্ঠ এবং দেবার্চনার্থ
আহত পূকা রহিয়াছে; অভ্যন্তরে শীত নিবারণের জন্য মৃগ ও
মহিষের করীষ সঞ্চিত আছে। আরও দেখিলেন, স্থানে স্থান

তখন ভরত অভিমাত্র হাই হইরা, শক্রয় ও মন্ত্রীদিগকে কহিলেন, দেখ, মহর্ষি ভরত্বাজ্ যে স্থান নিরূপণ করিয়া দিয়া-ছেন, এক্ষণে আমরা তথায় উপস্থিত হইলোম। বোধ হয়, ইহার অদূরেই মন্দাকিনী প্রবাহিত হইতেছেন। এই সকল

রক্ষে বল্কল নিবদ্ধ. দেখিতেছি: জ্ঞান হইতেছে. লক্ষণকে অসময়ে আশ্রমের বহির্ভাগে আসিতে হয়, এই কারণে তিনি পথ পরিজ্ঞানের নিমিত্ত চিহু স্থাপন করিয়া রাখিয়াছেন। ঐ শৈলপাথে বিশালদশন মাতক্ষগণের গমন পথ, উহারা পরম্পব পরস্পারের প্রতি ভর্জন গর্জন করিয়া ঐ স্থান দিয়াই ধাবমান হইয়া থাকে। মুনিরা বনমধ্যে নিরম্ভর যাহা রক্ষা করেন, ঐ সেই অগ্নির নিবিড় ধৃম উন্থিত হইতেছে। আমি এখানেই সেই গুকু স্থাযারুরাগী মহর্ষিদদৃশ আর্য্য রামকে দেখিতে পাইব।

অনন্তর ভরত মন্দাকিনীর নিকট চিত্রকৃট প্রাপ্ত হইয়।
কহিলেন, আর্য্য রাম নির্জনে বীরাসনে বশিয়া আছেন, এক্ষণে
আমার জন্ম ও জীবনে ধিক্। তিনি আমারই নিমিত্ত বিপন্ন
ও বিষয়বাসনাশূন্য হুইয়া বনবাসী হইয়াছেন, অতঃপর এই
লোকাপবাদ আমায় সহিতে হইবে। আজ রামকে প্রসন্ন
করিবার নিমিত্ত তাঁহার পদতলে পড়িব, এবং লক্ষ্মণ ও জান
কীরও চরণে ধরিব।

ভরত এইরপ পরিতাপ করিতে করিতে নিকটস্থ হইয়। দেখিলেন, রামের পবিত্র পর্নকুটীর সাল তাল ও অশ্বকর্ণের পত্রে আচ্চাদিত, বিশাল, অল্পবিস্তীর্ণ ও অভিস্কনর। তথ্যধ্য ইন্দ্রায়ুধাকার মহাসার শক্রনাশক গুরুকার্য্যসাধক শরাসন ভাছে, উহার পৃষ্ঠ স্বর্ণপট্টে নিবদ্ধ। যেমন পাতালপুরা সর্পে, তদ্রপ তৃণীরে হুর্যোর ন্যায় উজ্জ্বল প্রদীপ্তমুখ তীক্ষ্ণ শর পরিপূর্ণ রহিয়াছে। কোন স্থালে হেমমর কোষে আসি, স্বর্ণ-বিন্দুচিত্রিত চর্ম ও অঙ্গলিক্রাণ। যেমন সিংছের গহরর মৃগের অগমা, ভদ্রেপ ঐ পর্ণকুটীর শত্রুবর্গের একাস্ক ব্রুপ্রবেশ্য হইয়া আছে। তথায় এক প্রশস্ত বেদি প্রস্তুত ছিল, উহার উত্তর-প্রাাদ্য ক্রমশঃ নিম্ন, এবং উহাতে দতত অগ্নি প্রজ্বলিত হই-তেছে। ভরত এই সকল নেত্রগোর্টর করিয়া পরে দেখিলেন. পদাপলাশলোচন হুভাশনকম্প রাম, সাক্ষাৎ স্বয়ম্ভর ন্যায় পর্বকৃটীর মধ্যে চর্মাসনে সীতা ও লক্ষ্মণের সহিত উপবিষ্ট আছেন। তাঁহার পরিধান চীর বল্কল ও রুফাজিন, মস্তুকে জটাভার। ভরত সেই সসাগরা পৃথিবার অধিপতি ধার্মিককে দর্শন করিয়া, ছঃখাবেগে গাবিমান হইলেন এবং তৎকালে অত্যন্ত অধীর হইয়া বাম্পগদাদবাকো কহিতে লাগিলেন, হা! প্রজারা রাজসভায় যাঁহার আরাধনা করিবে, এক্ষণে বন্য মুগেরা তাঁছাকে বেক্টন করিয়া আছে। বহুমূল্য বন্ত্র পরিধান কর। যাঁহার অভ্যাস, তিনি এক্ষণে মুগচমু ধারণ করিতেছেন। বিচিত্র মাল্যে বেশ বিনাপে করা যাঁছার সমুচিত, তিনি এক্ষণে কিরূপে মন্তকে জটাভার বছন করিতেছেন। যথা-বিহিতে যাগা যাজের অনুষ্ঠান প্রার্ক ধর্ম-সঞ্চয় করা মাঁতার যোগ্য, তিনি এক্ষণে কিরপে কারক্রেশসাধ্য পুণা আছরণ করিতেছেন। যে অঙ্ক বহুমূল্য চন্দনে রঞ্জিত থাকিত, এক্ষণে তাহা কিরপে মললিপ্ত আছে। হা! আর্ঘ্য কেবল আমারই জন্য এই ক্লেশ স্থীকার করিয়াছেন, অতঃপদ্ম এই পামরের হণিত জীবনে ধিক্।

এই বলিতে বলিতে ভরত, ষর্মাক্তমুখে রামের নিকট গমন করিলেন, এবং সন্নিছিল না হইতেই রোদন করিতে করিতে ভূতলে নিপতিত হইলেন। তাঁহার অস্তুরে হুঃখানল জ্বলিয়া উচিল। তিনি দীনতাবে কহিলেন, আর্য্য!—একবার মাত্র সম্বোধন করিয়াছেন, অমনি বাস্পত্রে তাঁহার কঠরোধ হইয়া গেল, তিনি আর বাক্য ক্ষুর্ত্তি করিতে পারিলেন না। পরে পুনরায় রামের প্রতি দৃষ্টিপাত করিয়া কহিলেন, আর্য্য!— এবারেও ভদ্ধেপ স্থরবদ্ধ হইয়া গেল।

অনস্তর শক্রম সজললোচনে রামের পাদ বন্দনা করি-লেন। রামও তাঁহাকে আলিঙ্গন পূর্বক রোদন করিতে লাগি-লেন। চন্দ্র ও স্থা যেমন নভোমওলে শুক্র ও বৃহস্পতির সহিত মিলিত হন, তদ্ধেপ রাম ও লক্ষ্মণ, স্বমন্ত্র ও গুহের সহিত সমাগত হইলেন। অরণাবাসিরা ঐ চারি জন রাজকুমা-রকে দেখিয়া, বিষাদে অনর্গল নেত্রজল মোচন করিতে লাগিল!

## শতত্য সূৰ্য।

এ দিকে ভরত, কৃতাঞ্জলি হইয়া ভূতলে পতিত আছেন, তাঁহার মুখকান্তি মলিন, এবং তিনি যারপর নাই কুশ হইয়া গিয়াছেন। রাম, দেই যুগাস্তকালীৰ সুর্য্যের ন্যায় নিভাস্ত ত্নিরীক্ষ্য জটাচীরধারী মহাবারকে কথঞ্চিৎ চিনিতে পারি-লেন এবং তাঁহার মন্তকান্ত্রাণ, হস্তধারণ এবং তাঁহাকে আলি-ঙ্গন ও অঙ্কে গ্রহণ করিয়া সাদরে জিজ্ঞাসিলেন, বৎস! এক্ষণে পিতা কোথায়? তুমি যে বনে আইলে ? তাঁহার জীবদ্দশার ভোমার এ স্থানে আগমন করা উচিত হয় নাই। আমি বহু-দিনের পর তোমায় মাতুলালয় হইতে আসিতে দেখিলাম। ্ এক্ষণে বল, এই হুক্তের্য় অরণ্যে তুমি কি কারণে উপস্থিত হইলে? মহারাজ কি জীবিত আছেন? না আমার বিয়োগে শোকাকুল হইয়া লোকান্তরে গিয়াছেন ? তুমি বালক, রাজ্য ত বিহস্ত হয় নাই ? পিতৃদেবায় ত রত আছ ? যিনি রাজ-হয় ও অশ্বমেষ যক্তের অনুষ্ঠাতা, আমাদিগের সেই ধর্মপ্রায়ণ পিতা ত কুশলে আছেন ? কুলগুৰু বশিষ্ঠ ত যথোচিত আদর

প্রাপ্ত হইয়া থাকেন ? দেবী কেশিল্যা ও স্থমিতার ত মঙ্গল ১ আর্য্যা কৈকেয়ী ত আনন্দে কাল্যাপন করিতেছেন > মহা-কুলোৎপন্ন কার্য্যপরিদর্শক বিনয়ী বহুজ্ঞ আর্য্য সুযজ্ঞ ভ সংক্রত হইয়া থাকেন? ধীমান মনুষোরা ত ভোমার অগ্নি-কার্য্যে নিযুক্ত আছেন ? উইারা যথাকালে হোমের সংবাদ ভোমায় ত জ্ঞাপন করিয়া থাকেন ? তুমি ত দেবতা, পিতৃ, পিতৃত্বল্য 'গুৰু, বৃদ্ধ, বৈদ্য, ভ্ৰাহ্মণ ও ভৃত্যগণকে সবিশেষ সমান কর ? যিনি অম্মন্ত ও সমম্ভক শর প্রায়োগ করিতে সমর্থ, দেই অর্থশান্তবিৎ উপাধ্যায় সুধনার ত অবমাননা কর না? মহাবল বিজ্ঞ জিতে ক্রিয় সংকূলপ্রস্থত ইঙ্গিভজ্ঞ ও আত্মসম লোকদিগকে ত মস্ত্রিত্বে নিযুক্ত করিয়াছ ? দেখ, শান্ত্রবিশারদ অমাত্যগণের প্রবড়ে মন্ত্র স্থরক্ষিত হইলে নিশ্রেই জয় লাভ হয়। বৎস! তুমি ত নিদ্রার বশীভূত নও? যধাকালে ত জাগরিত হইয়া থাক? রাত্রিশেষে অর্থাগমের উপায় ত অব-ধারণ কর ? তুমি একাকী বা বল লোকের সহিত ত মন্ত্রণা কর না? যে বিষয় নিনীত হয়, তাহা ত গোপনে থাকে? ধাহা অপোয়াসসাধ্য এবং বতুফলপ্রদ এইরপ কোন কার্য্য অবধারণ করিয়া, শীদ্রই ত তাহার অনুষ্ঠান করিয়া থাক? েতোমার যে কার্য্য সমাহিত হইয়াছে এবং যাহা সম্পুন্নপ্রায়, াশামন্ত রাজ্যাণ দেই গুলিই ত জ্ঞান্ত হইয়া থাকেন? যে

সমস্ত বিষয় অবশিষ্ট আছে, উহাঁরা ত তাহা জানিতে পারেন না ? তুমি ও ভোমার মন্ত্রী, ভোমরা, যাহা গোপন করিয়া রাখ. তর্ক ও যুক্তি দারা ভাষা ত কেহু উদ্ভাবন করিতে পারে না? সহস্র মুর্থকে উপেক্ষা করিয়া একটি মাত্র পণ্ডিভকে ত প্রার্থনা করিয়া থাক ৷ দেখ, অর্থসঙ্কট উপস্থিত হইলে, বিজ্ঞ লোকই সর্বতোভাবে শুভ সাধন করিয়া থাকেন। যদি নুপতি সহজ্র বা অযুত মূর্খে পরিবৃত হন, তাহা হইলে উহাদের দ্বারা তাঁহার কোন বিষয়েই বিশেষ সাহায্য লাভ হয় না। বলিতে কি, মেধাবী মহাবল স্থদক্ষ বিচক্ষণ এক জন অমাত্যই, রাজা বা রাজকুমারের যথোচিত জীবৃদ্ধি করিতে পারেন। বৎস। উন্নত শ্রেণিতে উন্নত, মধ্যম শ্রেণিতে মধ্যম, এবং অধম শ্রেণিতে অধম ভূত্য ত নিয়োগ করিয়াছ? যে সকল অমাত্য কুলক্রমাগত ও সচ্চরিত্র, এবং বাহাঁরা উৎকোচ গ্রহণ করেন না, তুমি তাঁহাদিগকে ত প্রধান প্রধান কার্য্যের ভার প্রদান কর? প্রজারা অভি কঠোর দণ্ডে নিপীড়িত হইয়া ত তোমার অবমাননা করে না? যেমন মহিলারা বলপ্রস্থাগণর কামুককে ছণা করে, ভদ্দেপ যাজকেরা ভোমায় পতিত জানিয়া ত অগেরিব করিতেছেন না ? সামাদিপ্রয়োগকুশল রাজনীতিজ্ঞ, অবিশ্বাসী ভৃত্য, ও ঐশ্বর্যাপ্রার্থী বীর, ইহাদিগকে যে না বিনাশ করে, সে শ্বরংই বিনষ্ট হয়, ভুমি ত এই সিদ্ধান্তের অনুসরণ করিয়া থাক?

ষিনি মহাবীর ধীর ধীমান সংক্লোদ্ভব স্থানক ও অনুওক্ত, তুমি এইরপ লোককে ভ সেনাপতি করিয়াছ? ঘাঁহার। মহাবল পরাক্রান্ত শ্রেণিপ্রধান ও যুদ্ধবিশারদ এবং যাঁহারা লোক-সমক্ষে আপনার পৌৰুষের পরীক্ষা দিয়াছেন, তুমি তাঁহাদিগকে ত সমাদর কর ? তুমি ত যথাকালে সৈন্যগণকে অল্প ও বেতন প্রদান করিয়া থাক ? ভদ্বিষয়ে ভ বিলম্ব কর না ? অন্ন ও বেত নের কালাভিক্রম ঘটিলে ভৃত্যেরা স্বামীর প্রতি কট ও অসম্ভট হইয়া থাকে, এবং এই কারণেই তাঁহার নানা অনর্থ উপস্থিত হয়। বৎস। প্রধান প্রধান জ্ঞাতিরা তোমার প্রতি ত বিশেষ অনুরক্ত আছেন ? এবং তাঁহারা ভোমার নিমিত্ত প্রাণ পরি-ভ্যাগেও ভ প্রস্তুত ? যাহার৷ জনপদবাদী বিদান অনুক্র প্রভাৎপন্নমতি ও যথোক্তবাদী, এইরপ লোকদিগকে ত দেতা-কার্য্যে নিয়োগ করিয়াছ ? তুমি অন্যের অফাদশ 🛪 ও স্থপক্ষে পঞ্চনশ, † প্রত্যেক তার্থে তিন তিন গুপ্ত চর প্রেরণ করিয়া ত

<sup>\*</sup> মন্ত্রী ১ পুরোহিত ২ যুবরাজ ৩ সেনাপতি ৪ দে বারিক ৫ অন্তঃপুরাধিকারী ৬ বন্ধনাগারাধিকারী ৭ ধনাধ্যক্ষ ৮ রাজাজ্ঞানিথেদক ৯ প্রাড় বিবাক নামক ব্যবহার জিজ্ঞাসক (জজ পণ্ডিত) ১০ ধর্ম্মাসনাধিকারী ১১ ব্যবহারনির্ণায়ক সভ্য (জুরি) ১২ বেতন দানাধ্যক্ষ ১৩ কর্মান্তে বেতনগ্রাহী ১৪ নগরাধ্যক্ষ ১৫ আটবিক ১৬ দওনারিকারী ১৭ তুর্গপাল ১৮।

<sup>†</sup> পূর্বোক্ত অফাদশ ভীর্থের মন্ত্রী পুরোছিত ও মৃবরাজ এই তিন্টা বাদ দিয়া পঞ্জদশ।

সমুদায় জানিভেছ? যে শক্ত দৃরীকৃত হ্ইয়া পুনর্কার আগ-মন করিয়াছে, দুর্বল হইলেও ভাহাকে ভ উপেক্ষা কর না? নাজিক ত্রান্ধণদিগের সহিত তোমার ত বিশেষ সংশ্রব নাই ? ঐ সমস্ত পণ্ডিভাভিমানী বালকেরা কেবল অনর্থ উৎপাদনেই ন্থপটু। উৎকৃষ্ট ধর্মশাস্ত্র থাকিতে, ঐ সকল ক্টবোদ্ধা তর্ক-বিদ্যাজনিত বুদ্ধি অবলম্বন করিয়া, নিরর্থক বাকবিভণ্ডা করিয়া থাকে। বৎস ! ষথায় ৰহুসংখ্য হস্তার ও রথ আছে, পুরন্ধার দৃঢ় ও বুর্তেদ্যা স্বকর্মপর উৎসাহশীল জিতেন্দ্রিয় আর্য্যাগণ বাস করিভেছেন, এবং রমণীয় প্রাসাদ সকল শোভা পাই-তেছে, আমাদিগের পূর্ব্বপুক্ষগণের বাসভূমি সেই স্প্রাসদ্ধ অফোধ্যা ত তুমি রক্ষা করিতেছ? বধার বহুসংখ্য চৈত্য, দেবস্থান, প্রপা ও ভড়াগ রহিয়াছে, দ্রীপুরুষ সকলে হাষ্ট ও সম্ভট, সমাজ ও উৎসব সভতই অনুষ্ঠিত হইতেছে; যে স্থানে বিশুর রত্নের খনি, সীমান্তে ক্ষেত্র সকল হলকর্ষিত ও শস্য ত্প্পচুর : যথায় ছ্রাচার পামরেরা স্থান পায় না, হিংসা ও হিংত্ৰ জন্ত নাই এবং নদীজলেই কৃষিকাৰ্য্য সম্প্ৰয় **ट्हेएउए**, त्रहे सूत्रगृद्ध क्रनशम ७ अकर्ष उर्लाहरू हेना ? কৃষক ও প<del>ঙ্</del>রপালকেরা ভ ভোমার প্রিরপাত্ত হইরাছে ? এবং উহারা স্ব স্থ কার্য্যে রভ থাকিয়া স্থস্বছন্দে ত কাল্যাপন করিতেছে ? ইউসাধন ও অনিট নিবারণ পূর্বাক ভূমি ড

উহাদিগকে প্রতিপালন করিয়া থাক : অধিকারে বত লোক আছে, ধর্মানুসারে সকলকে রক্ষা করাই ভোমার কর্ত্ব্য। বৎস ! ল্রীলোকের ত তোমার যতে সাবধানে আছে ? উহাদি-शत्क उ मगत्त कतिया थाक ' विश्वाम कविया डेहरामत निकृष्ट কোন গুপ্ত কথা দে প্রকাশ কর না ' তোমার প্রসংগ্রহে আগ্রহ কিরপ? রাজ্যের অনেক বন হন্তীর আকর, তৎসমুদায়ের ত ততাবধান করিয়া থাক লৈরাজবেশে সভামধ্যে ত প্রবেশ কর ? প্রতিদিন প্রকাছে গাত্রোত্থান করিয়া, রাজপথে ত পরি-ভ্রমণ করিয়া থাক? ভুত্যেরা কি নির্ভয়ে ভোমার নিকট আইদে, -- না এক কালেই অন্তর্রালে রহিয়াছে ? দেখ, অভিদর্শন ও অদর্শনএই উভয়ের মধ্যরীভিই অর্থপ্রাপ্তির কারণ। বৎস! হুৰ্গ সকল খন খান্য জল যন্ত্ৰ অন্ত্ৰ শস্ত্ৰ এবং শিশ্পি ও বীরে ভ পরিপূর্ণ আছে? ভোমার আয় ত অধিক, ব্যয় ত অম্প ? অপাত্তে ত অর্থ বিভরণ কর না? দৈবকার্য্য, পিতৃকার্য্য, অভ্যাগত ত্রান্ধণের পরিচর্য্যা, যোদ্ধা, ও মিত্রবর্গে ভ ভূমি মুক্ত-হস্ত আছ ? কোন শুদ্ধসভাব সাধু লোকের বিৰুদ্ধে অভিযোগ উপস্থিত হইলে, ধর্মশান্তবিৎ বিচারকের নিকট দোষ সপ্রমাণ না করিয়া, তুমি ত অর্থলোভে তাঁহাকে দণ্ড প্রদান কর না ? যে তক্ষর ধৃত, লোপ্তের সহিত পরিগৃহীত এবং বছবিধ প্রশ্নে স্পৃষ্ট इरेशांह, शनलांट जारांटक उ त्यांचन कता रश ना ? धनी वा

দরিক্র থাছারই ছউক না, বিবাদরপ সঙ্কুটে ভোমার অমাভ্যেরা ত অপক্ষপাতে ব্যবহার পর্য্যালোচনা করেন ? দেখ, যাহাদের মিথ্যাভিযোগের সমাক বিচার না হয়, সেই সকল নিরীহ লোকের নেত্র হইতে যে অঞ্চবিন্দু নিপতিত হইয়া থাকে, ভাহা ঐ ভোগাভিলাষী রাজার পুত্র ও পশু সকল বিনষ্ট করিয়া ফেলে। বৎস। ভূমি বালক, রুদ্ধ, বৈছা, ও প্রধান প্রধান লোকদিগকে ভ বাক্য ব্যবহার ও অর্থে বশীভূত করিয়াছ? গুৰু, বৃদ্ধ, তপুৰী, দেবতা, অভিথি, চৈত্য, ও সিদ্ধ ব্ৰাহ্মণকে ত নমকার কর? অর্থ দ্বারা ধর্ম, ধর্ম দ্বারা অর্থ, এবং কাম দারা ঐ উভয়কে ত নিপীডিত কর না? তুমি ত যথ: কালে ধর্ম অর্থ ও কাম সমভাবে সেবা করিয়া থাক ? বিদ্নান্ बाक्तर्गता. लीत 🥱 जनश्मगोमिर्गत महिङ ভোমার छ শুভাকাক্ষা করেন? নান্তিকতা, মিখ্যাবাদ, অনবংগনতা, **क्रांध, मोर्चमृद्धाः, जनाधुमन, जालमा, इेन्सिय्राम्या.** धक ব্যক্তির সহিত রাজ্যচিন্তা ও অনর্থদশীদিগের সহিত পরামর্শ, নিৰ্ণীত বিষয়ের অনুষ্ঠান, মন্ত্রণাপ্রকাশ, প্রাত্তে কার্য্যের অনারম্ভ, এবং সমুদায় শক্রর উদ্দেশে এককালে ধুদ্ধযাত্রা, তুমি ভ এই চতুর্দ্দশ রাজদোষ পরিহার করিয়াছ? দশবর্গ 🐠

মৃগয়া, দৃতক্রীড়া, দিবানিত্রা, পরিবাদ, স্ত্রীপারতন্ত্রা, নদ্য,
 সূত্রা, গীত, বাদ্য, ও রুপ:পর্যাটন।

পঞ্চবর্গ \* চতুর্বর্গ † সপ্তবর্গ ‡ অফ্টবর্গ § ও ত্তিবর্গের ফলা-ফল ত জানিয়াছ ? ত্তায়ী বার্ত্তা ও দওনীতি এই তিন বিদ্যা ত তোমার অভ্যস্ত আছে ? ইন্দ্রিয়জয়, বাড্গুণ্য || দৈব ও মানুষ ব্যসন, রাজহৃত্য গ বিংশতিবর্গ \*\* প্রকৃতিবর্গ, 
১৯ মণ্ডল, ||||
বাত্রা, দওবিধান, বিযোনি গাঁচিয়ার ও বিএছ এই সমুদায়ের

- (अ) ওলচুর্ন, গিরিছর্ন, বেণুছ্র্ন, ছরিণছ্র্ন, ( হরিণ সর্বশস্যপূর্ণ আদেশ) পান্ধনভূর্ন ( গ্রীয়াকালে অগন্য )।
  - (f) সাম. নাল, ভেম, ও দও l
  - (১) স্বামী, অমাত্য, রাষ্ট্র, চুর্গ, কোষ, বল, ও সুহৃৎ।
- (§) রুষি, ব্যণিক্রা, দুর্গ, সেতু, কুঞ্জরবন্ধন, খনী, আকর, করাদাম, ও শুনানিধেশন।
  - (॥) সদ্ধিবিগ্রহপ্রভৃতি ছয় গুণ।
- (<sup>4</sup>) অলব্ধবেতন বুব্ধকে, অপমানিত মানীকে, অকারণ কোপাবিষ্ট ক্রুদ্ধকে, প্রদর্শিতভয় ভীতকে শক্র হইতে ভেদ করাই রাক্ষ্কতা।
- (\*\*) বালক, রদ্ধ, দীর্ঘরে:গী, জ্ঞাতিবহিষ্কৃত, ভীঞ্চ, ভয়জনক, লুদ্ধন লুদ্ধান্তন, বিরক্তিপ্রকৃতি, বিষয়ে অত্যাশক্ত, বহুমন্ত্রী, দেববাদ্ধানিন্দক, দৈবোপাহত, দৈবচিন্তক, প্রভিক্ষাব্যসনী, বলব্যসনী, অদেশস্থ, বহুশক্তে, মৃতপ্রায়, ও অসত্যধর্মরত ইহাদিগের সহিত সন্ধি করিবে না।
  - (§§) जमांजा ताडे इर्ग उ मछ।
  - (॥) দ্বাদশ রাজ্মওল।
- (<sup>९,६</sup>) সন্ধিবিএহাদির মধ্যে দ্বৈধীতাব ও আশ্রয় সন্ধিযোনিক এবং যান ও আমন বি গ্রহণোনিক।

প্রতি ভোষার ত দৃষ্টি আছে? বেদোক্ত কর্মের ত অনুচান করিছেই? ক্রিয়াকলাপের ফল ত উপলব্ধ হইতেছে?
ভার্য্যা সকল ত বন্ধ্যা নহে? শাস্ত্রজ্ঞান ত নিক্ষল হয়নাই? আমি যেরপ কহিলাম, তুমি ত এইপ্রকার বুদ্ধির অনুসারে চলিভেছ? ইহা আয়ুক্ষর যশক্ষর এবং ধর্ম অর্থ ও
কামের পরিবর্দ্ধক। আমাদিগের পূর্ব্বপিতামহুগণ যে প্রণালী
অবলম্বন করিয়াছিলেন, তুমি ত তাহারই অনুসরণ করিয়াছ?
স্বাহ্ন ডক্ষ্য ভোজ্য তুমি ত একাকা ভোজন কর না? যে সকল
মিত্র আকাক্ষা করেন, তাহাদিগকে ত উহা প্রদান করিয়া
থাক বিষদা দেখ, প্রজাগণের দণ্ডদাতা মহীপাল ধর্মানুসারে
সমস্ত পালন ও সমগ্র পৃথিবা লাভ করিয়া অস্তে স্বর্গ প্রাপ্ত

#### একাধিকশতত্য সর্গ।

রাম ভাত্বংসল ভরতকে প্রশ্নছলে এইরপ উপদেশ দিয়া কাহলেন, বৎস! তুমি রাজ্য পরিত্যাগ পূর্বক জটাচীর ধারণ করিয়া, কি কারণে এই স্থানে আইলে? স্পষ্ট বল, শুনিতে আমার অত্যস্ত ইচ্ছা হইতেছে।

তথন ভরত কথঞ্চিৎ শোকবেগ সংবরণ করিয়া, কৃতঞ্জিলিপুটে কহিতে লাগিলেন, আর্য্য! পিতা কেকয়ীর নিয়োগে
আতি হুস্কর কার্য্য সাধন করিয়া পুত্রশোকে সমস্ত পরিতর্ণগ
পূর্ব্বক স্বর্গারোহণ করিয়াছেন। বলিতে কি, আমার জননা
হইতেই এই অয়শস্কর গুরুতর পাপ আচরিত হইয়াছে।
রাজ্যভোগের কথা দূরে থাক, তিনি বিধবা ও শোকার্তা হইয়া
অতঃপর ঘোর নরকে নিমগ্ন হইবেন। আর্য্য! আমি আপনার
দাস, আপনি আমার প্রতি প্রসম্ন হউন এবং স্বয়ং দেবরাজের
ন্যায় রাজ্য অধিকার ককন। এই সমস্ত প্রজা ও বিধবা মাতৃগণ আপনার সন্নিধানে আসিয়াছেন, এক্ষণে প্রসম্ন হউন।
আপনি সর্বজ্যেষ্ঠ, অভিষেক আপনাকেই অর্ণে, এক্ষণে আপনি
হর্মানুসারে রাজ্য গ্রহণ করিয়া, আ্রা্য় স্বজ্বনের কামনা পূর্ণ

কৰন। বস্নমতী আপনাকে পতিত্বে লাভ করিয়া বৈধব্য ছইতে বিমুক্ত ছউন। আমি মস্ত্রিগণের সহিত আপনার চরণে ধরি, আমি আপনার আতা শিষ্য ও দাস, আপনি প্রসন্ন ছউন। এই সমস্ত আমাত্য পুরুষপরম্পরাগত, ইহাঁরা কখন উপেক্ষিত হন নাই. ইহাঁদিগকে অতিক্রম করা আপনার উচিত হইতেছে না। এই বলিয়া ভরত বাম্পাকুললোচনে রামের পদতলে নিপ্তিত ছইলেন।

ভখন রাম, ভরতকে তুঃখভরে মন্ত মাতকের ন্যায় ঘন ঘন উচ্ছাস পরিভাগে করিতে দেখিয়া, তাঁহাকে আলিঙ্কন পূর্ব্বক কহিলেন, বংস! দেখ, আমি সৎবংশোদ্ভব ও ভেজন্মী, রাজ্যের নিমিত্ত মদ্বিধ লোক, কিরপে পাপ আচরণ করিবে? আমার বনবাস বিষয়ে ভোমার অণুমাত্র দোষ নাই। তুমিও অজ্ঞানতা নিবন্ধন ভোমার জননার প্রতি অকারণ দোষারোপ করিও না। উপযুক্ত পুত্র ও কলত্রে গুরুজনের স্পেন্থাটার অবিহিত নহে। ইহলোকে সাধুরা, ভার্য্যা পুত্র ও শিষ্যদিগকে যেমন স্বৈরনিয়োগের পাত্র বলিয়া জানেন, মহারাজের পক্ষে আমরাও তদ্ধেপ। তিনি আমাকে চীর পরিধান করাইয়া বনে দিতে পারেন এবং রাজ্য অপণেও তাঁহার সম্পূর্ণ প্রভূতা আহে। পিতার ষত্বের গৌরব, মাতারও তদ্ধেপ, আমাকে

যখন তাঁহারা বনবাদে নিয়োগ করিয়াছেন, তখন কিরুপে অন্যপ্রকার আচরণ করিব? এক্ষণে তুমি অবোধ্যায় গিয়া রাজ্য শাসন কর. আর আমি বল্কল পরিধান করিয়া দণ্ডকারণ্যে অবস্থান করি। মহারাজ সর্বজনসমক্ষে এইরূপ ব্যবস্থা ও আদেশ করিয়া স্থগারোহণ করিয়াছেন। এক্ষণে তাঁহার বাক্য রক্ষা করা তোমার কর্ত্তব্য। তিনি তোমায় যে ভাগ নির্দেশ করিয়া দিয়াছেন, তুমি গিয়া তাহা উপভোগ কর। সেই ইন্দ্রন্য মহাত্মা আমায় যাহা কহিয়াছেন, তাহা আমার হিত্তন্য মহাত্মা আমায় যাহা কহিয়াছেন, তাহা আমার হিত্তকর, রাজ্যা কোন মতেই প্রীতিকর হইতেছে না।

#### দ্বাধিকশত্তম নূর্।

ভরত কহিলেন, আর্যা ' আমি ধর্ম দট ভইবালি প্ররাং রাজধর্মে আর আমাৰ প্রায়েজন কি ও জোট সত্ত্ব কনিতৃষ্ঠর রাজ্যাধিকার নিষিদ্ধ, এই ব্যবহারই আমাদের পুক্রপরম্পরায় খাদৃত হইয়া আসিতেছে। অতএব একণে অপিনি আমার সহিত অযোধ্যায় চলুন. এবং বংশের অভ্যুদয়কামনায় রাজ্যভার এছণ কৰুন। যাঁছার কার্য্য ধ্যানুগত ও অলোকসামান্য, সকলে যদিও সেই রাজাকে মনুষা বলিয়া নির্দেশ করে কিন্তু তিনি দেবতা। আর্য্য! আমি যখন কেকয় দেশে, আপনি অরণ্য-বাসে, এই অবকাশে সেই যজ্ঞাল রাজা দেহত্যাগ করিয়া-ছেন। অযোধ্যা হইতে জানকী ও লক্ষণের সহিত, আপনার নিষ্ণাপ্ত হইবার অব্যবহিত পৃরেই, তিনি শোকভরে অভিভৃত হইয়া লোকলীলা সংবরণ করেন। এক্ষতে আপনি উত্থিত হইয়া তাঁহার তর্পণ কৰুন : আমরা পূর্বেই এই কার্য্য অনুষ্ঠান ক্রি- রাছি। আপনি পিতার অত্যন্ত প্রিয় ছিলেন, প্রিয়প্রদন্ত বন্তু

:ল'কে অক্ষয় হইয়াথাকে। হা! মহীপাল আপনার
ন লসায়, উদ্দেশে ক্তই শোক করিয়াছেন: তিনি কোন
মতে আপনা হইতে চিত্ত প্রতিনিবৃত্ত করিতে পারিলেন না,
আপনার বিয়োগেই কণ্ন ছইলেন, এবং আপনাকে স্মুরণ করিতে
করিতেই প্রাণভ্যাগ করিলেন।

### ত্র্যধিকশতত্ম সর্গ।

রাম, ভরতের মুখে এই বক্রপাতসদৃশ নিদাকণ বাক্য প্রবণ করিয়া, বাক্প্রসারণ পূর্বক পরশুচ্ছিন্ন কুম্মিত রক্ষের ন্যায় ভূতলে মুচ্ছিত হইয়া পড়িলেন। তথন তদীয় ভ্রাত্গণ ও জানকা উৎখাত-কেলি-পরিপ্রাম্ভ মাতক্ষের ন্যায় তাঁহাকে ধরাশায়ী দেখিয়া, বাম্পাকুললোচনে তাঁহার চৈতন্য সম্পাদনের নিমিত্ত জলসেক করিতে লাগিলেন। ক্রমশঃ রামের সংজ্ঞালাভ হইল। তিনি রোদন করিতে করিতে দীনভাবে কহিলেন, ভরত! পিতা স্বর্গারোহণ করিয়াছেন, এক্ষণে আমি অযোধ্যায় গিয়া কি করিব? সেই রাজকুল-কেশরী-বিরহিত নগরীকে অতঃপর আর কেই বা প্রতিপালন করিবে? আমি অতি অশুভজন্মা, আমা হইতে পিতার কোন্ কার্য্য সাধিত হইবে? যিনি আমার শোকে দেহপাত করিয়াছেন, আমি তাঁহার অগ্নিসংস্কারাদি কিছুই করিতে পারিদাম না! ভরত!

তুমি ধনা, তুমি ও শক্ষ ভোমরা পিতার অন্ত্যেষ্টি ক্রিয়া সম্পাদন করিয়াছ। এক্ষণে কুনবাসকাল অভিক্রোপ্ত ইইলেও, আমি আর সেই নিরাশ্রায় বহুনায়ক অযোধ্যায় যাইব না ; পিতা দেহত্যাগ করিয়াছেন, স্তরাং বাইলেও অভঃপর কে আমায় হিতাহিত উপদেশ দিবে ? আমি কোন কার্য্য স্কুচারুক্রপ নির্বাহ করিলে, তিনি আমাকে যে সমস্ত বাক্যে অভিনন্দন করিভেন, এক্ষণে সেই প্রাকার শ্রুভিন্নখকর কথাই বা আর কে শুনাইবে ?

অনন্তর রাম পূর্ণচন্দ্রাননা জানকার সমুখীন হইরা শোকা কুলম্নে বহিলেন, সাতে! ভোমার শশুর দেহভ্যাগ করিয়'-ছেন। লগ্ধণ' ভূমি পিতৃহান হইরাছ। অদ্য ভ্রাতা ভরত এই শোক-সংবাদ প্রদান করিলেন!

রাম এইরপ কহিলে তৎকালে সকলেরই নেত্র হইতে প্রবল-বেগে বাজ্পবারি বহিতে লাগিল। তথ্ন তাঁহারা রামকে সাস্ত্র। করিয়া কহিলেন, আর্যা! আপনি একণে মহারাজ্যের তর্পণ করুন।

শ্বভরের অর্গারোজণবার্ত। শ্রাবণে জানকীর নয়নয়ুগল বাঙ্গাভরে অবকদ্ধ হইগাছিল, ভরিবন্ধন তিনি আর রামকে নিরীকণ
করিতে পারিলেন না। তখন রাম তাঁহাকে সাজ্মনা করিয়।
ভঃখিতমর্নে লক্ষ্মণকে কহিলেন, বৎসৃ ! তুমি ইঙ্গুলীফল ও মুতন
বল্কল আনয়ন কর, আমি একণে মন্দাকিনীতে গিয়া পিতার
ভর্পণ করিব। জানকী আগ্রে অত্যে গ্রমন করিবেন, তুমি ইহাঁর

অনুসরণ করিবে, আমি সর্বদেধে যাইন্। দেখ. শোককালে এই রূপে গমন করাই শাস্ত্রসক্ত।

অনপ্তর চিরানুচর স্থান্ত রামের হস্ত ধারণ পূর্দ্ধ ক তাঁহাকে সান্ত্রন। করিছে করিছে মক্ষাকিনীভীর্থে আনয়ন করিলেন। ভরত প্রভৃতি অন্যান্য সকলেও তথার উপস্থিত হইলেন। তথন রাম দক্ষিণাস্য হইয়৷ অঞ্জলিপূর্ণ জল লইয়া, গলদক্ষ্মলোচনে কহিলেন, পিতঃ! অগপনি পিতৃলোকে গমন করিয়াছেন, একণে মথপ্রদত্ত এই নির্মাল জল আপনাকে পরিভৃপ্ত করুক। পরে ভিনি ভ্রাতৃগণ সমভিব্যাহারে নদিভেরে উত্তর্গ হইলেন, এবং দর্ভময় আস্তরণে বনরীমিশ্রিত ইক্ল্নী-পিও সংস্থাপন পূর্বক ছঃখিতমনে রোদন করিছে করিছে করিছে কহিলেন, পিতঃ! আপনি প্রীত হইয়া এই পিও ভক্ষণ করুন। পাক্ষরে যে বস্তু ভোগের, ভাইরে বস্তুই ভোজন করি। পুরুষের যে বস্তু ভোগের, ভাইরে পিতৃলোকেরও ভাইাই উপযোগের হইয়াথাকে।

পরে তিনি নদীতট পরিত্যাগ পূর্ব্বক যে পথে আসিয়া ছিলেন, সেই পথ দিয়া পর্ব্বতে উথিত হইলেন, এবং পর্বকৃটীরঘারে উপস্থিত হইয়া, ছুই হস্তে ভরত ও লক্ষ্মণকে গ্রহণ করিলেন। ঐ সময় তাঁহারা পুড়েশাকে অধিকতর অধীর হইয়া
উঠিলেন, এবং জানকীর সহিত মিলিত হইয়া, রোদন করিতে
নাগিলেন। উইাদের রোদন শাল সিংহনাদের ন্যায় পর্বত

প্রতিধানিত করিয়া তুলিল। ঐ তুমুল ধানি শ্রবণে ভরতের সৈন্যগণ যনে যনে নানা আশঙ্কা করিয়া অত্যন্ত ভাত হইল, এবং পরস্পর কহিতে লাগিল, বোধ হয়, ভরত, রামের সহিত সমাগত হইয়া থাকিবেন। তাঁহারা পিতার উদ্দেশে শোক করিতেছেন, তাহারই এই মহা কোলাহল উত্থিত হইয়াছে। এই বলিয়া অনেকে অশ্ব পরিভ্যাগ পূর্বকে সেই শব্দমাত্র লক্ষ্য করিয়া অনন্যনে ধাবমান হইল। ধাহারা অত্যন্ত সুকুমার, ভাহাদের মধ্যে কেছ হস্তা কেছ অশ্ব এবং কেছ বা রূপে আরোছণ করিয়া যাইতে লাগিল। অত্প দিন হইল, রাম বনবাসী হইয়াছেন, কিন্তু সকলেই যেন তাঁহাকে চিরপ্রবাসীর ন্যায় অনুমান করিল, এবং তাঁহার দর্শন লাভার্থ অত্যম্ভ উৎস্থক হইয়া ত্বরিতপদে আশ্রমাভিমুখে চলিল। বনভূমি রথচক্রে দলিত ও তুরগধুরে সমাহত হইয়া, মেঘাচ্ছর গগনের ন্যায় গভীর শব্দ করিতে লাগিল। করেণু-পরিবৃত মাতকেরা অভিশয় ভীত হইয়া, মদগদ্ধে চতুর্দ্ধিক আমোদিত করত বনাস্তরে প্রবেশ করিল। বরাছ, মৃগ, মহিষ সিংছ, সুমর, ব্যান্ড, গোকর্ণ, গবয়, ও পৃষত সকল শঙ্কিত হইয়া উচিল। চক্ৰবাক, বক, হংস, কোকিল, ও ক্রেকিগণ ব্যস্তসমূত হইয়া চতুর্দিকে পলায়ন করিতে লাগিল, এবং ভূলোক ও ঘ্যুলোক মনুষ্য ও পক্ষিগণে আকীর্ণ হইয়া অপূর্ব্ব এক শোভা ধারণ করিল।

অনস্তর ভরতের অনুচরগণ আগ্রামে প্রবেশ পূর্ব্বক দেখিল, নিশ্বলঙ্ক রাম চত্ত্বরে উপবেশন করিয়া। আছেন। দেখিয়াই উহাদের নেত্র অশ্রুপূর্ণ হইল, এবং উহারা মন্থরার সহিত কৈকেয়ীর যথোচিত নিন্দা করিতে করিতে তাঁহার নিকর্চ গমন করিল। তখন রাম উহাদিগকে দেখিয়া গাত্রোখান পূর্ব্বক বাৎসল্যভাবে আলঙ্কন করিলেন; উহারাও তাঁহাকে প্রণাম করিল। অনস্তর সকলে মিলিত হইরা রোদন করিতে প্রবৃত্ত হইলেন। ঐ মৃদক্ষনাদ সদৃশ রোদনধ্বনি পৃথিবী ও অন্তরীক্ষ প্রতিধ্বনিত করিতে লাগিল।

### চতুরধিকশততম সর্গ।

এ দিকে মহর্ষি বশিষ্ঠ রামনশনাভিলাবে রাজমহিধীদিগকে

পথে লইয়া আশ্রমের সরিহিত হইলেন। মহিষারা নদীতট দিয়া মৃতপদে গমন করিতেছেন, দেখিলেন, মন্দাকিনীর এক স্থানে রামলক্ষমণের অবতরণার্থ সোপানপথ রহিয়াছে। তদ্দর্শনে কৌশল্যা সজলনগনে শুক্ষমুখে দীনা প্রমিত্রা ও অন্যান্য সপাত্রীকে কহিলেন, দেখ, যাঁহারা রাজ্যা হইতে নির্বাসিত হইয়াছেন, এইটা সেই অনাথদিগেরই তীর্থ। স্থমিত্রে! তোমার পুত্র লক্ষমণ প্রয়ং নিরলস হইয়া, রামের জন্য এই সোপান-পথ দিয়া জল লইয়া যান। তিনি যদিও নাচকার্য্যে নির্ক্ত আছেন, তথাচ নিন্দ্রনায় হইতেছেন না, ষাহা জ্যেষ্ঠের অনাবশ্যক, তাহাই তাহার গহিতে। যাহা হউক, এক্ষণে

লক্ষ্মণ যে ক্লেশ স্বীকার করিভেছেন, ইহা কোনও মতে তাঁহার

যোগ্য নহে, তিনি আজ এই তুঃখজনক জঘন্য কাৰ্য্য পরি-ত্যাগ কৰুন।

এই বলিয়া কেশিল্যা গমন করিতেছেন, ইত্যবসরে ভূতলে দক্ষিণাভিমুখ দর্ভোপরি ইঙ্কুদী ফলের পিণ্ড নিরীক্ষণ পূর্বক সপত্নীগণকে কহিলেন, দেখ এই স্থানে রাম যথাবিধানে মহাত্মা ইক্ষাকুনাথের পিণ্ড দান করিয়াছেন। যিনি বিবিধ ভোগ উপভোগ করিয়াছিলেন, সেই দেবতুল্য মহারাজ্রের কিছুতেই এই-রূপ দ্রব্য ভোজন করা যোগ্য হইতেছে নাঃ যাহাঁর প্রভাব ইল্রের ন্যায়, এবং যিনি সসাগরা পৃথিবীর রাজা ছিলেন, একণে তিনি ইঙ্কুদী ফল কিরপে ভক্ষণ করিবেন। রাজকুমার রাম এইপ্রকার পিণ্ড দান করিলেন, ইহা অপেক্ষা অমুখের আর আমার কিছুই নাই। যাহার যেরূপ জন্ন, তাহার পিতৃলো ককে ভাহাই আহার করিতে হয়, এই লোকপ্রসিদ্ধ কথা এক্ষণে সভ্য বোধ হইল। যাহাই হউক, এই শোচনীয় ব্যাপার দেখিয়া, আজ আমার হৃদয় কেন সহস্রধা বিদার্গ হইল না!

অনন্তর মহিবীরা নিতান্ত কাতর হইরা, কেশিল্যাকে নানা প্রকারে সান্ত্রনা করত আশ্রমে প্রবেশ করিলেন। দেখিলেন, ভোগ-পরিশ্ন্য স্থর্গত্রিষ্ট-দেবতা-সদৃশ রাম তথ্যধ্যে অবস্থান করি-ডেছেন: দেখিয়াই শোকে অধীর হইলেন, এবং সন্তরে রোদন করিতে লাগিলেন।

তখন রাম গারোখান করিয়া উহাঁদিগকে প্রণিপাত করি-লেন। তিনি প্রণাম করিলে উহাঁরা সুখম্পর্ল স্থামল গাণি-তল দারা তাঁহার পৃষ্ঠের ধূলি মার্জনা করিতে প্রবৃত হইলেন। অনস্তর লক্ষ্মণ তঃখিত্যনে ভক্তিসহকারে উহুাদিগকে অভি-বাদন করিলেন। উইারা রাম নির্ফিশেষে তাঁহাতেও সবি-শেষ যত্ন ও স্নেছ করিতে লাগিলেন। পরে বনবাসফশা জানকী অঞ্পূর্ণজ্লাচনে খঞ্গণের পাদবন্দনা করিয়া সমুখে দুর্ভায়মান রহিলেন। তদ্দর্শনে কেশিল্যা নিতান্ত ছংখিত হইয়া তাঁহাকে ছুহিতার ন্যায় আলিঙ্গন পূর্বক কহিলেন, हा! विरामहत्रारक्षत कन्या, मनत्राथत श्रुखिवधु, ज्ञारमत छाँगा, কিরপে এই নির্জ্জন বনে ছঃখ ভোগ করিতেছেন! বংসে! ভৌমার মুখপানি ওক কমলের ন্যায়, দলিত রক্তোৎপলের ন্যায়, ধূলিলিপ্ত কাঞ্চনের ন্যায় এবং মেঘান্তরিত চন্দ্রের ন্যায় मिलन (मधिता, चित्रा रामन कार्क कार्य करत, (महेंक्रेश र्याक আমার অন্তর্জাহ করিতেছে!

অনস্তর স্বরপতি বেমন বৃহস্পতিকে, জদ্রাপ রাম অগ্নিতুল্য বিশিষ্ঠকে নমস্বার করিয়া, তাঁহারই সহিত উপবিষ্ট হইলেন। ভরতও মন্ত্রী সেনাপতি ও ধর্মপরায়ণ পৌরগণের সহিত তাঁহার পশ্চান্ডাগে ক্বতাঞ্জলিপুটে উপবেশন করিলেন। তিনি ক্রাম্যক স্থোচিত সংক্রি করিয়া কি ক্রিবেন, ভংকালে সকলেরই মনে এই এক কোভূহল হইতে লাগিল। ঐ সমর ঐ তিন ভাতা স্হালাণে পরিবৃত হইয়া, সদস্য সহিত তিন অগ্নির ন্যায় শোভা পাইতে লাগিলেন। রজনীও উপ-স্থিত হইল।

### পঞ্চাধিকশততম সর্গ।

রাজকুমারগণ আত্মীয় স্বজনে পরিবেছিত ছইয়া, পিতার উদ্দেশে শোক করিতেছেন, ইত্যবসরে রাত্রি প্রভাত হইয়া গোল। তথন উহাঁরা ও অন্যান্য সকলে মন্দাকিনীতীরে প্রাতঃকালীন হোম ও সাবিত্রী জপ সমাপন করিয়া, রামের সমিহিত হইলেন, এবং ভৃষ্ণীংভাব অবলম্বন পূর্ব্ধক অবস্থান করিতে লাগিলেন।

অনস্তর ভরত সুহাজ্জনসমকে রামকে কহিলেন, আর্য্য !
পিতা যে রাজ্য দিয়া আমার জননীকে সাস্ত্রনা করিয়াছিলেন, আমি একণে তাহা আপানার হস্তে সমর্পণ করিতেছি,
আপানি নিক্ষণকৈ ভোগ করুন। বর্ধাকালে প্রবল-জলবেগভগ্ন সেতুর ন্যায় এই রাজ্য-খণ্ড আপানি জিন্ন আর কে আবরণ
করিয়া রাখিতে পারিবে ? যেমন গর্দিত আখের এবং পক্ষী
বিহণরাজ্য গরুতের গতি অনুকরণ করিতে পারে না, আপা-

নার নিকট আমাকেও ভজ্জপ জানিবেন। আর্ষ্য! অন্যে বাহার অনুরুত্তি করে, তাহার জীবন স্থের, আর যে ব্যক্তি অপরের মুখাপেকা করিয়া থাকে, ভাছার জীবন যার পর নাই অসুখের; সূত্রাং রাজ্যভার গ্রহণ আপনারই সমূচিত হইতেছে। কেহ একটা বৃক্ষ রোপণ ও ষড়ের সহিত পোষণ করিতে লাগিল ; উহার ক্ষম্প ও শাখা প্রশাখা সকল বিস্তীর্ণ এবং উহা ধর্মাকার প্ৰবের একান্ত চুরারোহ হইয়া উচিল; একণে ঐ বৃক্ষ প্রস্থিত হইয়া যদি ফল প্রসব না করে, তবে যে ব্যক্তি রোপণ করিয়া-ছিল, ভাষার কিরূপে সম্ভোষ লাভ হইবে ? আর্য্য ! এই দুয়ান্ত আপনারই নিমিত্ত প্রদর্শিত হইল। দেখুন, আপনি আমাদের রক্ষক, আমরা আপনার আশ্রিত ভৃত্য, পালন করিবার প্রকৃত সময়ে আপুনি যখন উদাসীন্য অবলঘন করিয়াছেন, তখন পিতার সমস্ত প্রয়াস যে ব্যর্থ হইল, তাহাতে আর বক্তব্য কি আছে। অতঃপর নানা শ্রেণীর প্রধান লোকেরা ত্মাপনাকে প্রখর সূর্য্যের ন্যায় রাজ্যে প্রতিষ্ঠিত দর্শন করুন; মত্ত মাতক সকল আপনার অনুগমনার্থ আনন্দনাদ পরিভ্যাগ কৰুক, এবং অন্তঃপুরের মহিলারাও যার পর নাই আহ্লাদিত হউন। ভরত এইরপ কহিবামাত্র তৎকালে তত্ততা সকলেই তাঁহাকে যথোচিত সাধুবাদ প্রদান করিতে লাগিলেন।

তখন সুৰীর রাম প্রবোধবাক্যে তাঁহাকে কহিলেন, বংস !

জীব অস্বতন্ত্র, সে স্বেচ্ছানুসারে কোন কার্য্য করিতে পারে না, এই কারণে কডান্ত ইহকাল ও পারকালে ভাহাকে আকর্ষণ করিয়া থাকেন। সমুদায় বস্তুর নাশ আছে, উন্ন-তির পতন আছে, সংযোগের বিয়োগ ও জীবনেরও মৃত্যু আছে। যেমন সুপক ফলের বৃক্ষ হইতে পতন ভিন্ন অন্য কোন রপ ভয় নাই, ভদ্রেপ মৃত্যুব্যতীত মনুষ্যের আর কোনও আশহা দেখি না। বেমন দৃঢ়স্তম্ভলম্বিত গৃহ জীর্ণ হইলেই ভঙ্গপ্রবণ হয়, তদ্রেপ মনুষ্য জ্রামৃত্যবশে অবসম হইয়া পডে। যে রাত্তি অতিক্রান্ত হইল, ভাহা আর প্রতিনিবৃত্ত হইবে না : যমুনার জ্রোত পূর্ণ সমুদ্রে যাইতেছে, তাহাও আর ফিরিবে না। যেমন এান্মের উত্তাপ জলাশয়ের জলশোষ করে, সেইরূপ গমনশাল অহোরাত্র মনুষ্যের আয়ুক্ষর করিতেছে। তুমি এক স্থানেই থাক, বা ইতন্তত পর্য্যটন কর, তোমার আয়ু ক্রমশঃ হাস হইয়া আসিতেছে। স্বতরাং তুমি আপনার অনুশোচনা কর, অনের চিন্তায় তোষার কি হইবে? মৃত্যু তোমার সহিত গমন করিভেছে, ভোষার সহিত উপবেশন করিতেছে, এবং ভোমারই সহিত বহু পথ পরিভ্রমণ করিয়া প্রতিনির্ত হইতেছে। জরানিবস্ত্রন দেহে ৰলী দৃষ্ট হইল, কেশজাল শুক্র হইরা रान, এবং পুৰুষও জীৰ্ন इहेश्ना পড়িল, বল দেখি, কি উপারে এই সকল নিবারিত হুইরে সমুষ্য হুর্যোদয়ে

আনন্দিত হয় রজনীসমাগমে পুলকিত হইয়া খাকে, কিন্ত তাহার ে আয়ুক্ষ হইল, তাহা সে বুঝিল না। যখন সম্পূর্ণ মুদ্রনালের স্মৃত্র আবির্ভাব হয়, তখন লোকে অত্যন্ত হাট হইয়া থাকে, কিন্তু ঋতুপরিবর্ত্তে যে, তাথার আয়ু:ক্ষয় इहेल, छाद्र श अनिएड श्रीतिल ना। यमन महाममूर्फ कार्ष्ठ कार्र्ड अश्रयांग, जावांत कालवर् विरम्नांग इहेम् शास्क. ধনজন জ্রীপুত্রের বিষয়ও সেইরূপ জানিবে। এই জীব-লোকে জন্মভু:শৃথ্বল অতিক্রম করা অসম্ভব, স্নতরাং ষে অন্যের দেহাত্তে শোক করিতেছে, আপনার মৃত্যু নিবারণে তাহার সংমর্থ্য নাই। যেমন এক জ্ঞন পথিক আর এক জনকে অত্রে যাইতে দেখিয়া, তাহার অনুসরণ করিয়া থাকে, সেইরপ পূর্ব্বপুরুষেরা যে পথে গিয়াছেন, সকলকেই তাহা আশ্র করিতে হইবে। অতএব ষধন তাহার ব্যতিক্রম ্রঃসাধ্য, তথন মৃত্ত লোকের নিমিত্ত শোক করা কি উচিত হয় ? জলপ্রবাহের ন্যায় যাহার প্রত্যার্ত্তি নাই, সেই বয়ুসের হ্রাস দেখিয়া অপেনাকে সুখ-সাধন ধর্মে নিয়োগ করা শ্রের হইতেছে, কারণ সুখই সকলের লক্ষ্য। বৎস! সেই সজ্জন-পূঞ্জিত ধর্মপরায়ণ পিতা যজ্ঞানুষ্ঠানবলে স্বৰ্গ লাভ করিয়াছেন, তাঁহার নিমিত্ত শোক করা উচিত হইভেছে না। তিনি জ্বার্ণ মনুষ্যদেহ পরিভাগি করিয়া ত্রন্ধলোক-

বিহারিণী দৈবী সমৃদ্ধি অধিকার করিয়াছেন। একণে ভাঁহার উদ্দেশে, শোক করা ভোমার বা আমার তুল্য জ্ঞানী বুদ্ধিমা-নের সঙ্গত হইতেছে না; সকল অবস্থাতেই শোক বিলাপ ও রোদন পরিভ্যাগ করা স্থবীর লোকের কর্ত্তব্য । অভঃপর ভূমি পিতৃবিয়োগহুঃখে অভিভূত হইও না, রাজধানীতে গিয়া বাস কর; পিতা তোমাকে এই রূপই অনুমতি করিয়াছেন। আর আমি যথায় যে কার্য্যে নিযুক্ত হইয়াছি, তথায় তাহারই অনুষ্ঠান করিব। তিনি আমাদের পিতা ও বন্ধু; তাঁহার আদেশ অতি ক্রম করা আমার শ্রেয় হইতেছে না, তাঁহাকে সমান করা ভোমারও উচিত। দেখ, যিনি পার্নোকিক শুভ সঞ্চয়ে অভিলাষ করেন, গুৰু লোকের বশীভূক্ত হওয়া তাঁহার বিধেয়। বৎস! পিতা স্বকর্মপ্রভাবে স্কাতি লাভ করিয়াছেন, তুমি তছিষয়ে স্থির নিশ্চয় হও, এবং ধর্মে মনোনিবেশ পূর্ব্বক আপনার হিত-চিন্তা কর। ধর্মপরায়ণ রাম ভরতকে এই বলিয়া ভূফীংভাব অবলম্বন করিলেন।

### বড়ধিকশততম সর্গ।

অনন্তর ভরত কহিলেন, আর্য্য! আপনি যেরপে, এই জীবলোকে এ প্রকার আর কে আছে? দুঃখ আপনাকে ব্যথিত এবং স্থখও পুলকিত করিতে পারে না। আপনি বৃদ্ধগণের নিদর্শনস্থল হইলেও, ধর্মশংস্কার উহ্বাদের পরামর্শ গ্রহণ করিয়া থাকেন। আপানার নিকট জীবন ও মৃত্যু এবং সৎ ও অসৎ উভয়ই সমান; যখন আপনি এইরূপ বুদ্ধি ধারণ করিতেছেন, তখন আপনার আর পরিভাপের বিষয় কি? বলিতে কি, যিনি আপনার ন্যায় সপ্রপঞ্চ আত্মতত্ত্ব অবগত আছেন, বিপদ উপস্থিত হইলেও তাঁহাকে বিষয় হইতে হয় না। আপনি দেবপ্রভাব সর্মদর্শী সভ্যপ্রতিজ্ঞ ও সর্মজ্ঞ; জীবের উৎপত্তি-বিনাশ আপনার অবিদিত নাই, স্নতরাং ডুর্বিসহ ডুঃখ ভবাদৃশ ব্যক্তিকে কিব্লপে অভিভূত করিবে? আর্য্য! আমি যথন প্রবাসে ছিলাম, ঐ সময় ক্ষুদ্রাশয়া জননী আমার জন্য যে অকার্য্য অনুষ্ঠান করিয়াছেন, তাহা আমার অভি-প্ৰেত নছে। এক্ষণে প্ৰসন্ন হউন; আমি কেবল ধৰ্মানু-

রোধে ঈদৃশ অপরাধেও ঐ পাপীয়সীর প্রাণদণ্ড করিলাম না। পুণাশীল রাজা দশরথ হইতে জন্ম গ্রহণ এবং ধর্মাংম অনুধাবন করিয়া, কিরুপে গৃহিত আচরণ করিব। আর্যা! মহারাজ আমা-দের গুৰু পিতা ও দেবতা, কেবল এই সকল কারণে এক্ষণে আমি তাঁহার নিন্দা করিলাম না, কিন্তু যে ব্যক্তি ধর্ম্মের মর্মজ্ঞ, জীর হিতকামনার এইরূপ কামপ্রধান পাপকর্ম করা কি ওাঁহার উচিত গ প্রাসিদ্ধি আছে, যে আসমকালে লোকের বুদ্ধিবৈপরীত্য ঘটিয়া থাকে, মহারাজের এই ব্যবহারে এক্ষণে ভাহা সভ্য বলিয়াই থিয়াস হইতেছে। যাহাই হউক, ক্রোগ মোহ ও অবিষয়কারিতা নিবন্ধন তাঁহার যে ব্যতিক্রম হইয়াছে. শুভ-সংসাধনোদ্দেশে আপুনি ভাষার প্রতিবিধান ক্রন। পত্ন হইতে পিতাকে রক্ষা করে বলিয়াই, পুত্রের নাম অপত্য, এই বাক্য সার্থক হউক। পিতার মুর্ব্যবহারে অনুমোদন করা আপ নার উচিত্ত নহে; তিনি যে কার্য্য করিয়াছেন, তাহা নিতান্ত ধর্মবহিভুতি ও একান্তই গহিতি। একণে আমার অনুরোধ রক্ষা করিয়া. আপনি সকলকে পরিত্রাণ কৰুন। কোথায় অরণ্য, কোথায় বা ক্ষত্রিয় ধর্ম, কোণায় জটা, কোণায় বা রাজ্যশাসন, এইরূপ বিসদৃশ কার্য্য কোনও মতে আপনার উপযুক্ত হইতেছে না। প্রজাপালন ক্ষত্তিয়ের প্রধান ধর্ম, কোনু ক্ষত্তিয়াধ্য এই প্রত্যক ধর্মে উপেক্ষা করিয়া, সংশয়াত্মক ক্লেশদায়ক বাৰ্দ্ধক্য ধর্ম আচরণ

করিবে ? যদি ক্লেশসাগ্য ধর্ম আঁপনার এতই অভিমত হইয়া থাকে, আপনি ধর্মানুসারে বর্ণ চতুষ্টয়কে পালন করিয়া ক্রেশ ভোগ করুন। ধার্ব্যিকের। কহেন, যে, চার আশ্রমের মধ্যে গাছ স্থা সর্ব্বোৎক্রন্ট, আপনি কি নিমিত্ত তাহা পরিজ্ঞাগের বাসনা করিয়াছেন ? আর্য্য ! আমি বিদ্যায় আপনার নিষ্কট বালক, এবং জম্মেও কনিষ্ঠ, আপনি বিদ্যমানে রাজ্য পালন করা আমার कि ऋल मञ्जर इरेटर ? आगि वृद्धिन, आश्रनात माहाया ব্যক্তীত প্রাণ ধারণ করিতেও পারি না। এক্ষণে আপনি বন্ধবর্গের সহিত সমগ্র পৃথিবী শাসন করুন। বশিষ্ঠ প্রাভৃতি মন্ত্রবিৎ শ্বিকেরা প্রকৃতিগণের সহিত এই স্থানেই আপনাকে অভিষেক করিবেন। অভিষেকান্তে আপনি অযোধ্যায় গমন পর্বাক তিনুশা-পিপতি ইন্দ্রের ন্যায় বাত্বলে প্রতিপক্ষণিকে পরাতৃত করিয়া, রাজ্য রক্ষায় প্রবৃত্ত হটন। দৈব পৈত্রা প্রভৃতি তিনি ঋণ হুইতে আত্মমাতন, শক্রবর্গের ছুঃখন্দ্রন ও স্বহালাণের সুখ-সাধন পূর্বেক আমাকে শাসন করুন। এবং আমার জননী কৈকেয়ীর কলঙ্ক দূর করিয়া পূজ্যপাদ পিতা দশরথকে পাপু হইতে রক্ষা কৰুন। আমি আপনার চরণে প্রনিপাত পুর্বক ৰারংবার প্রার্থনা করিতেছি, ঈশ্বর যেমন সমস্ত ভূতের প্রতি রূপা করিতেছেন, তদ্রেপ আপনি আমার প্রতি রূপা ৰিভরণ কৰুন। যদি আপনি আমার অনুরোধ না রাখিয়া

বনান্তরে প্রবেশ করেন, নিশ্চর কহিতেছি, আমিও আপনার সমভিব্যাহারে গমন করিব।

ভরত প্রণিপতি পূর্ব্বক এইরপ প্রার্থনা করিলে, রাম তির্বিরে কিছুতেই সম্মত হইলেন না। তখন তত্ত্বতা সকলে তাঁহার পিতৃআজ্ঞা পালনে দৃঢ়তর অনুরাগ ও অনুত সৈর্য্য দর্শন করিয়া, যুগপৎ হর্ষ ও বিষাদ প্রাপ্ত হইল; অঙ্গীকার রক্ষায় বিশেষ আগ্রহ দেখিয়া হর্ষ এবং প্রতিগমনে অসম্মতি দেখিয়া বিষাদ উপস্থিত হইল। অনস্তর পুরবাসী, ঋত্বিক, ও কুলপতিগণ এবং রাজমহিষীরা বাঙ্গাকুললোচনে ভরতের ভূরসী প্রশংসা করিলেন, এবং রামকে প্রতিগমনের নিমিন্ত বারংবার অনুরোধ করিতে লাগিলেন।

# সপ্তাধিকশতত্য সর্গ।

তখন রাম কহিলেন, ভরত ! তুমি রাজা দশর্থ হইতে জ্যা-গ্রহণ করিয়াছ, এক্ষণে বেরূপ কহিলে, ভাহা ভৌমার সমুচিত . হইতেছে। কিন্তু দেখ, পূর্ব্বে পিতা তোমার মাতার পাণিএছণ-কালে কেকয়রাজকে প্রতিজ্ঞা পূর্বাক কহিয়াছিলেন, রাজনু! তোমার এই কন্যাতে যে পুত্র উৎপন্ন হইবে, আমি ভাহাকেই সমস্ত সাম্রাজ্য অর্পণ করিব<sup>°</sup>। অনম্ভর দেবাস্থরসংগ্রাম উপস্থিত হইলে, তিনি তোমার জননীর শুশ্রাবায় সম্ভষ্ট হইয়া, গুইটি বর অঙ্গীকার করেন। তদুরুসারে তোমার জননী তোমার রাজ্য ও আমার বন এই হুই বর প্রার্থনা করিয়াছিলেন। মহারাজও অগত্যা ভদ্বিয়ে সমত হন, এবং আমাকে চতুর্দশ বং-সরের নিমিত্ত বনবাসে নিয়োগ করেন। এক্ষণে আমি ভাঁছার সত্য পালনার্থ জানকী ও লক্ষণের সহিত এই স্থানে আসি-য়াছি; তুমিও পিতার নিদেশে এবং তাঁহারই সভ্য রক্ষার উদ্দেশে অবিলয়ে রাজ্য গ্রহণ কর। বৎস! আমার প্রাতির জন্য মহারাজকে ঋণমুক্ত করা, এবং দেবী কেকরীকে অভিনালন

করা তোমার উচিত হইতেছে। দেখ, গয়া প্রদেশে মহাত্মা গয় যজ্ঞকালে পিতৃলোকের প্রীতি কামনায় এই প্রুতি গান করিয়াছিলেন, "যিনি পুৎ নামে নরক হইতে পিডাকে পরি-ত্রাণ করেন, তিনি পুত্র, এবং বিনি তাঁছাকে সকল প্রকার সঙ্কট হইতে রক্ষা করেন, তিনিও পুতা। জ্ঞানী গুণবার্ণ বছ পুত্রের কামনা করা কর্ত্তব্য, কারণ ঐ সমষ্টির মধ্যে অন্তত্ত এক-জ্বনও গরা যাত্রা করিতে পারে।" ভরত! পূর্ব্বতন রাজর্ষিগণের এইরপই বিশ্বাস ছিল। অতএব তুমি এক্ষণে পিতাকে নরক হইতে রক্ষা করু, এবং অযোধ্যায় গিয়া ত্রান্দাণগণ ও শত্রু হের সহিত প্রজারঞ্জনে প্রবৃত্ত হও। অতঃপর আমায়ও অবিলয়ে জানকী ও লক্ষ্মণের সহিত দওকারণ্যে প্রবেশ করিতে হইবে। ভাই! ভূমি মনুষ্যের রাজা হও, আমি বন্য মৃগগণের রাজাধি-রাজ হইয়া থাকিব: তুমি আজ হাউচিত্তে মহানগরে গমন কর, আমিও পুলকিত মনে দণ্ডকারণ্যে যাত্রা করিব: খেত ছত্র আতপ নিবারণ পূর্ব্বক, তোমার মন্তকে শীতল ছায়া প্রদান কৰক, আমিও এই সকল বন্য রক্ষের ভদপেক্ষাও শীতল ছায়া আশ্রা করিব : ধীমান্ শক্রম তোমার সহায়, লক্ষ্মণও আমার প্রধান মিত্র। এক্ষণে আইস, আমরা চারি জনে মিলিয়া এই রূপে পিভূসত্ত্য পালনে প্রবৃত্ত হই।

# অফীধিকশততম সর্গ।

অনম্ভর জাবালি কহিলেন, রাম! তুমি অতি স্থবোধ, সামান্য লোকের ন্যায় তোমার বুদ্ধি যেন অনর্থদর্শিনী না হয়। দেখ, কে কাহার বন্ধু? কোন্ ব্যক্তিরই বা কোন্ সহম্পে কি প্রাপ্য আছে? জীব একাকী জন্মগ্রহণ করে, এবং একাকীই বিনম্ট হয়। অতএব মাতা পিতা বলিয়া, যাহার স্বেহাশক্তি হইয়া থাকে, সে উন্মত্ত। যেমন কোন লোক প্রবাসে গমন করিবার কালে, গ্রামের বহির্দেশে বাস করে, আবার পরদিন সেই আবাস-সম্বন্ধ পরি-ত্যাগ পুরুক প্রস্থান করিয়া থাকে, পিতা মাতা গৃহ ও ধন তদ্রপই জানিবে: সজ্ঞানেরা কোনও মতে উহাতে আসক্ত হন না। স্নতরাং পিতার অনুরোধে পৈতৃক রাজ্য পরিত্যাগ করিয়া, তুঃখজনক হুর্গম সঙ্কটপূর্ণ অরণ্য আশ্রয় করা ডোমার কর্ত্তব্য হইভেছে না। একণে তুমি স্বসমৃদ্ধ অবোধ্যায় প্রতি-গমন কর; সেই একবেণীধরা নগরা ভোমার প্রভীক্ষা করি-ভেছেন। তুমি তথায় রাজভোগে কালকেপ করিয়া, দেবলোকে

স্থ্ররাজ ইন্দ্রের ন্যায় প্রমস্থা বিহার করিবে। দশর্থ তৌমার কেহ নহেন, তুমিও তাঁহার কেহ নও; তিনি অন্য, তুমিও অন্য, স্মৃতরাং আমি যেরপ কহিতেছি, তুমি তাহারই অনুষ্ঠান কর। দেখ, জন্মবিষয়ে পিতা নিমিত্তমাত্র বলিয়া নির্দিষ্ট হন, বস্তুত মাতা ঋতুকালে গর্ভে যে শুক্রশোণিত ধারণ করেন, ভাহাই জী-বোৎপত্তির উপাদান ৷ এক্ষণে রাজা দশর্থ যেস্থানে যাইবার. গিয়াছেন, ইহাই মনুষ্যের স্বভাব, কিন্তু বৎদ! তুমি স্ববুদ্ধিদোষে বৃথা নফ হইতেছ। যাহারা প্রত্যক্ষসিদ্ধ পুরুষার্থ পরিত্যাগ করিয়া কেবল ধর্ম লইয়া থাকে, আমি তাহাদিগের নিমিত্ত ব্যাকুল হইতেছি, তাহার৷ ইহলোকে বিবিধ যন্ত্রণা ভোগ করিয়া, অস্তে মহাবিনাশ প্রাপ্ত হয়। লোকে পিতৃদেবতার উদ্দেশে অফকা শ্রাদ্ধ করিয়া থাকে, দেখ, ইহাতে কেবল অন্ন অনর্থক নয় করা হয়, কারণ কে কোথায় শুনিয়াছে যে, মৃত ব্যক্তি আহার করিতে পারে? যদি এক জন ভোজন করিলে অন্যের শরীরে উছার সঞ্চার হয়, তবে প্রবাসীর উদ্দেশে এক ব্যক্তিকে আহার করাও, উহাতে কি ঐ প্রবাসীর তৃপ্তি লাভ হইবে ? কখনই না। যে সমস্ত শান্তে দেবপূজা, যজ্ঞ, দান, ও তপস্যা প্রভৃতি কাৰ্য্যের বিধান আছে, ধীমান মনুষ্যেরা কেবল লোকদিগকে বশীভূত করিবার নিমিত্ত, সেই সকল শান্ত প্রস্তুত করি-রাছেন। অতএব, রাম! প্রলোকসাধন ধর্মনামে কোন

পদার্থই নাই, তোমার এইরপ বুদ্ধি উপস্থিত হউক।
তুমি প্রতিক্ষের অনুষ্ঠান এবং পরোক্ষের অনুসন্ধানে প্রবৃত্ত
হও। ভরত ভোমাকে অনুরোধ করিতেছেন, তুমি সর্বাসমত বুদ্ধির অনুসরণ পূর্বাক রাজ্যভার গ্রহণ কব।

## নবাধিকশততম সর্গ।

জাবালীর এই কথা গুনিয়া রামের কিছুমাত্র ভাব-বৈপরীত্য ষটিল না, তিনি তখন ধর্মবুদ্ধি অবলন্দন পূর্বক কহিতে লাগি-লেন, তপোধন! আপনি আমার হিত কামনায় একণে যাহা কহিলেন, তাহা বস্তুত অকার্য্য, কিন্তু কর্ত্তব্যবৎ প্রতীয়মান হইতেছে, বস্তুত্ই অপথ্য, কিন্তু পথ্যের ন্যায় সপ্রমাণ হইতেছে। যে পুৰুষ পামর ও বিপথগামী এবং যে জন-সমাজে শান্ত্রবিৰুদ্ধ মত প্রচার করিয়া থাকে, দে সাধুলোকের নিকট কখনই সন্মান পায় না। উচ্চ কি নীচ বংশীয়, বীর কি পে ক্যাভিমানী, শুচি কি অপবিত্র, চরিত্রই ভাহার পরিচয় দিয়া থাকে। এক্ষণে আপনি যে রূপ কহিলেন, তদনুরূপ আচ-রণ করিলে নানা অনর্থ ঘটিবে। আপনার মত অত্যন্ত অপ্রশস্ত। ইহার বলে, লোক, কার্য্যত অনার্য্য হইলেও যেন ভদ্র, কদাচার হইলেও যেন গুদ্ধস্বভাব, এবং হুৰ্দ্ধৰ্শন হইলেও যেন লক্ষণাক্ৰান্ত বলিয়া আপনাকে অনুমান করিয়া থাকে। আমি যদি এইরূপ লোকদূষণ অধর্মকে ধর্মবেশে এছণ করি, এবং প্রকৃত শ্রেয় পরি-फाांग शूर्सक षादेव बावशात श्रेवल इरे, जोश हरेल विष्कृत

নিকট অনাদৃত ও কুলাচার হইভে পরিভ্রন্থ হইব। প্রতিজ্ঞাল্ভ্রন জন্য উৎক্রন্থ গতি লাভের আর প্রত্যাশা থাকিবে না। এবং প্রক্রতিরাও আমায় ধর্মবিপ্লবকারী ও স্বেক্ছাচারী দেখিয়া, আমার অনুকরণ করিবে, কারণ রাজার বেরূপ আচার প্রজার তদ্ধপই হইয়া থাকে। অভএব, তপোধন! আপনি যেরূপ কহিলেন ভাহা কোনও মতে প্রীতিকর বোধ হইতেছে না।

দেখুন, অনাদি-শাস্ত্রসিদ্ধ দরাপ্রধান রাজত্ব স্থাং সত্য, এই নিমিত্ত লোকে রাজ্যকে সভ্যস্তরপ বলিয়া নির্দেশ করিয়া থাকে। সভ্যের প্রভাব অভি চমৎকার, সমস্ত লোক সভ্যে বিধৃত রহিয়াছে, দেবতা ও ঋষিগণ সভ্যেরই সবিশেষ সমাদর করেন, সভ্যবাদীর ত্রন্ধলোক লাভ হয়, সভ্যানিষ্ঠ ধর্ম সকলের মূল, সভ্য ঈশ্বর, সভ্যে ধর্ম প্রভিষ্ঠিত আছেন, সকল বিষ্ফার সভ্যমূলক এবং সভ্য অপেক্ষা পরম পদ আর কিছুই নাই। দান যজ্জ হোম ও ভপঃপ্রতিপাদক বেদশান্ত্র সভ্যকে আশ্রায় করিয়া আছে। যে ব্যক্তি সভ্যপরায়ণ, তাঁহাকেই ভূমি যশ ও কীর্ত্তি প্রার্থনা করিয়া থাকে। অভএব সভ্যপর হওয়া সর্বতোভাবেই কর্ত্ব্য । ক্ষুদ্ধ নীচাশয় নুসংশ লুক্ক পামরেরা বাহার সেবা করে, আমি অভঃপর সেই নামমাত্র ধর্ম ক্ষত্রিয়ধর্ম পরিভ্যাগ করিব। কর্ম্মপাতক ভিন প্রকার, কায়িক বাচিক

ও মানসিক; ক্ষত্রিয়বৃত্তি সামান্যত দেহসাধ্য হইলেও নিজের চিন্তা ও অন্যের সহিত পরামর্শ এই সম্বন্ধে, অপর চুই পাতকেরও অন্তর্গত হইতেছে। এক জনই কুল রক্ষা করে, এক জনই নরকস্থ হয় এবং একজনেই দেবলোকে আদৃত হইয়া থাকে; এইরূপ ব্যবস্থা সত্তে, আমার সত্যসন্ধ পিতা, ত্রিসভ্যে বন্ধ হইয়া প্র-তিজ্ঞা রক্ষার্থ আমায় যাহা আজ্ঞা করিয়াছেন, আমি কেন তাহা অপহেলা করিব। আমি তাঁহার নিকট সত্যে প্রতিশ্রুত হাছি, এক্ষণে ক্রোধ লোভ মোহ বা অজ্ঞানতা বশতই হর্ডক, কোনমতে গুরুলোকের সত্যসেত ভেদ করিব না। যে ব্যক্তি অসত্যপ্রতিক্ত ও অস্থিরমতি, গুনিয়াছি তাহার নিকট দেবত, ও পিতৃলোক কিছুই গ্রহণ করেন না। এই আধ্যাত্মিক সভ্যপালনধর্ম সর্বাপেক্ষা উৎকৃষ্ট, সাধুলোকেরা ইহার ভার বহন করিয়া আসিয়াছেন বলিয়া, আমি ভদ্বিয়ে এইরপ আগ্রহ প্রকাশ করিতেছি। এক্ষণে আপনি সবিশেষ অবধারণ ও হেছুবাদ প্রদর্শন পূর্ব্বক আমায় যে কথা কহিলেন, তাহা নিতান্ত গহিত বোধ হইতেছে। আমি পিতার অত্যে অস্থী-কার করিয়া অরণ্যবাস আশ্রয় করিয়াছি, স্বভরাং ভরতের কথায় কিরপে সম্বত হইব। আরও আমি সত্যে বন্ধ হইয়াছি বলিয়া. কৈকেয়ী অত্যন্ত সম্ভট হইয়াছিলেন, এক্ষণে কিরূপেই বা তাঁহার অসম্ভোষ উৎপাদন করিব। অতএব অভঃপর আমাকে শ্রদ্ধাবান শুদ্ধসন্ত্ব ও মিতাহারী হইরা ফলমূলে দেবতা ও পিত্লোকের তৃপ্তি সাধন পূর্ব্বক লোক্যাত্রা নির্বাহ করিতে হইবে। এই কর্মভূমিতে আসিয়া, যাহা শুভ তাহারই অনুষ্ঠান শ্রেয়। অগ্নি বায়ু ও সোম ইহারা শুভ কর্ম্বের প্রভাবে স্ব স্থ পদ প্রাপ্ত হইরাছেন। দেবরাজ ইন্দ্র শত সংখ্য যজ্ঞ আহরণ পূর্ব্বক দেবলোক লাভ করিয়াছেন এবং মহর্ষিগণও তপস্যার বলে উৎকৃষ্ট লোকে বাস করিতেছেন।

তপোধন! সত্য, ধর্মা, তপস্যা, দয়া, প্রিয়বাদিতা, এবং দেবপুজা ও অতিধিসংকার এই সকল মর্গের পথ, ত্রাক্ম-ণেরা ঐ গুলিকে মুখ্যফলপ্রাদ বলিয়া প্রবণ এবং ভর্কদার: সম্যক অবধারণ করিয়া, যথা বিহিত ধর্মাচরণ প্রবিক, উৎকৃষ্ট লোক আকাজ্ফা করিয়া থাকেন। আপনার বৃদ্ধি বেদ-বিরোধিনী, আপনি ধর্মভ্রম্ট নাস্তিক, আমার পিতা যে আপনাকে যাজকত্বে এহণ করিয়াছিলেন, আমি ওাঁছার এই কার্যকে যথোচিত নিন্দা করি। যেমন বৌদ্ধ ভঙ্গরের ন্যায় দণ্ডাহ', নাস্তিককেও তদ্ধপ দণ্ড করিতে হইবে. অতএব যাহাকে বেদবহিষ্কৃত বলিয়া পরিহার করা কর্ত্তব্যু, বিচক্ষণ ব্যক্তি সেই নাস্তিকৈর সহিত সম্ভাষণও করিবেন না। আপনার অপেকা উৎকৃষ্ট ত্রান্ধণেরা নিক্ষাম হইয়া শুভকার্য্য সাধন করিয়াছেন, এবং এখনও আনেকে অহিংসা

তপ ও যজ্ঞাদির অনুষ্ঠান করিয়া থাকেন। ফলতঃ যাঁহারা ধর্মপরায়ণ দানশীর্ল অহিংস্ত্রক ও পবিত্র সেই সকল মহর্ষিরাই লোকে পূজনীয় হইয়া থাকেন।

রাম রোষভরে এইরূপ বাক্য প্রয়োগ করিলে, জাবালি বিনয়বচনে কহিলেন, রাম! আমি নাস্তিক নহি, নাস্তিকের কথাও কহিতেছি না। আর পরলোক প্রভৃতি যে কিছুই নাই, তাহাও নহে। আমি সময় বুঝিয়া আস্তিক হই, আবার অবসর ক্রমে নাস্তিক হইয়া থাকি। যে কালে নাস্তিক হওয়া আবশ্যক, সেই কাল উপস্থিত, এক্ষণে ভোমাকে বন হইতে প্রতিনয়ন করিবার নিমিত্ত প্ররূপ কহিলাম এবং ভোমাকে প্রসন্ন করি-বার নিমিত্তই আবার ভাহার প্রভ্যাহার করিয়া লইলাম।

### দশাধিকশততম সর্গ :

অনস্তর মহর্ষি বশিষ্ঠ রামকে ক্রোধাবিষ্ট দেখিয়া কহিলেন, বৎস! জাবালি লোকের গতাগতির বিষয় সম্যক জ্ঞাত
আছেন। এক্ষণে তোমাকে প্রতিনির্ত্ত করিবার নিমিত্ত
ইনি ঐরপ কহিলেন। যাহা হউক, অতঃপর আমি লোকোৎপত্তির বিষয় কীর্ত্তন করিতেটি, শ্রবণ কর।

অত্যে সমুদারই জলময় ছিল, ঐ জল মধ্যে এই পৃথিবী নির্মিত হয়। পরে স্বয়স্তু ত্রন্ধা দেবগণের সহিত উৎপন্ন হইলেন এবং বরাহরপ পরিপ্রেহ করিয়া, জল হইতে বস্তম্বরাকে উদ্ধার পূর্ব্বক প্রজাগণের সহিত সমস্ত চরাচর সৃষ্টি করিতে লাগিলেন। এই ত্রন্ধা, স্বয়ং ঈশ্বর হইতে জন্ম গ্রহণ করেন। ইনি নিত্য ও অবিনালী। ইহাঁ হইতে মরাচি, মরাচি হইতে কল্যপ জন্মেন। কল্যপের আত্মজ বিবস্থৎ। বিবস্থৎ হইতে মনু উৎপন্ন হইয়াছেন। এই মনুই প্রজাপতি নামে অভিহিত হইয়া থাকেন। মনুর পুত্র ইক্সাকু। ইক্সাকু পিতা হইতে সমস্ত পৃথিবী অধিকার করেন। ইনিই অযোধ্যার

আদি রাজা। ইফ্বাকুর কুক্ষি নামে এক পুত্র জ্বে। কুক্ষির পুত্র বিকুক্ষি, বিকুক্ষির পুত্র মহাপ্রভাপ বাণ, বাণের পুত্র মহাতপা ভেজমা অনরণ্য, ইহাঁর শাসনকালে অনার্টি কি ছুর্ভিক্ষ কিছুই হয় নাই, এবং তক্ষরের নামও ছিল না। অন-রণ্যের পুত্র পৃথু, পৃথুর পুত্র ত্রিশঙ্কু; ইনি স্বীয় সভ্যের বলে শশরীরে শ্বর্গ লাভ করেন। মহারাজ ত্রিশক্ষুর ধুরুমার নামে এক পুত্র জন্মে। ধুন্ধুমারের পুত্র মহারথ ঘুবনাখ, যুব-নাখের পুত্ত মান্ধাতা। মান্ধাতার পুত্ত হুসন্ধি, হুসন্ধির হুই পুত্র-ধ্রুবদক্ষি ও প্রদেনজিৎ। তন্মধ্যে ধ্রুবদক্ষি হইতে যশস্বা ভরত উৎপন্ন হন। ভরতের পুর্ত্ত মহাতেজা অসিত। হৈহয় তালজ্ঞ ও শশবিন্দু ইহরা এই অসিতের প্রতিপক হইর। ছিল। দুর্বল অসিত ইহাদিগের সহিত যুদ্ধে প্রবৃত্ত হন এবং ঐ যুদ্ধে পরাভূত ও রাজ্যচুত হইয়া, মহিষা দয়ের সহিত হিমাচলে গমন পূর্বক, মানবলীলা সংবরণ করেন। এইরূপ প্রবাদ আছে যে, মহারাজ অসিতের ছুই মহিষা সসত্ত্ব ছিলেন। ইহাঁদিগের মধ্যে একজন অপটির গর্ভ নফ্ট করিবার নিশিত ভক্ষ্য দ্রব্যে বিষ সংযোগ করিয়া দেন ৷

ঐ রমণীয় **হিমাচলে** ভৃগুনন্দন ভগবান চ্যবন বাস করি-ভেন। রাজমহিষী কালিন্দী স্বপত্নীর অভ্যাচারে যৎপরোনাস্তি ভীত হইয়া তাঁহাকে গিয়া অভিবাদন করেন। ভ্রথন মহর্ষি প্রসন্ন হইয়া তাঁহার পুত্রোৎপত্তির উদ্দেশ্যে কহিয়াছিলেন, মহা-ভাগে! তোমার গর্ভে এক প্রবলপরাক্রম পুত্র অচিরাৎ গর-লের সহিত জন্মিবেন, এবং তাঁহা হইতেই বংশরক্ষা হইবে।

অনন্তর কালিন্দী ভগবান চ্যবনকে প্রদক্ষিণ ও প্রণাম করিয়া গৃহে প্রতিনিবৃত্ত হইলেন। অচিরকাল মধ্যে তাঁহার গর্ভে পর্যাপলাশলোচন পদ্যকোষসদৃশপ্রত এক পুত্র জন্ম এহণ করিলেন। ভাঁছার সপাত্রী গর্ভবিনাশ বাসনার যে বিষ প্রায়োগ করিয়াছিলেন, পুত্র ভূমিষ্ঠ হইবার কালে ভাহাও নির্গত হয়, এই কারণে উহাঁর নাম সগর হইল। ইনিই জাফিত হইয়। সভলের মনে ভয় উৎপাদন পূর্ব্বক সাগর খনন করেন। ইইার পুত্র অসমঞ্জ। অসমঞ্জ অতি পাপাত্মা ছিলেন, এই নিমিত ইতাঁর পিতা জীবদ্ধশাতেই ইহাঁকে নগর হইতে নিস্কাদিত করিয়া (एन । अस्त्रक्ष इटेट्ड अः अभान छेर्शन इन । अः अमारनत পুত্র দিলীপ, দিলীপের পুত্র ভগীরথ, ভগীরথের পুত্র ককুৎস্থ। ককুৎস্থ হইতে রঘু জন্ম এহণ করেন। রঘুর পুর্ত্ত তেজস্বী প্রবন্ধ। ইহার অপর নাম কল্মাযপাদ। ইনি শাপ-প্রভাবে মাংসাশী রাক্ষ্য হন। প্রবৃদ্ধের পুত্র শঙ্গণ। শঙ্গ-ণের পুত্র স্থদর্শন, স্থদর্শনের পুত্র অগ্নিবর্ণ, অগ্নিবর্ণের পুত্র শীত্রগ, শীত্রগের পুত্র মৰু, মৰুর পুত্র প্রগুক্রক, প্রগুক্রাকের পুত্র অন্ধরীষ। অন্ধরীষ হইতে নত্য উৎপন্ন হন 1 নত্ত্বের পুত্র ষযাতি, যথাতির পুত্র নাভাগ, নাভাগের পুত্র অজ, অজের পুত্র দশরথ। রাম! তুমি সেই রাজা দশরথেরই জ্যেষ্ঠ পুত্র, অভএব এক্ষণে রাজ্য গ্রহণ এবং রাজকার্য্য সমুদার পর্য্যবেক্ষণ কর। ইক্ষাকুবংশীয়দিগের মধ্যে সর্বজ্যেষ্ঠই রাজা হন, জ্যেষ্ঠ সত্ত্বে কনিষ্ঠ কখন সিংহাসনে অধিরোহণ করিতে পারেন না, এই চিরপ্রচলিত বংশাচার পরিহার করা ভোমার কর্ত্ব্য হইতেছে না। তুমি রাজা দশরথের ন্যায় ধনরত্বসঙ্কুল রাষ্ট্রবহুল পৃথিবীকে শাসন কর।

## একাদশাধিক শততম সর্গ।

বশিষ্ঠ পুনর্স্কার কহিলেন, বৎস! আচার্য্য, পিতা, ও মাতা, পৃথিবীতে এই তিন জন গুৰু। পিতা জন্ম দান করেন, এই নিমিত্ত তিনি গুৰু, এবং আচার্য্য জ্ঞান প্রদান করেন, এই কারণে তাঁহাকেও গুৰু বলা যায়। রাম! আমি তোমার পিতার ও তোমার আচার্য্য, আমার কথা রক্ষা করিলে সদ্যাতি লাভ হইবে। এই তোমার পারিষদ, এই সকল বন্ধুবান্ধব, এবং এই সমস্ত অধীন রাজা, ইহাঁদিগের রক্ষানাধন করিলে সদ্যাতি লাভ হইবে। তোমার জননা কে শল্যা ধর্মশীলা ও বৃদ্ধা, ইহাঁর বাক্য লক্ষ্মন করা উচিত হয় না। ভরত বারংবার তোমার প্রতিগমন প্রার্থনা করিতেছেন, ইহাঁকে উপেক্ষা

রাম মহর্ষি বশিষ্ঠের এই মধুর বাক্য শ্রবণ পূর্ব্বক কহিলেন, তপোধন! মাতা পিতৃ। সাধ্যানুসারে ত্র্ধাদি দান করেন, নিদ্রা আহরণ ও অঙ্গ মার্ক্তন করিয়া দেন এবং প্রিয়োক্তি প্রয়োগ ও ক্রীড়ার নিয়োগ করিয়া থাকেন। এইরপে তাঁহারা নিরস্তর সন্তানের যে উপকার সাধন করেন তাহার প্রতিশোধ
করা অত্যন্ত স্থকটিন। স্থতরাং আমার জনয়িতা পিতা যাহা আজ্ঞা
করিয়াছেন, আমি তাহার অন্যথাচরণ করিতে পারিব না।
ত তথন ভরত নিতান্ত বিমনা হইয়া সন্নিহিত স্থমস্ত্রকে কহিলেন, স্থমন্ত্র! তুমি শীত্র এই স্থানে কুশাসন আস্তীর্ণ করিয়া
দেও, যাবৎ আর্য্য রাম প্রসন্থ না হন, তদবধি আমি ইহাঁর

দেও, যাবৎ আয়া রাম প্রসন্ধ না হন, তদবাধ আমে হছার
উদ্দেশে প্রভাপবেশন করিব। উত্তমর্গ ব্যক্ষণ যেমন স্থধন
গ্রহণের নিমিত অধমর্ণের দ্বাররোধ করে, তদ্ধাপ আমি সর্বাদ
স্বশুপিত করিয়া যতক্ষণ না ইনি প্রতিগমন করিবেন, স্থনা-

হারে এই পর্ন-কুটারের সম্মুখে শয়ন করিয়া থাকিব।

স্মন্ত্র, আদিট হইলেও রামের মুখাপেক্ষা করিতে লাগি-লেন। তদ্দর্শনে ভরত স্বয়ংই কুশাসন আস্তীর্ণ করিয়া ভূতলে শরন করিলেন। তখন রাম কহিলেন, বৎস! আমি এমন কি করিতেছি যে, তুমি অগমার জন্য প্রত্যুপবেশন করিলে? দেখ, এইরূপ বিধি ত্রাক্ষণেরই বিহিত হইরাছে, ক্ষত্রিয়ের ইহাতে অধিকার নাই। অতএব তুমি এক্ষণে এই দাকণ ত্রত পরিত্যাগ পূর্কিক গাত্রোখান করিয়া মহানগরী অযোধ্যায় গমন কর।

অনন্তর ভরত চারিদিকে দৃষ্টি প্রসারণ পূর্বক প্রাম ও নগ-রের অভ্যাগত সমস্ত লোকদিগকে কহিলেন, ভোমরা কি জন্য আর্য্যকে কিছু বলিভেছ না? উহারা কহিল, আপনি ইহাঁকে যাহা কহিলেন, তাহা কোন অংশে অসঙ্গত নহে। আর এই মহানুভবও বে, পিতৃআজ্ঞ। পালনে নির্মান্ত প্রদর্শন করি-তেছেন, তাহাও অন্যায় হইতেছেনা। এই কারণে আমরা এই বিষয়ে নিক্তর হইয়া আছি। তথন রাম কহিলেন, ভরত! তুমি ত এই সকল সাধুদর্শী স্থহদের কথা শুনিলে? এক্ষণে ইহাঁরা উভয় পক্ষ আশ্রয় করিয়া যেরপ আত্মত ব্যক্ত করিলেন, তুমি তাহা সম্যক বিচার করিয়া দেখ, এবং গাজোখান পূর্মক আমার অঙ্ক ম্পুশ করিয়া আচমন কর।

তখন ভরত ভূমিশ্যা। হইতে উপান ও আচমন ক্রিয়া
কহিলেন, সভ্যগণ! শ্রবণ কর, মন্ত্রিবর্গ! ভোমরাও শুন, আমি
পৈতৃক রাজ্য প্রার্থনা করি নাই, জননীকেও অসৎ অভিসন্ধি
সাধনের পরামর্শ দি নাই, এবং ধর্মপরায়ণ রাম যে অরণ্য
আশ্রা করিবেন, ভাহাও জানিভাম না। এক্ষণে পিভার
বাক্য পালন এবং এইরূপে কাল যাপন যদি ইহার অভিমত
হইয়া থাকে, ভাহা হইলে আমিই প্রভিনিধি রূপে চতুর্দশ
বৎসর বনবাসী হইয়া থাকিব।

ভরত এইরপ বলিলে রাম নিতান্ত বিস্মিত হইলেন এবং প্রাম ও নগরের সকল ,লোককে অবলোকন পূর্ব্বক কহিলেন, দেখ, পিতা জীবদ্দশায় যাহা ক্রয়, বিক্রয়, অথবা বন্ধকম্মরপ অর্পণ করিয়াছেন, তাহার অপলাপ করা আমার বা ভরতের উচিত হইতেছে না। স্থতরাং এক্ষণে অরণ্যবাস বিষয়ে প্রতিনিধি নিয়োগ আমার পক্ষে অত্যন্ত অপ্যশের হইবে। দেবী কৈকেয়ী যাহা কহিয়াছেন, তাহা সম্পূর্ণ সঙ্কত, এবং পিতা যেরপ আচরণা করিয়াছেন, ভাহাও ন্যায়োপেত হইতেছে। আমি ভরতকে জানি, ইনি ক্ষমানীল ও গুৰুজনের মর্য্যাদারক্ষক। ইহার কোন অংশে কিছুই দৃষণীয় নহে। আমি বন হইতে প্রতিগমন করিলে ইহারই সহিত পৃথিবীর রাজা হইব। ভাই ভরত! কৈকেয়ী আমায় যাহা আজ্ঞা করিয়াছিলেন, আমি তদনুরপ কার্য্য করিয়াছি, এক্ষণে তুমিও পিতাকে প্রতিজ্ঞাধণ হইতে মুক্ত কর।

### দ্বাদশাধিকশতত্য সর্গ।

রাম ও ভরত এইরূপ কথোপকথন করিতেছেন, এই অবসরে দেবর্ষি রাজর্ষি ও গন্ধর্কগণ তথায় আগমন করিয়া প্রচ্ছন্নভাবে অবস্থান করিতেছিলেন। উহাঁরা ঐ উভয় ভাতার সমাগম দর্শনে যৎপরোনাস্তি বিস্মৃত হইয়া উহাঁ-দের যথেষ্ট প্রশংসা করিতে লাগিলেন। কহিলেন, এই চুই ধর্মবীর ঘাঁছার পুত্র ভিনিই ধন্য। ইহাঁদের বাক্যালাপ শুনিয়া, অদ্য আমরা সবিশেষ প্রীত হইলাম। অনন্তর তাঁহারা মনে মনে রাবণের নিধনকামনা করিয়া ভরতকে কহিলেন, বীর! তুমি সংবংশোদ্ভব যশস্বী ও বিজ্ঞ। এক্ষণে যদি পিতার মুখাপেক। করা তোমার অভিমত হয়, তাহা হইলে রাম যাহা কহিতেছেন, তাহাতে সমত হও। ইনি সত্যপালন পূর্মক পিতৃ-ঋণ হইছে মুক্ত হন, ইহাই আমাদের অভিলাষ। ইনি প্রতিজ্ঞা করাতেই म्भवर्थ रेकट्कश्चीत निकि ज्ञेषा इरेशा स्वर्गादारण करिशां एक । এই বলিয়া উহাঁরা স্ব স্থানে প্রস্থান করিলেন। উহাঁরা প্রস্থান করিলে, প্রিয়দর্শন রাম প্রফুল্লমনে উহাঁদিগকে বারং বার সাধুবাদ প্রদান করিতে লাগিলেন।

অনস্তর ভরত কতাঞ্জলিপুটে স্থালিত বাক্যে সভয়ে কহিনলেন, আর্য্য! আপনি আমাদিণের কুলক্রমানুরপ রাজধর্ম পর্য্যালোচনা করিয়া জননা কোশল্যার মনোবাঞ্চা পূর্ন করুন। আমি একাকী সেই বিস্তীর্ন রাজ্য শাসন করিতে পারিব না, এবং প্রজা-রঞ্জনও আমা হইতে হইবে না। ক্ষরিজিবী যেমন মেঘের প্রতীক্ষা করে, তদ্রূপ সমস্ত প্রকৃতি জ্ঞাতি ও বন্ধ বান্ধবেরা আপনারই প্রতীক্ষা করিতেছেন। অতএব আপনি রাজ্য গ্রহণ করিয়া কোন ব্যক্তির হস্তে অপণ করুন। আপনি যাহাকে অপণ করিবেন, সে অবশ্যই প্রজাপালনে সমর্থ হইবে।

নীরদশ্যাম পদ্মপলাশলোচন ভরত, এই বলিয়া, রামের পদতলে নিপতিত হইলেন, এবং তাঁহার সন্নিধানে বারংবার ইহাই
প্রার্থন। করিতে লাগিলেন। তথন রাম তাঁহাকে অঙ্কে গ্রহণ
পূর্বেক কলহংসসদৃশ মধুরস্বরে কহিলেন, বৎস! যাহা
শিক্ষাপ্রভাবোৎপন্ন ও স্বাভাবিক, তোমার সেই বুদ্ধি উপন্থিত
হইয়াছে। তুমি রাজ্যভার বহনেও সাহসা হইতেছ। এক্ষণে
বুদ্ধিমান মন্ত্রী ও স্কুছ্কাণের পরামর্শ লইয়া, তংকার্য্যে প্রবৃত্ত
হও। চন্দ্র হাতে শোভা অপনীত হইতে পারে, হিমালয় হিম
পরিত্যাগ করিতে পারেন, এবং সাগরও হয়ত বেলাভূমি
লক্ষ্মন করিবেন, কিন্তু আমি পিতৃসত্য পালনে কখনই বিরত
হইব না। বৎস! ভোমার জননী তুৎসংক্রোপ্ত স্বেহ বা লোভ

ৰশতই হউক যে কাৰ্য্য করিয়।ছেন, ভাহা ভূষি মনেও জানিও না, মাতাকে যেমন ভক্তি করিতে হয়, তাঁহাই ধরিবে।

খনস্তর ভরত দিবাকরের নগার ভেজারী দিন্তারা-চন্দ্রের ন্যায় স্থদর্শন রামের এইরপ বাক্য প্রবাদ করিয়া কহিলেন, আর্য্য! একণে আপনি পদতল হইতে এই কনকথচিত পাছুকারুগল উন্মুক্ত করুন, অতঃপর ইহাই লোকের যোগক্ষেম % বিষান করিবে। তখন রাম পাতুকা উন্মোচন করিয়া তাঁহাকে প্রান করিলেন। ভরত প্রাণিত পুরংসর উহা এবণ করিয়া কহিলেন, আর্য্য! আনি সমস্ত রাজ্যব্যাপার এই পাতুক্তি নিবেদন পূর্যাক, জটাচার ধারণ ও কলমূল ভক্ষণ করিয়া, আপনার প্রতিক্রায় চতুর্দশ বৎসর নগরের বহির্দেশে বাস করিব। পঞ্চদশ বৎসরের প্রথম দিবদে যদি আপনার দর্শন না পাই, তাহা হইলে নিশ্চরই আমায় স্থতাশনে আত্মস্মর্পণ করিতে হইবে।

রাম ভরতের কথার সমত হইলেন, এবং তাঁহাকে সম্ভেহ.
আলিঙ্গন করিয়া কহিলেন, বৎস! আমি ও জানকী আমরা
ভোমায় দিব্য দিতেছি, তুমি জননা কোশল্যাকে রক্ষ। ভরিও,
তাঁহার প্রতি কদাচ ক্ষ হইও না। এই বলিয়া তিনি সজল
নয়নে তাঁহার প্রতি চাহিয়া রহিলেন।

<sup>\*</sup> অপ্রাপ্ত বস্তুর প্রাপাণ এবং প্রাপ্তের রক্ষা মাধন।

অনন্তর স্থালি ভরত, ঐ উজ্জ্বল পাত্রকা এক মাতকের
মন্তবে অবস্থাপন পূর্বকে, রামকে প্রদক্ষিণ করিলেন। তথন
ধর্মে হিমাচলের ন্যায় অটল রাম, কুলওফ বলিউকে যথোচিত
অর্জনা করিয়া, অনুক্রমে ভরত ও শক্রকে এবং মন্ত্রী ও
প্রক্রতিগণকে বিদায় নিলেন। ঐ সময় তদীয় মাতৃগণের
কঠ বাঙ্গাভরে অবকল্প ইইয়াছিল, ভরিবন্ধন তাঁহারা আর বাকাক্রুরি করিতে পারিলেন না। রামও তাঁহাদিগতে অভিবাদন
ক্রিরা রোদন করিতে করিতে পর্ণকুটারে প্রবেশ করিলেন।

### ত্রয়োদশাধিক শততম সর্গ।

অনস্তর ভরত, মস্তকে রামের পাতৃকা লইয়া, শব্দয়ের সহিত রথারোহণ পূর্পাক ভাউমনে সলেনা বাত্র। করিলেন। মহর্ষি यनिष्ठं, वागतन । ও জावानि देशाँता अत्य प्रध्य हिनाना । উ : রে মদাকিনা, সকলে তথা হইতে পূর্বাভিমুখী হইলেন, এবং গিরিবর চিত্রকৃটকে প্রানক্ষিণ করিয়া, বিবিধ ধাতু অব-লোকন পূর্বক উহার পার্থ দিয়া যাইতে লাগিলেন। অদূরে মহর্ষি ভরবাজের আশ্রম, দৃষ্ট হইল। ভরত তথায় উপনীত হইয়া, রথ হইতে অবভরণ পূর্ত্তিক ভাঁহাকে গিরা প্রণায় করি-লেন। তথন ভর্ঘান্ন ভাতেখনে ভিজ্ঞানিলেন, বংম! গামের সহিত তোষার ত দাকাং হংগাছিল? কার্যা ত সফল बरेग्नाइ ? एउड करिलन, जाभीवन! जीम उ तिर्मिश्रामन, আমরা, রামকে আনিবার ্নিমিত্ত বারংবার অনুরোধ করিয়া-ছিলাম, কিন্তু তিনি তাহাতে স্বিশেষ সম্ভট্ট হইয়া বশিষ্ঠকে কহিলেন, পিডা প্রতিক্তা করিয়া আমায় যাহা আদেশ করি-

রাছেন, আমি চতুর্দশ বংসর তাহাই পালন করিব। \*তখন গুলুদেব কহিলেন, তবে তুমি এক্ষণে প্রসন্নমনে এই স্বর্ণোজ্জ্বল পাত্রকার্গল অর্পণ কর, এবং ইহা দ্বারা অযোগ্যায় যোগক্ষেমকর হও। তাপস! রাম এইরপ অভিহিত হইবামাত্র পূর্ব্বাস্য হইরা, রাজ্যের রক্ষা বিধানার্থ আমায় পাতৃকা প্রদান করিলেন। আমি একণে তাহা লইরা ভাঁহারই আদেশে অযোধ্যায় চলিয়াছি।

ভরদ্বাজ ভরতের মুখে এই কথা প্রবণ করিয়া কহিলেন, বৎস! তুমি অভিস্থলীল ও সচ্চরিত্র, রামও লোকের স্বভাব বিলক্ষণ বুঝিতে পারেন, তিনি যে তোমার প্রতি সংব্যবহার করিবেন, ইহাতে আর আশ্চর্যা কি, উৎসৃষ্ট জল ত নিম্নাভিমুখা হইরাই থাকে। এক্ষণে বোধ হইতেছে, তোমার ন্যায় ধর্ম্বৎসল পুত্র যাঁহার বিদ্যানন মৃত্যু সেই দশরধকে এককালে লুপ্ত করিতে পারে নাই।

অনস্তর ভরত মহর্যি ভরদ্বাজকে কডাঞ্জালিপুটে আমস্ত্রণ, আভিবাদন, ও পুনঃ পুনঃ প্রদক্ষিণ পূর্ম্বক মন্ত্রিগণের সহিত আযোধ্যাভিমুখে গমন করিতে লাগিলেন। তাঁহার সৈন্য সকল হস্ত্যায়ে রথে ও শকটে আরোহণ পূর্মক নানা স্থানে বিস্তীর্ণ হইয়া চলিল। সম্মুখে উর্ম্মিগালিনী যমুনা, উহারা ঐ নদী উত্তীর্ণ হইয়া নির্মালনা জাহ্নবীকে দেখিতে পাইল। তথন ভরত সসৈন্যে উহা পার হইয়া, শৃঙ্কবের পুরে প্রবেশ করিলেন, এবং

তথ। হইতে অযোধ্যাভিমুখা হইলেন যাইতে যাইতে আযোধ্যাকে নিরাক্ষণ করিয়া হুঃখিত মনে স্থমস্ত্রকে কহিলেন, স্থমস্ত্র! দেখ, এই নগরী অত্যন্ত শোভাহীন হইয়া আছে, আজ ইহাতে আনন্দ নাই, কোলাহলও শ্রুতিগোচর হই-তেছেনা।

# চতুর্দ্দশাধিক শততম সর্গ।

এই বলিয়া ভরত রথের গন্ধীর রবে চারিদিক প্রতিধানিত করিয়া অযোধ্যায় প্রবেশ করিলেন। দেখিলেন, উহার ইতস্তত বিড়াল ও উলুক সকল সঞ্চরণ করিতেছে. গৃহদ্বার সমুদায় অব-কন্ধ. তিমিরাজ্র শর্করীর ন্যায় যেন উহা প্রভাশূন্য হইয়। আছে। শশাক্ষঞীলাঞ্চিতা রোহিণী উদিত রাহুর উৎ-পাতে যেন অশরণা হইয়াছেন। আবিলসলিলা উত্তাপ-সম্ভপ্ত-বিহঙ্গকুল-সমাকুলা ক্ষীণপ্রবাহা ,লীনগ্রাহা গিরিনদীর नाांत्र पृष्ठे इहेटाइ। अनलिशा धृमण्ना ७ वर्गर्ग हिल, পশ্চাৎ যেন জলসেকে নিৰ্বাণ হইয়া গিয়াছে। যথায় যান বাহন চূর্ণ, বর্মা ছিন্ন ভিন্ন, বীরেরা মৃতদেহে নিপতিত এবং অবশিষ্ট দৈন্য সকল বিষয়, এই নগরী সেই সমরাঙ্গনের ন্যায় পরি-দৃশ্যমান হইতেছে। সমুদ্রের তরঙ্গ মহাশব্দে ফেন উচ্চার পূর্ব্বক উত্থিত হইরাছিল, এক্ষণে যেন সমীরণের মৃত্ব্যক্ষ হিলোলে নীরবে কম্পিড হইডেছে। ত্রুক ত্রুবাদি কিছু নাই,

বেদজ্ঞ ঋত্বিক নাই, ইহা যেন যজ্ঞাবসানের সেই বেদির ন্যায় নিস্তর। ধেনু বৃষবিরহে গোচে একান্ত উৎকণ্ঠিত ও কাতর হইয়া যেন নূতন তৃণে নিস্পৃহ হইয়া আছে। মসুণ উজ্জ্বল উৎ-ক্ষ পাল্রাণ প্রভৃতি মণিহান নবর্চিত মুক্তাবলার ন্যায় ইহা নিতান্তই শোভাবিহীন। তারকা পুণ্যক্ষয় নিবন্ধন নিস্প্রভ হইয়া যেন গগণতল হইতে স্থালিত হইয়াছে। বদত্তের অবদানে কুসুম-শোভিত অলিকুলসঙ্কুল বনলতা যেন প্রবল দাবানলে স্লান হইরা গিরীছে। রাজপথে লোচের সমাগম নাই, আপণ সকল নিৰুদ্ধ, নভোগণুল দেন মেঘাছন ও চন্দ্ৰ তারকা অন্তর্হিত হই-য়াছে। সুরা নাই, শরাব সকল ভগু, এবং মদাপায়ীরাও মৃত্যু-মুখে নিমগ্ন, সেই অপরিচ্ছন্ন পানভূমির ন্যায় ইহাকে অত্যন্ত শোচনীয় বোধ হইভেছে। ভগ্নমূৎপাত্রপূর্ণ এবং ভগ্নস্তম্ভ-সমাকীর্ণ বিদীর্নতল শুক্ষজল সরোবরের ন্যায় ইহা পরিদৃশ্যমান হইতেছে। পাশসংযুক্ত অতিবিশাল মের্ঝি যেন শরচ্ছিন হইয়া শরাসন হইতে স্থালিত হইয়াছে। বড়বা যেন সমর্মিপুণ আরোহীর প্রয়ত্ত্বে পরিচালিত ও প্রতিপক্ষীয় সৈন্যহন্তে নিহত হইয়া পতিত আছে।

সুমন্ত্র! আজ অযোধ্যাতে পূর্ম্ববং গীত বাদ্যের গভীর শব্দ কেন শ্রুতিগোচর হইডেছে না। মদ্যের উন্মাদকর গন্তু, মাল্য ধূপ ও অগুৰুর সৌরভ সর্মত্র কেন বহিতেছে না। রথের ঘর্ষর শব্দ, অখের হেষারব এবং মন্ত হস্তীর রংহিতধ্বনি কেন শুনিতেছি না। তব্বণ ব্যক্ষেরা রামের বিযোগে
একান্ত বিমনা হইয়া আছেন, এক্ষণে তাঁহারা চন্দন লেপন
ও মাল্য ধারণ করিয়া বহির্গত হন না, এবং উৎসবেরও আর
আয়োজন নাই। ফলত অযোধ্যার সেই শ্রী, ল্রাতা রামের
সহিত এস্থান হইতে অপসৃত হইয়াছে। মেঘারত শুক্রপক্ষীর
যামিনার ন্যায় এক্ষণে ইহার আর কিছুমাত্র শোভা নাই। হা!
কবে রাম সাক্ষাৎ উৎসবের ন্যায়, নিদাম্বের মেখের ন্যায়,
উপস্থিত হইয়া, সকলের মনে হর্ষ উৎপাদন করিবেন!

রাজকুমার ভরত এইরপ আক্ষেপ করিতে করিতে নগর প্রবেশ করিয়া মৃগরাজবিরহিত গিরিগুহাসদৃশ পিতৃগৃহে উপ-নীত হইলেন। এবং উহা সংস্কারশূন্য ও জীহীন দেথিয়া, হুঃখভরে অনবরত রোদন করিতে লাগিলেন।

#### শক্ষদশাবিকশত তম সর্গ।

14881

মনন্তর তিনি মাতৃগণনে সংগাধার নাগিয়া, শোকসন্তপ্তমনে
বিশিষ্ঠ প্রতি পুরে হিতবর্গরে কছিলেন, বিপ্রাগণ! আমি নন্দিপ্রামে বাইব, তজ্জন্য আপনাদের সকলকে আমন্ত্রণ করিতেছি।
তথায় গিয়া ভাতৃবিয়োগজনিত সমস্ত সুঃখ সহিব। পিতা
প্র্যারোহণ করিয়াছেন, গুরু রাম অরণ্যে আছেন, ইহা অপেক্ষা
অপ্রথের আর আমার কিছুই নাই। একণে রাজ্যের নিমিত্ত
বামেরই প্রভাগা করিয়া থাকিব, তিনিই রাজা।

তখন বশিষ্ঠ ও মন্ত্রিগণ ভরতের কথা শুনিরা কহিলেন, রাজকুমার! তুমি ভাতৃমেহে যাহা কহিলে, উহা সর্কাংশেই প্রাণ্ঠেন রা, ও ভোমারই অনুক্রপ হইতেছে। তুমি অভি সাধু, ফ্রজনানুরাগ ও ভাতৃবাৎসল্য ভোমার বিলক্ষণই আছে, স্ক্ররাণ ভোমার এই বাক্যে কে না অনুমোদন করিবেন?

ভরত তাঁহাদের মুখে অভিলাষানুত্রপ প্রীতিকর কথা প্রবণ করিয়া সার্থিকে কহিলেন, স্থত । তুমি রথে অশ্ব যোজনা

করিয়া আনয়ন কর। অনন্তর অবিলদে রথ আনীত হইল। তি মাতৃগণকে সম্ভাষণ করিয়া, শত্রুপ্রের সহিত উহাতে আরোহণ করিলেন, এবং মন্ত্রি ও পরোহিতবর্গে পরিবৃত হইয়া প্রীতমনে নন্দিত্রামে গম্ন করিতে লাগিলেন। বশিষ্ঠপ্রভৃতি দ্বিজাতিগণ পুর্ব্বাস্য হইয়া সকলের অত্যে অত্যে চলিলেন। হস্ত্যস্থ-বহুল সৈন্য সকল ও পুরবাসিরা আছুত না হইলেও উহাঁদের অনু-গমন করিতে লাগিল। নিকটে নন্দিগ্রাম, ভরত রামের পাছুকা মস্তকে লইয়া তন্মধ্যে প্রবেশ করিলেন, এবং সত্তর-রথ হইতে অবতীর্ণ হইয়া, পুরোহিতগণকে কহিলেন, দেখুন, আর্য্য রাম অযোধ্যা-রাজ্য ন্যাসম্বরূপ আমায় অর্পণ করিয়াছেন, এক্ষণে এই কনকথচিত পাতুকা তাহা পালন করিবে। এই বলিয়া তিনি পাহুকাকে প্রণিপাত পূর্মক হুঃখিতমনে প্রকৃতিগণকে কহিলেন, প্রকৃতিগণ! তোমরা শীস্ত্র এই পাত্নকার উপর ছনে ধারণ কর, ইহা রামের প্রতিনিধি, এক্ষণে ইহারই প্রভাবে श्रारका धर्मवावस्था थाकिरव। त्राम मखावनिवस्नन न्यामस्राप्त এই রাজ্য আমায় দিয়াছেন, এক্ষণে তাঁহার পুনরাগমনকাল পর্যান্ত ইছার রক্ষা সাধন করিতে হইবে। তিনি আসিলে আমি স্বহন্তে এই পাতৃক। পরাইয়া তাঁহার ঐচরণ দর্শন করিব, এবং তাঁছার উপর সমস্ত ভারার্পণ পূর্ব্বক তাঁছারই সেবায় ৰীতপাপ হইব।

এই বলিয়া সেই জটাচারধারী স্থার, সলৈন্যে নন্দির্প্রামে বাস করিতে লাগিলেন, এবং তথায় পাছকাকে রাজ্যে অভিষেক করিয়া, স্বয়ংই উহার সন্মানার্থ ছত্রচামর ধারণ করিয়া রহিলন । ভংকালে না কিছু রাজকার্য্য উপস্থিত হইতে লাগিল, অত্যে উহাকে জ্ঞাপন করিয়া, পশ্চাৎ তাহার বথাবং ব্যবহার আরম্ভ করিলেন, এবং যা কিছু উপহার উপনীত হইতে লাগিল, সমস্তই উহাকে নিবেদন করিয়া, পরিশেষে কোষগৃহে সঞ্চয় করিতে লাগিলেন।

#### নোডশাধিকশততগ দৰ্গ।

এ দিকে রাম চিত্রকৃটে আছেন, একদা দেখিলেন, যে সমত তাপস পূর্ব্ব হইতে তাঁহণর আশ্রায়ে মুখে কাল্যাপন করিছেছিলেন, তাঁহারা অতিশর উৎক্তিত হইয়াছেন। ঐ সময় উহাঁরা রামকে নির্দ্দেশ করিয়া, সভয়ে নেত্র ও ক্রকুটী সঙ্গেতে একান্তে কথোপকথন করিতেছিলেন। তদ্দর্শনে রাম অত্যন্ত শক্ষিত হইলেন, এবং ক্লতাঞ্জলিপুটে কুলপতিকে কহিলেন, তাগবন্! যাহাতে তাপসগণের মন বিক্ষত হইতে পারে, আমার ব্যবহারে পূর্ব্বরাজগণের অনুত্রপ কি কিছু প্রত্যক্ষ করিতছেন? লক্ষ্মণ অসাবধানতা নিবন্ধন কি কোন অবৈধ আচলবাণ করিয়াছেন? জানকী সভতই আপনাদের পরিচর্য্যা করিয়া থাকেন, একণে তিনি আমার সেবানুরোধে সেই প্রীজনোচিত কার্য্য হইতে কি বিরত হইয়াছেন?

তখন এক তপোর্দ্ধ জরাজীর্ন তাপস কম্পিতদেহে কহিতে লাগিলেন, বৎস! তপস্থিসংক্রান্ত কোন বিষয়ে এই কল্যাণিনা সাতার কিছুমাত্র শৈথিল্য দেখি না। এক্ষণে আমাদের উপর অত্যন্ত রাক্ষদের উপদ্রব আরম্ভ হইরাছে, ভল্লিমিত আমরা উদ্বিগ্ন হইরা, নির্জ্ঞানে নানা প্রকার জম্পনা করিতেছি। এই স্থানে খর নামে এক নিশাচর বাস করিয়া থাকে, সে রাবণের কনিষ্ঠ। ঐ মাংসাসী অতি নুশংস গর্বিত ও নির্ভয়, সে জন-স্থাননিবাদী ঋষিগণকে অভ্যন্ত উৎপীড়ন করিতেছে। তোমার প্রভাব উহার কিছুতেই সহ্য হইতেছে না। তুমি যদবধি এই স্থানে আসিয়াছ, ঐ ছুরাত্মা সেই পর্য্যস্ত অন্যান্য নিশাচরের সহিত আমাদের প্রতি নানা প্রকার উৎপাত করিতেছে। কখন ক্র র ও বাভৎস বেশে আসিতেছে, কখন বিকট মূর্ত্তি পরিএই করিন্তছে, কখন বা নানারূপে বিরূপ হইয়া সকলের হৃৎকম্প জন্মাইতেছে। উহারা আসিয়া আমাদিগের উপর অপবিত্র বস্তু সকল নিক্ষেপ করে, এবং যাহাকে সমুখে পায় ভাহাকেই যন্ত্রণা দিয়া থাকে। অপ্পর্প্রাণ তাপসেরা নিদ্রায় অচেতন হইয়া আছেন, ইত্যবসরে উহারা নিঃশব্দপদস্কারে আগমন এ উহাঁদিগকে বাহুপাশে বন্ধন পূর্ব্বক মহাহর্ষে বিনাশ করিয়া থাকে। যজ্ঞকালে যজ্ঞীয় দ্রব্য সকল নষ্ট করে, কলশ চূর্ন করিয়া ফেলে, এবং অগ্নি নির্বাণ করিয়া দেয়। জানি না, ঐ তুরাত্মারা আমাদের মধ্যে কবে কাহার প্রাণনাশ করিবে। এফণে কেবল এই কারণে ঋষিরা আশ্রমত্যাগের সঙ্কপ্প

করিয়া, অন্যত্র যাইবার নিমিত্ত বারংবার আমায় ত্বরা দিতেছেন। অদূরে মহর্ষি কণ্বের এক সুরম্য তপোবন আছে, ঐ
ছানে ফল মূল বিলক্ষণ স্থলত, অতঃপর আমরা সকলেই তথায়
প্রস্থান করিব। বৎস! এক্ষণে বদি ভোমার ইচ্ছা হয়, তবে
তুমিও আমাদের সমভিব্যাহারে চল। ঐ তুরাত্মা ভোমার
উপরও উপদ্রব করিবে, তুমি সতত সাবধান ও উৎপাত নিবারণে সমর্থ হইলেও ভার্যার সহিত এই স্থানে কখনই স্থথে
থাকিতে পারিবে না।

কুলপতি এইরপ কহিলে, রাম আর তাঁহাকে নিষেধ করিতে পারিলেন না। তখন মহর্ষি তাঁহাকে সম্ভাষণ, অভিনন্ধন ও সান্ত্রনা করিয়া, স্বগণে তথা হইতে যাতা করিলেন। প্রস্থানকালে তিনি রামকে পুনঃ পুনঃ স্থানত্যাগের পরামর্শ দিতে লাগিলেন। রামও কিয়দ্দুর উইার অনুগমন করিলেন, এবং প্রণামাস্তে তাঁহার অনুজ্ঞা গ্রহণ করিয়া পর্নকুটীরে প্রতিনির্ভ হইলেন। তিনি প্রতিনির্ভ হইয়া অবধি তিলেকের নিমিত্তও কুটার পরিত্যাগ করিতেন না। তৎকালে যে সকল ঋষি ঐ আশ্রমে ছিলেন, তাঁহারা উইার বিপত্তিশাশের শক্তি আছে জানিয়া, উইাকেই আশ্রম করিয়া রহিলেন।

## সপ্তদশাধিক শততন সৰ্গ ।

অনন্তর নানা কারণে রামের তথার বাস করিতে আর প্রবৃত্তি রহিল না। ভাবিলেন, আমি এখানে ভরত মাতৃগণ ও পুর বাসিদিগকে দেখিতে পাইলাম, উইারা সকলেই আমার শোকে একান্ত আকুল, আমি কোম মতে উহাঁদিগকে বিস্মৃত হইতে পারিতেছি না। বিশেষত ভরতের স্বন্ধাবার স্থাপনে এবং হন্তী ও অস্থের করীষে এই স্থান অত্যন্ত অপরিচ্ছন হইয়া গিয়াছে, স্মৃতরাং এক্ষণে অন্যন্ত প্রস্থান করাই শ্রেয় হইতেছে।

এই চিন্তা করিয়া, রাম জানকা ও লক্ষণের সহিত তথ।

হইতে মহর্ষি অত্তির আশ্রমে চলিলেন, এবং তথায় উপস্থিত

হইয়া তাঁ হাকে প্রণিপাত করিলেন। তথন অতি তাঁহাকে পুত্রনির্বিশেষে গ্রহণ ও আভিথ্য করিয়া, সীতা ও লক্ষণকে সমেহে

দেখিতে লাগিলেন। ইত্যবসরে তাঁহার সহধর্মিণী ধর্মপরায়ণা

অনস্থা তথায় আগমন করিলেন। তুপোধন সেই সর্বজনপূজনীয়া তাপসীকে আমন্ত্রণ ও সাতাকে প্রদর্শন পূর্বক

কহিলেন, প্রিয়ে! তুমি এক্ষণে এই দাতাকে প্রতিগ্রহ কর। অত্রি অনস্থাকে এই কথা বলিয়া, রামকে কহিলেন, বৎস ! দশবৎসর অনার্ম্ভিপ্রভাবে লোক সকল নিরস্তুর দশ্য হইভেছিল. তৎকালে এই অনস্থা ফলমূল সৃষ্টি করিয়াছিলেন, এব-আশ্রমমধ্যে গঙ্গাকেও প্রবাহিত করিয়া দেন ৷ তপ ও ত্রতে ইহাঁর অভ্যন্ত নিষ্ঠা। ইহাঁর তপস্যার দশসহস্র বৎসর অভাত ছইয়া যায়, এবং কঠোর ভ্রতে তাপসগণের তপোবিদ্ব নিবারিত হয়। একদা মহর্ষি মাণ্ডব্য এক ঋষিপত্নীকে "রাত্রি প্রভাতে বিধবা হইবি" বলিয়া অভিসম্পাত করিয়াছিলেন। তথন এই ভাপদা প্রভিশাপে দশরাত্রি পরিমি'ত কাল এক রাত্রি-পরিণত করেন। বৎস! তুমি ইহাকে জননার ন্যায় দেখিও। ইনি অতি শান্তশালা, পুজনায়া ও বন্ধা। এক্ষণে অনুরোধ করি, তোমার সহচারিণা জানকী ইহাঁর সন্নিহিত হউন।

• মহর্ষি অতি এইরপ কহিলে; রাম জানকীকে নিরীক্ষণ পুর্বাক কহিলেন, রাজপুত্তি! তুমি ত মহর্ষির কথা শুনিলে ! এক্ষণে আত্মহিতের নিমিত্ত শীদ্র ঋষিপত্নীর নিকটে যাও। যিনি স্বকার্য্য প্রভাবে অনস্থয়া নামে খ্যাতি লাভ করিয়াছেন, তুমি শীদ্র তাঁহার নিকটে যাও।

তখন সাতা অনস্থার সন্ধিহিত হইলেন ৷ ঋষিপত্নী অতঃস্ত বৃদ্ধা, সর্বাঙ্ক বলিরেখায় অঙ্কিত, সন্ধিশ্বল একান্ত শিথিল,

্বং কেশজাল জ্বাপ্রভাবে শুক্র হইয়া গিয়াছে। তিনি বায়ু-ভরে কদলীতকর ন্যায় অনবরত কম্পিত' হইতেছেন। সীতা খনাম উল্লেখ পূর্ব্বক সেই পতিত্রতাকে প্রাণাম করিলেন, এবং কভাঞ্জলিপুটে তাঁহার সকল বিষয়ের কুশল জিজ্ঞাসিলেন। তখন অনহ্য: তাঁহাকে অবলোকন পূৰ্ব্বক সান্ত্ৰনা বাক্যে কহিলেন, জানকি! ভোমার ধর্মদৃষ্টি আছে। ভূমি আত্মীয় স্থান ও অভিমান বিস্তুত্তিন করিয়া, ভাগাক্রমেই বনচারী রামের অনুসরণ করিয়াছ। স্বামা অনুক্ল বা প্রতিক্লই হউন, নগরে ব: বনেই থাকুন, যে নারী একমাত্র তাঁহাকে প্রিয় বোর করেন, তাঁহার সর্কাতি লাভ হয়। পতি ছুঃশীল, স্বেচ্ছা-চারা বা দরিদ্রই হউন, প্রজ্যস্বভাব জ্রীলোকের তিনিই পরম দেবতা। দেই সঞ্চিত তপদ্যার ন্যায় নর্বাংশে স্পৃহনীয় স্বামী ছইতে বিশেষ বন্ধু আমি ভাবিয়াও আর দেখিতে পাই না। যাহারা কেবল ভোগ সাধন করিতে তাঁহাকে অভিলাষ করে, मिर्च नकल टेम्प्रेंतिगीता ५३ मम्ब छन लांच किंडूरे क्रम्यक्रम् করিতে পারে না। জানকি! তাদৃশ হুশ্চরিত্রা সকল অংশ্বে পতিত ও অযশ প্রাপ্ত হয়। কিন্তু তোমার তুল্য যাহাদের হিতাহিত জ্ঞান আছে, দেই সমস্ত গুণবতী, পুণ্যশীলার ন্যায় স্বর্গে পূজিত হইয়া থাকেন। অতএ বএক্ষণে তুমি সকল বিষয়ে পতিরই অনুত্রতা হইয়া থাক।

## অন্তাদশাধিকশতত্ম দৰ্গ .

জানকী অনস্থাতি এইরুগ কণা ভ্রিয়া মুচ্ছারে ভিরেম আপনি যে আমাল শিক্ত দিবেন, আগনার পক্ষে ইছ, আঁঃ আশ্চর্যোর কি। কিন্তু আর্য্যে ! স্থামী যে জ্রীনোকের ৫ হ. আমি তাহা বিশেষ জানিয়াছি। তিনি যদিও ১ কবিত্র ও চরিদ্র হন, তথাচ কিছুমাত্র বিধান। করিয়া, ভাঁছার পরিচারণায় নিযুক্ত থাকিতে হইবে। কিন্তু ।যদি ভিডেক্সির গুলবাদ দরালু স্থির। নুবাগা ও থার্মিক, এবং বিনি মাত্নেবাপর ও পিতৃবৎসল, ভাঁহার বিষয়ে আর বনিবার কি আছে। রাম যেমন কেশি-ল্যাকে, নেইরপ অন্যান্য রাজপত্নীকেও এজ: করিয়া থাকেন : রাজা দশরথ যে নারীকে একবার নিরীক্ষণ করিয়াছেন, রাম • অভিমানশূন্য হইয়া তাঁহার প্রতি মাত্বৎ ব্যবদার করেন। তাপসি ! আমি যখন এই ভীষণ অরণ্যে আসি, তখন আর্থ্য কৌশল্যা আমায় যাহা উপদেশ দেন, আমি তাহা বিশ্বত হই নাই, এবং বিবাহের সময় জননী অগ্রিসমক্ষে যে প্রকার আদেশ করেন, তাহাও ভুলি নাই। ফলত পতিদেবাই ত্রীলোকের তপস্যা, আত্মীয় স্বজন এ কথা স্বামার বিলক্ষণ হৃদ্বেধি করিয়া দিয়াছেন। সাবিত্রী ইহার বলে স্বর্গে পূজিত **হইতেছে**ন।

আপনি উইনেই ন্যায় উৎকৃষ্ট লোক আয়ত্ত করিয়াছেন, এবং রমণীর অগ্রগন্যা রোহিনীও শশাক্ষ ব্যত্যতি মুহূর্ত্তকাল আকাশে উদিত হন না। দেবি! বলিতে কি, এইরূপ বহুসংখ্য পতিত্রতা পুণ্যফলে ত্বরলোক অধিকার করিয়াছেন।

অনস্থা দীতার এইরপ বাক্য শ্রবণে পুলকিত হইরা, তাঁহার মৃস্তক আজাণ পূর্ব্বক কলিলেন, বৎসে! আমি নিরম পরতন্ত্র হইরা, বিস্তর তপঃ সঞ্চয় করিয়াছি। বাসনা, সেই তপোবল আশ্রম করিয়া ভোলার বরপ্রাদান করিব। তুমি লাখা কছিলে, তাহা সর্বাংশে সঙ্গত, শুনিয়া আম অত্যন্ত প্রাতি লাভ সরি-লাম। এক্ষণে ভোমার সঙ্গলে কি. প্রকাশ কর ই তথন দীতা অতিমাত্র বিশ্বিতা হইয়া, হাসম্মুখে কহিলেন, দেবি! আপনার প্রসন্ধাতেই আমি কৃতার্থ হইলাম।

তখন অনস্থা জানকার এই কথার অধিকতর প্রীত হইরা কহিলেন, বৎসে! আমি ভোঁনার দিব্য বিভবে আজ আপেনাকে চরিতার্থ করিব। একণে এই সুফটির মাল্য বস্ত্র আভ্রেণ ও অঙ্গরাগ প্রান্য করিভেছি, ইহাতে ভোমার দেহে অপূর্ব্ব শি হইবে। এই সমস্ত ভোমারই যোগ্য, উপভোগেও এ সমুদার কখন মদৃণ বা মান হইবে না। ভুমি এই অঙ্গরাগে স্বাঙ্গিক করিবা, দেবা ক্ষলা যেমন নারায়ণকে, সেইরপারামকে সুশোভিত করিবে।

তখন দীতা অনস্থার প্রাতি-দান গ্রহণ পুরুক ফুতা ঞ্জলিপুটে ভাঁহারই সমীপে উপবেশন করিয়া রহিলেন। অনস্তুর ভূপস্থিনা ভাঁহাকে জিজ্ঞাসিলেন, বংমে ' শুনিয়াছি, এই যশন্বী রাম দলংবরে তোমাকে প্রাপ্ত হইরাছেন। একণে তুমি দেই বুত্তান্ত সবিস্তারে কীর্ত্তন কর, শুনিতে **আ**মার অত্যন্ত কেতৃহল হইতেছে। তথন জানকী কহিলেন, দেবি! শ্রবণ কৰুন। জুনক নামে এক ধর্মপ্রায়ণ মহাপাল ন্যায়ানুসারে মিথিলার রাজ্যশাসন করেন। একদা তিনি লাঙ্গলহাঁতে যজ্ঞ-ক্ষেত্রকর্ণ করিতেছিলেন, ঐ সমন্ত্রামি ভূমি উদ্ভেদ করিয়া উপিত হই। তৎকালে তিনি মৃত্তিকা মুফ্টি নিক্ষেপ করিয়। বিষম স্থল সমতল করিতে প্রবৃত্ত হইয়াছিলেন, দেখিলেন, আমি ধূলি-ধুষরদেহে তথায় নিপতিত আছি। তদ্দর্শনে তিনি নিভান্ত বিন্মিত হইলেন, এবং নিঃসন্তান বলিয়া ম্বেহপুর্ম্বক আমায় কোডে লইলেন। ইত্যবদরে অন্তরীক্ষ হইতে যেন মনুষ্য-কণ্ঠ-স্বরে এই কথা উচ্চরিত হইল, "মহারাজ! বর্মানুসারে এই কন্যা তোমারই তনয়া হইলেন ৷" শুনিয়া জনক যার পর নাই সম্ভোৱ লাভ করিলেন, এবং আমাকে পাইয়া অব্ধি সমৃদ্ধিশালী হইয়া **छेठिटनन** ।

পারে তিনি সামার লইয়া পুত্রার্থিনী জ্যেষ্ঠা মহিষীর হস্তে 
অর্পণ করিলেন। পুণ্যশীলা স্নিধহন্দ্যা রাজমহিষীও মাতৃস্কেহে

আমাকে লালন পালন করিতে লাগিলেন। ক্রমশঃ আমার বিবাছ-বোগ্য বয়স উপস্থিত হইল। তদ্দর্শনে, অর্থনাশে দরিদ্র যেমন চিন্তিত হয়, রাজা জনক সেইরূপ চিন্তিত হইলেন। কন্যার পিতা যদিও ইল্রের ন্যায় প্রভাবসম্পন্ন হন, তথাচ কন্যার বিবাহকাল উপস্থিত হইলে, সমকক্ষ বা অপক্ষট হইতেও তাঁহাকে অব্যাননা সহ্য করিতে হয়। জনক সেই অব্যাননা অদূরবর্ত্তিনী দেখিয়া, অপার চিন্তা-সাগরে নিমগ্ন হইলেন। আমি তাঁহার অবোনিসম্ভবা কন্যা, তিনি আমার জন্য কুলশীলে স্থসদৃশ ও রূপগুণে অনুরূপ পাত্র বিশেষ অনুসন্ধানেও নির্ণয় করিতে পারিলেন না। তখন ভাবিলেন, ধর্মত কন্যার স্থয়ংবরের অনুষ্ঠান করাই শ্রের হইতেছে।

দেবি! পূর্দ্ধে মহাত্মা বৰুণ প্রীত হইয়া, যজ্ঞকালে রাজর্ষি দেবরাতকে এক উৎকৃষ্ট শরাসন, অক্ষয় শর ও ছই তৃণার প্রদান করিরাছিলেন। ঐ শরাসন অত্যন্ত ভারসম্পন্ন ছিল; মহাপালগণ বহুযত্নে স্বপ্নেও উহা সন্নত করিতে পারিতেন না। আমার সভ্যবাদী পিতা সেই কার্মুক প্রাপ্ত হইরা, নূপতি-সম-বায়ে সকলকে আমন্ত্রণ পূর্দ্ধক কহিলেন, যিনি এই শরাসন উত্তোলন পূর্দ্ধক ইহাতে জ্যা-গুণ যোজনা করিতে পারিবেন, আমি তাঁহাকেই আমার কন্যা অর্পণ করিব। পরে নূপতিগণ গুরুত্বে পর্বতভুল্য সেই ধনু দর্শন করিয়া, উহাকে প্রণিপাত পূর্ব্বক প্রতিনিয়ত্ত হইলেন। এইরূপে বহুকাল অভীত হইয়া গেল।

অনন্তর তপোধন বিশামিত্র, রাম ও লক্ষণকে সঙ্গে লইয়া যজ্ঞদর্শনার্থ মিথিলায় উপস্থিত হইলেন, এবং পূজিত হইয়া আমার পিতাকে কহিলেন, মহারাজ! মহাত্মা দশর্পের পুত্র রাম ও লক্ষ্মণ, কার্মাক দর্শন করিবার অভিলাষে এখানে আসিয়াছেন। পিতা এই কথা এবণ করিবামাত্র সেই দেবদত্ত धनु जानम्न कताचेशा तामरक (मथादेलन । मदावल ताम पूर्ट्ड-মধ্যে , উহা আনত করিলেন, এবং উহাতে গুণসংযোগ করিয়া মহাবেগে আকর্ষণ করিতে লাগিলেন। ধনু তদ্দওে দ্বিখণ্ড হইয়া গোল। উহা ভগ্ন হইবামাত্র বজ্রনিপাতের ন্যায় এক ভাষণ শব্দ হইল। তখন সত্যপ্রতিজ্ঞ পিতা জলপাত্র গ্রহণ পুর্বাক রামের সহিত আমার বিবাহ দিতে প্রস্তুত হইলেন। কিন্তু সুশীল রাম তৎকালে মহারাজ দশরথকে না জানাইয়া পাণিএছণে সন্মত হয়ুলেন না। অনস্তুর রাজা জনক আমার বৃদ্ধ ইণ্ডরকে অযোগ্যা হইতে আনাইলেন, এবং তাঁহাকে আমন্ত্রণ করিয়া, রামের হস্তে আমায় সম্প্রদান করিলেন। উর্মিলা নান্নী আমার এক প্রিয়দর্শনা ভগিনী আছেন, পিতা তাঁহারও লক্ষণের সহিত বিবাহ দিলেন। দেবি! সেই অবধি আমি ধর্মত স্বামীর প্রতি অনুরক্তই রহিয়াছি।

## একোনবিংশাবিকশতত্য সর্গা

## -CURRENCE

ধর্মপীরায়ণা অত্রিপত্নী অনহয়া সাতার মুখে এই কথা এবং করিয়া, তাঁহাকে আলিঞ্চন ও তাঁহার মস্তক আঘাণ পূর্বক কহি-লেন, জানকি! তুমি অতি মধুর বাক্যে স্বয়ংবর বৃত্তান্ত বর্ণন করিলে। শুনিরা আমি অত্যন্ত প্রাত হইলাম। এক্ণে সূর্য্য রজনীকে নিকটে আনিয়া স্বয়ং অন্তশিখরে আরোহণ করিলেন। ঐ শুন, বিহক্তেরা সমস্ত দিন আহারাত্বেষণে পর্য্যটন ও সন্ধ্যা-কালে বিশ্রামার্থ কুলায়ে অবস্থান পূর্বাক মধুর ধ্বনি করিতেছে। মহর্ষিগণ অভিষেকসলিলে সিক্ত হইয়া স্বন্ধে জলপূর্ণ কলশ গ্রহণ পূর্বক আন্তর্বলকলে আসিতেছেন। যথাবিধি ছত অগ্নি-হোত্র হইতে কপোতকপ্রের ন্যায় অরুণ বর্ণ ধূম বায়ুবশে উত্থিত হইতেছে। যে বৃক্ষের পত্র অতি বিরল, অন্ধকার প্রভাবে ভাহা যেন ঘনীভূত হইয়াছে। এই সমস্ত আশ্রমমৃগ বেদিমধ্যে শয়ান। রাত্রিচর জীবজন্ত্রাণ ইতন্তত সঞ্চরণ করিতেছে।

দূরতর প্রদেশে দিক সকল আর অনুভূত হইতেছে না। এক্ষণে
নিশাকাল উপস্থিত ; চন্দ্র জ্যোৎস্নায় অবগুঠিত হইয়া আকাশে
উদিত হইয়াছেন, নক্ষত্রও দৃষ্ট হইতেছে। জানকি! এখন আনি
ভোমায় অনুমতি করিতেছি, তুমি গিয়া পতিসেবায় প্রবুত্ত
হও। তুমি আজ মধুর কথা কীর্ত্তন করিয়া আমায় পরিতুষ্ট
করিলে। এক্ষণে আবার আমার সমক্ষে বেশভ্রাম স্থসজ্জিত
হইয়া সন্তুষ্ট কর।

আনস্তর স্বরকন্যারপিণী সাতা নানালক্কারে অলক্ষ্-চা হইরা তাপসার পাদবন্দন পূর্বক রামের নিকট গমন করিলেন। রাম তাঁহাকে দর্শন করিয়া, অনস্থ্যার প্রীতি-দানে অতিশর প্রীত হইলেন। তাপসা যে বসন ভূষণ ও মাল্য দিয়াছেন, সীতা তাহা তাঁহার গোচর করিলেন। তৎকালে উহাঁর অম্যনুবস্থলত সং-কার নিরীক্ষণে লক্ষ্মণের আর আহ্লাদের পরিসীমা রহিল না। অনস্তর রাম তাপসগণ কর্ত্বক সংকৃত হইয়া, অত্রির আশ্রম

অনন্তর রাম তাপসগণ কর্ত্ব সংকৃত হইরা, অত্তির আশ্রাম নিশা যাপন করিলেন। পরে রাত্তি প্রভাত হইলে লক্ষণের সহিত কৃতস্থান হইরা মহর্ষিগণকে বনান্তর প্রবেশের পথ জিল্জা-সিলেন। তথন ঐ সমস্ত বনবাসী ঋষিগণ তাঁহাদিগকে প্রস্থা-নার্থ উদ্যতদেখিয়া কহিলেন, রাজকুমার! এই বনবিভাগ রাক্ষসে পরিপূর্ণ। মনুষ্যাশী নানা প্রকার রাক্ষস ও শোণিভপায়ী হিংস্র জন্ত সকল এই মহারণ্যে নিরন্তর বাস করিয়া থাকে। তাপা সেরা অশুচি বা অসাবধান থাকুন, উহারা আসিয়া তাঁহাদিগকে ভক্ষণ করে। অতএব এক্ষণে ভূমি উহাদিগকে নিবারণ কর। এইটি মুনিগণের ফলাহরণের পথ। এই পথ দিয়া ভূমি হুর্গম বনে প্রবেশ করিতে পারিবে।

তাপসগণ ক্লভাঞ্জলিপুটে এইরপ কহিলে রাম ও লক্ষণ তাঁহাদের আশার্বাদ এহণ পূর্বক জানকীর সহিত মেঘমওলে সুর্য্যের ন্যায় গহন কাননে প্রবেশ করিলেন।

অযোধ্যাকাও সমাপ্ত।